(d) there is no mention of any desire to put on permanent basis the unemployment relief scheme started in 1933; and

(e) there is no mention of any scheme for improved efficiency of the police."

Sj. Annada Prosad Choudhuri: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.:—

"But regret—

(a) that very little attention has been paid for rural development;

(b) that no clear idea of the land reforms has been given which is likely to be introduced after the passing of the Estates Acquisition Act; and

(c) that no statement has been made as to the attitude of Government towards the settlement of the dispute with the teachers now prevailing."

Janab Abdul Halim: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, namely:—

"But regret—

(a) that nothing has been said about the demands of the secondary teachers nor adequate steps have been taken to meet their legitimate demands;

(b) that no definite policy has been laid down for the improvement of the lot of agricultural labourers and landless peasants as a whole from economic burden;

(c) that no policy has been laid to safeguard the National Industry from the competition with foreign capital;

(d) that nothing has been said about worsening condition of industrial workers, particularly about jute mill workers and their demand for bonus;

(e) that no measures have been suggested for the solution of employment problem amongst working class following the policy of retrenchment adopted by the jute mill-owners in refusing the payment of bonus;

(f) that there is no recognition in the speech of the deteriorating economic situation and serious condition of workers and peasants and middle class population; and

[Janab Abdul Halim.]

(*g*) that nothing has been said about the curtailment of civil liberty in West Bengal."

[10-20—10-25 a.m.]

Sj. Debendra Sen: Mr. Chairman, Sir, the Governor's speech strangely enough contains no reference to the strike of Secondary School teachers. Yet, this strike, Sir, is a unique phenomenon in this State, not only because of the vast number of persons involved, it being in the region of 23,000, but because of the social content of the strike. It may be said to be the first organised expression of the deep-seated discontent accumulating amongst the middle-class in West Bengal. Having achieved the elimination of foreign rule, Sir, this middle-class in West Bengal, highly emotional and revolutionary in character, was hoping for a fair deal from the National Government. Frustration on that point has given poignancy to the teachers' movement and has helped in securing such a tremendous support from every corner. Therefore, this strike, Sir, is not like the ordinary strikes we see in industrial areas frequently. Had this aspect of the problem been appreciated, the strike might have been averted altogether, and the valuable loss of life might not have taken place at all.

Several factors in connection with this strike immediately attract our attention. Firstly, the demands of the teachers are very genuine and modest.

In fact they are based on the recommendations of the Board of Secondary Education. It has been aptly said that "a teacher gets less than my servant". Secondly, the Government has remained indifferent to the demand of the teachers with the result that the teachers had ultimately been forced to go on strike. Thirdly, the strikers have remained marvellously peaceful. Fourthly, even when the Government woke up to the realities of the situation it adopted a policy of concession by driblets. Each new concession granted reveals the nervousness of the Government without satisfying the teachers-strikers. What would have satisfied them before the strike had taken place obviously cannot satisfy them now. Herein lies the tragedy, Sir. Our Government does not know how to fathom the depth of public feeling. Perhaps the Government had thought that the teachers and their schools being spread over a vast area and being separated one from the other by great distance, it would be difficult for the teachers to mobilise themselves into a general strike. The least concession, that of agreeing to pay Rs. 17-8 as an extra dearness allowance over and above the existing Rs. 10 might have brought about an honourable settlement. But the news of this concession could not be brought to the notice of the leaders of the strikers in time and when it was brought it was too late. But if this policy of procrastination accompanied by the policy of concession by driblets had been the main cause for this developing deterioration in the situation the final crisis was caused by the sudden adoption of the policy of repression by the Government. The strikers had remained peaceful. The Co-ordination Committee and the P.S.P. had succeeded in keeping the citizens non-violent. They had shown commendable patience. Just at the crucial and psychological moment came the arrests, in the darkness of night, of about 300 teachers, men and women, followed by arrest of leaders, lathi charge and tear gassing on peaceful demonstrators. You tire out the patience of the people, provoke them to violence so that you may shoot at them, so that you may teach them a lesson. That is just what the foreign rulers did. You have imitated them and perhaps have excelled

them. You will find that more people have been killed through police firing since 1948 than under any period of the British rule. The firing was entirely unjustified. It reveals not only a callousness about human lives, but even smacks of vindictiveness. It is perhaps the price the citizens are paying for the peaceful demonstrations they held.

[10-25—10-30 a.m.]

The Chief Minister is seen, Sir, trying to take his defence under the plea that he is helpless in the matter. He said that law has been made by the Legislature; he is merely to implement them. But laws have not been specially prepared for West Bengal, neither is the teacher's case anything unique here. Teachers are there in every State of the Indian Republic. There have been strikes of them in some other States also. But where is the phenomena of about 300 teachers being arrested? Where is the phenomena of leaders of the stature of Dr. Suresh Banerjee being sent to jail? And above all where is the phenomena of people being killed in the streets by police firing?

Often the plea of want of funds has been raised by the Government. It is not really the want of fund, Sir. It is a case of want of will. When Shri Rajagopalachari wanted to abolish controls, he could do it easily. Because the Government of West Bengal wants it, therefore, it is running the State Transport Service at a loss of Rs. 26 lakhs per year and the Food Department at a loss of more than 3 crores per year. And, Sir, how much money would be required to meet the demands of the teachers? Not more than Rs. 90 lakhs. Our revenue expenditure is more than 50½ crores under the Revised Estimate for 1953-54. This shows an addition of 7 crores and 30 lakhs over the Budget Estimate for that year. There was a will and therefore the additional sum of 7½ crores was found and spent. It is well to remember in this connection that comparatively West Bengal spends less on Education than other States as will be seen from the following table:—

(In lakhs of rupees.)

	Police.	Education.
Bombay	9,12	12,49
U. P.	7,41	7,10
Madras	6,99	10,43
West Bengal	5,97	4,93

So in every one of these States, the expenditure on education is comparatively much higher than the expenditure on Police.

If the Chief Minister of West Bengal tightens his administration and frees it of corruption, he can get more money from the Sales Tax. Does our Chief Minister know that the Birlas have confessed before the Income-tax Investigation Commission of the evasion of Rs. 40 lakhs as profit by them from the Orient Paper Mill? Even the Commission disbelieved it and has assessed the amount of evasion at Rs. 2 crores. The profit of Rs. 2 crores suggests roughly a sale of Rs. 32 crores bringing the amount available to Sales Tax to the region of Rs. 1½ crores. Mr. N. C. Roy had assessed only Rs. 27 lakhs. The Government of West Bengal even did not accept that. A tribunal with Shri Sambhunath Banerjee, Chairman, assessed the sum at Rs. 487 only. But in the face of this confession by the Birlas and the Chairman of the Income-tax Investigation Commission what would the Chief Minister of West Bengal now say?

[10-30—10-35 a.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: May I know how he knows about the Commission's affair? Has he got any C.I.D.?

Sj. Debendra Sen: I have got this information. Will the Chief Minister contradict me?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I think we should ask the Income-tax Investigation Commission to be very vigilant and not allow Sj. Deben Sen to pry into their affairs.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Is the Finance Minister contradicting the statement of Mr. Sen?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I do not know how he comes to know these facts.

Sj. Debendra Sen: Let him disprove that.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: That is sabotage.

Mr. Chairman: These things are supposed to be secret.

Sj. Debendra Sen: I may be prosecuted, Sir, for divulging secret information.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: You go and say that outside and then you will see whether you are prosecuted or not.

Sj. Nirmal Chandra Bhattacharyya: The information is correct.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Then you are also a party to it. I know the source from which both of you have got it.

Sj. Nirmal Chandra Bhattacharyya: We know there are many supporters of Birlas on that side.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I know there are many saboteurs.

Mr. Chairman: Mr. Sen, please do not bring matters which are speculative.

Sj. Debendra Sen: Is the offer of Rs. 14 lakhs by the Birlas—which is not speculation—for the Agricultural College an attempt to retrieve their position otherwise brought so low by the strange revelations before the Income-tax Investigation Commission?

Thus money can be easily found. What is wanting is the will. The failure on the part of Government to appreciate the importance of education in the context of the great experiments for democracy that is going on in India is a misfortune for all of us.

Sir, I will now take up my second and third points together. You will see, Sir, that underlying the three points constituting my amendments runs a common factor—the great, fast developing menacing factor of unemployment.

According to our Prime Minister Pandit Nehru and rightly "the test of any economic system now-a-days is its ability to provide adequate employment." This is a quotation of a speech delivered by our Prime Minister before the National Development Council in October, 1953. From that point of view is not our State a failure? Paradoxical though it may sound nevertheless it is true that nearer the completion of the Five-Year Plan the greater is the impact of unemployment upon us.

The figures in the Governor's address about unemployment are staggering. "Out of the total population"—I quote from him—"of 1·77 millions in the age group of 16 to 60 as many as 257,300 are totally unemployed." Yet it was this Five-Year Plan which has been placed before us as the surest vehicle for bringing about the 2nd phase of the revolution—the socio-economic revolution in the country.

[10-35—10-40 a.m.]

But instead of progress and change, are we not faced with more unemployment and less and less purchasing power for the people?

Would the Government give us figures showing as to how many people, both in the private as well as in the public sector, have been thrown out of employment during the last 3 years—period during which the execution of the Five-Year Plan is under operation?

In the private sector, we have been beholding the concerted offensive of the employers, particularly in the jute and tea industries, to contract even the existing volume of employment. According to the General Secretary of the I.N.T.U.C.

no less than 25,000 workers have been thrown out of employment in the Jute Industry of West Bengal alone. In the Engineering and Cotton Textile Section the position is the same. The worst sufferers perhaps are the middle-class employees in the Dalhousie Square belt. Insecurity has come to reign supreme.

What steps have been taken by this Government to stop this process that constantly threatens us out of employment, that demoralises us and converts us into sub-human beings?

Is it impossible for the Government to tell the employers that whether in the name of rationalisation or in the name of introduction of labour saving devices, nobody who is now employed is to be thrown out of employment?

Is it not a travesty of rationalisation, if as a result of it, the volume of production does not expand and the prices do not fall thus increasing the scope for further employment? Such a rationalisation then becomes only an instrument for further exploitation in the hands of the employers.

This is what hurts us extremely. The interest of the big capitalists seem to be uppermost in the minds of the administrators of this State.

The threat of retrenchment in the public sector particularly in the Government Departments is no less acute. The fate of 18,000 workers in the Civil Supply Department—(The Hon'ble PRAFULLA CHANDRA SEN: There is no Civil Supply Department.) the Food Department—I stand corrected—is still hanging in the balance.

Availability of increasing purchasing power in the hands of the people is another sure test of progress. Experiences show that the purchasing power is going down. That is why when an industrial sector reaches its target of production, its stock accumulates and the threat of lock-outs emerges. The phenomenon has been felt particularly in the Cotton Textile Industry, where many a unit has been closed down for accumulation of stock.

Will the Government give us figures showing the closure of factories and establishments in West Bengal for the last three years?

In fact, the whole Five-Year Plan was prepared on wrong premises. It was fashioned on the basis of conditions obtaining in the U.K. and in the U.S.A. which have lesser number of population with intensive industrialization.

But in India with her 350 million people, spread out into innumerable villages, solution of the unemployment problem cannot be had through concentration in big factories as envisaged in the Five-Year Plan. Such concentration creates rather more problems for us.

The emphasis in any planning in our country should therefore be on decentralisation on village and cottage industries. There should be a clear statutory demarcation about the goods which are to be manufactured through cottage industries and through heavy industries. If that necessitates closing down of some of our existing factories, e.g., the Rice Mills, let us not be afraid of that.

Let us remember that the annihilation of cottage and village industries was not so widespread under the foreign rule as now.

In conclusion, I would like to say, Sir, that it is difficult for us to feel cheerful at the economic prospect that looms before us. Half-fed, under-fed, and hungry, this two and a half crores mass of humanity in this fair State of West Bengal, men, women and children see no light, feel no future. Frustration envelops them and their lacerated hearts bleed.

[10-40—10-45 a.m.]

Sj. K. P. Chattopadhyay: Mr. Chairman, Sir, I want to say a few words in connection with Secondary Education. It has been stated in the Address of the Governor that a substantial higher minimum

[Sj. K. P. Chattopadhyay.]

wage has been guaranteed to the teachers. What is the meaning of "a substantial higher minimum"? If you are paying somebody Rs. 5 a month and if you guarantee him Rs. 10, in these days, that is not a substantial guarantee. Some years ago a careful survey on random sample basis was carried out in collaboration with the Indian Statistical Institute and a cost of living wage calculated. It came out as something between Rs. 190±10. Yesterday we heard our Chief Minister giving us some figures regarding the reduction in the cost of living. Even if you accept that, the minimum does not come below Rs. 155 or Rs. 160, or somewhere near about that. What has been guaranteed is a sort of minimum for the highest qualified teachers, M.A., B.Ts.—but nothing for the others. It is therefore a very inaccurate statement to say that a very substantial minimum has been guaranteed. What has in fact been guaranteed is not minimum living wage on the basis of what a person requires for food as noted by Dr. Aykroyd, expert of the Government of India and revised by Dr. Patwardhan and others and other amenities. The question that has been raised on the Government side is that there is not sufficient money. Now, Sir, whenever anything is asked of the administration for improvement of poorly paid persons, that cry is invariably raised. Certainly Bengal is a State which is under difficulties, but I think it would not be proper to say that money cannot be found. When the first experiment in self-government came, when the Congress first had power in this city of Calcutta under the Swaraj Party under the leadership of Deshbandhu Chittaranjan Das, the Councillors who included many Congressmen also raised the cry that if the primary education of the city was to be expanded, there would not be enough money. I had the honour to be in charge of that work, and I can say we found the money and we could guarantee to the teachers minimum living wages considering the cost of living at that time. This was about primary schools, not for the higher classes, not for the secondary schools as they are miscalled. Strictly speaking, these institutions are not entitled to be called secondary schools, they are post-primary schools to a certain extent and only part of them is secondary section. I am mentioning this as the question has been raised with regard to the qualification of teachers. It has been said that the wages can be raised in the case of only those teachers who are properly qualified. At first the qualification level was put at the B.A. degree stage, but later on, I understand, it has been admitted that it can be put at the Intermediate certificate stage provided they are trained. It has been stated by the Chief Minister that facilities for training will be given for the next three years for those who are untrained. This is welcome. But the teachers who are working in these schools feel that facilities should be given also for improving the educational qualification of those who according to the standard laid down are not fully qualified. There is no reason why they should fail to qualify themselves better.

[10-45—10-50 a.m.]

The whole thing is how you look at the problem. Whether you look at the problem from the point of view of men and women who are working in the schools or from the point of view of the heartless bureaucratic way. I am aware of other examples where problems are dealt with not in terms of human welfare but in terms of income of the State or expenditure of the State or rules and regulations. I am afraid this is what has happened here also and that is the reason for the tragic event of the past few days. This State celebrates the birthday of Gandhiji and offers homage to him on the day of his passing away. But when the teachers observed complete non-violent resistance and tried to persuade the Government to accept their demand how was it met? It

was met by violence. The teachers were carried away by the police in the early hours of the morning not from comfortable beds but from the hard pavement near about the Government House and sent to jails. There were mass demonstrations. The armed police it is alleged were forced to fire in self-defence. But what is remarkable is that we find from the testimoney of 8 Councillors of the Calcutta Corporation that people who were inside the Municipal building received bullet injuries. Again peons and drivers of "Statesman" received bullet injuries within the precincts of the "Statesman" office. These facts show that the police were not firing to disperse unruly mobs. It is a matter of great regret that failure to tackle the situation which could have been settled peacefully has resulted in such tragic events. I hope, Sir, that even now it is not too late to settle the matter and I would like the amendments that I have moved with regard to secondary education should be accepted and added to the reply to the Address of his Excellency the Governor.

[10-50—10-55 a.m.]

Dr. Bijanbihari Bhattacharya: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ প্রস্তাব আনা হয়েছে, তার বিরুদ্ধে কয়েকটী কথা আমাদের বিরোধী পক্ষীয় সদস্যরা উল্লেখ করেছেন। এবং তাঁদের যতগুলি সংশোধনী প্রস্তাব এসেছে সব কয়টীর মধ্যেই একটা জিনিষ লক্ষ্য করেছি সেটা হচ্চে এই যে মাধ্যমিক শিক্ষকদের যে ধর্ম্মঘট আন্দোলন উপস্থিত হয়েছে সে আন্দোলন সম্পর্কে মহামান্য রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই। সেই প্রসঙ্গ অবলম্বন করে আরো বহুবিধ কথা উঠেছে যেগুলি ঠিক ঐ প্রসঙ্গের সঙ্গে সংযুক্ত নয়। সুতরাং যে প্রসঙ্গ ওটা থেকে অবান্তর আমাদের সে প্রসঙ্গের আলোচনায় আসবার প্রয়োজন নাই। আমি নিজে শিক্ষক, সেই জন্য শিক্ষকদের ধর্ম্মঘট সম্পর্কে বিরোধী পক্ষীয় মাননীয় সদস্যরা যা বলেছেন তার উত্তরে যৎসামান্য কিছু বলছি।

এই ধর্ম্মঘট এক দিনের আন্দোলন থেকে উদ্ভূত হয় নাই। শিক্ষকদের যে দাবীর কথা উপস্থাপিত করা হয়েছে সে দাবী অল্প দিনের নয়, আমরাও স্বীকার করি। সে দাবী শুধু বিরোধী পক্ষের মাননীয় সদস্যরা নয় সে দাবীর কথা এপক্ষ থেকেও দীর্ঘকাল বলেছি। এবং কিছু বিলম্বে হলেও ফল পেয়েছি। ফল যে কতদূর পাওয়া গেছে তা এই সভাকক্ষে আলোচনা না করে যদি একটু বাইরে বেরুই তাহলে দেখতে পাব। ইতিমধ্যে শিক্ষক মহাশয়দের সঙ্গে আলোচনা করে তাদের মনের অবস্থা আমরা বুঝতে পেরেছি, এবং অবস্থাটা অনুকূল বলেই বুঝতে পেরেছি। আজ বিকেলের মধ্যেই সে বিষয়ে স্পষ্টতর প্রমাণ আপনারা পাবেন সে আশা করবার আমার কারণ আছে। কিন্তু ষ্ট্রাইকের কথা মহামান্য রাজ্যপালের ভাষণে না থাকাটা যদি একমাত্র অপরাধ হয়ে থাকে সে অপরাধের সম্পর্কে আমার বক্তব্য এই যে মীমাংসার প্রস্তাব যখন চলছিল, তখন ওদিকে রাজ্যপালের ভাষণও মুদ্রিত হচ্ছিল। তিনি প্রতি মুহূর্ত্তে আশা করছিলেন শিক্ষকেরা তাঁদের আন্দোলন প্রত্যাহার করবেন। কারণ তখন আমাদের বিশেষতঃ কংগ্রেস পক্ষীয় শিক্ষক সদস্যগণের তরফ থেকে মাধ্যমিক শিক্ষকগণের সঙ্গত দাবি সম্পর্কে আমাদের যা বক্তব্য তা সরকারের কাছে পেশ করা হয়েছে এবং গভর্ণমেণ্ট সেটা বিশেষ সহানুভূতির সঙ্গে শুনেছেন। সে সহানুভূতি উপযুক্ত ফল প্রসব করবে বলে সকল পক্ষই আশান্বিত হয়েছিলেন। আশা যে নিষ্ফলা হয়নি তার প্রমাণ আপনারা পেয়েছেন। বিলম্ব কিছু হয়েছে সেটা দুঃখের বিষয়, কিন্তু বিলম্বের কারণ কি, তা মুখ্য মন্ত্রীর প্রথম বিবৃতিতে আছে। তিনি বলেছেন যে যতদিন পর্য্যন্ত আমাদের হাতে বাজেট তৈরী ছিল না, ততদিন পর্য্যন্ত সরকারের হাতে কত টাকা আছে তা বলা সম্ভব নয়, কাজেই ততক্ষণ পর্য্যন্ত বলতে পারছিনে যে শিক্ষকদের কি দিতে পারব। এই হল বিলম্বের কারণ। সরকারের সহানুভূতি নাই, একথা মুখ্যমন্ত্রী কোথাও বলেননি। মহামান্য রাজ্যপালও সহানুভূতির কথা বারম্বার ব্যক্ত করেছেন। তাছাড়া রাজ্যের শিক্ষার বিষয় প্রাইমারী, সেকেণ্ডারী ও কলেজের ক্ষেত্রে কোন কোন দিকে কি পরিমাণ উন্নতি এবং কি পরিমাণ খরচ হয়েছে, তা মোটামুটি বলেছেন— অতি পুঙ্খানুপুঙ্খরূপে বা সূক্ষ্মাতিসূক্ষ্মভাবে বলবার অবকাশ ঐ ভাষণের মধ্যে তাঁর ছিল না। এ অবস্থায় ষ্ট্রাইকের কথা উল্লেখ না করাটা একটা বিচ্যুতি বলে মনে করবার কারণ কি? ধর্ম্মঘটের কথা উল্লেখ না করেও যদি রাজ্যপালের সরকার ধর্ম্মঘটের কারণ দূর করতে চেষ্টা করেন সেটাই কি অধিক বাঞ্ছনীয় নয়? সুখের বিষয় সরকার সে দিকে দৃষ্টি দিয়েছেন। মুখ্যমন্ত্রী তাঁর প্রথম প্রস্তাবে শিক্ষকদিগকে যে পরিমাণ সাহায্য দিতে অগ্রসর হয়েছিলেন, আমরা তা যথেষ্ট

[Dr. Bijanbihari Bhattacharya.]

বলে মনে করিনি। তাই তাঁকে তাঁর সিদ্ধান্ত পুনর্বিবেচনা করতে অনুরোধ করেছিলাম। এ, বি, টি, এর শিক্ষক মহাশয়রা এবং প্রধান শিক্ষক মহাশয়রা মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করে বলেছিলেন, আমাদের বিষয় আপনি আর একটু বিবেচনা করে দেখুন। আমরাও তাঁদের সমর্থন করেছিলাম। ফলে পুনর্বিবেচনা করতে তিনি সম্মত হয়ে ছিলেন। কিন্তু ওদিকে যে তখনও আন্দোলন চলেছিল একথা ভুলে চলবে না। যখন এদিকে কথাবার্ত্তা চলছিল, মিট্‌মাটের চেষ্টা চলছিল, তখনও আন্দোলন কিন্তু প্রত্যাহৃত হয়নি।

[10-55—11 a.m.]

দ্বিতীয় কিস্তিতে মুখ্যমন্ত্রী মহাশয় যে প্রস্তাব এনেছেন, সেকেণ্ডারী বোর্ডের প্রস্তাবের অনেকটা তাতে নেয়া হয়েছে বলে বিরোধী পক্ষের সদস্য মহোদয়রাও বলছেন। সুতরাং দেখা যাচ্ছে সেকেণ্ডারী বোর্ডের যা কিছু সুপারিশ ছিল তার অধিকাংশই তিনি গ্রহণ করেছেন, সামান্য কিছু বাকি ছিল, সে বাকি থাকার কারণ আপনাদের পূর্ব্বেই বলা হয়েছে। মুখ্যমন্ত্রী মহাশয় দিল্লী পর্য্যন্ত গিয়ে চেষ্টা করেছেন তিনি বুঝেছেন আমাদের যে টাকাকড়ি আছে তাতে যদি না কুলোয় অন্ততঃ কেন্দ্রীয় সরকারের কাছে চেয়েচিন্তে এনেও শিক্ষকদের অভাব পূরণ করা দরকার। শুধু বুঝেছেন নয় সেই উদ্দেশ্যে তিনি উদ্‌যোগী হয়েছেন। এ দিকটা যে শিক্ষক মহাশয়দের রবাহূত অশিক্ষক নকল প্রতিনিধির দল লক্ষ্য করেননি, এমন কথা ভাবাও যায় না। প্রথম-বারেই মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন, যতটুকু দিলাম এ দেয়াই শেষ নয়, এই বার দিয়েই যে তিনি মনে করেছেন যে শিক্ষকদের সমস্ত অভাব দূর করে ফেলেছেন তা নয়। এমন কথা উঠেছিল যে, যদি সরকার সেকেণ্ডারী বোর্ডের সমস্ত সুপারিশ গ্রহণ করে নেন তাহলে শিক্ষকদের প্রাইভেট্ টিউশনও যেন বন্ধ করা হয়। কেউ কেউ এমন কথাও মুখ্যমন্ত্রীকে বলেছিলেন—তাঁদের সমস্ত দাবী সম্পূর্ণ মেনে নিয়ে প্রাইভেট্ টিউশন বন্ধ করুণ। তিনি বলেছিলেন "যতক্ষণ পর্য্যন্ত না তাঁদের অভাব অভিযোগ আমি দূর করতে পারব, যতক্ষণ না তাদের ছেলেমেয়েদের শিক্ষার সুযোগ করে দিতে পারব, যতক্ষণ না তাঁদের দারিদ্র্য থেকে কিছুটা মুক্ত করতে পারব, তাঁদের রোগের চিকিৎসার ব্যবস্থা করতে পারব, ততক্ষণ আমি কি করে বলব তোমরা টিউশন করো না"।

গৃহশিক্ষকতা বন্ধ করার কথা যাঁরা বলেন তাঁদের তিনি বলেছিলেন, তোমাদের এই প্রস্তাব আমি গ্রহণ করতে পারি না। যতক্ষণ পর্য্যন্ত শিক্ষকদের অভাব অভিযোগ সম্পূর্ণভাবে দূর না হয় ততক্ষণ পর্য্যন্ত টিউশন বন্ধ করতে পারব না। তিনি একথাও বলেছিলেন, শিক্ষকেরা প্রাইভেট্ টিউশন করলে স্কুলের ছেলেদের লেখা পড়ার ক্ষতি হয় সত্যিই কিন্তু কি করা যায়, আমি আমার সাধ্যমত করছি কিন্তু আমার সাধ্য যথেষ্ট নয়।

তৃতীয় কিস্তিতে, ১৭৷৷০ টাকা ডিয়ারনেস্ এলাউয়েন্স ঠিক ১৭৷৷০ টাকা নয় ৩৫৲ টাকা। সেটা কি করে হয় বোঝা দরকার। সকলেই জানেন শিক্ষকদের ডি, এ, বর্ত্তমানে ১০৲ টাকা করে দেয়া হয় (বোর্ডের দাবী হচ্চে ৩৫৲)। কিন্তু ওটা ১০৲ টাকা যে নয় সেটা ভাল করে আমাদের সকলের জানা দরকার। কারণ দশটাকা করে ডিয়ারনেস্ এলাউয়েন্স যে গভর্ণমেণ্ট দেন তা এই সর্ত্তে যে প্রত্যেক স্কুল আর দশ টাকা প্রত্যেকটী শিক্ষককে দেবেন—"এইডেড্" বা "আন-এইডেড্" সকল স্কুল সম্পর্কেই এই এক নিয়ম। শিক্ষকের সংখ্যা প্রায় ২২ হাজার। এই দশ টাকা প্রত্যেক শিক্ষককেই দেয়া হয় গভর্ণমেণ্ট থেকে, এবং আর দশ টাকা দেন স্কুল। অনেকে বলতে পারেন কোন কোন স্কুল তা দিতে পারে না। কিন্তু আমি জানি দু'হাজার হাইস্কুলের মধ্যে ২৮টী স্কুল ছাড়া সমস্ত স্কুলই এই ১০৲ টাকা করে তাদের শিক্ষক-দের দিচ্ছে। কাজেই কুড়ি টাকা ডি, এ, এখন আমাদের শিক্ষক মহাশয়রা পাচ্ছেন। গভর্ণমেণ্ট প্রথমে ৫৲ টাকা অতিরিক্ত দিতে চেয়েছিলেন, তাতে শিক্ষক মহাশয়রা বলেছিলেন—যদি মাত্র পাঁচ টাকা ডি, এ, বৃদ্ধি হয় তাহলে আমাদের পক্ষে যথেষ্ট হবে না, আরো কিছু বাড়ান উচিত। ২য় দফায় যখন এই কথা বলা হয়েছিল সেই মুহূর্ত্তে তিনি জবাব দিতে পারেন নি, কিন্তু বিবেচনা করবেন বলেছিলেন কিন্তু ইতিমধ্যে ১৭৷৷০ টাকার যে প্রস্তাব ছিল সেটা তিনি প্রত্যাহার করেন নি, তিনি বলেছেন ১৭৷৷০ টাকা ডি, এ, যে স্কুলগুলি দেবে আমিও তাদের ১৭৷৷০ টাকা করে দেবো। একথা আমাদের জানা উচিত কলকাতা সহরে যতগুলি বড় বড় স্কুল আছে তার সংখ্যা নেহাৎ কম নয়। কলকাতার বাইরে বড় বড় সহরে অনেকগুলি এমন স্কুল রয়েছে, যেখানে বোর্ড যে মহার্ঘ ভাতা দিতে বলেছেন তার চেয়ে বেশীও দেয়া হয়। এমন অনেক স্কুল আছে যেখানে ৪০৲। ৫০৲ পর্য্যন্তও মহার্ঘ ভাতা দেয়া হয়। যাঁরা এটা দিতে পারেন তাঁদের পক্ষে অবশ্য খুবই ভাল। আর একটা কথা, রুরাল স্কুল, পল্লী গ্রামের স্কুল-গুলির প্রতি বিশেষভাবে লক্ষ্য করা উচিত, ভবিষ্যতে হয়ত সেদিকে লক্ষ্য করা হবে। কিন্তু বর্ত্তমানে যে ডি, এ,র কথা বলেছেন, এই অতিরিক্ত ৭৷৷০

টাকা অর্থাৎ সরকারের তরফ থেকে যে দশ টাকা সর্ত্তাধীনভাবে দেয়া আছে সেইটেতে আরো ৭৷৷০ টাকা দিলে ভাল হয়। তাঁকে একথা জানানো হয়েছে যে জানুয়ারীর মধ্যেই প্রায় সব স্কুলেরই বাজেট হয়ে গেছে এখন সর্ত্তাধীন টাকা দিলে তাঁদের হিসাব মেলানো মুস্কিল হবে, সুতরাং এই ৭৷৷০ টাকা বিনাসর্ত্তে অন্ততঃ এক বছরের জন্য দেয়া হোক। তা দিতে সরকার প্রস্তুত হয়েছেন। শিক্ষকদের দাবি সঙ্গত বিবেচনা করে সে দাবি সরকার স্বীকার করে নিয়েছেন এজন্যে সকলের সুখী হওয়া উচিত। এখন আমরা যদি সত্যই শিক্ষকদের দুঃখের কথা, দারিদ্র্যের কথা ভাবি, যদি রাজনৈতিক উষ্মাকে দূরে সরিয়ে রেখে দেশের শিক্ষা ব্যবস্থার উন্নতির জন্য চেষ্টা করি, তাহলে আর অনর্থক উত্তেজনার প্রশ্রয় না দিয়ে, তর্কবিতর্ক কিছু দিনের জন্য বন্ধ রেখে, সরকারের সঙ্গে সহযোগিতা করে এবং প্রয়োজনস্থলে সরকারের সহযোগিতা দাবি করে সমস্ত শিক্ষা পদ্ধতির আমূল পরিবর্ত্তনের দিকে একসঙ্গে অগ্রসর হতে হবে। এখানে কংগ্রেস পক্ষ, কমিউনিষ্ট পক্ষ, সরকার পক্ষ বা বিরোধী পক্ষ বলে কিছু নাই, সকল পক্ষের সকল জ্ঞানী সকল বুদ্ধিমান সকল শক্তিমান নরনারী একত্র হয়ে সকলের সদিচ্ছা ও শুভেচ্ছা নিয়ে এক সঙ্গে মিলিত হয়ে শিক্ষা ব্যবস্থাকে সুন্দর ক'রে তুলুন এই আমার প্রার্থনা।

[11—11-5 a.m.]

এর মধ্যে আর একটা কথা ব'লেনি। আন্‌ট্রেণ্ড এবং আণ্ডার গ্রাজুয়েট শিক্ষক যাঁরা রয়েছেন তাঁদেরও ট্রেনিংএর ব্যবস্থা করা হয়েছে। আমাদের ছেলেদের যাঁরা পড়াবেন তাঁদের যদি যোগ্যতা না থাকে তাহলে তাঁদের স্কুল থেকে সরিয়ে নিতে হবে। তাহলে আর এক নূতন সমস্যা দাঁড়াবে। অনেকে বেকার হয়ে পড়বেন। সুতরাং তাঁরা যাতে বিপন্ন না হন তার ব্যবস্থা করা হয়েছে ট্রেনিংএর বন্দোবস্ত করে। ইতিমধ্যে আর একটা এনকোয়ারী কমিশনের ব্যবস্থা করে, সমগ্র মাধ্যমিক শিক্ষা ব্যবস্থার মধ্যে কোথায় কোন্ ত্রুটী, কোথায় কি দোষ, কোন্ শিক্ষকের পক্ষে কি কি যোগ্যতার প্রয়োজন, সে যোগ্যতা আমাদের আছে কি না, আমরা যে শিক্ষা ব্যবস্থা চাইছি তাতে তাঁরা সাহায্য করতে পারেন কি না, সে সব নির্ণয়ের জন্য বাইরে থেকে উপযুক্ত বিশেষজ্ঞ নিয়ে কমিশন গঠিত হচ্ছে। শিক্ষকদের মধ্য থেকে এই ব্যবস্থার সমর্থন পাওয়া গেছে। তাঁরা বলেছেন, আমাদের জীবিকার ব্যবস্থা করুন; শিক্ষা পদ্ধতির আমূল পরিবর্ত্তন হয়, এ কেউ আপত্তি করবে না।

আমি আপনার মাধ্যমে বিরোধী পক্ষের সমস্ত মাননীয় সদস্যদের অনুরোধ করছি, তাঁরা দল ভুলে, স্বার্থ ভুলে, আত্মাভিমান ভুলে সরকারের সঙ্গে সহযোগিতা করুন। মহামান্য রাজ্যপালের ভাষণে ভবিষ্যৎ সম্ভাবনার যে ক্ষুদ্র বীজ নিহিত আছে সেই বীজই একদিন মহীরুহে পরিণত হবে, এ বিশ্বাস আমার আছে। কিন্তু চারদিকের আগাছারা তার বৃদ্ধি দেরে রোধ করে। যত জল পড়ুক যত সার পড়ুক খেয়ে বড় হবে আগাছার দল। এগুলোকে উপড়ে ফেলতে হবে নির্মমভাবে। সে কাজে সাহায্য করতে বঙ্গজননীর সকল সন্তানের কাছে, স্বপক্ষবিপক্ষনির্বিশেষে দেশের কল্যাণকামী প্রতিটি নরনারীর শুভবুদ্ধির কাছে আবেদন জানাচ্ছি। এই বলে এই সভায় মহামান্য রাজ্যপালের ভাষণের জন্য তাঁকে ধন্যবাদ দেওয়ার যে প্রস্তাব আনা হয়েছে, আমি তাকে সমর্থন করছি।

Janab Shaikh Mohammad Jan: Mr. Chairman, Sir, I rise to support the motion of thanks moved by my friend Mr. Bijoy Singh Nahar. But before I proceed to do so, I think I will be failing in my duty if I do not condemn with all the force at my command the ugly scenes created by some of the honourable members of the Legislature the other day when they did not allow His Excellency the Governor to make his inaugural speech and created ugly scenes in the Joint session of the House. While he was standing as a helpless spectator for a long time, our friends were making noise by shouting and thumping and indulging in abuses.

[11-5—11-10 a.m.]

I think, Sir, the members on this side of the House showed great restraint and forbearance. If this was not done there would have been a free fight in this House and it would have been a unique spectacle. There were some foreign visitors in Visitors Gallery at that time and I was told that some of them belonged to the Cultural Delegation from Soviet Russia and I do not know what they might have thought about the conduct of the members of the Opposition. I believe some of them belonged to a party which emulates Russia. These things are never tolerated there. Not only

[Janab Shaikh Mohammad Jan.]

the head of the State even the smallest officer cannot be insulted in such a manner as was done in this House without paying extreme penalty for the same. I do not know what impression these foreigners might have taken away with them. It is true, Sir, that our friends on the opposite were excited. There was a strike of teachers and they were demonstrating. But it was not all non-violent. I know from my personal experience that this "hartal" had not been voluntary. People in large numbers—students, teachers and their sympathisers—were going at every school and they were threatening the teachers and the staff to close the school. Many schools had to close on account of these threats. If any school refused to close, brickbats were thrown with the result that many students were injured. It is true, Sir, that the grievances of the teachers are to some extent real. They are ill-paid and there must be increment in their present salary. But the salary which they are getting now they are getting for a long time —for a number of years, and there was no agitation for so long a time. However as we all know Government is willing to ameliorate their conditions as far as possible if they can wait for sometime more.

Sir, I must say that the address delivered by His Excellency the Governor has been well appreciated by every section of the House as it mentions the many magnificient works which have been done by this Government and the bright prosperity of some development schemes which are very vital for the well-being of the people of this State. His Excellency the Governor has said something about the food situation in the country. I think it will make people happy to learn that the price of rice has gone down from Rs. 19-3 to Rs. 15-5. It means a reduction of price by about 20 per cent. It is true that the present rice situation is due to some extent to a bumper crop and mainly due to wise planning made by the Government as regards procurement, which was vehimently opposed by the Members on the other side of the House last year.

[11-10—11-15 a.m.]

As agriculture is the main-stay of more than 60 per cent. of our people, Government is sparing no pains for its all-round improvement. During 1953-54 fertilizers worth Rs. 94 lakhs were distributed to the cultivators. Besides, loans amounting to Rs. 2·64 crores for the purchase of cattle and other agricultural purposes were also given.

Various irrigation projects have been pursued with vigour to enhance productivity. The Mayurakshi Project is nearing completion and 441 miles out of 848 miles of canals have already been excavated and can now irrigate 150,000 acres of land under "kharif" cultivation. Besides this, 16 major and minor irrigation schemes costing Rs. 62·32 lakhs were completed by the Irrigation Department in 1953-54, benefiting 79,000 acres of land.

The Government is also not unmindful of the spread of education among the masses and driving away illiteracy from the country at the earliest possible opportunity, and has spent in the current year about Rs. 5 crores which is the lion's share of the income of the State, and few State Governments can compete this.

We all sympathise with the refugees who have come to West Bengal from the other side of the border, uprooted from their original homes and the Government has given all its attention to rehabilitate them as fast as possible. Rupees 5 crores have been spent for acquiring over 50,000 acres of land to rehabilitate the refugees. Two lakhs ninety-two thousand four hundred and thirty-five families consisting of 1,462,175 persons have been rehabilitated through the efforts of the Government. Loans have been advanced to them to the amount of Rs. 17,31,31,575

and so on and so forth. Thus tremendous amount has been spent by Government in this regard. With these observations, Sir, I extend my wholehearted support to the motion of thanks to His Excellency the Governor of West Bengal.

[11-15—11-20 a.m.]

Sj. Annada Prosad Choudhuri:

মাননীয় সভাপতি মহাশয়! রাজ্যপাল মহোদয়ের যে অভিভাষণ তা পড়ে মনে হচ্ছিল যে এ পুস্তিকা প্রচার অধিকর্ত্তা দ্বারা প্রকাশিত হলেই ভাল হ'ত। গত এক বৎসরের মধ্যে তাঁর গভর্ণমেণ্ট আমাদের দেশে কি কি কাজ করেছেন তা তিনি বলেছেন এবং তা বলা উচিত। কিন্তু আমি আশা করেছিলাম যে এতে একটা ইঙ্গিত পাব যে আমরা আমাদের প্রদেশের উন্নতি সাধনের জন্য কি করতে পারিনি, এবং সেই সব কাজ করার পথ কি। সেই পথের সন্ধান শুধু যে এর মধ্যে পাইনি তা নয়, সেই সব সমস্যার ইঙ্গিতও তার মধ্যে নাই। কেবল তাই নয়; বরং এমন সব জিনিস এর মধ্যে উল্লেখ করা উচিত ছিল যার উল্লেখ নাই ব'লে এই পুস্তিকার যে সমস্ত জিনিস বর্ণিত আছে তা অবাস্তব বলে মনে হয়েছে। কিছুদিন আগে আমাদের রাজ্যের অনেক লোক প্রয়াগে কুম্ভমেলায় গেলেন? বিশেষ কোরে প্রধান মন্ত্রী মহাশয়ও নাকি সেখানে গিয়েছিলেন—জানিনা কার পাপ স্খালনের জন্য—

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আপনার পাপ স্খালনের জন্য।

Sj. Annada Prosad Choudhuri:

আপনাকে ত letter of authority দেইনি, বা power of attorneyও দিইনি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

ওটা vicarious.

Sj. Annada Prosad Choudhuri:

কিন্তু সেখানে এত লোক মারা গেল, এত লোক দুঃখ ভোগ করলে এবং আমাদের এ রাজ্যের লোকও সেখানে গিয়ে কম দুঃখ ভোগ করেনি, সেখানে কেউ বলে ৫০০ লোক মারা গেছে এবং সেটা পি,-টি,-আইএর প্রথম খবর; তার পরে প্রধান মন্ত্রী বললেন যে বেশী ফলাও কোরে এ খবর যেন ছাপান না হয়। তারপর ইউনাইটেড প্রেস বলেছেন ৩৫০ লোক, কিন্তু যারা সেখানে গিয়েছেন তারা বলেন আরও অনেক বেশী মারা গেছে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I gave no direction to anybody as regards number.

Sj. Annada Prosad Choudhuri:

যিনি বলেছেন তিনিও একজন প্রধান মন্ত্রী। আপনি কেন জবাব দিচ্চেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আপনি যে প্রধান মন্ত্রী মহাশয়ের কথা বলেছেন তিনি আমাদের ষ্টেটের কথায় কি বলেছেন যে বাংলার ৫০০ লোক মারা যেতে পারে?

Sj. Annada Prosad Choudhuri:

পি-টি-আই বাংলা দেশের কথা বলেনি।

(জনৈক সদস্য; বাংলায় অত গিয়েছে?)

পশ্চিম বঙ্গেরই ৩৫০ গিয়েছে একথা ইউ-পি-আই বলেনি, সারা দেশের কথাই বলেছে। আমরা বড়ই অবাস্তব হয়ে যাচ্ছি, অকারণে আমরা অত্যন্ত বিচলিত হয়ে যাই। যা বেরিয়েছে তার চেয়ে আরও অনেক বেশী লোক মারা গিয়েছে। (জনৈক সদস্য: কি কোরে জানলেন?) একথা যাঁরা সেখানে গিয়েছেন তাঁরা বলেছেন। তাঁরা আরও বলেছেন যে মৃত এবং অর্দ্ধমৃত অনেককে গঙ্গার জলে ফেলে দেওয়া হয়েছে।

The Hon'ble Prafulla Chandra Sen:

মিথ্যা কথা, অনেক ফেলা হয়েছে সে কত?

Sj. Annada Prosad Choudhuri:

তা কি কোরে জান্‌ছি।

Sj. Narendra Nath Bagchi: On a point of order, Sir. An Enquiry Commission has been appointed and can we now discuss this matter as to what had happened? Would it not be improper for us to do so?

Mr. Chairman: The matter is "sub judice". An Enquiry Commission in this connexion has been appointed. We should not give any figure about the number of people dead and dying and all that—how many people were thrown into the Ganges. It is hardly a proper statement to make.

Sj. Annada Prosad Choudhuri: একটু সময় দিলেই আমি পরিষ্কার কোরে বলতে পারতাম যে কিসের জন্য একথা বল্‌ছি। আমি ওখানকার ঘটনার কোন রকম সমালোচনা করছি না। এর সত্যাসত্য সম্বন্ধেও কোন আলোচনা করছি না। আমি বলতে চাইছি যে এই যে দুর্ঘটনা ঘটে গেল যাতে আমাদের রাজ্যের লোকেরা সেখানে গিয়ে দুর্ভোগ ভোগ করলে তার কোন উল্লেখ রাজ্যপাল মহাশয়ের অভিভাষণের মধ্যে নাই।

The Hon'ble Prafulla Chandra Sen: এটা সোজা কোরে বল্‌লেই হয়।

Sj. Annada Prosad Choudhuri: সোজা কোরে বল্‌লে তো এক sentenceএই বলা হত, কিন্তু আপনাদের মন মানে না।

তার পরে, স্যার! একটু আগেই আলোচনা হ'ল এখানকার শিক্ষকদের—সেকেণ্ডারী স্কুলের শিক্ষকদের—ধর্ম্মঘট সম্বন্ধে। মাননীয় বন্ধু বিজন বাবু বললেন যে আজকে বিকেল বেলা আমরা সন্তোষজনক খবর পাব। সুখের কথা, আনন্দের কথা। কিন্তু দেবেন বাবু একটু আগে যা বলেছেন তারই প্রতিধ্বনি কোরে বলি যে এই খবর যা আজ বিকালে পাব সেটা যদি ১০ দিন বা ১৫ দিন আগে পাওয়া যেত তাহলে এই সমস্ত দুর্ঘটনা কলিকাতা সহরের উপর ঘটত না। (জনৈক সদস্য: তা হলে যে পি-এস-পির লীডারশিপ করতে পারতেন না।) আমাদের পি-এস-পির লীডারশিপ করার যথেষ্ট সুযোগ ও স্থান আছে। প্রফুল্ল বাবুকে ট্রাম আন্দোলনের সময় যা বলেছিলাম ৩ সপ্তাহ পরে তাই করলেন। ৩ সপ্তাহ আগে করলে এত জল ঘোলা হ'ত না। আজকে বিকেল বেলা যেটা শোনা যাবে সেটা প্রধান মন্ত্রী মহাশয়ের দিল্লী যাবার আগে যদি জানা যেত তাহলে রাত্রির অন্ধকারে ধ'রে নিয়ে গিয়ে লাল বাজারের হাজতে পুরে রাখার প্রয়োজন হ'ত না এবং সন্তোষজনকভাবে খুব gracefully এ সমস্যার সমাধান হয়ে যেত। কিন্তু সে সমাধানের পথে আমাদের রাজ্যপালের গভর্ণমেণ্ট চলেন নি। তবে সেদিন এখানে অনেক বিক্ষোভ প্রদর্শন করা হয়েছে কিন্তু শুনেছি যে রাজ্যপাল মহাশয় এখান থেকে যাবার পর "ইন্‌স্টিটিউট্ অব্ ইন্‌জিনিয়ার্স"এর আয়োজিত গ্রাণ্ড হোটেলে যে ডিনারের ব্যবস্থা ছিল সেখানে যেতে তাঁর মন চায় নি। তিনি সেই ডিনারে কেন যান নি, কারণটা অবশ্য আমি জানি না; সে এখানকার বিক্ষোভের ফলেই হউক বা সেই শিক্ষকদের কথা তাঁর মনে আরও বেশী কোরে রেখাপাত করার জন্যই হউক তিনি সেই ডিনারে যান নি।

[11-20—11-25 a.m.]

Sj. Bijoy Singh Nahar: Sir, can we discuss the Governor's private affairs as to whether he goes to a dinner or not?

Mr. Chairman: Mr. Choudhuri, please confine yourself to the subject on hand.

Sj. Pannalal Saraogi: He has no subject on hand. He is unreal himself.

Sj. Annada Prosad Choudhuri: I am mentioning facts, Sir. The Governor is there within a stone's throw——

Mr. Chairman: I do not think it is proper for you to refer to the actions of the Head of the State as to where he should go or where he should not go. It is not a matter for discussion here.

Sj. Annada Prosad Choudhuri: I am mentioning a fact, Sir. I have not the audacity to say where the Governor should go or should not go.

Mr. Chairman: You are drawing certain inferences.

Sj. Annada Prosad Choudhuri: No, Sir, I am mentioning a fact.

আমি বল্‌ছি যে সেদিন যিনি এই রকম কার্য করেছেন তাঁর অভিভাষণের মধ্যে সে বিষয়ের কোন উল্লেখ নাই এবং সমস্যা সমাধানের কোন পথের ইঙ্গিতও নাই। এই কথাই আমি নিবেদন করছি।

Sj. Narendranath Bagchi: On a point of order, Sir. Our Governor is not present here. The honourable member opposite tries to give the inner reading of the mind of our Governor. Because of the behaviour he got here, he perhaps got a little unnerved about it and he did not like to attend the function.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I hope, Sir, my friend will not mention the conduct of the Governor. I think he should not discuss it here.

এ ধান ভানতে শিবের গীত কেন?

Sj. Annada Prosad Choudhuri: তারপরে এই ভাষণের মধ্যে বলা হয়েছে এ বৎসর ধানের ফসল খুব ভাল হওয়ায় ধানের দর কমে গিয়েছে। সত্যই আনন্দের কথা। ধানের দর কমে গিয়েছে বটে, কিন্তু যে কৃষকেরা এই ধান উৎপাদন করে, তাদের পাশাপাশি অন্য যে সমস্ত কৃষক তরীতরকারী উৎপন্ন করে, তাদের দাম কমে যাওয়ায় যে কি রকম দুরবস্থা হয়েছে তা বুঝতে পারেন। ধান ও তরীতরকারীর দাম কমে গেলেও তারা অন্যান্য জিনিস যা বাহির থেকে কিনতে বাধ্য হয় তার দাম সেই অনুপাতে না কমায় তাদের দুর্গতি বেড়েছে। কিন্তু রাজ্যপাল মহাশয়ের অভিভাষণে সে বিষয়ের কোন উল্লেখ নাই। গ্রামের লোকের মনে করতে পারে যে সত্যসত্যই ধানের ফসল বেড়েছে আকাশ থেকে জল বেশী পাওয়া গেছে, আরও কিছু পাওয়া গেছে কিন্তু দাম কমে যাওয়াতে তাদের আর্থিক দুর্গতি যে বেড়েছে এ বিষয়ের উল্লেখ নাই কেন? তার প্রতিকারের কোন পথের সন্ধানও নাই। তা ছাড়া জমিদারী উচ্ছেদের জন্য যে বিল পাশ হয়েছে তার ফলে যে ১৪ হাজার বর্গাদারের জমি জোতদার, জমিদার ও মালিকেরা তাদের কাছ থেকে ছিনিয়ে নিচ্ছে যাতে নূতন "সেট্‌লমেণ্ট"এর সময় তাদের নাম রেকর্ডে না যায় এবং তার ফলে আজ ১৫ হাজার বর্গাদার পরিবার যে দুর্গতিতে পড়েছে সে খবরও তিনি রাখেন বলে মনে হয় না, কেন না তাঁর অভিভাষণে তার উল্লেখ নাই।

নূতন বিল আসবে "ল্যাণ্ড রিফরম্‌স্" সম্বন্ধে, তাতে জমিদারী বণ্টন কোরে দেওয়া হবে। সে বিল কি আকারে হবে তা জানি না। কিন্তু আজ এই চৈত্র মাসের আগেই বর্গাদারের হাত থেকে জমি ছিনিয়ে নিয়ে যেভাবে তাদের বিচলিত কোরে তোলা হয়েছে, তাদের কাছ থেকে অবস্থাপন্ন লোকেরা যে দলিল লিখিয়ে নিচ্ছেন অত্যন্ত অন্যায়ভাবে তার কোন খবর রাজ্যপালের গভর্ণমেণ্ট রাখেন কিনা জানি না। যদি রাখতেন তবে তার অন্ততঃ একটু ইঙ্গিতও তার মধ্যে থাকত।

The Hon'ble Prafulla Chandra Sen: প্রেস নোট বেরিয়েছে, আপনি খবরই কিছু রাখেন না।

Sj. Annada Prosad Choudhuri: তারপরে শিক্ষকদের সম্বন্ধে বলা হয়েছে যে আমরা ৩ বৎসর খরচ দিয়ে তাদের ট্রেন করে নিচ্চি। যতদিন trained and untrained teacher থাকবেন ততদিন পর্য্যন্ত উপযুক্ত হারে বেতন বা "ডিয়ারনেস এলাউয়েন্স" তাঁরা পেতে পারবেন না। কারণ তাঁদের উপযুক্ততা অর্জন করা এখনও হয় নি।

[11-25—11-30 a.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, the dearness allowance has no connection with efficiency or training.

Sj. Annada Prosad Choudhuri: কিন্তু ৮,০০০ শিক্ষক নিযুক্ত করে যে বেকার সমস্যার সমাধান করার ব্যবস্থা করা হচ্ছে সেই শিক্ষকদের ক্ষেত্রে ম্যাট্রিক পাশ করার ৫০৲ টাকা, ইণ্টারমিডিয়েট পাশ করলে ৭৫৲ টাকা এবং বি, এ, পাশ করলে ১০০৲ টাকা বেতন পাবে। তাদের কোন ট্রেনিংএর কথা আছে বোলে আমি জানি না। আমার জানাশুনা বহুলোক দরখাস্ত করেছে—তারাও শিক্ষা দেবে; সেই শিক্ষা আর স্কুলের শিক্ষকেরা যে শিক্ষা দেবে "আন্‌ট্রেন্‌ড্" হয়ে তাদের দেওয়া শিক্ষার তারতম্যের জন্য বেতনের যে তারতম্য তা কি পরিমাণে এবং কি কারণে তা পরিষ্কার বুঝতে পারি নি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Every new teacher will be trained for a while.

Sj. Annada Prosad Choudhuri: তারপরে গ্রামের সুবিধার জন্য স্বাস্থ্য-কেন্দ্রের কথা বলা হয়েছে। আমাদের দেশে মাথাপিছু জন্য রাজ্যের তুলনায় অনেক বেশী খরচ হয়—বৎসরে মাথাপিছু ১৸৶০ আমাদের দেশে খরচ হয়। একথা শুধু যে রাজ্যপাল মহাশয় তাঁর অভিভাষণে বলেছেন তা নয়। এর আগেও রেডিও মারফত এবং খবরের কাগজ মারফত প্রচার করা হয়েছে আমাদের দেশের ২,০০৮টী ইউনিয়নে স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করবার কথা। আমাদের দেশ স্বাধীন হওয়ার পর ১৯৪৮ সাল থেকে আজ পর্য্যন্ত ২,০০৮টী ইউনিয়নে এবং ২০০এর বেশী থানা ও সাব্‌ডিভিশনে মাত্র ১৬৬টী হেল্‌থ সেণ্টার স্থাপন করা হয়েছে। এই রেটে যদি চলে তাহলে রাজ্যপালের গভর্ণমেণ্ট কতদিনে ২,০০৮টী ইউনিয়নে হেল্‌থ্ সেণ্টার স্থাপন করতে পারবেন সেটা arithmetical progressionএ হউক বা geometrical progressionএ হউক, যে ভাবেই হউক তাঁরা হিসাব কোরে দেখতে পারেন।

প্রায় ১০ বৎসর আগে "ভোর কমিটি" এই স্বাস্থ্য-ব্যবস্থা সম্বন্ধে যে রিপোর্ট দিয়েছিলেন এবং যাতে বর্ত্তমান প্রধান মন্ত্রী মহাশয় একজন সভ্য ছিলেন সেটা পল্লী অঞ্চলে স্বাস্থ্য এবং চিকিৎসা ব্যবস্থা করবার

[Sj. Annada Prosad Choudhuri.]

জন্যই সেটা করা হয়েছিল। কিন্তু স্যার, যেভাবে আমরা চলেছি তার ফল আশানুরূপ কখনই হতে পারে না। কাজেই যা করেছি তাতে এত উল্লাসের কারণ কি যে লোককে রেডিও মার্কৎ ও খবরের কাগজ মার্কৎ বোঝাতে হয় এবং শেষকালে রাজ্যপাল মহাশয়ের ভাষণের মধ্যে তার উল্লেখ ক'রে উল্লাসের সঙ্গে বলা হয় যেন আমরা কি না জানি করেছি। এই অক্ষমতার অনেক কারণ থাকতে পারে, কিন্তু মাত্র এই ১৬৬টা কোরে যদি এত উল্লাসিত হন তাহলে কোন পথে তাঁরা চলেছেন তা বুঝতে পারি না।

[11-30—11-35 a.m.]

রেফিউজী সম্বন্ধে অনেক কথা বলা হয়েছে। আমি আগেও বলেছি এবং কেন্দ্রীয় মন্ত্রী মহাশয়কেও বলেছি যে আমরা টাকা খরচের অঙ্ক দিয়ে আমাদের কাজের বিচার যেন না করি। এখানে বলা হয়েছে যে কোটি কোটি টাকা খরচ হয়েছে এবং ৫০ হাজার একর জমি ৫ কোটি টাকা দিয়ে "একোয়ার" করা হয়েছে। আরও হিসাবে দেখলাম রিলিফের জন্য দান, খয়রাতী "ডোল্" ইত্যাদির জন্য কোটি কোটি টাকা খরচ করেছেন। "কো-অর্ডিনেশনে"র অভাবে কি রকম ভাবে লক্ষ লক্ষ টাকা কি ভাবে যে অপব্যয় হচ্ছে একথা রাজ্যপালের গভর্ণমেণ্টকে বিবেচনা করতে অনুরোধ করছি। নিদর্শন হিসাবে বলি মেদিনীপুর থেকে ১৯ মাইল দূরে শালবনীতে বিরাট এরোড্রোম ছিল এবং সেখানে আমেরিকানদের মিলিটারী ক্যাম্প ছিল। সেখানে জলের ভাল ব্যবস্থা ছিল, বিজলী বাতির ব্যবস্থা ছিল, টার দেওয়া রাস্তা ছিল এবং বাড়ীঘর ছিল, যাতে বিহারের রিফিউজী এনে লীগ গভর্ণমেণ্ট ৪,৫০০কে সেখানে রেখেছিলেন। কিন্তু কো-অর্ডিনেশনের অভাবে ঐ শালবনীর এরোড্রোমের বাড়ীঘর ১৯,০০০ মূল্যে নিলাম করে দেওয়া হ'লো, টুকরা টুকরা করে ভেঙ্গে ইট ও জিনিষপত্র সরানো হ'লো, সেখানে রিফিউজী রাখা হ'লো না। কিন্তু স্থানের প্রায় এক মাইলের মধ্যে রেফিউজী রাখবার জন্য ছোট ছোট ইটের দেওয়াল দিয়ে এবং এস্‌বেসটসের চালা দিয়ে ১২০টা বাড়ী তৈরী করা হ'ল এবং সেই বাড়ীরও দরজা জানালা আবার লোক তুলে নিয়ে চলে যাচ্ছে, তা দেখবার কোন লোকও নাই রিফিউজী তো নাইই; এই থেকে যদি বলি যে ১৯,০০০৲ টাকা দিয়ে একটা জায়গায় যেখানে ৪,৫০০ রেফিউজী রাখা যেত সেই তৈরী বাড়ী ঘর নীলাম কোরে যদি অন্যস্থানে ১৯ লাখ টাকা দিয়ে বাড়ী তৈরী কোরে সেখানেও তাদের রাখতে পারা হয়ে থাকে বা না থাকে তাতে যদি আমাদের সন্তোষ প্রকাশ করতে হয় তবে আমাদের এটা দুর্ভাগ্য। তাহলে সত্য সত্যই রেফিউজীদের সমস্যা সমাধান করেছি বোলে উল্লাস করবার কারণ হবে কি?

তারপরে "কটেজ ইন্‌ডাস্ট্রির" কথা রাজ্যপাল মহাশয় উল্লেখ করেছেন। কিন্তু আমরা এমনই পথে চলেছি যে "ইন্‌ডাস্ট্রি" কবা ত দূবে গেল, ব্যবসা বাণিজ্যেব মধ্যে ধান চাল সবকাব যে কিনবেন তার জন্য কোন দেশী ব্যবসায়ী পাওয়া গেল না "শ ওয়ালেস" কোম্পানী যাবা ১৯৪৩ সালে লীগেব আমলে সেই ইস্পাহানীব সঙ্গে ধান চাল কেনবাব খ্যাতি বা কুখ্যাতি অর্জন কবেছেন সেই বিদেশী "শ ওয়ালেস" কোম্পানী ছাড়া আব কাকেও পাওয়া গেল না। যাঁরা এত উদার, এত বিশ্বমানবতায় বিশ্বাস করেন, তাঁবা আবার "কটেজ ইন্‌ডাস্ট্রি" কোরে বিদেশী জিনিস দূবে বেখে বা অন্য উপায়ে জনসাধারণকে উন্নতির পথে নিয়ে যাবার কথা কি কোরে ভাব্‌তে পাবেন তা আমি বুঝতে পাবি না তাবপবে কুটীর শিল্পেব ব্যাপাব নিয়ে কালকে একটা প্রশ্ন করেছিলাম যে কি কোবে কাঁচা মাল পাব, কি কোরে বিক্রী করব এবং সেজন্য বাস্তা ঘাটেব কথাও তার মধ্যে ছিল। আমাদেব ত মন্ত্রী, উপমন্ত্রী এবং পার্লামেণ্টারী সেক্রেটাবীব অভাব নাই, শুনেছি সে এই সব লোক দবকাব কাজেব "এফিসিয়েন্সি"ব জন্য। কিন্তু রাস্তা মেরামতেব কথা যখন ওঠে তখন "ওয়ার্কস্ এণ্ড বিল্ডিংস্"এব মন্ত্রী জানেন না, কুটীব শিল্পেব মন্ত্রী জানেন না কুটীব শিল্পের কথা—তিনি উত্তর দিয়েছেন বাস্তা মেরামতেব বিষয়ে, আবাব কুটীর শিল্পেব জন্য কাঁচা মাল দেওয়া ও উৎপন্ন মাল বিক্রী করার কথা জিজ্ঞাসা করায় দেখলাম তিনি কিছু বল্‌তে পারেন না, পারেন প্রধান মন্ত্রী কেন না তিনি "ডেভেলেপমেণ্ট মিনিষ্টাব"। তাহলে এই ৩২ জন বা ৩৬ জন এদের মধ্যে এমন ব্যাপাব দেখা যায় যে যাঁব যে কাজ সেটা ছাড়া তিনি অন্য কারও কাজ জানেন। সুতরাং যিনি "কটেজ ইন্‌ডাস্ট্রি"র মিনিষ্টাবী করেন তিনি সে দিকে টাকা খরচ কবলেও কি ভাবে তাতে প্রাণ সঞ্চাব করবেন তা তিনি জানেন না। এটা কালকেব ব্যাপারেই দেখা গেছে এবং আবার শুনলাম ৩ দিন পরে উত্তব পাওয়া যাবে। কি উত্তর পাওয়া যাবে জানলে তখন বুঝতে পারব।

[11-35—11-40 a.m.]

তারপবে দেশে যে "আন্‌এম্‌প্লয়মেণ্ট" ক্রমশঃ বেড়ে চলেছে এবং রাস্তা ঘাট, পানীয় জল, শিক্ষা প্রভৃতি যাবতীয় ব্যাপারে যে গ্রামের লোকের কত দুরবস্থা তা যেন তাঁরা বুঝছেন না। এ সবের যে আশানুরূপ উন্নতি হচ্ছে না সে যে কেবল অর্থের

অ

অভাবে হচ্ছে তা ত মনে হয় না টাকার অভাবের জন্য পারছেন না তা নয়। টাকা সহবের দিকেই খরচ হয়। গ্রামের দিকে খরচ করবার সুযোগ সুবিধা পাচ্ছেন না। স্বাস্থ্যের জন্য যতগুলি হাসপাতাল হয়েছে, যত রোগী আছে, যত "বেড্"এর ব্যবস্থা আছে এবং যত খরচ হয় তার হিসাব যদি স্বাস্থ্যমন্ত্রী মহাশয় দেন তাহলে সকলেই বুঝতে পারবেন যে কলিকাতা শহর যেখানে ৫০।৫৫ লক্ষ লোক বাস করে তাদের জন্য কি ব্যবস্থা হয়েছে, কত খরচ হচ্ছে আর বাংলার পল্লী অঞ্চল যেখানে প্রায় ২ কোটি লোক বাস করে তাদের জন্যই বা কি ব্যবস্থা হয়েছে তা সহজেই অনুমান করতে পারা যাবে।

রাস্তার জন্য, "ফ্রন্টিয়ার" রক্ষার জন্য যে "হাই-ওয়েজ" তার জন্যই বা কি ব্যবস্থা হয় এবং পল্লী শিল্প কেন্দ্রে যাতায়াতের যে ৭ মাইল রাস্তা তা মেরামতের জন্য যে কি ব্যবস্থা তা গতকালকার প্রশ্নোত্তরে বুঝতে পেরেছেন। যে রাস্তায় বৎসরের ৬ মাস বাস্ যেতে পারে না, সেই ৭ মাইল রাস্তা মেরামত করবার জন্য ৩,০০০৲ টাকা ব্যয় মঞ্জুর কোরে ডিষ্ট্রিক্ট বোর্ড বা কর্টেজ্ ইনডাস্ট্রির মহাশয় আত্ম-সন্তুষ্টি লাভ করেছেন।

এই সব অবস্থা ও ব্যবস্থার কথা বিবেচনা ক'রে রাজ্যপালের ভাষণের উপর যে সংশোধনী এনেছি আমার অনুরোধ যে তা গৃহীত ও সমর্থিত হবে, এবং রাজ্যপালের গভর্ণমেণ্ট সেই পথে কিভাবে চলতে চান এবং তাঁদের যে সব পরিকল্পনা আছে তাঁর গভর্ণমেণ্ট পরিষ্কার ভাবে তা যেন আমাদের জানিয়ে দেন।

[11-40—11-45 a.m.]

Sj. Debendranath Mukherjee: Sir, I shall confine myself to the teachers' strike and the tragic events to which it has led. Sir, I do not know whether the teachers themselves apprehended that if they started a boycott as they did, the inevitable consequence of such a boycott movement would be disorder and violence. If they did not, they are certainly to be blamed. Sir, whatever may be the difference of opinion about the teachers' strike, I think everybody in the House will deplore the loss of six innocent and valuable lives on account of the police shooting at the instance of the Government. At the same time we should deplore the way in which national wealth has been destroyed by setting fire to the State buses. We not only deplore it, but we should condemn those who are responsible for such loss of life and loss of national wealth. Sir, I should not say that the teachers or those who have been exploiting the teachers for this movement are responsible for these tragedies, but our Chief Minister is to some extent responsible for these tragedies. The Chief Minister is responsible for this reason that he could have come out straight at the very beginning with the statement which he made the other day, viz., that he would raise the dearness allowance unconditionally from Rs. 10 to Rs. 17-8.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Not unconditionally.

Sj. Debendranath Mukherjee: So far as I could see his statement published in the newspapers on the day of the tragedy, I understood it as such. At first his statement was that if the Government paid Rs. 17-8 the Managing Committees should pay Rs. 17-8. (The Hon'ble Dr. Bidhan Chandra Roy: That condition still holds.) Then it was stated that Government would pay Rs. 17-8 from now and the Committees would pay Rs. 10 as they were paying before. So in all the teachers would get Rs. 27-8 from now, and in 1955 the Committees would pay a further Rs 7-8. So from January, 1955, the teachers would get Rs. 35. (The Hon'ble Dr. Bidhan Chandra Roy: That is not unconditional. That is conditional.)

[11-45—11-50 a.m.]

It that were the statement I think the movement might have been peacefully terminated long ago. Sir, I would support the Chief Minister if the Chief Minister contends that there are no ways and means to agree to the demands of the teachers and remained stiff but from what he said in the past and what he has been giving out at present it appears that he was bargaining and if he bargains, being the head of the administration, with the poor teachers I cannot exonerate him from the position which has been created at the

[Sj. Debendranath Mukherjee.]

present moment. He has always been telling the public and rightly telling that the Government is full of sympathy for the teachers and that the Government is anxious for the amelioration of the conditions of the teachers. If it were really so we would expect from a man of Dr. Roy's position and capacity and efficiency of administration and as a financier that he would from the very beginning give out that his resources enabled him to pay the full dearness allowance, viz., Rs. 17-8.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I issued the statement on the 16th January one month before the incident that the payment of dearness allowance of Rs. 17-8 was conditional. It was no bargaining.

Sj. Debendranath Mukherjee: Sir, at least everyone has a right to visualise the conditions in his own way. I would construe his statement in January to the effect that he would not rise more than Rs. 5 until the committees agreed to pay the additional dearness allowance.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: You are confusing the whole issue.

Sj. Debendranath Mukherjee: I am not referring to the salary but to dearness allowance. You now agreed to pay this Rs. 17-8 up to December, 1954, irrespective of the committee paying or not.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I repeat this offer was made on the 16th January one month before, provided the committee also paid Rs. 17-8.

Sj. Debendranath Mukherjee: Sir, I do not want to waste the time of the House by speaking on the same thing. At least I understood that the Chief Minister's offer in January was that dearness allowance would be paid by the Government to the amount of Rs. 17-8 if the Committee were agreeable to pay Rs. 17-8.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: The same conditions hold now.

Sj. Debendranath Mukherjee: I expect that the Chief Minister will not interrupt me. If I am wrong he will correct me when he addresses the House. I understood him to say the other day that he would pay Rs. 17-8 up to December, 1954, even if the Committees would not pay Rs. 17-8. The Committees are now paying Rs. 10 so the teachers will get Rs. 27-8 up to December, 1954. The stand that is now taken is to my mind different from the position that the Chief Minister created on the 17th January, 1954, and it is the public who would judge whether I am right or the Chief Minister is right. Therefore, I consider that I am justified in saying that the Chief Minister was bargaining. He was trying to save the public money by giving as small a pittance to the teachers as was possible. When he found that he could not help it, he ultimately agreed to pay Rs. 17-8 from now.

[11-50—11-55 a.m.]

If that was the position in the beginning my idea is, as my friend Shri Annada Prosad Choudhuri has said, that the problem could have been possibly gracefully settled sometime back. Therefore I will say that for the loss of lives and also for the loss of national wealth the Chief Minister is also indirectly responsible.

Then, Sir, my submission to the House is, so far as the Governor's speech is concerned, he was undoubtedly in his ecstacies when he saw the glimmer of a glorious dawn after a perilous night. He also felt that there was nothing wrong in the administration and so he would give an unconditional and glorious tribute to his cabinet. I find that it was published in the "West Bengal Weekly" at page 253 "The Achievements of the Government of West Bengal,"

Sir, I do not blame the Governor for having done that and I do not

say that the achievements to which the Governor has referred are all incorrect statements. But what pains me much is to see that the Governor himself, a teacher some years ago, would absolutely shut his eyes to this movement of the teachers. It might be that his speech was printed sometime back, sometime before the movement was started by the teachers but when there was an insistent appeal from this side of the House to the Governor for his reference to this boycott movement we expected that he would at least express his opinion on this one way or the other.

The Hon'ble Prafulla Chandra Sen: His speech was not distributed then. You were not in possession of the speech then.

Sj. Debendranath Mukherjee: When Shri Hemanta Kumar Basu opened his lips it was Shri Bijoy Singh Nahar who for the first time went on thumping on the table——

The Hon'ble Prafulla Chandra Sen: Why should Hemanta Babu do so when the Governor was speaking?

Mr. Chairman: Mr. Mukherjee, there is no point in referring to that here. You please drop that very point and go on with your speech.

Sj. Debendranath Mukherjee: I was mentioning that fact, Sir, because in spite of the insistent appeal from the opposition the Governor did not refer to the condition of the teachers at all. It might be that silence sometimes is more significant than a speech. But it would have been better, Sir, if he would have said a few words for the teachers.

[11-55—12 noon.]

He might have given an indication to the Chief Minister, to the Education Minister, that the Government would do its best to settle the dispute between the teachers on one side and Government on the other. Certainly I am not going to say that he should just support such boycotting the schools, encouraging the students to indiscipline. Personally speaking I myself, Sir, do not support this boycott movement of the teachers. I am connected with the Managing Committees of more than one institution in North Calcutta and the teachers ought to remember what would be the reaction of such boycott movement upon the students whom they have got to train. I know of one institution of which I happen to be the Vice-President. This year some of the boys were not promoted from the First Year to the Second Year Class and there is a counter-organisation in the Students' Union and they have asserted that the boys who have been kept back in the First Year must be promoted to the Second Year or else they would go on strike. After this movement what would be the effect on the students if they go on strike when they are not promoted or sent up for the University Examination. For myself I am not in favour of the boycott movement of the teachers although I have sympathy that their condition should be sympathetically considered by the Chief Minister. The Chief Minister has himself stated that he was anxious to give the help, and so instead of delaying it if he had given this straight and outright this tragedy would not have happened.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, May I make a personal explanation? This offer was made to the A.B.T.A. on two occasions but they refused to accept. They refused to accept any liability on the part of the Managing Committee to pay any extra dearness allowance. They wanted the Government to pay Rs. 15 extra above Rs. 20. Perhaps my friend Sj. Debendranath Mukherjee does not know that this offer was made twice. Even as late as on Saturday this offer was again made when the teachers were squatting—A.B.T.A.—I told them to agree with my proposal that Government would pay Rs. 17-8 and Rs. 17-8

[The Hon'ble Dr. Bidhan Chandra Roy.]

the schools will pay. So, it is not a question of bargain. A representation was made to me by the representatives of the teachers in the Assembly and in the Council on Monday and they said that it would be difficult for them to pay this allowance in the middle of the session and there was a compromise -and, Sir, like all compromises which are to be made on particular basis, this offer was made. But they—the squatting teachers—were adamant. They said that there would be no contribution from the Managing Committees and that all the dearness allowance should be paid by the Government.

[12—12-5 p.m.]

Sj. Sankar Das Banerji: Sir, His Excellency the Governor's speech is both illuminating and refreshing. He has reviewed the activities of the Government during the last year. Some people are bound to dislike it. Whether they like it or not, condemnation must come from the other side, it is nothing unexpected, and the condemnation has come. But I will say that the honourable members opposite transgressed every bound and every canon of decency, every convention which is known in parliamentary history. An old gentleman who entered the House to read his speech in the customary way was received in a fashion which I can only characterise as disgraceful. I cannot imagine people with education, people with culture, coming from certain professions, interrupting an old gentleman who was vainly trying to read out the speech. It is his statutory privilege, nobody can stop the Governor from delivering his speech. You, Sir, and the Hon'ble Speaker of the Lower House repeatedly pointed out to all present that the session had not really begun. Neither the Hon'ble Speaker was in the Chair nor the Chairman of this House. It was the Governor's privilege to read out his speech in an uninterrupted fashion. Nobody ever gave him a chance to say what he wanted to say.

Sj. Debendra Sen: On a point of order, Sir. Is the honourable member relevant?

Mr. Chairman: He is giving expression to his own view of the matter.

Sj. Debendra Sen: This is not part of the Address. What is the amendment he is speaking about?

Mr. Chairman: He is speaking in support of the motion.

Sj. Sankar Das Banerji: The relevancy will be apparent in a few minutes if honourable members would kindly permit me to go on. Sir, I would say that advantage was taken of the fact that there was nobody there to give his ruling. The Governor was not in a position to stop the members. The Speaker or the Chairman was not there in the Chair either to stop them or to condemn them or, if I may say so, to have them thrown out. Therefore, full advantage was taken of that fact and thumping and shouting went on, when His Excellency thought that the best way was to read out the speech, as is well known to us. Then, Sir, what happened? Finding that their tactics had failed, they staged a walk-out. I would ask—against what? Against what were the honourable members demonstrating? They had not even given the Governor a chance to have his say. According to the elements of justice, you give first a hearing and then strike. Nobody gave him a chance, and my own view of the matter is that it had all the stamp of deliberate planning to enact such a scene in the House, a scene which has disgraced the House and disgraced us before the whole of India, if not before the whole world. There were some gentlemen who were not Indians, perhaps they were Europeans. Possibly it was to impress them that these activities went on. All that I can say is that it was disgraceful.

I will now, Sir, come straight to the point. The Government has been severely condemned, and today the burning topic is the salary of the teachers. My honourable friend Sj. Mukherjee referred to it in detail. The Chief Minister also gave certain explanations. Anybody who is really interested in the question now knows the real position.

[12-5—12-10 p.m.]

But I would tell you, Sir, that we ought to take into consideration what the conditions are in other parts of India. I find Prof. Nirmal Bhattacharyya has tabled a motion saying that Government has failed to accept what has been suggested by the Secondary Board. Anybody who is interested in what is going on will immediately tell you that the Government has accepted almost all the recommendations of the Secondary Board. The position is this. Schools which are under the grant-in-aid before this agitation started are to pay Rs. 75 and the Board's recommendation was Rs. 100 and the Government accepted the proposal of Rs. 100. In other words the Secondary Board's proposal was accepted except when there was some dispute, as we all know, on the question of dearness allowance. Now the school teachers for whom this pay was prescribed were graduates with B.T. Degree or equivalent qualification. Now, Sir, I may tell you what the position is in other parts of India. In the United Provinces no dearness allowance is paid. Rs. 120 is the pay. In Bombay Rs. 74 is the pay and Rs. 45 the dearness allowance. The total is Rs. 119. In Madras pay is Rs. 75 and dearness allowance is Rs. 24. The total is Rs. 99. In Madhya Pradesh Rs. 70 is the pay and Rs. 30 is the dearness allowance. The total is Rs. 100. In East Punjab the basic pay is Rs. 80 and dearness allowance is Rs. 35, Rs. 115 in all. So even when the Government offered to pay Rs. 120 they were not suggesting anything which was too low taking into consideration the interest of the teachers. I may tell you, Sir, what the condition in Assam is. The pay is Rs. 90 without any dearness allowance. In Bihar (the next State) which is richer than us and much bigger in any case, the pay is Rs. 75 and Rs. 12 as dearness allowance. The total is Rs. 87. In Orissa the basic pay is Rs. 100 plus Rs. 20 as dearness allowance—in all Rs. 120. Everybody is aware of the conditions in Bengal and the financial position of Bengal. It is common knowledge. Anybody interested will tell you that the resources of this State are very slender. Considering all this I would say there was no spirit of bargaining. I may tell you there is also a second category of teachers. They are also qualified but untrained graduates with varied experiences. Government propose to pay them variably in accordance with their experience and so on. I may tell you, Sir, and it came as a revelation to me, that untrained graduates have got the maximum salary of Rs. 80 in the United Provinces whereas the minimum total which was offered by the Government long ago came to Rs. 125 and Rs. 90. Perhaps the members will be surprised if I tell them that teachers of this category, namely, the untrained graduates, are not eligible for appointment either in Bombay or in Madhya Pradesh or in the Punjab.

[12-10 - 12-15 p.m.]

No matter the length of their experience they would not be given any appointment at all. Sir, teachers of the third category of teachers are passed Intermediate, and trained, trained Matriculates and untrained Matriculates. In Punjab, in Madhya Pradesh, and in Bombay they would not be taken in at all. They are not eligible for appointment. In Bengal we have retained them and the Government at one stage proposed to pay them not less than Rs. 75 and certainly not exceeding Rs. 90. Of course certain concessions have been made by the Chief Minister since then.

[Sj. Sankar Das Banerji.]

Further the unfortunate part of the whole thing, to my mind, is that the Government has failed to give a little more publicity about these facts and figures to the public at large. I have repeatedly asked my friends in the Bar Library who are sufficiently educated and vigilant and who take interest in public affairs whether they know the state of affairs prevailing in other parts of India and the amount which the Government has proposed to pay. Everybody is surprised, they have not the slightest idea what the conditions are in other parts of India and what the condition is in Bengal. Therefore all I can say is this. It is usual to make demands, perhaps demand a little more than what is justly due to a party. Take for instance, Sir, what is done in the industrial field, in the industrial sphere. Workers demand a certain thing. The employers say "We are capable of paying them this much" and then there is a certain amount of discussion and ultimately the figure is fixed. I could not quite understand when Deben Babu, our good friend over there said "I condemn the Chief Minister for bargaining." If you have got to manage the State surely you have got to sit and discuss if it is a question of bargaining. This is another matter. The whole idea in my opinion is that this is an engineered thing. And I do not care what honourable members think or even what the Ministers think, my personal view of the matter is that a certain party created great disturbance in the city for the enhancement of tram fare. Well, the thing did not stop. Legitimate means were given the go-by. Bombs and crackers were thrown. Ultimately we all know there was an unfortunate incident in the maidan when press people were innocent victims. The matter was sent by the Government to a High Court Judge. All of the parties were represented by able lawyers. The matter was gone into in detail. Ultimately the report came and the report was in favour of the police. It went against the Press and those who were opposing it.

Sj. Debendra Sen: We knew it beforehand.

Sj. Sankar Das Banerji: You knew it? Because you sit in this House in a privileged position and therefore you dare talk in this fashion. If you have the guts why don't you condemn the report publicly? The report was published by the Chief Minister after some time. The books have been sold to the public at a nominal price of Re. 1.

Janab Abdul Halim: It might have been so at the beginning but later on he changed his mind.

Sj. Sankar Das Banerji: Well, I will give you the reason. He thought that the best thing would be to keep it in the archives. What is the good of giving vent to acrimonious things. You are all only looking for opportunity. None of you care a tuppence for teachers. You wanted to repeat—the very same thing which you did between the 2nd July and the 22nd July, 1953. Interested politicians had arranged and organized everything. State buses have been burnt, properties have been looted, innocent shop-keepers and their shops have been smashed up, their property stolen and

[12-15—12-20 p.m.]

even then the people had the audacity to come forward and say that the police have gone into excesses and there have been atrocities. (Sj. Debendra Sen: That is true.) Articles have been looted; properties have been stolen and even then you can say this because you are sitting here in this House—a privileged place. (Sj. Debendra Sen: What is more honourable—stealing or killing?) I think killing is more honourable; for those who have got to run the administration—some day greater killing may become necessary. I do not know, but it all depends as to what happens in future. If you think

that you have a right to throw bombs, I have also a right to kill in self-defence, and Government has the greater right to defend its people against the violation of rules by bad persons. If you attack and molest innocent persons, if you loot their properties, Government cannot sit quiet. The city of Calcutta does not belong to the teachers alone, it belongs equally to me. I have a right.....(Interruptions).....Go on interrupting and finish interrupting. .....Now you have finished, though I know you will take it up in a minute. Now, it is the privilege of the Government and it is the right of the Government that if you attack, if you take to arson, to looting and throwing of bombs and crackers, law and order have to be maintained and correct stand was taken by the Government. With great respect to the Chief Minister I must say that firmness had been shown but with all respect due to him I say that perhaps not enough firmness had been shown.....(Sj. Debendra Sen: What else you wanted?) If people were found setting fire when they were arrested, I say they should be arrested and given stripes. That is the only way to maintain law and order. Sir, if you only care to read the newspapers and the report they would tell you that on the 9th of July, 1953, there was a regular battle between the hours of 7 p.m. and 6 o'clock in the morning. It was admitted by all newspapers that that was the fact. If under those circumstances Government ordered the police to fire, could you, Sir, condemn them? What has happened day before yesterday is another incident of this kind. Any gentleman who has any sense of responsibility—who claims to be a public man—can he support the movement? Can he support what has taken place the other day? Now, Sir, nobody will deny that the teachers deserve great deal of consideration and they deserve all our sympathies, because they are bringing up our children, they are educating them, they are preparing the children as the future citizens of India. But being teachers when they are inflamed by disgruntled politicians and insidious persons and dance to their tunes they cannot escape the misfortunes of being arrested and being locked up in prison.

[12-20—12-25 p.m.]

Sir, I will tell you one thing. I was rather amazed to see the motion of Prof. Bhattacharyya whose avocation is a very peaceful one. He says "there is no indication of a policy leading to the abandonment of the policy of suppression of public liberty"—this is item 7. Now what is the suggestion behind that— that Calcutta has been so very peaceful during the year 1953-54 that the Preventive Detention Act and other similar legislation should be taken off the Statute Book? If that is being suggested, well, all I can feel is that Prof. Nirmal Bhattacharyya does not keep himself informed about the correct position of the city. I dare say he is a great educationist but he does not take the slightest interest in administration.

(Sj. Annada Prosad Choudhuri: ১৯৪৩ সালে Tottenham ও এই রকম বলেছিলেন।)

টটেনহাম ত বলেছিলেন, আর আপনিও সেটা মুখস্থ করে রেখেছেন।

If you had been a Minister—I know your difficulty—I know why you are discontented. All that I can say is this that we cannot divorce ourselves from the realities. A certain group of persons who have a different ideology found that the Government have done extremely well in the field of Agriculture—there has been a bumper crop—the main difficulty of the Government in the way of satisfying the citizens has practically gone. So they are out to find some other excuse to start the trouble. Of course the teachers were found, and their demands were fully supported, for obvious reasons. Everybody knows that there is an election here, and

[Sj. Sankar Das Banerji.]

an election elsewhere in India. It was sought to foment trouble, and the trouble has been fomented leading to these deplorable results.

Sir, my honourable friend Annada Babu has said that the Government is not at all mindful about rural upliftment and rural welfare. The difficulty has been this. I venture to say that I take a certain amount of interest in rural upliftment. When we take into consideration the large number of health centres that have been started and are being started, and the length of the roads that have been repaired the criticism against the Government loses most of its forces—Well, I am not yet a Minister, but I say as a humble president of a union board—I say that if you are sufficiently vigilant, sufficiently mindful, then Government comes to your assistance. I myself have taken in various shapes altogether Rs. 76,000 in the course of one financial year for my union—Rs. 60,000 for a hospital, Rs. 9,000 for roads and other sums for other items. I have never been turned back. I dare say that if other people had been equally vigilant, they would not have been disappointed. Sir, it is no good condemning the Government. This condemnation has come, in my opinion, because they have been baffled in their earlier attempts to disgrace the Government. The Government has been trying to do its utmost. The Chief Minister has made it perfectly clear that the resources of the State are so very slender that nothing further can be done. Surely it would be our duty as members of the public, as responsible citizens, to make larger sums available to Government so that it can do good to the province. Where is the doubt that we are getting industrialised? For instance, starting from Budge Budge up to Naihati, the whole area is covered by mills. Take, for instance, the tea gardens. We all know there are two types of taxation—agricultural income-tax and ordinary income-tax. We have no control over income-tax. We have not much money. Therefore, this Government, as it is at the moment, is not in a position to do anything more.

With these words, Sir, I resume my seat.

Adjournment.

The Council was then adjourned at 12-25 p.m. till 10 a.m. on Friday, the 19th February, 1954, at the Legislative Buildings, Calcutta.

Members absent.

Bhattacharjee, Sj. Durga Kinkar,

Chakrabarty, Dr. Monindra Mohan,

Dutt, Sjta. Labanyaprova,

Guha, Sj. Prafulla Kumar,

Prodhan, Sj. Lakshman, and

Sarkar, Sj. Pranabeswar.

COUNCIL DEBATES

Friday, the 19th February, 1954.

THE COUNCIL met in the Legislative Chamber of the Legislative Building, Calcutta, on Friday, the 19th February, 1954, at 10 a.m. being the fourth day of the Fourth Session, under the Constitution of India.

Mr. Chairman (the Hon'ble Dr. SUNITI KUMAR CHATTERJI) was in the Chair.

[10—10-5 a.m.]

Debate on the Motion of Address in reply to Governor's Speech.

Sj. Charu Chandra Sanyal:

শ্রদ্ধেয় সভাপতিমহাশয়, রাজ্যপালের বক্তৃতার সমালোচনা সুরু হওয়ার আগে আমি ১৫ই তারিখে রাজ্যপালের উদ্বোধনী বক্তৃতার সময় এই গৃহে যে তাণ্ডবের অভিনয় হয়েছিল সে কথার একটু উল্লেখ করব। এ ব্যাপারে প্রত্যেক চিন্তাশীল ব্যক্তিই দুঃখিত হবেন সন্দেহ নাই। আইনসভায় সরকারের প্রতিকূল মনোভাব জানাবার বিধিসঙ্গত বহু উপায় আছে। সেগুলির মাধ্যমে প্রকাশ না করে সম্মানিত জন-প্রতিনিধিদের মধ্যে সাময়িকভাবে যে শালীনতার সম্পূর্ণ অভাব হয়েছিল তা বোধ হয় মুহূর্ত্ত পূর্ব্বে তাঁরা নিজেরাও কল্পনা করতে পারেন নি। এই ঘটনায় কেবল যে মাননীয় রাজ্যপালের সম্মানে আঘাত করা হয়েছে তা নয়, সারা ভারতে পশ্চিম বাংলাকে হেয় করা হয়েছে।

এবার আমার সংশোধনী প্রস্তাবগুলির সম্বন্ধে আলোচনা করব।

প্রথমে রাজ্যপালমহাশয় খুব আনন্দের সাথে জানিয়েছেন যে ১৯৫৩-৫৪ সালে ৪৪।।০ লক্ষ টন চাউল উৎপন্ন হয়েছে। অতএব মাউঃ, চালের দর ১৫।৵০ আনায় নেমেছে। কিন্তু রাজ্যপাল একটা খবর দেখেছেন কি যে দাম কমেছে বটে, কিন্তু সাধারণ লোক খেতে পাচ্ছে না। এতদিন কণ্ট্রোলের কৃপায় সব টাকা সামান্য কয়েকটি ব্যবসায়ীর হাতে জমে গিয়েছিল। দাম বেশী থাকার জন্য সাধারণ লোক তাদের পুঁজিপাটা সব বেচে দিয়ে খেয়ে বেঁচেছিল; এখন তাদের কিছুই অবশিষ্ট নাই। কাজেই দাম কমলেও তারা কিনতে পারছে না। তাই এখন দুর্মূল্য ভাতা বাড়াবার আন্দোলন সুরু হয়েছে—যদিও চালের দাম কমে গেছে। আর একটা কথা বিবেচনা কোরে দেখা দরকার যে ধান বেশী হয়েছে, লোকের পয়সা নেই, তাই ধানের দাম ৬৲ টাকা বা তার নীচে পড়ে যাচ্ছে। তবে সরকার পেলা দিয়ে তাকে ৭।।০ টাকায় রাখবার চেষ্টা করছেন। চাষী ধান শুধু খায় না, তা দিয়ে তাদের জামা কাপড়, আসবাব সব কিনতে হয়। আগে দেখা যেত ১৴ মণ ধানের দাম আর এক জোড়া ধুতি বা সাড়ী প্রায় একই দামে বিক্রী হ'ত। এখন এক জোড়া ধুতি বা সাড়ীর দাম এক মণ ধানের দামের প্রায় দ্বিগুণ। কাজেই আপেক্ষিকভাবে ধানের দাম অর্দ্ধেক হয়ে গেছে, অর্থাৎ সত্য কথা বলতে গেলে বলতে হয় এখন ধানের দাম ৩৲ টাকা ৩।।০ টাকা। এই রকম অনেক আবশ্যকীয় শিল্পজাত জিনিষের দাম নানা কায়দায় উঁচুতে বাঁধা হয়েছে যার ফলে ধানের দরের সাথে এখন সেই সব জিনিষের দরের সামঞ্জস্য থাকছে না। তাই রাজ্যপালের আনন্দ হয়ত স্থায়ী হবার সুযোগ নাও পেতে পারে যদি না এই ব্যাপারে একটা সামঞ্জস্য বিধানের চেষ্টা করা হয়। রাজ্যপাল তাঁর বক্তৃতায় এই প্রয়োজনীয় ব্যাপারটার একেবারেই উল্লেখ করেন নি।

তারপর ৫ম পৃষ্ঠায় কল্যাণী উপ-সহরের কথাটা বলেছেন। সত্যই এই সহরের পরিকল্পনা অতি চমৎকার। রাজ্যপালমহাশয় বোধ হয় জানেন না যে এই প্রস্তাবিত সহরের জমির দাম কাঠাপ্রতি ৪০০৲ থেকে শুরু কোরে ৭০০৲ টাকা পর্য্যন্ত অর্থাৎ গড়ে প্রায় ৬০০৲ টাকা। তার মানে ১৴ বিঘা জমির দাম ১২,০০০৲ টাকা। কলিকাতা থেকে ১০ মাইল দূরে জমির দাম যদি বিঘাপ্রতি ১২,০০০৲ টাকা হয় তবে সেটা খুব বেশী বলতে হবে। উচ্চ মধ্যবিত্ত বাদে এত দামে জমি সহস্য কেউ কিনতে পারছে না। নিম্ন মধ্যবিত্তের কথা হয়ত রাজ্যপালের তখন মনে পড়ে নি। তা না হ'লে তিনি বলতেন যে কাঠা-প্রতি এক শ' টাকা কোরে পাঁচ কাঠা কোরে প্লট গরীব মধ্যবিত্তদের জন্য রাখা হউক। এই রকম একটা প্রস্তাব তার কাছ থেকে পাব আশা করেছিলাম।

[10-5—10-10 a.m.]

শুনতে পাই এই উপ-সহরে বড় বড় ধনী বিভিন্ন নামে অনেক প্লট কিনে রেখেছেন ভবিষ্যতে বেশ দু'পয়সা কামাবার আশায়। এটা যদি সত্য হয় তবে এই সহর পত্তনের সব পরিকল্পনাই ব্যর্থ হবে। একটি উপ-সহরের বাসিন্দাদের যদি বাইরে উপার্জ্জনের জন্যে যেতে হয় তা হ'লে সহর গ'ড়ে তোলার কোনই সার্থকতা থাকে না। কল্যাণীতে যারা বসবাস করবে তাদের খেটে খেয়ে বাঁচবার মত কোন পরিকল্পনা

[Sj. Charu Chandra Sanyal.]

হয়েছে কিনা সে কথাটি রাজ্যপালের ভাষণে পাওয়া যায় নাই। কল্যাণী পরিকল্পনায় কতকগুলি "ইন্‌ডাষ্ট্রিয়াল প্লট" আছে বটে; তবে সেগুলিতে কি করা হবে তার কোন পরিকল্পনার আভাষ রাজ্যপাল দেন নি। সংবাদপত্রে বিচ্ছিন্নভাবে কিছু কিছু কথা প্রচার হয়েছে।

রাজ্যপাল মহাশয় তাঁর ভাষণে নানা জায়গায় যে অনেক হাসপাতাল গৃহ তৈরী হয়েছে তার এক চমৎকার বর্ণনা দিয়েছেন এবং খরচের টাকার অঙ্কও জানিয়েছেন। তিনি বলেন ১৯৪৮ সনে ৩৩৬টি হাসপাতাল ছিল, বর্ত্তমানে হয়েছে ৪৪১টি। পুরাণো-গুলির অনেক সংস্কার হচ্ছে। কিন্তু মফঃস্বলের হাসপাতালগুলি বিনা নোটিশে মাঝে মাঝে দেখলে দ্বিধাহীনভাবে মনে হবে যে, ১৯৪৭ সনের আগে এগুলি যেমন পরিষ্কার ছিল, নিয়মানুবর্ত্তিতা যেমন কঠোরভাবে পালন করা হ'তো এখন সে সব হাওয়ায় মিশে গেছে। রোগীর কষ্ট বেশী হয়েছে, তাদের প্রতি যত্ন অনেক কম হচ্ছে। তাদের খাওয়া কম ও খারাপ হয়েছে। বিছানা প্রায়ই অপরিষ্কার থাকে। মশারীর ভেতরে মশার যাতায়াতের অবাধ ব্যবস্থা আছে। বড় দালানের ভেতরের এই ভয়াবহ ব্যাপার সহসা চোখে পড়ে না। আমি দিনের পর দিন, বছরের পর বছর বহু হাসপাতাল নিজে দেখেছি। যেখানে আমাকে কেউ চেনে না, সেখানে আরও ভালো কোরে দেখেছি। রাজ্যপাল এগুলি দেখতে পাবেন না, এগুলি তাঁর দেখার সুযোগ নেই; তাঁর যে "কন্‌ডাক্টেড টুর"। অনুসন্ধানে জানা যায় যে স্থানীয় সিভিল সার্জেনের কোনই ক্ষমতা নাই; রাসনার্স দালানের সম্মতি ছাড়া অতি সাধারণ ব্যয় করার ক্ষমতাও সিভিল সার্জেনের নাই। মফঃস্বল হাসপাতালে পরামর্শ সভা নামে এক লোক দেখান সভা আছে। তাদের কাজ পরামর্শ দেওয়া; সরকারের কাজ সেগুলি না শোনা। এই সভাগুলির হাতে হাতে কিছু কাজের ক্ষমতা দিতে হবে, নচেৎ এগুলি বাতিল ক'রে দেওয়াই ভালো। শাসনের বিকেন্দ্রীকরণই হচ্ছে সুশাসনের মূল সূত্র।

[10-10—10-15 a.m.]

(At this stage the blue light was lit.)

Mr. Chairman: There are about a dozen of speakers today and I would request the honourable members to restrict their speeches to 10 minutes.

Yes, Mr. Sanyal, you can speak for a few minutes more.

Sj. Charu Chandra Sanyal:

শিক্ষা বিষয়ে রাজ্যপাল মহাশয় বলেছেন যে সাধারণ শিক্ষা খাতে ১৯৪৮-৪৯ সনে ব্যয় হয়েছে ২$\frac{১}{২}$ কোটি টাকা, ১৯৫৩-৫৪ সনে ব্যয় হবে প্রায় ৫ কোটি, আর পরের বছর ব্যয় হবে ৬।।০ কোটি টাকা। তিনি বলেছেন যে প্রাথমিক স্কুলের সংখ্যা হয়েছে ১৫,২০৯ ও শিক্ষক শিক্ষণ স্কুল হয়েছে ২৬৫। মাধ্যমিক স্কুলের শিক্ষকগণ মাইনে বাড়াবার জন্য চেষ্টা করছিলেন বহুদিন। আবেদন, নিবেদন, ডেপুটেশন প্রভৃতি কত। কিন্তু ফল বেশী কিছু হ'লো না। শেষে এই নিরীহ, শান্ত, নির্বিরোধী শিক্ষকের দল গেলেন ক্ষেপে। সরকারের অবজ্ঞার চাবুক মুককে করল বাচাল। তাঁরা করলেন ধর্ম্মঘট—অতি শান্ত ভাবেই। কিন্তু কতকগুলি রাজনৈতিক যাদুকর বা ভাগ্যান্বেষী এই সুযোগটা অধিকার ক'রে ফেললেন। অসহায়, সরলচিত্ত শিক্ষকদলের অন্য উপায় রইল না, এঁদের তৈরী স্রোতে ভেসে গেলেন। ফলে কিছু লোকের প্রাণ গেল, কিছু আহত হয়ে হাসপাতালে গেল, কিছু ট্রাম ও সরকারী বাস পোড়ান হ'লো, কিছু দোকানও লুট হ'লো, গুণ্ডাদলের রাজ কলকাতার সাধারণ জীবনযাত্রা প্রায় অচল ক'রে ফেললো। তারপর সরকারের ঘুম ভাঙলো, শিক্ষকদের আর এক দফা মাইনে ও ভাতা বাড়াবার প্রস্তাব এলো। এইটে দ্বিতীয় ব্যাপার যাতে সবারই মনে হচ্ছে যে, আবেদন নিবেদনে এ সরকারের কাছে কিছু পাওয়া যাবে না, গুণ্ডাবাজ চালু হলে তবে এ সরকারের বুদ্ধি খোলে। অর্থাৎ পরোক্ষভাবে পশ্চিমবঙ্গ সরকার নিজেই এই গুণ্ডাবাজ সৃষ্টির কারণ হ'য়ে দাঁড়াচ্ছেন। দুঃখের সাথে বলতে হচ্ছে সম্ভবতঃ পশ্চিম বাংলা সরকারের কর্ণধারের দল অস্থির চিত্ত ও দুর্ব্বল। তাঁরা অনেক সময় বিকৃত সংবাদের উপর বিশ্বাস ক'রে একটা কাজ ক'রে ফেলেন; ফলে হয় অনর্থ। এই দুর্ঘটনা হবার আগেই ত রফা ক'রে ফেলা সম্ভব ছিল এখন মনে হচ্ছে। এখন বেশী দিয়েও মন পাওয়া যাচ্ছে না। যদি একটা রফা হয়েও যায় তাতেও লাভ নাই। তাঁদের সবারই মনে হবে যে এই সুবিধে সরকার স্বেচ্ছায় দেন নি, এটা রক্ত দিয়ে আদায় হয়েছে। তাই সরকারের প্রতি কৃতজ্ঞতা বা আনুগত্য শিক্ষকদের থাকা সম্ভব হবে না; এইটেই হবে সবচেয়ে দুঃখের কথা। এখনও চলছে একদিকে আইন অমান্য, আর অন্যদিকে সরকারী জুলুম। এতে দোষ নাই। ইংরেজও এইভাবে নিজেকে রক্ষা করার চেষ্টা করেছে কংগ্রেসী আইন অমান্য আন্দোলনের হাত থেকে। নাগরিকদের শান্তি রক্ষার ভার যে দলেরই হাতে থাকবে, তার এই কাজ করতেই

হবে। এর দায়িত্ব ও দুর্নাম সেই দলের স্বীকার করে নিতেই হবে, যা ইংরেজের ঘাড়েও পড়েছিল। যে দল বিশ্বাস করতেন যে, হিংসা দিয়ে হিংসার প্রতিরোধ করা বেশীদিন সম্ভব নয় তাঁরা সেই ভুলটাই আজ করছেন—এইটেই সবচেয়ে বড় ট্রাজিডি।

রাজ্যপালের ভাষণে এত বড় ঘটনার উল্লেখ মাত্রও পাওয়া গেল না। কিছু মন্তব্য থাকলে ভালো হ'তো।

কলকাতার কয়েকটি স্কুলের সংবাদ নেওয়া গেল। এক হাজারের বেশী ছাত্র যে সব স্কুলে আছে সেখানে প্রায় সব স্কুল থেকেই শিক্ষকদের ১৭।।০ টাকার বেশী "ডি, এ," দেওয়া হয়। এর উপর সরকারী ১০৲ টাকা—বর্ত্তমানের প্রস্তাবে ১৭।।০ টাকা। এই হিসেবে এখন থেকেই এইসব স্কুল মোট ৩৫৲ টাকা দিতে পারবেন। তবে যে সব স্কুল এখনি বেশী দিচ্ছেন আশা করি তাঁদের ভাগটা এই সুযোগে কমিয়ে দেবেন না। তাতে হয়ত কোন স্কুলে শিক্ষক প্রতি মোট ভাতা ৫০৲ টাকাতেও উঠতে পারে।

সরকারের কাছে অনুরোধ জানাই, যে সকল গ্র্যাজুয়েট ও আণ্ডারগ্র্যাজুয়েট কোন মাধ্যমিক বিদ্যালয়ে অন্ততঃ দশ বৎসর ধ'রে শিক্ষকতা করছেন তাঁদের সরকারী "ট্রেণ্ড টিচার" পর্য্যায়ভুক্ত করা হোক। এতে সম্ভবতঃ আপত্তির কোন কারণ থাকবে না।

(A VOICE : সে ত বহু দিন হয়ে গেছে।)

[10-15—10-20 a.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I wish my friend is a little more informed about matters. They were published in papers.

Sj. Charu Chandra Sanyal: It may have been published in papers. But it may have escaped me.

The Hon'ble Sj. Prafulla Chandra Sen: I hope papers are available in tea gardens.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I think he should have better sense of responsibility in making statements.

Sj. Charu Chandra Sanyal:

শিক্ষাদানের নতুন কোন রাস্তা রাজ্যপালের ভাষণে পাইনি। সেই সনাতন বস্তাপচা অচল শিক্ষা পদ্ধতি ক্ষীয়মান জাতির গলা দিয়ে তেতো মিকচারের মতো গলিয়ে দেওয়া হচ্ছে। (হাস্য) ছেলেমেয়েদের মনে নতুন কিছু জানবার মনোভাব গড়ে তোলবার কোন ব্যবস্থা নাই। এবিষয়ে আমাদের শিক্ষাবিদ সহযোগিগণ সম্ভবতঃ আরো বিশদভাবে আলোচনা করতে পারবেন।

(At this stage the blue light was again lit.)

আর একটু সময় আমাকে দিতে হবে স্যার।

Mr. Chairman: You have spoken for about 20 minutes.

Sj. Charu Chandra Sanyal:

স্যার, আমার আর একটু সময় চাই।

রাজ্যপাল মহাশয় বাস্তুহারাদের পুনর্বসতির ব্যবস্থার কথা বলেছেন। প্রায় ৩৩ কোটি টাকা ব্যয়ে ১৪।।০ লক্ষ লোককে অর্থাৎ ৩ লক্ষ পরিবারকে পুনর্বাসন অথবা নির্ব্বাসন করা হয়েছে। সত্যিকার হিসাবে এক লক্ষ পরিবারেরও পুনর্বাসন হয় নি। দলে দলে অভাবগ্রস্ত লোক আরো ঋণ পাবার আশায় পুনর্বাসন বিভাগে ধর্না দিচ্ছেন। গোপনে মাতব্বরদের বাড়ীতেও দেখা করছেন। আমি নিজে যতটা দেখেছি, তাতে মনে হয় ঋণ দেবার পদ্ধতির ভিতরেই গলতী ছিল। যেমন, ঘর তৈরীর ঋণ দেয়া হবে ৫০০৲; এ মাসে দেয়া হল ২০০৲ টাকার টিন। তারপর ঘোরাঘুরি সুরু হল, তিন মাস বাদে পাওয়া গেল ১০০৲। কেনা হ'ল কাঠ। এলো বর্ষা, খাবার নেই ঘরে, টিন ও কাঠ বেচে খেয়ে বাঁচা গেল। তারপর অনেক চেষ্টায় অবশিষ্ট ২০০৲ টাকার কিছু অংশ সম্পূর্ণ রসিদের বিনিময়ে পাওয়া গেল। কিন্তু ঘর আর হল না। এই হচ্চে শতকরা ৫০ জনার ইতিহাস। প্রমাণ দেওয়া শক্ত, অসম্ভব। এই রকম ব্যাপারই যে হয় এটা জেনে রাখলে সরকার পক্ষের সত্যিকারের অনুসন্ধানে সাহায্য হবে। ব্যবসায় ঋণেরও প্রায় এমনি অবস্থা। সরকার দরাজ হাতে ১৭ কোটি টাকা ঋণ দিয়েছেন—অব্যবস্থার ফলে তার অধিকাংশই কাজে লাগেনি। সবচেয়ে বড় দুঃখ এখানে, এর একটা সুষ্ঠু সমাধানের কোনই পরিকল্পনা রাজ্যপালের ভাষণে পাওয়া গেল না,—আরো কিছু কথা বলার ছিল, লাল বাতি জ্বলে উঠেছে, কাজেই বসে পড়ছি, ভেবেছিলাম আধঘণ্টা সময় দেওয়া হবে।

(The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY:

অন্যদেরও বলবার দরকার আছে।)

Mr. Chairman: You would be able to speak later on when the discussion on the Budget takes place.

[10-20—10-25 a.m.]

Sja. Santi Das:

মাননীয় পরিষদপাল মহাশয়, বিধান সভা এবং বিধান পরিষদের যুক্ত অধিবেশনে রাজ্যপাল মহাশয় যে প্রারম্ভিক ভাষণ দিয়েছেন তার জন্য তাঁকে ধন্যবাদ

[Sja. Santi Das.]

জানাবার যে প্রস্তাব উত্থাপিত হয়েছে তার সঙ্গে আমি নিজেকে আন্তরিকভাবে যুক্ত করছি। রাজ্যপাল মহাশয় যথার্থই বলেছেন যে দুর্যোগ রাত্রির ঘন অন্ধকারে মেঘ কেটে যাচ্ছে এবং ক্রমশঃ পূর্ব দিগন্তে সূর্য্যের আলোকচ্ছটা প্রকাশ পাচ্ছে। রাজ্যপাল মহাশয় তাঁর ভাষণে দেশের ভবিষ্যৎ সম্বন্ধে তার যে প্রত্যয় ব্যক্ত করেছেন সেদিকে মাননীয় সদস্যবৃন্দের মনোযোগ আমি আকর্ষণ করি, জনগণের সর্ব্বাঙ্গীন উন্নয়নের যে ব্যবস্থা সরকার অবলম্বন করেছেন তাতে আমাদের জাতি এবং দেশ যে সমৃদ্ধির পথে অগ্রসর হবে সে বিষয়ে বিন্দুমাত্র সন্দেহ নাই। পরাধীনতার যে বিষ আমাদের দেশের চিত্তে প্রবাহিত হয়েছিল সে বিষের কবল থেকে মুক্ত করবার জন্য আমাদের সরকার প্রচেষ্টা করছেন এবং তাঁদের সমগ্র শক্তি নিয়োজিত কোরে সমস্ত জাতিকে উদ্বোধিত করতে উদ্যত হয়েছেন সে বিষয় অনুধাবন করতে হবে। আমাদের বহুবিধ সমস্যা সমাধানের জন্য সরকারের বহুধা প্রয়াস সাফল্যমণ্ডিত করতে যে সর্ব্বশক্তি নিয়োজিত করেছেন তাতে বিন্দুমাত্র সন্দেহ নাই। সরকার সর্ব্বাত্মক উন্নতিমূলক পরিকল্পনা গ্রহণ করেছেন। সেই পরিকল্পনা ও কর্ম্মপ্রচেষ্টাকে যদি আমরা সার্থক কোরে তুলতে চাই তাহলে জনসাধারণের চিত্তকে তার সঙ্গে সংযুক্ত করতে হবে। তাই আমি দেশের একজন সামান্য সেবিকা হিসাবে সদস্যবৃন্দের কাছে, বিশেষ কোরে বিরোধী পক্ষীয় সদস্যদের কাছে আবেদন করছি যে তাঁরা যেন তাদের দলগত স্বার্থকে অতিক্রম কোরে বৃহত্তর স্বার্থের জন্য, দেশের অগ্রগতির জন্য সরকারের সঙ্গে সক্রিয় সহযোগিতা করেন। কারণে অকারণে জনসাধারণকে বিক্ষুব্ধ কোরে, তরুণ সমাজকে মিথ্যাভাবাবেগে উত্তেজিত ক'রে ধ্বংসাত্মক কর্ম্মে লিপ্ত করে যদি তাঁরা সরকারের অগ্রগতির পথে অন্তরায় সৃষ্টি করেন তাহলে তাঁদের কাজ দেশদ্রোহিতার সমপর্য্যায়ভুক্ত হবে বলে আমি মনে করি। সেদিন রাজ্যপাল মহাশয়কে যে অশোভন এবং বিশৃঙ্খল পরিস্থিতির ভিতর তাঁর ভাষণ দিতে হয়েছিল তার যথার্থ তাৎপর্য্য কি সেটা আমাদের অনুধাবন করতে হবে।

আমি মাননীয় বিরোধী পক্ষের সদস্যদের সমালোচনার উত্তর দিতে গিয়ে তাঁদের এই প্রশ্ন করব যে যে জনযুদ্ধওয়ালারা ১৯৪২ সালে দেশদ্রোহিতা করেছিলেন তাদের সঙ্গে ১৯৪২ সালে যাঁরা "করেংগা ইয়া মরেংগা" এই আদর্শে অনুপ্রাণিত হয়ে যাঁরা নিজেদের জীবন বিসর্জন দিতে কার্পণ্য করেন নি তাদের আদর্শগত ঐক্য কোথায়? রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধির জন্য এই দুই দল কি ভাবে মিলিত হতে পারেন তা আমি ভাবতে পারি না। আমি একথাও বলব যে তরুণ সমাজকে মরণের মুখে এগিয়ে দিয়ে পরিষদ ভবনের নিরাপত্তার আশ্রয় গ্রহণ কোরে যারা নিজেদের কৃতকর্ম্মের অবশ্যম্ভাবী পরিণাম থেকে রক্ষা পেতে চান (হর্ষধ্বনি) তাদের মনে করা উচিত যে বিশৃঙ্খল জনতাকে বৈপ্লবিক আদর্শে অনুপ্রাণিত কোরে তাদের কঠোর ব্রতে নিয়োজিত করার কাজ ঢের বেশী কঠিন।

এই বোলে রাজ্যপাল মহাশয়ের ভাষণের জন্য ধন্যবাদ জানাচ্ছি।

[10-25—10-30 a.m.]

Mr. Chairman: Professor Bhattacharyya, you speak now.

Sj. Nirmal Chandra Bhattacharyya: I will speak a little later if you will kindly permit me to do so.

Mr. Chairman: All right. Then, Janab Abdul Halim.

Janab Abdul Halim:

মিঃ চেয়ারম্যান, স্যার, মাননীয় রাজ্যপালের ভাষণে পূর্ব্বপূর্ব্বকারের ন্যায় এবারে কংগ্রেসী শাসনের বহুবিধ গুণকীর্ত্তন আছে। অথচ মূল সমস্যার কোন সমাধান নাই। মাননীয় রাজ্যপাল গভর্ণমেণ্টের এক মনোরম ছবি আমাদের সামনে তুলে ধরেছেন। কিন্তু মাধ্যমিক শিক্ষকদের সম্পর্কে কোন উল্লেখ করেন নি। মাননীয় রাজ্যপাল মহাশয় গভর্ণমেণ্টের সাফল্যে বিমুগ্ধ হ'য়ে ভাষণের শেষে ব'লেছেন—"তমসাচ্ছন্ন দুর্য্যোগময় রাত্রির মধ্য দিয়া অতিবাহিত ক'রে গৌরবময় প্রভাতের ক্ষীণালোক দেখেছেন।" দুর্য্যোগের রাত্রির অন্ধকার ভেদ ক'রে মাননীয় রাজ্যপালের চোখে কি আশার আলোক প্রতিভাত হ'য়েছে তা আমি জানি না। তবে এটা বাস্তব সত্য যে কংগ্রেস গভর্ণমেণ্টের পুলিশী বর্ব্বরতা, তাণ্ডব অত্যাচার ও সন্ত্রাসে সাধারণ মানুষ আজ চোখে "সর্ষেফুল" দেখছেন।

নিরীহ শিক্ষকগণ গভর্ণমেণ্টের কাছে তাঁদের দাবী অনেকবার জানিয়েছিলেন। এই দাবী নূতন কোন ঘটনা নয়। অল বেঙ্গল টীচার্স এসোসিয়েশন শিক্ষকদের বেতন ও সরকারী "ডিয়ারনেস এ্যালাওয়েন্স" সম্পর্কে তাঁদের সিদ্ধান্তসহ একটা স্মারকলিপি গত নবেম্বর মাসে গভর্ণমেণ্ট, বিধান পরিষদ এবং বিধান

সভার সদস্যদের নিকট উপস্থাপিত ক'রেছিলেন। কিন্তু এ বছর জানুয়ারী মাসের আগে পর্য্যন্ত গভর্ণমেণ্ট শিক্ষকদের দাবী সম্পর্কে কোন উচ্চবাচ্য করেন নি। ১৮ হাজার মাধ্যমিক শিক্ষক ১০ই ফেব্রুয়ারী বাধ্য হ'য়ে ধর্ম্মঘটে নামেন। কল কারখানার শ্রমিক ধর্ম্মঘটের মত এই ধর্ম্মঘট নয়। শিক্ষকগণ ধর্ম্মঘটের পথ পরিহার করার জন্য সর্ব্ববিধ চেষ্টা ক'রে অবশেষে পথে বের হন। তাঁদের প্রতি সমাজের সর্ব্বস্তরের মানুষের সহানুভূতি ও সমর্থন ছিল। শিক্ষার বাহক ও ধারক শিক্ষককুল বা মাষ্টার মহাশয়দের সহরের পিচ ঢালা পথের উপর দিন কাটাতে দেখে সহানুভূতিতে সহরের সকল শ্রেণীর মানুষের মাথা শ্রদ্ধায় নত হ'য়েছে; শুধু গভর্ণমেণ্টেই এই সম্পর্কে সম্পূর্ণ উদাসীন।

সরকার বিভিন্ন পরিকল্পনায় কোটি কোটি টাকা খরচ ক'রছেন, কিন্তু শিক্ষকদের জন্য কি ৯০ লক্ষ টাকা সংগ্রহ করতে পারতেন না? গভর্ণমেণ্ট এবং মাননীয় প্রধান মন্ত্রীমহাশয় শিক্ষকদের ব্যাপারে অনেক টালবাহানা করেছেন। গভর্ণমেণ্ট মাধ্যমিক শিক্ষকদের প্রতি হৃদয়হীন ব্যবহার ক'রেছেন—মাননীয় রাজ্যপালের প্রাসাদের অনতিদূরে রাস্তার উপর উন্মুক্ত আকাশের নীচে রৌদ্রদগ্ধ অবস্থায় দিনের পর দিন প্রবীণ শিক্ষকরা শান্তভাবে ব'সেছিলেন। তাঁদের দাবী মানা তো দূরের কথা তাঁদের প্রতি এতটুকু করুণা ও সহানুভূতি প্রকাশ না ক'রে গভর্ণমেণ্ট দমন নীতির আশ্রয় গ্রহণ করেছেন।

১৬ই ফেব্রুয়ারী ভোরের অন্ধকারে একদল সশস্ত্র পুলিশ তাদের উপর ঝাঁপিয়ে পড়ে, তাদের গ্রেপ্তার ক'রে এক নারকীয় অবস্থার সৃষ্টি ক'রেছে। ৩০০ জন শিক্ষককে গ্রেপ্তার ক'রে জেলে পাঠান হ'ল। ১৬ই তারিখের বিকালে য়্যাসেম্বলী হাউস থেকে কিছুদূরে নিরস্ত্র শোভাযাত্রীদের উপর পুলিশ পৈশাচিকভাবে হামলা করল। পুলিশ গুলি ক'রে সহরের ৭ জনকে হত্যা ক'রেছে, বহুলোককে আহত ক'রেছে, শত শত লোককে গ্রেপ্তার ক'রেছে। বিধান সভার সভ্যদের গ্রেপ্তার ও বিনা বিচারে আটক ক'রেছে। সমস্ত সহরে সশস্ত্র পুলিশ ও মিলিটারী রাজ কায়েম হ'য়েছে। মাননীয় মুখ্য মন্ত্রী মহাশয় যদি একটু সহৃদয়তার সাথে শিক্ষকদের দাবী বিচার করতেন, ধৃত শিক্ষকদের মুক্তি দিতেন তা হ'লে এতগুলি লোকের প্রাণহানি ঘটত না। কিন্তু মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর জিদ ছাড়বেন না। যারা জোর জুলুম ক'রে শাসন চালায় তাদের গদিতে থাকার কোন অধিকার নেই। তাদের পদত্যাগ করা উচিত।

সরকার পক্ষের মাননীয় সদস্য শ্রীশঙ্কর ব্যানার্জী মহাশয় এই অবস্থার জন্য বিরোধী দলকে জঘন্যভাবে আক্রমণ ক'রেছেন। কিন্তু তাঁর জানা উচিত যে কোন মানুষ বা দলই "ভায়লেন্স" চায় না। গভর্ণমেণ্ট যতক্ষণ "ভায়লেন্সের" পথ গ্রহণ না করে ততক্ষণ নিরস্ত্র জনতা, সাধারণ মানুষ হিংসার পথ গ্রহণ করে না। ১৯৪২ সালে পুলিশ ও মিলিটারীর বর্ব্বরতার বিরুদ্ধে অহিংস কংগ্রেসী জনতা প্রতিশোধের পথ গ্রহণ করেছিল। জনসাধারণ পুলিশ ও মিলিটারীর আক্রমণের হাত থেকে আত্মরক্ষা করার জন্যই বাধ্য হ'য়ে যে কোন পথ গ্রহণ করে। ১৬ই ফেব্রুয়ারী নিরস্ত্র জনতার উপর যাঁরা পুলিশী বর্বরতার অভিযান স্বচক্ষে দেখেছেন তারা জানেন, পুলিশ নির্বিচারে গুলি ক'রে পথচারীদের পর্য্যন্ত হত্যা ক'রেছে।

মাননীয় সদস্য শ্রীশঙ্কর ব্যানার্জী বলেছেন একটা রাজনৈতিক পার্টী এই সব কাণ্ড করছেন। তিনি গত বছরের "জুলাই"এর ঘটনার উদাহরণ দিয়েছেন, কিন্তু তিনি কি জানেন না যে গত বছরও পুলিশ জনসাধারণের ব্যক্তি স্বাধীনতা ও গণতান্ত্রিক অধিকার হরণ করে, গুলি করে, হত্যা ক'রে সহরে আগুণ জ্বালিয়েছিল। নিরীহ শিক্ষক শৈলেন ব্যানার্জীকে পুলিশ শশীভূষণ দে ষ্ট্রীটে লাঠি দ্বারা পিটিয়ে খুন করেছিল। সন্ন্যাসী সর্দারকে গুলি করেছিল এবং আরো অনেককে হত্যা করেছিল। ধর পাকড়, বিনা বিচারে আটক ও দমন নীতির দ্বারা ট্রাম ভাড়া বৃদ্ধির বিরুদ্ধে যে আন্দোলন চলছিল তাকে দমন করেছিল।

দেশের জনসাধারণের ন্যায্য দাবীর সমর্থনে না দাঁড়িয়ে সেদিন গভর্ণমেণ্ট বিলাতী ট্রাম কোম্পানীর স্বার্থ রক্ষার জন্য পুলিশী সন্ত্রাসের রাজ কায়েম করেছিল এবং জনতাকে হিংসার পথে ঠেলে দিয়েছিল। শিক্ষকদের ব্যাপারেও গভর্ণমেণ্ট সেই একই পন্থা অবলম্বন করেছেন। বিধান সভার সদস্যদের পর্য্যন্ত জেলে আটক করেছেন। অগণতান্ত্রিক শাসন আর কাকে বলে?

[10-30—10-35 a.m.]

শিক্ষকদের দাবীর বিরুদ্ধে মাননীয় সদস্য শ্রীশঙ্কর ব্যানার্জী অনেক যুক্তি উত্থাপন করেছেন। তিনি প্রমাণ করতে চেষ্টা করেছেন অন্য রাজ্যের চেয়ে পশ্চিম বাংলার শিক্ষকরা বেশী সুবিধা ভোগ করছেন। পশ্চিম বাংলার শিক্ষকগণ যদি আরামেই থাকতেন তাহলে কিছুতেই ধর্ম্মঘটের পথ গ্রহণ করতেন না। অনেক বিচার বিবেচনার পর তাঁরা ধর্ম্মঘটে নেমেছিলেন। মাননীয় সদস্যের যদি শিক্ষকদের প্রতি এতটুকু দরদ ও সহানুভূতি থাকতো তাহলে তিনি তাঁদের প্রতি কটূক্তি না ক'রে তাঁদের দাবীই সমর্থন করতেন। তিনি বলেছেন শিক্ষকগণ রাজনৈতিক

[Janab Abdul Halim.]

পার্টির প্ররোচনায় ধর্মঘটে নেমেছেন এবং লুটপাট ও চুরিতে অংশ গ্রহণ করেছেন। এর চাইতে শিক্ষকদের প্রতি অপবাদ কি হতে পারে? আমরা জানি এই অবস্থার জন্য প্রধানতঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ই দায়ী। তিনি উত্তরে অনেক কথাই বলবেন কিন্তু পশ্চিম বাংলার সাধারণ মানুষ কিছুতেই কংগ্রেস সরকারের এই নৃশংস হত্যাকাণ্ডকে ক্ষমা করবেন না। সন্ত্রাসবাদের দ্বারা রাজ্য শাসন করা যায় না। বৃটিশ আমলেও এই ধরণের সন্ত্রাস চলেছিল। ইতিহাসে অনেক নজীর আছে অত্যাচারী শাসনের কি ভাবে পতন হয়েছে। ১৯১৯ সালে ছাত্র ও শিক্ষকদের বিরুদ্ধে দমন নীতি "মেকার্থ" আন্দোলনের সৃষ্টি করে সারা চীন দেশে আগুন জ্বালিয়েছিল। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় সেই পথেই অগ্রসর হচ্চেন। সারা দেশে আগুন জ্বলবে, আর তিনি "নীরো"র মত বাঁশী বাজাবেন। গদির সুউচ্চ আসনে বসে হয়ত তিনি "আবু হোসেনী" স্বপ্ন দেখছেন।

এবারে বাম্পার ক্রপের আলোচনা করা যাক। মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন—প্রকৃতির মহৎ দানে এবার প্রচুর আমন ধান ফলেছে। গত বছরের তুলনায় বেশী ধান উৎপন্ন হয়ে থাকতে পারে, কিন্তু তাকে মানুষের প্রয়োজনের তুলনায় অতিরিক্ত বলা চলে না। যদি অতিরিক্ত উৎপন্ন হয়ে থাকে, তাহলে রেশনের পরিমাণ কেন বাড়ানো হয় না। আজো লোকে প্রয়োজন মেটাবার জন্য চোরাবাজারে চাউল সংগ্রহ করে। এখনো লোকে গম খেতে বাধ্য হচ্চে। ধানের দর ৭৷৷০ টাকার নীচে নামলে গভর্ণমেণ্ট কিনবেন বলেছেন। কুখ্যাত সা ওয়ালেস্ কোম্পানী সরকারের এজেণ্টরূপে ধান কিনছেন। তাঁদের এজেণ্ট ও সাব-এজেণ্ট যত কম দরে কিনতে পারবেন, সেই হারে কমিশন পাবেন। গ্রামাঞ্চলে অনেক জায়গায় ৬৲, ৬৷৷০ টাকা পর্য্যন্ত ধানের দর হয়েছিল। গভর্ণমেণ্ট ধানের একটা দর বেঁধে দিলেও অন্যান্য কৃষিজাত ফসলের দাম অস্বাভাবিকভাবে পড়ে গিয়েছে। গ্রামাঞ্চলে ২৷৷০ টাকা মন আলু বিক্রয় হচ্চে। কৃষিজাত দ্রব্যের দাম কমলেও কৃষকদের নিত্য প্রয়োজনীয় জিনিষের দাম কমে নি। ফলে কৃষকদের অর্থনৈতিক অবস্থার অবনতি ঘটছে; অনেক ক্ষেত্রে কৃষকদের চাষের খরচও উঠে আসছে না। গভর্ণমেণ্ট কৃষকদের এই অবস্থা থেকে প্রতিকারের কি ব্যবস্থা করেছেন তার কোন ইঙ্গিত ভাষণে নাই।

জমিদারী দখল বিল সম্পর্কে যুগান্তকারী পরিবর্ত্তন এল রাজ্যপাল এখানে বলেছেন। কিন্তু এই বিলে দরিদ্র চাষীদের জমি বিলির কোন ব্যবস্থা নাই। এই সম্পর্কে একটা ভূমি সংস্কার বিল আসবে বলে নভেম্বর অধিবেশনে মাননীয় রাজস্ব মন্ত্রী মহাশয় প্রতিশ্রুতি দিয়েছিলেন। সরকারী হিসাব মত বর্গাদার ও জমিহীন কৃষক পরিবারের সংখ্যা ১৪ লাখ। ইতিমধ্যে সরকারী প্রেস্-নোট সত্ত্বেও বর্গাদার ও ভাগচাষীদের জমি থেকে উচ্ছেদ করা হচ্ছে—নতুন সেটেল্‌মেণ্টের সময় যাতে তাদের নাম রেকর্ড হতে না পারে। বীরভূম, মেদিনীপুর, বর্দ্ধমান, মালদহ, দিনাজপুর ও ২৪-পরগণা প্রভৃতি জেলায় এই সমস্যা বর্গাদারদের ভাবিয়ে তুলেছে। সরকার এ সম্পর্কে কি করবেন জানি না। সরকার জমিদারদের খাসে ২৫ একর জমি দিলে, বাকি জমি যা পাওয়া যাবে, তার পরিমাণ ৪ লক্ষ একর, নতুন ভূমি সংস্কার বিলে কো-অপারেটিভ প্রভৃতির আভাষ আছে, কিন্তু চাষীর হাতে জমি দেবার ব্যবস্থা না হলে কোন সমস্যার সমাধান হবে না। ক্ষেত-মজুর জমিহীন কৃষকদের অর্থনৈতিক দুঃখ দূর করার কোন ব্যবস্থা গভর্ণমেণ্ট করেন নি।

মাননীয় রাজ্যপাল মহাশয় তাঁর ভাষণে মধ্যবিত্ত শিক্ষিতদের বেকারীর কথা উল্লেখ করেছেন, কিন্তু পশ্চিম বঙ্গের মধ্যবিত্ত পরিবারের বেকারীর ভয়াবহতার কথা বিবেচনা করে গভর্ণমেণ্ট বেকারী দূর করার যে ব্যবস্থা করেছেন তাহা অতি নগণ্য। অল্প বেতনে ৮,৫০০ শিক্ষিত মধ্যবিত্তকে প্রাইমারী শিক্ষকের চাকুরী দেওয়ার ব্যবস্থা হবে। মাননীয় রাজ্যপাল মহোদয় নিজেই স্বীকার করেছেন—কলিকাতা মিউনিসিপ্যাল এলাকার ভিতরে ১৬—৬০ বছরের ১৭ লক্ষ ৭৭ হাজার লোকের মধ্যে ২৫৭,৩০০ জন সম্পূর্ণ বেকার। এবং তারা চাকুরীর সন্ধান করছেন। তাদের মধ্যে ১ লক্ষ ৪০ হাজার মধ্যবিত্ত শ্রেণীর অন্তর্ভুক্ত।

বিভিন্ন কর্ম্ম সংস্থান কেন্দ্রগুলিতে ১৯৫৩ সালের জুলাই পর্য্যন্ত যে সব ম্যাট্রিকুলেট্ ও গ্র্যাজুয়েট চাকুরীর জন্য নাম রেজেষ্টারী করেছেন তার সংখ্যা ১৪৭,৬০৯ জন। পরবর্ত্তী ৩ মাসে সেপ্টেম্বরে ঐ সংখ্যা বেড়ে হয়েছে ১৬২,৩০৩ জন। তারপর সরকারের বিভিন্ন বিভাগে ছাঁটাই হয়ে যে সব লোকের চাকুরী গিয়েছে, আজো পর্য্যন্ত গভর্ণমেণ্টের বিভিন্ন উন্নয়ন পরিকল্পনায় তাদের চাকুরীর ব্যবস্থা সরকার ক'রে উঠতে পারেন নি। রেশনিংএ, ফুড ডিপার্টমেণ্টে প্রায় এক হাজার লোক ছাঁটাই হয়েছে। ব্যাঙ্ক ও অন্যান্য আফিস থেকে যে সব লোকের চাকুরী গিয়েছে তাদের সংখ্যাও কম নয়।

শ্রমিক ও গ্রামাঞ্চলের বেকারদের হিসাবের তালিকা ত সরকার এখনো তৈরী করে উঠতে পারেন নি। চটকলে ২০ হাজার শ্রমিক ছাঁটাই হয়েছে। এই ত আমাদের দেশের প্রকৃত অবস্থা, অথচ পশ্চিম বাংলার ভাগ্যনিয়ন্তা কংগ্রেস গভর্ণমেণ্ট পঞ্চবার্ষিকী পরিকল্পনার নেশায় খুব আত্মপ্রসাদ লাভ করছেন॥

[10-35—10-40 a.m.]

মাননীয় রাজ্যপাল মহাশয় কংগ্রেস গভর্ণমেণ্টের শ্রমনীতি প্রসঙ্গে মালিক ও শ্রমিকের সম্পর্কের কথা বলেছেন। শ্রমিক ও মালিক বিরোধের জন্য ধর্ম্মঘট ও লক্‌আউটের বৃদ্ধিতে তিনি দুঃখিত হয়েছেন। কংগ্রেস সরকারের শ্রমনীতি মালিক ঘেঁষা। তাঁদের শ্রমনীতির ফলেই বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে শ্রমিকদের মধ্যে অসন্তোষ বৃদ্ধি পায়। মালিকগণ শ্রমিকদের ন্যায্য দাবী সত্ত্বেও ধর্ম্মঘট ছাড়া ট্রাইবুনাল দিতে চান না। কল কারখানার মালিকগণ রেশনালাইজেশনের নামে, ব্যয় হ্রাসের ওজুহাতে, শ্রমিকদের কারখানা হতে ছাঁটাই করছে। টিটাগড় পেপার মিলের শ্রমিকগণ আজ ৪ মাসের বেশী ধর্ম্মঘট করতে বাধ্য হয়েছে।

গত বছরে চট কলের শ্রমিকগণ বোনাসের দাবী করেছিল। মুখ্যমন্ত্রীর নিকটও তারা আবেদন করেছিল। চট কলের মালিকগণের কোটি কোটি টাকা মুনাফা ওঠে, তবুও শ্রমিকদের দাবী তাঁরা পূরণ করেন নি। বোনাসের আন্দোলন দমন করার জন্য গভর্ণমেণ্ট দমন নীতির আশ্রয় গ্রহণ করেছিলেন। শ্রমিক নেতাদের বিনা বিচারে জেলে আটক রেখে বোনাস আন্দোলন দমন করেছিলেন। বিলাতি "জুট্ বর্‌রা" গভর্ণমেণ্টের কথায় কর্ণপাতও করেন না। বাংলাদেশের চট্ কলের শ্রমিকেরা সবচেয়ে কম মজুরী পায় এবং সবচেয়ে বেশী শোষিত। এই চট্ শিল্পেই বৃটিশ ও দেশীয় বড় মালিকগণ বিড়লা প্রভৃতি প্রচুর মুনাফা লুটে থাকেন। এবং ইংরেজ মালিকগণ মুনাফা স্বরূপ কোটি কোটি টাকা নিজের দেশে চালান দেন। অথচ এদিকে গভর্ণমেণ্ট দেশীয় ছোট ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানগুলিকে কোন প্রকার সাহায্য দেন না।

গত বছর ট্রাম ভাড়া বৃদ্ধি আন্দোলনের সময় কংগ্রেস সরকারের বৃটিশ ট্রাম কোম্পানীর প্রতি প্রীতি ও সহানুভূতি ফুটে উঠেছিল, ট্রাম ভাড়া বৃদ্ধির বিরুদ্ধে আন্দোলনকে দমন করবার জন্য আজ শিক্ষক আন্দোলন দমনে যে নীতি গ্রহণ করা হয়েছে ঠিক সেই পুলিশী সন্ত্রাসবাদের নীতিই গ্রহণ করা হয়েছিল। ৮।১০ হাজার লোককে গ্রেপ্তার করা হয়েছিল তাদের অধিকাংশকে বিনা বিচারে জেলে রাখা হয়েছিল, সন্ন্যাসী সর্দার ও শিক্ষক শৈলেন বানার্জিকে বিনা অপরাধে গুলি করে ও লাঠিপেটা করে হত্যা করা হয়েছিল। প্রেসের রিপোর্টারগণকেও পেটানো হয়েছিল।

গত বছর খাদ্য আন্দোলন ব্যাহত করবার জন্য গভর্ণমেণ্ট দমন নীতির আশ্রয় গ্রহণ করেছিলেন। হাজার হাজার কৃষক খাদ্যের দাবীতে প্রধানমন্ত্রীর নিকট আবেদন করতে এসেছিল, আজকের মতন সেদিনও পথে তাদের গতিরোধ করা হয়েছিল। গ্রেপ্তার, আটক ও গুলি নির্বিচারে চলেছিল। সুতরাং স্পষ্টই দেখা যাচ্ছে এই হচ্চে গভর্ণমেণ্টের ব্যক্তি স্বাধীনতা ও শ্রমিক সম্পর্কে নীতি।

Mr. Chairman: You have already taken nine minutes. There are so many other speakers. You please try to finish as quickly as possible.

Janab Abdul Halim: Sir, please give me another ten minutes.

Mr. Chairman: Try to finish quickly.

Janab Abdul Halim:

মাননীয় রাজ্যপাল মহাশয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কমিউনিটি উন্নয়ন, টাউনশিপ পরিচালনা, হেল্‌থ্ সেণ্টার, রাস্তাঘাট নির্ম্মাণের কথা বলেছেন। চিকিৎসার জন্য মাথাপিছু ১৸৵০ আনা হারে ব্যয় করা হয় তাও বলেছেন। গভর্ণমেণ্ট স্কীম্ তৈরী করার ব্যাপারে আত্মসন্তুষ্টিলাভ করতে পারেন, কিন্তু অবস্থার কতটা উন্নতি হয়েছে তাই আজ জিজ্ঞাস্য। প্রকৃত অবস্থায় শিক্ষা, স্বাস্থ্য ও কৃষির কোনই সুব্যবস্থা হয় নি। মধ্যবিত্তদের বেকারীও বেড়েই চলেছে। কারখানার মজুরও ছাঁটাই হচ্ছে। এবং বর্গাদারগণও জমি থেকে উচ্ছেদ হচ্ছে।

ময়ূরাক্ষী পরিকল্পনার সাফল্যের একটা হিসাবও মহামান্য রাজ্যপালের ভাষণে রয়েছে। কিন্তু ক্যানাল এলেকায় ক্যানাল করের বিরুদ্ধে তীব্র বিক্ষোভ দেখা দিয়েছে। দরিদ্র কৃষকগণ একরপ্রতি ৫৫৲ টাকা ক্যানাল কর দিতে অক্ষম।

(The Hon'ble PRAFULLA CHANDRA SEN:

৫৫৲ টাকা ক্যানাল কর কোথায় পেলেন?)

এটা আপনাদের কাছ থেকেই পেয়েছি। এত অতিরিক্ত কর দেবার সামর্থ্য তাদের নেই। আর এত বেশী ক্যানাল কর দিয়ে কৃষকরা তাদের জমিতে উপযুক্ত পরিমাণ ফসল পাবার আশাও করে না। আর এক দিকে ক্যানালের জন্য যে সব কৃষকের জমি নেয়া হয়েছে, আজো পর্য্যন্ত গভর্ণমেণ্ট তাদের

[Janab Abdul Halim.]

সে সব জমির মূল্য দেন নি। এই বলে আমি মাননীয় রাজ্যপালের ভাষণ সম্পর্কে আমার যা বক্তব্য ছিল তা শেষ করলাম। আশা করি এ সম্পর্কে আমি যে সব আলোচনা করলাম গভর্ণমেণ্ট সে সম্পর্কে অবহিত হবেন।

[10-40—10-45 a.m.]

Sj. Devaprasad Chatterjea:

মাননীয় অধ্যক্ষ মহাশয়! মহামান্য রাজ্যপাল মহাশয়ের ভাষণের উপর ধন্যবাদ জ্ঞাপনের প্রস্তাবকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। মহামান্য রাজ্যপাল মহাশয়ের ভাষণের উপর এখন পর্য্যন্ত যে সব সংশোধক প্রস্তাব আনা হয়েছে তার আলোচনা প্রসঙ্গে বিরোধী পক্ষের বন্ধুরা যে সব কথা এ পর্য্যন্ত বলেছেন তাতে দেখা যাচ্ছে যে বর্ত্তমানে শিক্ষকদের ধর্ম্মঘটে যে পরিস্থিতির উদ্ভব হয়েছে সেই দিকেই তাঁদের সমালোচনা মূলতঃ নিবদ্ধ হয়েছে। অবশ্য বেকার সমস্যা ও অন্যান্য কতকগুলি বিষয়ের সম্বন্ধেও কিছু কিছু বলা হয়েছে। কিন্তু বিরোধী পক্ষীয় সদস্যেরা প্রধানতঃ শিক্ষকদের ধর্ম্মঘটের কথাই আলোচনা করেছেন এবং অন্য সকল আলোচনাই গৌণ করে ফেলেছেন। আমি সে দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। (ডাঃ মণীন্দ্র মোহন চক্রবর্ত্তী: দৃষ্টি আকর্ষণ করা আপনার কার্য্য, আপনি তাই করুন।) মাঝখানে বাধা দিয়ে লাভ কি? এটা কিছুটা স্বাভাবিক যে বর্ত্তমান পরিস্থিতিতে যে বিষয়টী বিশেষ-ভাবে তাঁদের দৃষ্টি আকর্ষণ করেছে সেই দিকেই তাঁদের দৃষ্টিভঙ্গী তাঁরা নিবদ্ধ রেখেছেন, ফলে অন্য বিষয়গুলো গৌণ হয়ে দাঁড়িয়েছে। কিন্তু তাঁরা যে সকল কথার অবতারণা করেছেন তাতে কি ভাবে সমস্যাটির সমধান হতে পারে সে দিকে বিশেষ কিছু সন্ধান দিতে পেরেছেন ব'লে মনে করছি না। শিক্ষকদের দাবী সম্পূর্ণ মেনে না নিয়ে গভর্ণমেণ্ট তাঁদের কাজে বিরাট ভুল করেছেন এবং তার ফলেই যতো অবাঞ্ছিত অবস্থার সৃষ্টি হয়েছে এইভাবে সকল দায়িত্ব তাঁরা গভর্ণমেণ্টের ঘাড়েই চাপাবার চেষ্টা করেছেন। তবু তার মধ্যে আনন্দের কথা যে অন্ততঃ একজন বিরোধী পক্ষীয় সদস্য মাননীয় শ্রীযুক্ত দেবেন্দ্র নাথ মুখোপাধ্যায় মহাশয় সমস্যাটিকে দুদিক থেকে বিচার কোরে কথা বলেছেন। শিক্ষক-গণের দাবীর যৌক্তিকতা স্বীকার করেও তাঁরা যে পন্থা অবলম্বন করেছেন এবং তার ফলে যে অসহনীয় পরিস্থিতির সৃষ্টি হয়েছে তার জন্য তিনি গভীর দুঃখ প্রকাশ করেছেন। ঐ কার্য্যের ফলে জন-সাধারণের যে সকল ক্ষতি সাধিত হয়েছে, দেশের যে সকল সম্পদ বিনষ্ট হয়েছে এবং নিরীহ দোকানদার-দের যে দোকান পাট লুট হয়েছে তা তিনি তীব্র ভাষায় ধিক্কৃত করেছেন এবং সেই সৎসাহসের জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। এই প্রসঙ্গে আমি বলতে পারি যে এই পরিষদের মধ্যে এমন কেউ নেই যিনি শিক্ষকদের অবস্থা ভাল হোক এটা চান না। ইতি-পূর্ব্বে এই পরিষদের যে অধিবেশন হয়েছে তাতে শিক্ষকদের, শুধু মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের নয়, প্রাথমিক বিদ্যালয়ের ও কলেজের এবং বিশ্ব-বিদ্যালয়ের শিক্ষকদেরও ন্যায়সঙ্গত দাবীর পিছনে যে সকলেরই সমর্থন আছে, কেবল বিরোধী পক্ষের নয়, এটা দেখা গেছে। আমি নিজেও আমার পূর্ব্ববর্ত্তী কোন ভাষণে বলেছি এবং এখনও বলছি যে শিক্ষকদের যে ন্যায়সঙ্গত দাবী তার সমর্থন আমাদের বরাবর থাকবে এবং আমাদের মাননীয় প্রধানমন্ত্রী মহাশয়ও বার বার সেকথা দৃঢ়ভাবে ঘোষণা করেছেন।

[10-45—10-50 a.m.]

গত কাল মাননীয় দেবেন বাবু বলেছিলেন যে মাননীয় প্রধানমন্ত্রী মহাশয় নাকি শিক্ষকদের সঙ্গে "বারগেন" করেছেন। তাঁর প্রথম দিকের কথাটা ভাল লেগেছিল, শিক্ষকদের ধর্ম্মঘটের ফলে যে অবস্থার উদ্ভব হয়েছে, যে অবাঞ্ছিত ঘটনাসকল ঘটে গেছে এবং যে বহু সম্পত্তি বিনষ্ট হয়েছে সেদিকে দৃষ্টি আকর্ষণ কোরে এবং দুঃখ প্রকাশ কোরে তিনি সবল ও সংগঠনী মনোভাবেরই পরিচয় দিয়েছিলেন কিন্তু তারপরে যখন তিনি বললেন যে মাননীয় প্রধানমন্ত্রী মহাশয় প্রথমাবধি "বারগেনিং স্পিরিট" নিয়ে শিক্ষকদের সঙ্গে ব্যবহার করে এসেছেন সেকথাটা ঠিক বুঝতে পারলাম না। প্রধানমন্ত্রী মহাশয় কাল নিজেই বলেছেন যে তিনি গত জানুয়ারী মাসেই শিক্ষকদের জানিয়েছিলেন যে তাঁরা গভর্ণমেণ্টের তরফ থেকে শিক্ষকদের মাসিক ১৭৷৷০ টাকা হারে মাগ্‌গীভাতা দিতে সর্ব্বদাই প্রস্তুত ছিলেন যদি মাধ্যমিক বিদ্যালয়ের পরিচালকগণ বাকী ১৭৷৷০ দিতে রাজী থাকেন। ১৬ই তারিখেও তিনি এসেম্ব্লিতে সে কথা পুনর্ব্বার ঘোষণা করেন। অধিকন্তু, ঘোষণা করেন যে বর্ত্তমান পরিস্থিতিতে, এ বছর যদি পরিচালক মণ্ডলীর পক্ষে অন্য কোন অর্থ আদায়ের সম্ভাবনা না থাকে এই মনে কোরে এ বছরের জন্য বিদ্যালয়ের পক্ষ থেকে বর্ত্তমানের ১০৲ টাকা মাগ্‌গীভাতার স্থলে আর ৭৷৷০ টাকা না বাড়ালেও গভর্ণমেণ্ট থেকে ১৭৷৷০ টাকা দিতে রাজী হয়েছেন। সুতরাং এতে "বারগেনিং স্পিরিট" কোথায় এল বুঝতে পারছি না। তিনি যে বাজেট আমাদের

সামনে উপস্থাপিত করেছেন তাতে ১২৷৷০ কোটি টাকার মত ঘাটতি রয়েছে, একথা কেউ অস্বীকার করতে পারবেন না, এই ঘাটতি বাজেটের মধ্যে শিক্ষকদের জন্য অধিক মাত্রায় অর্থ ব্যবস্থা কোথা থেকে হতে পারে সেটা না দেখে যদি কোন মাননীয় বন্ধু এ রকম অভিযোগ করেন যে তিনি "বারগেন" করেছেন তাহলে সেটা সম্পূর্ণ ভিত্তিহীন হবে। যদি প্রধান-মন্ত্রী কিছু করে থাকেন সেটা টাকার অকুলান থাকার জন্যই করেছেন, কিন্তু শেষ পর্য্যন্ত শিক্ষকদের প্রতি তাঁর যে অন্তরের শুভেচ্ছা রয়েছে এবং সমর্থনও রয়েছে সেটা এই থেকেই বোঝা যায় যে তিনি এবছরের জন্য ১৭৷৷০ টাকা হারেই মাগ্‌গীভাতা দেবার দাবী মেনে নিয়েছেন। সুতরাং গভর্ণমেণ্টের দিক থেকে যে কোনরূপ শিক্ষকদের দাবী মেটাবার অনিচ্ছা রয়েছে একথা বললে দেশবাসীকে ভুল বোঝাবার চেষ্টা করা হবে। এই সম্পর্কে আরো বলতে চাই যে, যে অবাঞ্ছিত অবস্থার উদ্ভব হয়েছে তাতে মাননীয় বিরোধী পক্ষের সদস্যেরা যে কিরূপে নিশ্চেষ্ট হয়ে বসে আছেন তা বুঝতে পারি না। যে অবাঞ্ছিত ঘটনাগুলি সম্প্রতি ঘটে গেল এবং এখনও পর্য্যন্ত স্কুল কলেজ যে বন্ধ রয়েছে তার ফলে ছেলেদের শিক্ষার বিশেষ অসুবিধা হচ্ছে। সামনে প্রবেশিকা এবং অন্যান্য পরীক্ষা আসন্ন। এ অবস্থার ছেলেদের যেরূপ ভাবে যে দিনের পর দিন নষ্ট হচ্ছে তাতে যাঁরা নিজেদের নেতৃস্থানীয় মনে করেন অন্ততঃ তাঁদের উচিত যে কি ভাবে সমস্যাটা মিটে যায় সেই দিকে দৃষ্টি দেওয়া। আমি নিজে ৩টী বিদ্যালয়ের সঙ্গে সভাপতি ও সম্পাদকরূপে জড়িত; আমি আমার শিক্ষকদের কথা বলতে পারি যে তাঁরা আজকে যে অবস্থার সৃষ্টি হয়েছে তার জন্য আন্তরিকভাবে দুঃখিত এবং তাঁরা এই ধর্ম্মঘট আর চালাতে রাজী নন। এই যে বাস ট্রাম আটকান হয়েছে, নিরীহ পথচারীদের হঠাৎ বিশেষ অসুবিধার মধ্যে পড়তে হয়েছে এবং বহু নিরীহ লোকের দোকান পাট লুট হয়েছে তার জন্য তাঁরা মোটেই প্রস্তুত ছিলেন না। তাঁদের মতে এই যে জিনিসটা ঘটেছে এটা অবাঞ্ছিত লোকেরা শিক্ষকদের ধর্ম্মঘটের নাম কোরে শিক্ষকদের। নামে কলঙ্ক আরোপ করেছে। তাঁরা এ জিনিসটা মোটেই সমর্থন করেন না। তাঁরা চান যেন খুব শীঘ্রই এই ধর্ম্মঘট মিটে যায়, এবং তাহলেই তাঁরা খুসী হবেন। কিন্তু যাঁরা আন্দোলন এখন চালনা করছেন তাঁরা সেটা করতে দিচ্ছেন না। আজকের দিনে বেশীর ভাগ শিক্ষকের এই একই কথা।

(At this stage red light was shown.)

10-50—10-55.]

আমি আর ২।১ মিনিট বলতে চাই। এই অবস্থায় যদি সকল পক্ষ মিলে এই ধর্ম্মঘট মেটাবার দিকে চেষ্টা করেন তাহলে দেশের কল্যাণ হবে। বিরোধী পক্ষীয় বন্ধুরা এদিকে অনেক কিছু করতে পারেন। এখনও যদি প্রতি পদে পদে তাঁরা এরূপভাবে দেশের সামনে এক একটি কোরে সঙ্কটজনক পরিস্থিতির সৃষ্টি করেন তাহলে দেশে কোন উন্নতিকর কাজ করা সম্ভব হবে না।

মহামান্য রাজ্যপালের ভাষণ সম্পর্কে অভিযোগ করা হয়েছে যে তার মধ্যে বেকার সমস্যা, শিল্পবিস্তার এবং স্বাস্থ্য কেন্দ্র ইত্যাদি বিষয়ে মহামান্য রাজ্যপাল সেরূপভাবে নজর দেন নি। আমি বলব যে দেশে প্রতি তিন মাস অন্তর এইভাবে কোন না কোন সামান্য ব্যপার নিয়ে যদি একটি কোরে সঙ্কটজনক পরিস্থিতির উদ্ভব হয় তাহলে বড় কাজ করার সুযোগ কোথায় পাওয়া যাচ্ছে, এবং সরকারকেই বা কি সুযোগ দেওয়া হচ্ছে। দ্রুত শিল্প বিস্তার করা হোক, বেশী কোরে গৃহ শিল্প বাড়ান হোক, স্বাস্থ্য কেন্দ্র বাড়ান হউক এ সব কথা কোন কোন বন্ধু বলেছেন বটে, কিন্তু কোথা থেকে যে বেশী অর্থ আসবে সে দিকে ত কারও নজর পড়ল না। কাজেই হাজার রকম অভিযোগ করা হচ্ছে এবং হাজার রকম দাবী উত্থাপন করা হচ্ছে কিন্তু কিভাবে অভিযোগগুলি দূর হবে বা দাবীগুলি পূরণ হবে সে দিকে তাঁদের সহযোগমূলক দৃষ্টি বা চিন্তাধারা নেই। আজকে বিরোধী পক্ষের বন্ধুরা যদি গভর্ণমেণ্ট চালাতেন তাহলে কি ভাবে তাঁরা এই সকল সমস্যার সমাধান করতেন? সে কথা তাঁদের কাছে শুনতে পেলে সুখী হতাম। আমি তাঁদের কাছে অনুরোধ জানাব যে দেশের সামনে জাতি গঠনের যে বিরাট দায়িত্ব রয়েছে সে দিকে দৃষ্টি দিয়ে তাঁরা গভর্ণমেণ্টের সঙ্গে সহযোগিতা করুন, তাহলেই যে সকল সমস্যার কথা তাঁরা বলেছেন সেগুলি অদূরেই দূরীভূত হবে। কোন বিরোধী পক্ষীয় বন্ধু মহামান্য রাজ্যপালের ভাষণের শেষ লাইন উদ্ধৃত করে একটী অবজ্ঞাসূচক ইঙ্গিত করেছেন। মহামান্য রাজ্যপাল বলেছেন যে রাত্রির দুর্য্যোগ শেষ হয়েছে, এবং প্রভাতের অরুণালোকে ধরণী উদ্ভাসিত হয়ে উঠেছে। একথা বন্ধুর সহ্য হয় নি। কোন কোন জীব যেমন অন্ধকারে থাকতে ভালবাসে তেমনি কোন কোন মানুষও অন্ধকারে চলা ফেরাই বেশী পছন্দ করে। তারা দিনের আলোর প্রখর সত্যকে ভয় পায়। আমরা তাঁদের জন্য দুঃখ করব। ঈশ্বরকে ধন্যবাদ যে আমাদের সে দৃষ্টিভঙ্গী নাই। আমরা দেশের সমস্যা-গুলিকে বুঝাবার চেষ্টা করছি এবং সমাধানের পথে দৃঢ়ভাবে এগিয়ে যাচ্চি। তাঁরা তবুও যদি বাধা

[Sj. Devaprasad Chatterjee.]

দেন, আমাদের সামনে যাবার যে উদ্যম তা সকল শুভকামীদের মিলিত প্রচেষ্টায় কখনো ব্যাহত হবে না।

এই কথা বোলেই আমি মহামান্য রাজ্যপাল মহোদয়ের ভাষণের জন্য তাঁকে ধন্যবাদ জ্ঞাপন করছি।

[10-55—11 a.m.]

Dr. Monindra Mohan Chakrabarty:

সভাপতি মহাশয়, আমি কাল না আসাতে আমার যে একটা সংশোধনী প্রস্তাব ছিল সেটা ঠিকভাবে আনতে পারি নাই, সেটা আজ পড়ে শোনাতে চাই।

Mr. Chairman: You confine yourself to points in the matter under discussion.

Dr. Monindra Mohan Chakrabarty:

আমার সংশোধনী প্রস্তাবটা ছিল--

"No mention has been made in the speech—

(1) of the crumbling down of the educational system of the State owing to continued mishandling of the educational affairs which has resulted recently in the cessation of work by a section of the teachers;

(2) of the failure to tackle the unemployment problem in the State in an efficient manner which has resulted in the unemployment not only of the unskilled personnel but also of the technically trained people like Engineers, Chemists and Technologists;

(3) of the failure of the various development schemes projected and commenced owing to mishandling and unimaginative methods pursued resulting in much waste of public funds;

(4) of the failure to give necessary protection to indigenous industries of Bengal such as iron and steel industries of Howrah, pharmaceutical and soap industries of Calcutta and other small-scale and cottage industries; and

(5) of the failure to obtain the just share of Bengal's quota from the customs and jute duties and income-tax which has resulted in economic difficulties of the State."

কিছুক্ষণ আগে সরকারপক্ষীয় সদস্যগণের রাজ্যপালের ভাষণের সমর্থনসূচক যে বক্তৃতা শুনলাম তার মধ্যে অনেকে বলেছেন, শিক্ষক সমস্যার মধ্যেই বিরোধী পক্ষের সদস্যরা তাঁদের সমালোচনা নিবদ্ধ রেখেছেন, এবং সেই সম্পর্কে আমি যে প্রস্তাব এনেছি তার উল্লেখ করেছেন। শিক্ষকদের সমস্যার উপর জোর দেয়াটা আমাদের পক্ষে স্বাভাবিক, তার কারণ, দেশের নাগরিক হিসাবে এবং আইন সভার সদস্য হিসাবে, শিক্ষকদের যে অবস্থা হয়েছে, এবং তার জন্য দেশের মধ্যে যে প্রতিক্রিয়া হয়েছে তার উল্লেখ করাও স্বাভাবিক, তারপর, রাজ্যপাল যখন তাঁর ভাষণ দিতে আসেন, তখন বিরোধী পক্ষের সদস্যদের আচরণ নিয়েও অনেক কিছু আলোচনা হয়েছে। কিন্তু বিরোধী পক্ষের সদস্যরা সে আচরণ করতে বাধ্য হয়েছিলেন কেন? কারণ বিগত কয়েকদিন ধরে শিক্ষকদের অবস্থা নিয়ে একান্ত শান্তিপূর্ণ আন্দোলন চলা সত্ত্বেও দেশের রাজ্যপাল নীরব। তিনি সকল রাজনীতির ঊর্দ্ধে, কিন্তু একবারও তিনি সহানুভূতি জানান নাই। দেশের বিভিন্ন প্রতিনিধিমূলক সংস্থা থেকে রাজ্যপালের দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও যখন দেখা গেল যে তিনি সে দিকে মনোযোগ দেয়া দরকার মনে করলেন না কেবলমাত্র তখনই বিরোধী দলের সদস্যরা রাজ্যপালের ভাষণ শুনতে অস্বীকার করেছেন। আমি জিজ্ঞাসা করি, যাঁরা নাকি বিরোধী দলের সদস্যদের উপর দোষারোপ করছেন, যাঁরা নাকি নিরপেক্ষ সদস্য ছিলেন, তাঁরা আর খবরের কাগজের রিপোর্টাররা যে ছিলেন তারা সকলেই জানেন যে সরকারপক্ষীয় সদস্যরাও তখন নিরস্ত থাকেন নি। আমি নিজে দেখেছি, শ্রীযুক্ত বিজয় সিংহ নাহার ও শ্রীযুক্তা শান্তি দাস উচ্ছৃঙ্খল আচরণ করেছিলেন। (এ "ভয়েস ফ্রম দি কংগ্রেস বেঞ্চেজ": উচ্ছৃঙ্খলতা আপনারাই করেছিলেন, কংগ্রেস সদস্যরা নয়।) যাঁরা নিজেরা দায়িত্বশীল সদস্য হয়ে শ্রীযুক্ত দেবেন সেন নেতৃত্বে টেবিল চাপড়েছিলেন তাঁরা আর অন্য লোকের আচরণের কথা উল্লেখ করতে পারেন না।

Mr. Chairman: Please confine yourself to the points.

Dr. Monindra Mohan Chakrabarty:

যাক, এখন আমি যে কথাটা বলতে চাই সেটা হচ্চে আমাদের এই বিধান সভায় রাজনীতির উর্দ্ধে থেকেই আলোচনা করার চেষ্টা করা উচিত। আমি বিশ্বাস করি, এখনো সময় আছে, সে বিষয়ে দৃষ্টিপাত করে, ভাবনা চিন্তা করে কাজ করা প্রয়োজন, শিক্ষকদের এই অবস্থাটা ঘটেছে, যাতে করে তারা বিক্ষুব্ধ হয়ে উঠেছে, এটা এক দিনে হয় নাই, ১৯৪৮ সাল থেকে মাধ্যমিক শিক্ষক সমিতি, প্রাথমিক শিক্ষক সমিতি ও কলেজ শিক্ষক সমিতি বলে যে সব সংস্থা আছে তারা শিক্ষকদের বিভিন্ন দাবী দাওয়া নিয়ে আলোচনা করছে। তাছাড়া, মাধ্যমিক শিক্ষকদের সংস্থা এ, বি, টি, এ, গত নবেম্বর মাসে এখানে বিধান সভার সদস্যদের কাছে একটা মেমোরাণ্ডাম দিয়েছিল, এবং চুঁচুড়াতে গত বৎসর ১০ই ফেব্রুয়ারী এ সম্বন্ধে তারা সিদ্ধান্ত গ্রহণ করেছে। তারপরে প্রায় এক বৎসর অতিবাহিত হবার পর ১৯শে জানুয়ারী, দীর্ঘ দিন অতিবাহিত হবার পরে মুখ্যমন্ত্রী মহাশয় সময় পেলেন তাদের সম্বন্ধে কিছু বিবেচনা করবার। এবং এই শিক্ষকদের ব্যাপারে মুখ্যমন্ত্রী মহাশয়ই যা কিছু করার করছেন, শিক্ষামন্ত্রী মহাশয়ের এতে কিছু করার আছে বলে মনে হয় না। তিনি যেন মুটো জগন্নাথ হয়ে বসে আছেন। এবং শিক্ষা বিভাগের মন্ত্রীর ভূমিকা একেবারে নগণ্য। শিক্ষার পোর্টফলিও থাকা সত্ত্বেও সেটা দখল করে প্রধান মন্ত্রীই কাজ চালাচ্ছেন। তাহলে আর আলাদা আলাদা বিভাগ ও এতগুলি মন্ত্রী রেখে লাভ কি? খাদ্য বিভাগটাও ত আপনি নিয়ে নিতে পারেন।

(The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

কার কি কাজ তারা জানে।)

আমার বিশ্বাস যে বিভাগের মন্ত্রী আছে, সে মন্ত্রীর কাজ হবে সেই বিভাগের সম্পূর্ণ কাজ দেখা। উনি তা দেখছেন না, তাহলে শিক্ষামন্ত্রী কি কোন ভূমিকা পান নি?

(The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আপনার ভূমিকা ত রিসার্চ করা, সেইটে করুনগে।)

আপনার কাজ ত ডাক্তারি করা, সেই কাজ করলেই ত পারেন।

(The Hon'ble Prafulla Chandra Sen:

উনি ত ডাক্তারি করেনই।)

থাক, আর বাদানুবাদে প্রবৃত্ত না হয়ে দেখা যাক শিক্ষা সম্বন্ধে তাঁরা কি কাজ করেছেন। এ সম্বন্ধে আমার নিজের মত বলতে চাই না, আমি মুদালিয়র কমিশন, যেটা নাকি একটা সরকারী কমিশন, তাই থেকে পড়ে শুনাচ্ছি—

[11—11-5 a.m.]

".....We are all convinced that the most important factor in the contemplated educational reconstruction is the teacher.....During our tour we were painfully impressed by the fact that the social status, salaries and the general service conditions of teachers are far from satisfactory. In fact, our general impression is that on the whole their position today is even worse than it was in the past.....

.....One of the chief causes of the poor standards in the educational institutions is the low scale of salaries paid to the teachers and the highly unsatisfactory conditions of their work. We are convinced that no improvement in the existing system will be possible without improving the conditions of teachers and putting their remuneration on a fair basis of comparison with other services.. ..."

এই সমস্ত আমাদের সামনে থাকা সত্ত্বেও আমাদের এই রাজ্যে মুখ্যমন্ত্রী বা শিক্ষামন্ত্রী শিক্ষা ব্যবস্থার অবনতি ঘটতে দিয়েছেন আর মুখে বলছেন আমরা শিক্ষা ব্যবস্থার উন্নতি করেছি।

দ্বিতীয়তঃ দেখা যায়, তাঁরা বলেছেন এবং দোষারোপ করেছেন যে শিক্ষকদের নিয়ে রাজনৈতিক খেলা চলছে, বিভিন্ন রাজনৈতিক দল তাঁদের নিয়ে খেলা করছেন এবং তার ফলেই শিক্ষকরা ক্ষতিগ্রস্ত হচ্চেন। কিন্তু শিক্ষকরা রাজনৈতিক দলের সাহায্য নিয়েছে কখন? যখন তারা সর্ববিধ গণতান্ত্রিক উপায়ে কিছুই পেলে না, তখনই মাত্র তাদের রাজনৈতিক দলের সাহায্য নিতে হয়েছে। এবং তার দায়িত্ব যদি কারো থাকে তবে সে হচ্চে এই প্রদেশের প্রধান মন্ত্রীর। এবং আমি বলতে বাধ্য আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়ের ক্ষমতাপ্রিয়তা ও দম্ভই এজন্য দায়ী।

মহামান্য রাজ্যপাল মহাশয়ের ভাষণে স্ববিরোধী উক্তি রয়েছে। দেশব্যাপী এতগুলি সমস্যার পরিপ্রেক্ষিতে তিনি যে কি করে "গ্লোরিয়াস ডন"

[Dr. Monindra Chandra Chakraborty.]

দেখতে পেয়েছেন আমি তা বুঝতে পারি না। তাঁর ভাষণের এক জায়গায় তিনি বলেছেন—

".....during the latter half of 1953 on various occasions law and order was threatened in Calcutta. They were also happy to state that the situation is now normal ....."

আবার ওখারে আনএম্প্লয়মেণ্ট সম্বন্ধে বলতে গিয়ে বলেছেন ১৬ থেকে ৬০ বছরের ২ লক্ষ ৫৭ হাজার ৩ শত লোক আন্এম্প্লয়েড। তার মধ্যে এক লক্ষ ৪০ হাজারই মধ্যবিত্ত। এই সমস্তের পরিপ্রেক্ষিতে তিনি যে "তিমির বিদার উদার অভ্যুদয়" কি করে দেখতে পেলেন, তা তিনিই জানেন, আমরা তা বুঝতে পারি না। আমি আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়কে একটা চীনা প্রবাদ স্মরণ করিয়ে দেব—

"If you wish to plan for one year then plant grain, if you wish to plan for 10 years, then plant trees, if you want to plan for 100 years then plant men."

[11-5—11-10 a.m.]

আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় বিভিন্ন উন্নয়ন পরিকল্পনার কথা সব সময় বলে থাকেন। উন্নয়ন পরিকল্পনা যদি করতে হয় তাহলে দিতে হবে শিক্ষা জনসাধারণকে। এবং বাংলাদেশের যা অবস্থা সে অবস্থায় আরো কোয়ালিফায়েড লোক চাই। আরো সেই স্তরের লোক চাই যারা বিভিন্ন দিকের সমস্যার সমাধান করতে পারবেন। সেই জন্য আজ শিক্ষকদের সমস্যাকে উপেক্ষা করে কোন সমস্যারই সমাধান করতে পারবেন না এবং কোন উন্নয়ন পরিকল্পনাও অগ্রসর করাতে পারবেন না। এই কথাটা তাঁকে বিনীতভাবে স্মরণ করিয়ে দিচ্ছি।

এই প্রসঙ্গে কলেজের অধ্যাপকদের কথাটা উল্লেখ করব। কলেজ অধ্যাপকদের দাবী তাঁদের সমিতির পক্ষ থেকে অনেকবার জানানো হয়েছে। দু হাজার কলেজ অধ্যাপক আছেন, ৫০৲ টাকা করে যদি মাগ্গী ভাতা দেয়া হয় তাহলে এখন যা দেয়া হয় তা থেকে ৮ লক্ষ ৩৩ হাজার টাকা বেশী লাগবে। আর প্রাথমিক শিক্ষকদের ৩৫৲ হিসেবে ভাতা দিলে হচ্চে এক কোটি ৬৭ লক্ষ টাকা অর্থাৎ প্রায় তিন কোটি বা তার কিছু উর্দ্ধে এবং এই সংখ্যাটা আমাদের খরচ দেখাতে হবে—এই প্রয়োজন যদি আমাদের মানতে হয়। সার্জেণ্ট সাহেব বলেছেন শিক্ষা সমস্যার সমাধান করতে যুদ্ধের প্রয়োজনের মতন করে করতে হবে। অর্থাৎ সমগ্রভাবে না দেখলে এ সমস্যার সমাধান হবে না। আমার সংশোধনী প্রস্তাবের মধ্যে——

(At this stage the red light was lit.)

স্যার আমি আর দু মিনিট সময় চাই। আমাদের দেশের শিল্পের কথা। হাওড়ায় ছোট ছোট লোহার কারখানা আছে। সেখানে নাট্ বল্টু তৈরী হয়। বিদেশী নাট্ বল্টু এ দেশে আনতে দেবার ফলে আমাদের সেই দেশী নাট বল্টুর কাট্তি হচ্চে না। সে সব কারখানায় বেশীর ভাগই বাঙ্গালী কারিগরেরা কাজ করে। আমরা বোকারুতে গিয়েছিলাম, সেখানে দেখলাম যারা সেখানে কাজ করছে তারা নাট্ বল্টু পর্য্যন্ত আমেরিকা থেকে আন্ছে। আমি বিশ্বাস করি না যে এখানকার নাট্ বল্টু সেখানকার প্রয়োজন মেটাতে পারবে না। তাদের তৈরী জিনিষগুলি না কেনার দরুণ আমাদের ছোট শিল্পের কারখানাগুলি যে বন্ধ হচ্চে এ আমাদের সরকারের সর্ব্বনাশা নীতির ফল। তেমনি ফার্ম্মাসিউটিক্যাল ও সাবান শিল্পেরও অবস্থা।

তারপরে বাংলা দেশের যা প্রাপ্য, আয় কর এবং অন্যান্য কর তার সম্বন্ধে তিনি বাজেটেও উল্লেখ করেছেন—

"We hope that the Taxation Enquiry Commission will be able to appreciate the problem and will give the question more realistic approach in the context of our economy."

এর পশ্চাতে আপনারা জানেন সমগ্র বাংলা দেশের সমর্থন আছে। তিনি যদি বিশেষ জোরের সঙ্গে কেন্দ্রীয় সরকারের কাছে তাঁর বক্তব্য পেশ করেন তাতে সারা বাংলার সমর্থন থাকবে।

আর একটা জিনিষ আমার সংশোধনী প্রস্তাবে ছিল, টেক্নিক্যাল কারিগর ও শিক্ষিত ইঞ্জিনিয়ারদের সম্বন্ধে; তাদের বেকার সমস্যা বেড়ে যাচ্ছে। তার সমাধান করতে গেলে বিকেন্দ্রীকরণ ছাড়াও বিভিন্ন শিল্প সৃষ্টি করা ভিন্ন উপায় নাই। সে সম্বন্ধে আমাদের ডিভেলপমেণ্ট পরিকল্পনা যা আছে সে দিকে নজর দেয়া প্রয়োজন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিশ্বাস করি যে চীনে প্রবাদের যে কথা উল্লেখ করেছি সেটা তিনি মনে রাখবেন। কারণ যদি মানুষ গড়ার কাজের প্রতি তিনি মনোযোগ না দেন তবে কোন কিছুই হবে না।

[11-10—11-15 a.m.]

Sj. Sachindra Nath Misra:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, বিরোধী দলের সদস্যগণ তারস্বরে চীৎকার কোরে কেবলই "হলো না, হলো না, গেল, গেল" রব তুলে দেশের মধ্যে এক

নৈরাশ্যের আবহাওয়া সৃষ্টির যে ষড়যন্ত্র করেছিলেন তা আমাদের শুদ্ধেয় রাজ্যপালের ভাষণে একেবারে বানচাল হয়ে গেছে। শুদ্ধেয় রাজ্যপালের ভাষণের দিনে এই সব সদস্যের উচ্ছৃঙ্খল আচরণের কারণও বেশ বোঝা যাচ্ছে, অর্থাৎ রাজ্যপালের ভাষণ তাঁদের আঁতে ঘা দিয়েছে। বিরোধী পক্ষের বন্ধুগণ যতই রাজনীতির চাল ব'লে এই অভদ্র ব্যবহারকে শাক দিয়ে মাছঢাকার ন্যায় চেষ্টা করুন, দেশের জনসাধারণের নিকট এই অভদ্রোচিত ব্যবহারের জন্য তাদের জবাবদিহি করতে হবে। জনসাধারণ অন্ধকারাচ্ছন্ন রাত্রির শেষে সুপ্রভাতের আলো দেখতে পেয়েছে। তিনি সর্ব্বপ্রথমেই আনন্দের সংবাদ দিয়েছেন যে দেশে এ বৎসর গভর্ণমেণ্টের দূরদৃষ্টির জন্য প্রচুর ধান পাওয়া গেছে। প্রচুর সার প্রদান, জলসেচ ও জাপানী প্রথায় চাষের ব্যবস্থায় এই ফললাভ করা গেছে। মালদহ, দিনাজপুর, জলপাইগুড়ী ও কুচবিহারে সার প্রদানের কাজ ভালই হয়েছে, কেবল তথায় যদি জল সেচের উন্নত ধরণের ব্যবস্থা করা যেত তা হলে আরও প্রচুর ধান যে পাওয়া যেত তাতে কোনই সন্দেহ নাই। উত্তরবঙ্গে "চীপ ইলেকট্রিসিটি" পাওয়া বহু বিলম্ব সাপেক্ষ। সে জন্য উন্নত ধরণের জলসেচের যে সকল পরিকল্পনা আছে তা এই উত্তরবঙ্গে প্রয়োগ করলে "অধিক ফসল ফলাও" পরিকল্পনার কৃতিত্বই প্রকাশ পাবে। সাধারণতঃ দেখা যায় অধিক ফসল উৎপন্ন হ'লে ব্যবসায়ীদের কারসাজিতে চাষীদের আয়ের মান কমে যায়, কিন্তু রাজ্যপালের ভাষণে আশার বাণী আছে। গভর্ণমেণ্ট এই দিকে প্রখর দৃষ্টি রেখেছেন। চাষীদের হিতার্থে তাদের যেন আয়ের মান না কমে তারও ব্যবস্থা ঠিক করা আছে। "গঙ্গা ব্যারাজ" বাংলার জীবন মরণ সমস্যার সঙ্গে জড়িত। সেই "ব্যারাজ" সম্বন্ধে নৈরাশ্যের যেটুকু ছায়া মনে জমা হচ্ছিল তা তাঁর ভাষণে দূর হয়েছে। চিকিৎসা ও জনস্বাস্থ্যের উন্নতির আভাষ পাওয়া গেল। মালদহ ম্যালেরিয়া প্রধান স্থান। ম্যালেরিয়া নিবারণ অভিযানের দ্বারা আশ্চর্য্য রকম ফল পাওয়া গেছে; তার জন্য দেশের আপামর জনসাধারণ কৃতজ্ঞ।

শিক্ষাখাতেও এই কয় বৎসরের মধ্যে ব্যয় ১ কোটি টাকা থেকে প্রায় ৬।।০ কোটি টাকাতে দাঁড়িয়েছে। জনসাধারণের আয়ের মান বৃদ্ধির সঙ্গে সঙ্গে শিক্ষক মহাশয়দেরও আয় বৃদ্ধিটা আনন্দেরই কথা। এ সব ছাড়া বেকার সমস্যা সমাধান, ভূমি সংস্কার প্রভৃতি নানা প্রকার কার্য্য গভর্ণমেণ্টের পক্ষে গৌরবের বিষয়। আজ অন্ধকারাচ্ছন্ন ও বিপদসঙ্কুল রাত্রির অবসান এবং গৌরবময় প্রভাতের সূচনা এই উভয়েরই যথার্থতা চারিদিকে প্রমাণিত হচ্ছে। সুতরাং এই ভাষণের জন্য আমি ধন্যবাদের প্রস্তাবকে সমর্থন করে নিজেকেই ধন্য মনে করছি।

[11-15—11-20 a.m.]

Sj. Mohitosh Rai Choudhuri: Sir, it is the peculiar misfortune of those who are independent that, in these days of excited and passionate party politics, people are generally averse to hearing impartial estimates of events that happen in the country. Sir, as the time is short, I will confine myself only to one particular aspect of my resolution, leaving the others to be dealt with in my budget speech.

Sir, I have been fighting for the cause of the teachers for the last 30 years in my own humble way. But, Sir, I must say with great regret that the turn which the teachers' movement has taken today was never anticipated by me. Perhaps it will be within your recollection that the first movement of boycott of schools by the teachers was sponsored under my leadership ten years ago during the Muslim League regime. But then the strike was for two or three days only just to demonstrate the grievances of the teachers who used to be greatly neglected in those days. Sir, much water has flown along the Ganges since then. We have got our own National Government. It would be unfair, it would be a travesty of fact, to say that the present Government is averse, is indifferent to the interests of education. I have been in intimate contact with some of those who formulate the policies of the Government for a long time, and I am glad to say that I am fully convinced that they have been trying in their own way to ameliorate the condition of all kinds of teachers. My only regret is that things are done by them sometimes a little too late. I will remind my friend Sri Annada Prosad Choudhuri who was the Finance Minister at one time when Prafulla Babu was the Chief Minister of Bengal—he will pardon me for reminding him of this painful fact—that I had to move from

[Sj. Mohitosh Rai Chowdhuri.]

pillar to post and from post to pillar for long six months to get an interview with the Chief Minister and the Education Minister in connection with the grievances of primary teachers. I may remind him that more than four thousand primary teachers who were refused a hearing by the Chief Minister and Education Minister went in procession under my leadership to the Lower Circular Road residence of the Chief Minister. They were most peaceful in their behaviour. Not all the teachers, but a small deputation consisting of only three persons led by me sought an interview with the Chief Minister. We were curtly refused an interview, almost driven out of the house, and I remember that on that same afternoon we went to see another person, that is, Dr. Bidhan Chandra Roy. He gave us a patient hearing and promised to do whatever was possible for him. He was not then at the helm of affairs. He promised to do whatever was possible to remove the grievances of primary teachers. I still remember this with gratitude. Since then I have found him anxious, really anxious, to remove the grievances of all teachers.

[11-20—11-25 a.m.]

But, Sir, it is our misfortune that he has got too many irons on the fire. He has got to look into too many things and it is impossible even for a superman to deal with them effectively. That is why the movement of the secondary teachers has been allowed to deteriorate so much. In 1951 the Executive Committee of the Secondary Board of Education put forward a resolution to the Government of West Bengal. Possibly, as I have been told, this resolution, if placed before the Board as a whole, would have been modified. I do not know how far this is true. In that resolution the Executive Committee of the Board requested the Government of West Bengal to increase the amount of dearness allowance of all secondary teachers immediately to the level of the dearness allowance paid to the teachers of Government schools in West Bengal. And about the same time a resolution was passed urging the Government to fix the minimum salary of the teachers of all schools.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: One year after.

Sj. Mohitosh Rai Choudhuri: All right, one year after. But had these resolutions been taken notice of seriously and the same measures—measures of relief—which have been announced now given earlier, possibly the teachers—the secondary teachers—would not have allowed themselves to fall into the jaws of our extremist friends?

Sir, two things would strike one who looks at the things which have taken place in connection with the teachers' movement. The first is entry of politics in the arena of education and the second is the inefficiency of the police. It is a pleasure for me to find that men and the parties which had never moved their little finger to try to secure relief to the teachers have come forward and espoused their cause. I hope they have not been actuated by consideration of party politics or power politics. I hope they are sincere. But, Sir, from the things which have happened it is very difficult for me to believe that the teachers are not being made a pawn in the game of party politics. Yesterday my friend Sri Debendranath Mookherjee charged the Government with bargaining. After going home I read all the four statements of the Chief Minister carefully. I did not find any sign of bargaining but there was procrastination. If this problem had been dealt with carefully by the Government before January then I think many things which have now happened would have been avoided. From this procrastination of the Government two consequences have inevitably followed. First, an impression has gone out that the present Government is indifferent to the interest

of education and hostile to the aspirations of the teachers. The other impression is that this Government would not act until they are coerced or forced by the extremists—by our leftist friends.

[11-25—11-30 a.m.]

The result is, the leftists have gained an accession of strength which by no means they should have been allowed to do. Now however this procrastination was over, the Chief Minister made an announcement of the relief he was prepared to give in the present state of finance. Unfortunately these measures of relief have not been properly appreciated in the country. Even men who ought to have known better have not looked into the matter very carefully.

Sir, I will consider the two demands of the teachers. The first is they wanted the same scale of salary as recommended by the Board. From the paper which is before me I find that has been conceded almost *in toto*. Many of my friends have not been carefully following these things. I will read out the Board's recommendation and the decision of the Government. I am reading from a Bengali magazine—

ট্রেনিংপ্রাপ্ত গ্রাজুয়েট—

বোর্ডের সুপারিশ ১০০৲ টাকা।

সরকারের প্রস্তাবও ১০০৲ টাকা।

এম্, এ, এম্, এস্, সি, অথবা অনার্স ডিগ্রী—

বর্ত্তমান বেতন ৯০৲ টাকা।

বোর্ডের সুপারিশ ১২৫৲ টাকা।

গভর্ণমেণ্টও দিয়েছেন ১২৫৲ টাকা।

এম্, এ, এম্, এস্, সি, ফার্ষ্ট ও সেকেণ্ড ক্লাস—

বোর্ডের সুপারিশ ১২৫৲ টাকা।

গভর্ণমেণ্ট দিয়েছেন ১২৫৲ টাকা।

থার্ড ক্লাস এম, এ, অথবা অনার্স বি, এ,—

বোর্ডের সুপারিশ ১০০৲ টাকা।

গভর্ণমেণ্ট দিয়েছেন ১০০৲ টাকা।

পাশ কোর্স গ্রাজুয়েট—

বোর্ডের সুপারিশ ৮০৲ টাকা।

গভর্ণমেণ্ট দিচ্ছেন ৭০৲ টাকা।

তা ছাড়া ১০ বছরের যাদের অভিজ্ঞতা—তাঁদের ট্রেণ্ড টিচার ব'লে গণ্য কোরে নিয়ে তাঁদের জন্য—

বোর্ডের সুপারিশ ৮০৲ টাকা।

"ডিষ্টিংসন" এ পাশ করা গ্রাজুয়েট—

বোর্ডের সুপারিশ ৮০৲ টাকা।

গভর্ণমেণ্টের "ডিসিসন" হয়েছে ৮০৲ টাকা।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I just want to correct my friend Mr. Mohitosh Rai Choudhuri that the passed graduates if they are of 10 years' service do not get Rs. 80 but they get Rs. 100. That is the decision of the School Code.

Sj. Mohitosh Rai Choudhuri: They get Rs. 100 now? Then that recommendation has also been accepted by the Government. For I.A. trained, Board's recommendation was Rs. 80; Government's decision is Rs. 70 and for all other untrained teachers, Board's recommendation was Rs. 70 and Government's decision is Rs. 60.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I want just to correct my friend with regard to M.As. and M. Scs. with 5 years' experience. They get Rs. 125; B.As. with 10 years' experience Rs. 100, I.As. also if untrained who have got 15 years' experience get the same as trained I.A. teachers. I may tell you these are the provisions of the existing School Code. We did not alter it. It is there.

Sj. Mohitosh Rai Choudhuri: So it comes to this that the recommendation as regards the minimum scale of salary has been granted almost *in toto* 99 per cent.

[11-30—11-35 a.m.]

Then as regards dearness allowance. What was the resolution of the Board? It was to increase the amount paid towards dearness allowance of such teachers immediately to the level of the dearness allowance paid to the Government teachers in West Bengal, namely, Rs. 35. Government must pay Rs. 35 as dearness allowance to all school teachers. In this matter it is regrettable that the Government

[Sj. Mohitosh Rai Chowdhuri.]

could not come to the same decision which they have now reached a little earlier. However, it is very easy to be wise after the events happen. Whatever may be the reason I do not know and possibly as my friends were telling me it appears from the statement of the Chief Minister—the Chief Minister was not sure of his finance. He went to Delhi and after coming from there, getting an assurance from the Central Government for more funds, he was agreeable to pay more dearness allowance. Whatever might be the cause, now the position is that as against the resolution of the teachers' demands for Rs. 35—Rs. 27-8 they will now get leaving Rs. 7-8 to be met by the Managing Committees out of their own funds. I have been hearing all these days that people in general and my friends here are all very sympathetic to the teachers' cause. Many are shedding bucketful of tears for the teachers. During the last two years I have been telling the people here and outside that if the condition of the teachers—the deplorable condition of the teachers is to be improved, co-operation of the Government and of the people is equally necessary. Our talks about the miserable lot of the teachers are all bunkum, insincere, hypocritical, for we are ready to spend money for everything but the very moment there is a talk about making some contribution to the school funds in order to give the teachers a living wage, we all oppose it. I was President and Secretary of many educational institutions and also founder of a college. It was my misfortune that whenever there was any talk about enhancement of fees even by 2 annas, 3 annas, or 4 annas protests used to come from everywhere. The beauty of it is that some guardians used to send petitions like "As I have got to appoint a private tutor at home to coach my son and as that will cost me Rs. 15 or Rs. 25 a month, therefore, Sir, give me a concession of a half-free or full free studentship". We are not willing to spend a single farthing when there is any talk about the enhancement of school or college fees.

(At this stage the blue light was lit but the honourable member was allowed to finish his speech.)

[11-35—11-40 a.m.]

However, Sir, I have to be brief. Whatever may have been the omissions and commissions of the Government in the past, whatever the degree of procrastination the Government might have been guilty of in the past, after the announcement of this relief I find no justification on the part of my teacher friends to continue the strike. I know I will become most unpopular and I would even incur the displeasure of many of my friends—election is impending, I know, but I do not care for it; I am an old man of 64 having devoted more than 38 years of my life to the cause of education and having tried in my own humble way to improve the condition of the teachers for more than 30 years. It pains me, it brings tears into my eyes to see how things are taking place today. Poor teachers are being exploited for party aims for the struggle for political power. Yesterday, my friend Sir Debendranath Mukherjee showed with great regret what havoc was being done to the cause of education by the strike. Sir, I have intimate touch with many teachers. Recently I had occasion to visit the districts of Nadia and Murshidabad, and I came in contact with hundreds of teachers, and I was told by all of them that they did not approve of the way in which the teachers' movement was being carried out. They are in favour of a strike, and I am also in favour of a token strike, for two or three days in order to impress not only upon the Government but on the public at large the necessity of doing their duty. My grievance against the public, educated people as well as everybody else in the country, is

this that they do not actually sympathise with the teachers. They are not willing and not ready to spend voluntarily even a farthing to improve the condition of the teachers. Sir, the sincerity of a man can be accurately tested by only one thing, by the amount of sacrifice he is willing to make. Our countrymen today, I feel ashamed to find, are not willing to pay any single farthing to give relief to the teachers. So, in order to impress upon their countrymen, in order to impress upon the Government, the necessity for redressing their grievances, a strike for two or three days by the teachers is permissible.

Sir, my time is up and I would conclude by saying one word more. Two things strike one as I said in reviewing the disgraceful events which have happened. One has been already dealt with by me. The other is the inefficiency of the police. What were the police doing? The havoc done by the hooligans two or three days back is simply indescribable. I walked six miles on that fateful nights along the different streets of Calcutta and what I found was most horrible. All the street lamps in Chowringhee and many other streets were smashed. Buses were burning, tram cars were burning. I find from the papers this morning that nearly Rs. 10 lakhs worth of property belonging to the nation has been lost. It could not have been done all on a sudden by the masses. It must have been done in an organised manner. There must have been brain behind it. Events which happened in Calcutta on that day within half an hour of the break of the procession could not have been done spontaneously and on the spur of the momentary excitement, as has been suggested by some of my friends. What were the police doing when preparation were being made for these lootings and burnings?

[11-40—11-45 a.m.]

What was the police doing? I understand that many of the members of the police force today used to work in the British days. In those days they could detect crimes even if designed or committed in the darkest spots of secrecy. But what do they do now? Could not they give any report to the Government about the preparations that were being made? Sir, what conclusions will one draw? The conclusion is that either the rank and file of the police—most of the members of the police—have become all on a sudden inefficient or, what is more dangerous, they have been affected by the virus of subversive politics which means that they are not loyal to the Government—not loyal to the country. I ask the Government humbly to look into the matter very carefully. As the time is short, I will leave other things to be discussed during the Budget time. So with these remarks I would support the motion of thanks to the Governor for his speech. I would also appeal to members irrespective of the parties to which they belong to exert their influence so that the disgraceful spectacle which we have witnessed at the time of the Governor's address may not recur and the teachers' strike is terminated.

Sj. Kamini Kumar Ghose: Mr. Chairman, Sir, I wholeheartedly associate myself with the address that has been proposed to be given to His Excellency the Governor for his most excellent speech. This speech, Sir, which was interrupted even before he commenced, has been highly welcomed by different sections of the people. It is a matter of regret that most of my friends on the opposite side behaved in a manner utterly unbecoming of the members of the Legislature when his Excellency rose to deliver his speech and this want of courtesy on their part is something that is unusual and I should say unique in the history of this House. I am glad to find that Sri Charu Sanyal of the opposition has denounced today this conduct on the part of his colleagues. Sir, the speech of the Governor strikes a most cheerful note at the very outset when he

[Sj. Kamini Kumar Ghose.]

says that he was happy to notice a brighter outlook on the food front and that the Government have taken every step towards gradual de-control of food grains. Sir, the speech contains among other things a reference to the prospect of a number of development schemes which are so vitally necessary for the building up of a happy and prosperous future. Some of the honourable members on the other side, however, have chosen to be very loud in condemning all the different aspects in his speech. Sir, almost all the amendments of the Opposition have referred to teachers' strike and regretted the omission of any reference in the Governor's speech of the same. As my friend Dr. Bijon Bhattacharyya has said the omission of any reference is due to the fact that negotiations were going on for an honourable compromise.

[11-45—11-50 a.m.]

The representatives of the Headmasters' Association and the representatives of the Board of Secondary Education waited on deputation to the Chief Minister and tried to impress upon him the necessity of complying with the requests of the teachers and the last statement by the Chief Minister practically concedes everything that the Headmasters' Association suggested. The teacher members of the Assembly and the Council and the Secretaries and Presidents of schools who are on the legislature also met and represented to the Chief Minister the views regarding what should be done to meet the demands of the teachers. In this connection I would refer to two other statements issued by the Chief Minister on February 6 and 14. I do not agree with Prof. Rai Choudhuri when he says that the resolution of the Executive Council of the Board of Secondary Education might be put before the Board for approval. But it does not matter whether the resolution regarding dearness allowance was of the Executive Council or of th Board. The fact remains that th teachers are ill-paid and the require help from the Governmen to enable them to make both end meet.

So far as the other demands o teachers are concerned there wer only two points where the teacher differed and they pressed upon th Government to see that these tw points were also conceded, namel the salary of the teachers who ar un-trained under-graduates an pass-course graduates. The Chie Minister in his last statement ha agreed that the un-trained under graduates would get Rs. 60 instea of Rs. 50 and these pass-cours graduate teachers if they had 1 years' experience would get th benefit of a trained graduate' salary. So practically all the point urged by the teachers' represen tatives have been conceded b the Government and so far a dearness allowance is concerned th demand was that they wante Rs. 35 as dearness allowance. O course there are certain school that can and I think most of th schools cannot afford to pay mor than Rs. 5 as dearness allowance So the difficulty was that if th demand was to be conceded, Gov ernment would have to pay in mos cases Rs. 30, so that the total migh come up to Rs. 35. But th proposal that has been put forwar by the Government, namel Rs. 17-8 by the Government an Rs. 17-8 by the Managing Com mittee appears to be reasonable i the sense that the Managing Com mittees also have got certain dutie to perform and they also supple ment the offer that has been made by the Government. I had a talk with some of the teachers who are organizing this movement, and I find that some of them are satisfied with these offers. One of my friends on the opposite said that some of the big schools in Calcutta pay Rs. 25, Rs. 30, Rs. 45 as dearness allowance. But such instances are rare. Most of the schools are not able to pay.

Sj. Charu Chandra Sanyal: There are many schools who pay. I can give you the names if you like.

Sj. Kamini Kumar Ghose: Not many schools pay Rs. 35 to Rs. 40. So far as my school is concerned it was paying Rs. 40 up to last year. Rupees 15 was merged in salary and we are giving at the rate of Rs. 25 dearness allowance. There are other schools which are giving Rs. 30. I think the number of such schools is not more than 30 or 35 in the whole of Calcutta. At any rate the difficulty was there. There are many schools who are not able to pay Rs. 17-8 from their funds. The Chief Minister has agreed that at the middle of the session it would not be possible for such schools to increase their school fees or to raise funds from other sources. So he has agreed that the Government would pay Rs. 17-8 even though the school is paying Rs. 10 as in the last year. It will be evident from the report that has been received from the Government that only 28 schools are not able to pay Rs. 10 and the Chief Minister has also said that if there were such schools that were not actually able to pay so much he would consider those cases, and I think that would practically solve the problem. And taking all these facts into consideration I find that the proposal put forward by the Government on the 16th February will be acceptable to most of the teachers if not all. The Chief Minister says in unequivocal terms that he is not satisfied with what has been done or even what is proposed to be done with regard to education.

[11-50—11-55 a.m.]

He says "I do not feel that any one should be complacent regarding these achievements. A Welfare State necessarily implies increasingly larger expenditure on social services—particularly when they are set up for the purpose of ensuring an intelligent, disciplined and healthier set of men and women to carry the burden of the State in future years". That shows the sincerity of the Chief Minister with regard to what he can do and what he means to do for the lot of the teachers. My esteemed friend Sj. Debendranath Mukherjee rightly said yesterday that if the last announcement had been made a little earlier much of the unpleasant incidents could have been avoided. It is evident from his statement that the Chief Minister is anxious to see that the legitimate grievances of teachers are redressed. But at the same time it must be admitted that no Government can tolerate the ugly situation that has been created by the mean tactics adopted by the so-called sympathisers. The teachers have all along been peaceful. But all on a sudden a group of sympathisers—I mean a group of political agitators took it into their head to utilise the movement of peaceful teachers for creating chaos in the city and thus embarrassing the Government in carrying on the administration of the land. I am glad to find that Prof. Rai Choudhuri has come forward to denounce the action on the part of the political agitators. I can tell this so-called friends that teachers may be meek and mild but they are not fools. They will soon see through their designs and keep themselves aloof from such friends.

Lastly, I would say, Sir, that the last offer that has been made by the Chief Minister appears to be acceptable to most of the teachers and I do not wish to go into details as to the merits of the different items. I would appeal to all concerned—Government and the teachers—that the deadlock in the education that has been created by the teachers' strike may be removed at an early date. Government might release the teachers who have been arrested—I say teachers as there are many outsiders who have been arrested for acts of violence and the teachers may do so by withdrawing the call for strike.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Mr. Chairman, Sir, I rise to speak in support of the

[Sj. Nirmal Chandra Bhattacharyya.]

amendment of which I have given notice. In doing so I thought that I would confine myself to some very brief remarks but I find myself unable to do so. I thought, Sir, that since we are meeting under the shadow of death the members opposite would conduct themselves with decorum and would refrain from giving expression to feelings which would lead to inflaming public sentiments and create ill-feeling among various sections of the people. They have not however done so. The manner in which some members have conducted themselves during the debate leads me to think that they want possibly in their heart of hearts the recrudescence of the incidents that began on the 16th of February. Sir, we want to discuss this problem in a calm atmosphere and we think that the situation that faces us today demands the highest statesmanship and cool judgment. This cool and calm atmosphere has not been created by the provocative utterances of some of the members opposite. Mr. Sankar Das Banerji in his usual pompous and pontifical manner has enunciated certain proposition which perhaps a member of the Gestapo of Hitler would have done. In the course of his speech he thought fit to say that "Some day greater killing may be necessary". I have compared my note of his speech with the typescript of his speech which I have now in my hand. Sir, he did not stop there. He went further. He thought that "whipping was necessary." Does he think that all these utterances are likely to lead to the creation of a peaceful and calm atmosphere in the country?

[11-55—12 noon.]

Sir, he has done me the honour of referring to my amendment or part of my amendment in which I mentioned repressive laws, and he seems to think that the situation as it existed before the incidents of the 16th of February demanded the continuation of those laws. Sir, I would humbly submit to you that these repressive laws are really responsible for the troubles that you see all round you today. You cannot continue to repress the people and then expect them to sit idle. Sir, the people are without enough food, without enough clothing, without proper shelter, and over and above that you shower upon them all kinds of repressive laws beginning with the Preventive Detention Act. Do you expect them to remain quiet all the time?

Sj. Sankar Das Banerji: Will you say how many times that law has been put into force last year? If you have any material, give us.

Sj. Nirmal Chandra Bhattacharyya: I have. Unfortunately there is no time for that. If the Chairman will give me time, I will satisfy you fully.

Sj. Sankar Das Banerji: You need to give the figure.

Sj. Nirmal Chandra Bhattacharyya: We are now hungry. The Chief Minister will have to provide us with lunch.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Shri Mohitosh Rai Choudhuri may like to speak.

Sj. Mohitosh Rai Choudhuri: t is now half-past twelve. I will ake at least 40 minutes. So it ould be better if we begin tomorrow.

Mr. Chairman: You start now nd you may speak for ten minutes. 'omorrow you may continue your peech.

12-25—12-30 p.m.]

Sj. Mohitosh Rai Choudhuri: মাননীয় পরিষদপাল মহাশয়, আমি ঘণ্টাময়ী াষায় বক্তৃতা করে কি ভাবে পশ্চিমবঙ্গ সরকারের াসিত এই রাষ্ট্র ধ্বংসের পথে অগ্রসর হচ্ছে সেকথা লবার জন্যে আমি এখানে উঠিনি। আমার চরম-ষ্ঠী বন্ধুগণের বিশেষতঃ কম্যুনিষ্টদের এবং অধ্যাপক ীযুক্ত নির্ম্মল চন্দ্র ভট্টাচার্য্য মহাশয়ের উপর সে ার অর্পণ করলাম। আমি কনস্ট্রাকটিভ কথা —শিক্ষা য়ে এবং ইনডাষ্ট্রী নিয়ে সামান্য কিছু বলে আমার ক্তব্য শেষ করব। অবশ্য বলার বিশেষ আগ্রহ াই, কারণ যা বলা হয় তা যে কেউ শুনেন তা ামার মনে হয় না। সুতরাং বলার জন্যে প্রথম কে যে উৎকণ্ঠা, যে আকাঙ্ক্ষা, যে ব্যগ্রতা ছিল া আজ ২ বৎসরের পরে আর প্রায় নেই বললেই য়। বিশেষতঃ যা বলব তা যখন শিক্ষা সম্বন্ধে এবং যং শিক্ষামন্ত্রী মহাশয়ই যখন উপস্থিত নেই। তবে শিক্ষামন্ত্রী মহাশয় আমার বিশেষ বন্ধু, তিনি থাকলেও য খুব বেশী কিছু কাজ এগোত তা বলতে পারি না। ারণ, তিনি হলেন ডিজিওর মন্ত্রী, ডি ফ্যাক্টো ার একজন যিনি আছেন—অবশ্য প্রধান মন্ত্রীর কথা লছি না—তিনি যদি এখানে থাকতেন তাহলে হয়ত কিছু হত। ডিজিওর, ডি ফ্যাক্টো কেউ উপস্থিত নই। যা হোক ১০ মিনিট কাল যখন আমাকে লতেই হবে, তখন গোবচন্দ্রিকা না ক'রে আমার ক্তব্য বলবো। আমার প্রথম কথা ঘাটতি বাজেট য়েছে বলে আমি কোন ভয়ের কারণ দেখি না। ামার বন্ধু অন্নদা প্রসাদ চৌধুরী মহাশয় কাল এ বিষয়ে সঙ্গত কথাই বলেছেন। দেবেন বাবু আজ া বল্লেন তাও খাঁটি কথা। বাজেট ঘাটতি বলে ভয় করবেন আবার প্রত্যেক বিভাগে দেশের উন্নতির ন্য বেশী টাকা চাইবেন এ দুটো পরস্পর বিরোধী। ঘাটতি বাজেটকে আমরা নিন্দা করতে পারি তখনই যখন আমরা দেখাতে পারি যে এমন সমস্ত ব্যয় করা হচ্ছে যে ব্যয় না করাই উচিত ছিল, যে ব্যয় অপব্যয়ের নামান্তর মাত্র। যতক্ষণ পর্য্যন্ত আমরা তা না দেখাতে পারি ততক্ষণ পর্য্যন্ত ঘাটতি বাজেটকে আমরা নিন্দা করতে পারি না। কারণ আমরা দেশের উন্নতি চাই এবং দেশের অগ্রগতির জন্য অনেক সময় আয় অপেক্ষা ব্যয় বাড়াতে হয়। অবশ্য ঘাটতি বাজেট করার পর একটা প্রশ্ন আসবে সেই ঘাটতি পূরণ হবে কি করে? দেনা শোধ হবে কি করে। আমার দৃঢ় বিশ্বাস দেনা শোধ হয়েই যাবে। কারণ দেশের চারিদিকে যে উন্নতির চিহ্ন দেখে আসলাম বিশেষতঃ কিছুদিন পূর্ব্বে দামোদর ভ্যালিতে যা দেখে এলাম তাতে নিশ্চিত ভাবেই মনে হ'চ্ছে যে নূতন বাংলা আসছে তার চিহ্ন সেখানে সুপরিস্ফুট হয়ে উঠেছে। (ক্রাইজ—হিয়ার, হিয়ার) সুতরাং আমি আশা করি কিছুকাল পরে দেশের অবস্থার এমন উন্নতি হবে যাতে দেশের লোক যে নিউ জেনারেশন দেশে আসবে তারা আমাদের এই ঘাটতি বাজেটের জন্য নিশ্চয়ই অভিশাপ দেবেন না। যে সমৃদ্ধতর বাংলা আসবে তার সমৃদ্ধি ও সম্পদ থেকেই এই দেনা শোধ হয়ে যাবে। কেউ কেউ একথা বলেছেন যে ঘাটতি বাজেট করলে কেন্দ্রীয় সরকার থেকে আমাদের ঋণ নিতে হবে তাতে আমাদের স্বাধীনতা নষ্ট হবে এবং অন্যান্য অবাঙ্গালী গভর্ণমেণ্ট তারা আমাদের উপরে প্রভাব বিস্তার করবে। কিন্তু তারা একথাটি ভুলে যান যে বাঙ্গালীকে এত সহজে কাবু করার কারো সাধ্য নাই। (ক্রাইজ—হিয়ার, হিয়ার) সুতরাং বাঙ্গালী কারো পদানত হবে সে সম্ভাবনা আমরা মোটেই দেখি না। এবং সে আশঙ্কায় আমি ভীত নই। সুতরাং ডেফিসিট বাজেটএর জন্য ভয়ের কোনও কারণ নেই।

[12-30—12-35 p.m.]

তারপর এই যে বাজেট এ একটা সমুদ্র বিশেষ। সমুদ্রে ডুব দিয়ে যেমন রত্ন সংগ্রহ করা কষ্টকর ব্যাপার তেমনি এই বাজেট সমুদ্র থেকেও তথ্যাদি বের করা কঠিন ব্যাপার। আমি কয়েকদিন ধরে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ইকনমিকস বড় বড় পণ্ডিত বন্ধুদের সাথে এ বিষয়ে আলোচনা করেছি। তাঁরা সবাই বলেন যে এর তল পাওয়া যায় না, কোথায় কি আছে এর মধ্যে তা বিশেষ কিছুই বোঝা যায় না। এখানে ডাঃ রায় আছেন তিনি তো উইজার্ড অব ফাইনান্স এবং আমার আরও কয়েকজন সহযোগী যেমন আমাদের বন্ধু অন্নদা বাবু আছেন,

he was also one of the wizards of finance in the days of the first West Bengal Ministry.

তারা অবশ্যই এ বাজেটের কোথায় কি আছে তা বোঝেন ও বুঝবেন।

The Hon'ble Sj. PRAFULLA CHANDRA SEN:

অন্নদা বাবুও ভুল দেন না, সাঁতার কাটেন।)

[Sj. Mohitosh Rai Choudhuri.]

আমরা আশেপাশে যারা আছি তারা সাঁতারই কাটছি বটে কিন্তু বিশেষ কোন ওয়েষ্ট বা অপব্যয় তো এর মধ্যে কিছু দেখছি না। বাজেটের একটা বিষয়ে আমরা প্রায় সকলেই সমালোচনা ও প্রতিবাদ করে থাকি, সেটা হচ্ছে এই যে পুলিশের ব্যয় বড় বেশী বেড়েছে, আর উচ্চতম কর্ম্মচারীদের বেতনও বড় বেশী বাড়ছে। আমি কিন্তু এই বিষয়ে বিশেষ আলোচনাও চিন্তা করে অন্য সিদ্ধান্তে উপস্থিত হ'য়েছি। পুলিশ সম্বন্ধে আমরা যে ব্যয় করছি আমার মনে হয় না সেই ব্যয় অপব্যয়। আমি পূর্ব্ববঙ্গবাসী, পূর্ব্ববঙ্গ থেকে বিতাড়িত বল্লেও অত্যুক্তি হয় না। পূর্ব্ববঙ্গ ও পশ্চিমবঙ্গের মধ্যে যে সুদীর্ঘ সীমা রেখা এবং এই সীমান্তে যে বিপদের সম্ভাবনা রয়েছে তাতে এই পুলিশের জন্য যে ব্যয় হচ্ছে সেটা অন্যায় বলে আমি মনে করি না। (ক্রাইজ—হিয়ার হিয়ার) তবে আমার পুলিশ সম্বন্ধে একটা কথা বলার আছে। আমার মনে হয় পুলিশের ইনএফিসিয়েন্সী, ক্রমেই বেড়ে যাচ্ছে। গত জুলাই মাসে যে রায়ট হয়েছিল তাতে এবং এবারকার ডিষ্টাবরেন্সএর সময় যা দেখা গেছে তাতে মনে হয় পুলিশের এফিসিয়েন্সী আগের চেয়ে অনেক কমে গিয়েছে। টেগার্টএর আমলের পুলিশের হয়ত অনেক দোষ ছিল কারণ ইংরাজ সরকারের নীতি ও পলিসি অনুসারেই পুলিশ তখন নিয়ন্ত্রিত হত। কিন্তু তখনকার সময়ে পুলিশের যে এফিসিয়েন্সী দেখা গেছল সেই এফিসিয়েন্সী আজ কোথায় গেল? গত জুলাই মাসের রায়টএর সময় আমি ৭ থেকে ১০ মাইল পায়ে হেটে দেখেছি এবং এবারও সেদিন ৭।৮ মাইল পায়ে হেটে দেখেছি সমস্ত চৌরঙ্গী, উড্ ষ্ট্রীট, ধর্ম্মতলা ধরে হেটে দেখেছি, চোখের সামনে যা দেখেছি তাতে বিশ্বাস হয় না যে হঠাৎ কতকগুলি মানুষ ক্ষেপে গিয়ে এই কাণ্ড করেছে। মনে হয় একটা অর্গানাইজড এফর্ট এর পেছনে ছিল। কিন্তু আগেকার সেই পুলিশের এফিসিয়েন্সী কোথায় গেল? আগের দিনে কোথাও কোন সুদূর নিভৃতেও যদি কেউ ইংরেজের বিরুদ্ধে কোনও ষড়যন্ত্র করতো এমন কি শাসনবিরোধী কোন কাজ করবার চিন্তা পর্য্যন্ত করতো, পুলিশ তাদের ধরে ফেলতো সেই পুলিশ এখন কোথায় গেল? কয়েকজন উচ্চপদস্থ পুলিশ কর্ম্মচারীর সঙ্গে আমি এ বিষয়ে আলোচনা করেছিলাম, তাঁদের জিজ্ঞাসা করেছিলাম আগেকার যে সমস্ত পুলিশ অফিসার ছিলেন তারা কি এখন নেই?

[12-35—12-40 p.m.]

তাঁর উত্তরে তাঁরা ব'লেছিলেন, না তাঁরা অনেকেই আছেন, আগেকার মত এখনও তাঁরা তা করতে পারেন, কিন্তু দুই কারণে তাঁরা আজ আর কাজ করে উঠতে পারেন না। প্রথম হচ্ছে যে পুলিশের কাজকর্ম্মে কর্ত্তৃপক্ষের নিকট থেকে আজ আর কোনো পুরস্কার বা তিরস্কার কিছুই লভ্য নেই। টেগার্ট সাহেবের আমলের একজন মন্তবড় আই, বি, অফিসারকে সেদিন জিজ্ঞাসা করেছিলাম, কেন এখন এমন হয়? কেন আপনারা পূর্ব্বের মত এফিসিয়েন্সী দেখাতে পারেন না? কেন আপনারা পূর্ব্বাহ্নে ষড়যন্ত্রকারী দুর্ব্বৃত্তদের খবর কর্ত্তৃপক্ষকে দিতে পারেন না? যদি আপনাদের কোনও ব্যক্তিগত অভিযোগ থাকে যে আপনারা কোনও খবর দিলে আপনাদের উপরের কর্ম্মচারী নিয়ন্ত্রিত থাকেন বা কোনও প্রতিপত্তিশালী মহল থেকে বাধার সৃষ্টি হয় তবে কেন আপনারা তা প্রধানমন্ত্রীকে জানান না? তিনি বললেন, আমরা ইনএফিসিয়েণ্ট হই নাই, আমরা সব খবরই জানতে পারি, জানিও অনেক সময়। কিন্তু আজকাল খবর নেওয়ার আর ইচ্ছা হয় না অনেক কারণে। এই ত গেল পুলিশের বড় কর্ম্মচারীদের কথা। তারপর অধঃস্তন পুলিশ কর্ম্মচারীদেরও কাজের তেমন কোন ইনসেনটিভ নাই। বোধ হয় আগে যা বলেছি কাজে পুরস্কার বা তিরস্কার কিছুই নেই সেই কারণে। একটু ভুল ব'লেছি বোধ হয় পুরস্কার তো নাইই বরং তিরস্কারই তাদের বেশী সহ্য করতে হয়। যখনই কোন রায়ট আর ডিষ্টাবব্যান্স হয় তখন কিছুকাল গণ্ডগোল চলে কিন্তু পরে পুলিশই ত কন্ট্রোল করে। অথচ কন্ট্রোল করতে গিয়ে সামান্য একটুও যদি ভুল ত্রুটী হয় সেজন্য তাদের তীব্র নিন্দা ও তিরস্কার সহ্য করতে হয়। এতে তাদের মর্য্যাল নষ্ট হ'য়ে যায়, কাজে আগ্রহ থাকে না। এই কারণে কিনা জানি না তবে এবারকার গোলমালে নিজের চোখে যা দেখলাম তা হচ্ছে এই যে এমন সব ঘটনা হয়েছে যেখানে পুলিশ দাঁড়িয়ে আছে অথচ দুর্ব্বৃত্তদের কাজে কিছুমাত্র বাধা দিচ্ছে না। নিজের চোখে দেখেছি হ্যারিসন রোডে একটা বাস পুড়িয়ে দিচ্ছে অথচ পুলিশ কিছুই করছে না। একজন আই, সি, এস, অফিসারের সঙ্গে সেদিন দেখা হ'লো, তিনিও বল্লেন যে ধর্ম্মতলায় একটা ট্রাম তিনি নিজের চোখে পুড়তে দেখেছেন। সেখানে কয়েকজন লোক পেট্রোল নিয়ে এসে বাসের ভিতর আগুন দিল কিন্তু সাধারণ লোক তো তাদের বাধা দিবার জন্য কিছু করলেই না পুলিশের লোকও সেখানে ঠায় দাঁড়িয়ে রইল। কেন এমন হয়

তা আজ বিশেষ করে ভেবে দেখা দরকার। আমার মনে হয় পুলিশের অধঃস্তন কর্ম্মচারীরা

have been affected with the virus of subversive politics.

এর কারণ কি? আমি শুনেছি ইনফিলট্রেশন অব এক্সট্রিম লেফ্‌টিষ্ট পলিটিক্স পুলিশ সার্ভিসএর ভেতর হয়েছে। আমি প্রধানমন্ত্রী মহাশয়কে এ বিষয়ে বিশেষভাবে অবহিত হওয়ার জন্য বলছি। এই গেল পুলিশের কথা। তারপর বাজেট সম্বন্ধে আর যা মনে হচ্ছে ব'লবো। আমরা দেখছি পুলিশ বাজেটের চেয়ে এডুকেশন বাজেটে বেশী ব্যয়বরাদ্দ হয়েছে এটা সত্যই আনন্দের কথা।

Adjournment.

The Council was then adjourned at 12-40 p.m. till 9-30 a.m. on Friday, the 26th February, 1954, at Legislative Buildings, Calcutta.

Members absent.

Banerjee, Sj. Sunil Kumar,
Bhattacharjee, Sj. Durga Kinkar,
Bose, Sj. Subodh Kumar,
Roy, Sj. Surendra Kumar, and
Sarkar, Sj. Pranabeswar.

COUNCIL DEBATES

Friday, the 26th February, 1954.

THE COUNCIL met in the Legislative Chamber of the Legislative Buildings, Calcutta, on Friday, the 26th February, 1954, at 9-30 a.m. being the 8th day of the Fourth Session, under the Constitution of India.

Mr. Chairman (the Hon'ble Dr. SUNITI KUMAR CHATTERJI) was in the Chair.

[9-30—9-35 a.m.]

QUESTION

(to which oral answer was given)

Number of cases dealt with by Labour Tribunals.

9. Sj. Nirmal Chandra Bhattacharyya: Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased—

(*a*) to state the number of cases dealt with by Labour Tribunals in 1951, 1952 and 1953 showing the figures of each year separately; and

(*b*) to indicate the number of decisions that were wholly or partially in favour of the unions or individual workers or employees involved?

Minister-in-charge of the Labour Department (the Hon'ble Kali Pada Mookerjee): (*a*) and (*b*) A statement is laid on the Table.

Statement referred to in reply to question No. 9.

Year.	Number of cases dealt with by Labour Tribunals.	Decisions made in favour of unions or individual workers or employees involved.	
		Wholly.	Partially.
1951	118 (under section 10 of I. D. Act)	19	59
	76 (under section 33A of I. D. Act)	13	20
	932 (under section 33 of I. D. Act)	77	22
1952	148 (under section 10 of I. D. Act)	32	82
	135 (under section 33A of I. D. Act)	12	30
	1,046 (under section 33 of I. D. Act)	11	16
953	181 (under section 10 of I. D. Act)	32	95
(up to	138 (under section 33A of I. D. Act)	6	41
31-10-53).	186 (under section 33 of I. D. Act)	9	20

Messages from Assembly.

The Secretary to the Council (Sj. A. R. Mukherjea): Sir, the following messages have been received from the West Bengal Legislative Assembly, namely:—

(1)

"*Message.*

The West Bengal Premises Rent Control (Temporary Provisions) (Amendment) Bill, 1954, as passed by the West Bengal Legislative Assembly at its meeting held on the 22nd February, 1954, has been duly signed by me and is annexed herewith. The concurrence of the West Bengal Legislative Council to the Bill is requested.

CALCUTTA:
The 23rd February, 1954.

S. K. MUKHERJEE,
Speaker,
West Bengal Legislative Assembly."

(2)

"*Message.*

The West Bengal Molasses Control (Amendment) Bill, 1954, as passed by the West Bengal Legislative Assembly at its meeting held on the 22nd February, 1954, has been duly signed by me and is annexed herewith. The concurrence of the West Bengal Legislative Council to the Bill is requested.

CALCUTTA:
The 23rd February, 1954.

S. K. MUKHERJEE,
Speaker,
West Bengal Legislative Assembly."

(3)

"*Message.*

The Bengal Local Self-Government (Amendment) Bill, 1954, as passed by the West Bengal Legislative Assembly at its meeting held on the 22nd February, 1954, has been duly signed by me and is annexed herewith. The concurrence of the West Bengal Legislative Council to the Bill is requested.

CALCUTTA:
The 23rd February, 1954.

S. K. MUKHERJEE,
Speaker,
West Bengal Legislative Assembly."

(4)

"*Message.*

The Bengal Excise (Amendment) Bill, 1954, as passed by the West Bengal Legislative Assembly at its meeting held on the 22nd February, 1954, has been duly signed by me and is annexed herewith. The concurrence of the West Bengal Legislative Council to the Bill is requested.

CALCUTTA:
The 25th February, 1954.

S. K. MUKHERJEE,
Speaker,
West Bengal Legislative Assembly."

(5)

"*Message.*

The West Bengal Estates Acquisition (Amendment) Bill, 1954, as passed by the West Bengal Legislative Assembly at its meeting held on the 23rd February, 1954, has been duly signed by me and is annexed herewith. The concurrence of the West Bengal Legislative Council to the Bill is requested.

CALCUTTA:
The 25th February, 1954.

S. K. MUKHERJEE,
Speaker,
West Bengal Legislative Assembly."

Sir, I lay on the table copies of the Bills.

General discussion of the Budget.

Mr. Chairman: Let us now resume our discussion on the Budget.

[9-30—9-35 a.m.]

Sj. Mohitosh Rai Choudhuri:

কালকে পুলিশ প্রসঙ্গে আলোচনা করতে গিয়ে আমি বলেছিলাম সাধারণতঃ ব্যয় সংকোচের উদ্দেশ্যে বলা হয় পুলিশ কমাও। উত্তরে আমি বলেছিলাম পুলিশের ব্যয় কমানোর বিশেষ কোনও স্কোপ নেই। আর একটা কথাও বলা হয় আমাদের গভর্ণমেণ্ট সারভিসএ যাঁরা আছেন তাঁদের অধিকাংশেরই বেতন অত্যন্ত বেশী, তাঁদের বেতন কমিয়ে যে টাকা পাওয়া যাবে সেই টাকাতে আমাদের শিক্ষা ও স্বাস্থ্য ও অন্যান্য বিষয়ের উন্নতি কর। এ সম্বন্ধে আমার প্রথম বক্তব্য হচ্ছে আজকের দিনে দু-চারটা উপরের পোষ্ট ছাড়া, নীচের দিকে যে সকল পোষ্ট আছে, তার বেতন কমান যায় না, এ-কথা সকলের অনুধাবন করে দেখা উচিত। পূর্ব্বে সাবডিনেট সার্ভিসএর মাহিনা ২৫০৲ টাকা পর্য্যন্ত ছিল; আজ সেটা বেড়ে ৪০০৲ টাকা হয়েছে। ডেপুটি ম্যাজিষ্ট্রেটএর মাইনে ৭৫০৲ টাকা পর্য্যন্ত ছিল, সেখানে মাত্র ১০০৲ টাকা বেড়েছে, অথচ খরচ বেড়ে গিয়েছে চার, পাঁচ, ছয় গুণ। এই রকম গভর্ণমেণ্ট অফিসার আরও যাঁরা আছেন তাঁদেরও মাহিনা বেশী বাড়েনি, অথচ খরচ অনেক বেশী বেড়ে গিয়েছে। আই, সি, এস-এর সমশ্রেণীভুক্ত অফিসারদের মাহিনা ত আগের চেয়ে কমেই গেছে। আই, সি, এস, পোষ্টের বেতন আগে আড়াই হাজার থেকে তিন হাজার ছিল। আর আজ যাঁরা এ্যাডমিনিষ্ট্রেটিভ সার্ভিসে আসছেন তাঁদের মাইনে ১,৬০০ টাকা হয়ে গিয়েছে। ফলে এই হয়েছে যে দেশের ভাল ভাল ছেলেরা গভর্ণমেণ্ট সার্ভিসএ আসছে না বা আনইইলিংলি আসছে। তারা গভর্ণমেণ্ট সার্ভিসের বদলে মার্কেনটাইল ফার্মএ যেতে চায়। আপনারা আজকাল দেখে থাকবেন যারা বাধ্য হয়ে এই সমস্ত সার্ভিসএ আসে তাদের কেউ কেউ অসৎ পথ অবলম্বন করতে বাধ্য হয়। এর কারণ কি? কারণ অভাব। মফঃস্বলে মুন্সেফ, এস, ডি, ও, ইঞ্জিনিয়ার প্রভৃতি কর্ম্মচারীদের যদি পদমর্য্যাদা বজায় রেখে বেঁচে থাকতে হয় তাহলে তাদের যে বেতন দেওয়া হয় তাতে চলে না। সব-ডিপুটি, সার্কেল অফিসার, সব-রেজিষ্ট্রারদের অবস্থা আরও শোচনীয়। দেড়শো, দুশো টাকা বেতনে কি করে তাঁদের চলতে পারে? সুতরাং আমরা যে বেতন কমাও বলি অধিকাংশ ক্ষেত্রেই তা করা সম্ভবপর নয়। অবশ্য কতকগুলি উচ্চপদ আছে তার বেতন আপনারা কমাতে পারেন কিন্তু সেই বেতন কমিয়ে যে উদ্বৃত্ত অর্থ হবে, তা এত সামান্য যে তার দ্বারা আমাদের যে বিরাট সমস্যা তার এক বিন্দুও সমাধান হবে না। অবশ্য তাই বলে আমি বলছি না যে যাদের বেশী বেতন আছে, তাদের সকলের সেই বেতন থাকুক। তবে আমাদের অধিকাংশ লোকের মনে এ বিষয়ে যে ভ্রান্ত ধারণা আছে সেটা নিরশন করা একান্ত আবশ্যক।

আজকের দিনে যদি আমরা সকলেই মহাত্মা গান্ধীর প্রদর্শিত সরল জীবনযাত্রার পন্থা অবলম্বন করতে পারতাম, সকলেই যদি তাঁর বৈরাগ্যের আদর্শে অনুপ্রাণিত হতে পারতাম, তাহলে এই সকল গভর্ণমেণ্ট সার্ভিস হোল্ডারদেরও পারিশ্রমিক কমানর কথা বলতে পারতাম। কিন্তু কেউই আমরা তা করতে প্রস্তুত নহি। সুতরাং উচ্চ আদর্শের বুলি আউড়ে ত্যাগের বড় বড় কথা বলে নিজেদের প্রতারিত করা উচিত নয়।

[9-35—9-40 a.m.]

আসল সমস্যা হচ্ছে আমাদের অর্থের। এই অর্থ যে কি করে আসবে আমি ভেবে পাই না। গতবারে আয় ছিল ৩৭ কোটী টাকা, এবারে সেখানে দেখছি ৪০ কোটী টাকা। একটা কথা মনে পড়ে গেল। এক জন এক পয়সার দুধ কিনলেন তা দিয়ে কি করবেন। বাড়ীতে একজন কেশোরোগী আছে, নাম সনাতন, তাকে একটু দিতে হবে, বৌমাকে একটু দিতে হবে কারণ তিনি আসন্নপ্রসবা, তাঁর ছেলে মাইয়ের দুধের অভাবে কেঁদে মরে যাচ্ছে তাকে একটু দিতে হবে। খুড়া মহাশয় একটু আফিং খান তাঁকেও একটু দিতে হবে, কিন্তু দুধ মাত্র কিনলেন এক পয়সার, এতে কুলায় না, কি করে কি করবেন। আমাদের অবস্থাও তাই হয়েছে।

আমাদের আয় হ'চ্ছে মাত্র ৪০ কোটী টাকা, তাই দিয়ে আমাদের যত কিছু অভাব তার পুরণ, যত কিছু সমস্যা তার সমাধান করতে হবে। কমপালসারী ফ্রি প্রাইমারী এডুকেশন দেশে দিতে হবে, এ্যাডাল্ট এডুকেশন বিস্তার করতে হবে, শিক্ষকদের বেতন বাড়াতে হবে। স্কুল কলেজে বেশী করে গ্র্যাণ্ট দিতে হবে, গ্রামে গ্রামে চ্যারিটেবল ডিসপেনসারী করতে হবে ইত্যাদি। কিন্তু যাঁরা এ সমস্ত কথা বলেন তাঁরা কিছুমাত্র ভেবে দেখেন না যে কি করে এ সব এই টাকার মধ্যে হবে। কমপালসারী ফ্রি এডুকেশন যদি সমস্ত দেশের মধ্যে দিতে হয় তাহলে কত কোটী টাকা দরকার তা তাঁদের চিন্তা করে দেখা দরকার। শিক্ষকদের বেতন ৮০৲ টাকা করেও যদি দিতে হয় তাহলে কত টাকার

প্রয়োজন সেটা কেউ হিসাব করে দেখেন না। কিন্তু কোথা থেকে টাকা আসবে, একথা ভেবে দেখবার আজ সময় এসেছে। আসল সমস্যা হচ্ছে দেশের ধন-সম্পদ বৃদ্ধি করতে হবে। কিন্তু এ পথে একটা বাধা হচ্ছে, দেশে অসংখ্য কৃষক, শ্রমিক ও মজুর-তারণ সমিতি গজিয়ে উঠেছে। এই সব সমিতির যাঁরা নেতা তাঁদের নিজেদের মধ্যে পরস্পরের সঙ্গে প্রতিযোগিতা চলেছে কে, কৃষক, মজুর, শ্রমিকদের বেশী বন্ধু। এখানে আমার বন্ধু বড় কালী বাবু ও বাইরে তার ছোট ভাই ছোট কালী দুই কালীই আছেন। এ ছাড়া, এ-ধারে আমার বন্ধু, বড় কালীর অগ্রজ বয়েসে নয় উগ্রতায়, আব্দুল হালিম আর আমার সামনে আমার বন্ধু নির্ম্মল বাবুকে দেখছি। আর বাইরে আছেন সুরেশ বন্দ্যোপাধ্যায় মহাশয়, (দাদার ৭২ বয়স), আমার বন্ধু দেবেন বাবু এখনও আসেন নি তিনি ত আগে থেকেই এ দলে আছেন। এঁরা সকলে বন্ধু হবার জন্য কৃষক মজুর চাষীদের কাছে ছুটে গিয়েছেন। এঁদের ভিতর অষ্টপ্রহর প্রতিযোগিতা হচ্ছে কে কতখানি এদের বন্ধু এই নিয়ে। এবং তাঁদের এই বন্ধুত্ব প্রমাণ করবার চেষ্টায় আমাদের দেশে ইনডাষ্ট্রীয়াল ফিল্ডএ অরাজকতা আরম্ভ হয়েছে। সিটডাউন ষ্ট্রাইক, পেনডাউন ষ্ট্রাইক আরও কত রকমের ষ্ট্রাইক আরম্ভ হয়েছে। ফলে দেশে নূতন ব্যবসা বাণিজ্য কেউ করতে চাচ্ছে না। শিল্পে কেউ আর ক্যাপিটাল ইনভেষ্ট করতে চাচ্ছে না। এখানে যে ষ্টীল ইনডাষ্ট্রী হবার কথা ছিল, তা হ'ল না কেন জানি না। আশা করি প্রধানমন্ত্রী মহাশয় তা বলবেন। বোধ হয় এর একটা কারণ এই যে এদেশে নানা রকমের এত গোলমাল হ'চ্ছে যে তার জন্য কেউ নূতন ক্যাপিটাল ইনভেষ্ট করে কোন ইনডাষ্ট্রী করতে সাহস পান না। পশ্চিম বাংলাকে আর শিল্প বাণিজ্যের পক্ষে কেউ নিরাপদ স্থান বলে মনে করেন না।

(Cries of "No", "No" from Opposition benches.)

আপনারা না বলুন কিন্তু আমার এই ধারণা যে নিরাপদ স্থান নয় বলেই দেশে আর ইনডাসট্রি গ্রো করছে না বা করবে না।

[9-40—9-45 a.m.]

আবার বলি আমার বন্ধু দুই কালী, বন্ধু দেবেন বাবু, দাদা সুরেশ বাবু, আর দুই কালীদের অগ্রজ বয়সে নয়, উগ্রতায় অগ্রজ, আমার বন্ধু হালিম, এঁদের কার্য্যের জন্যেই এই অবস্থা সৃষ্টি হয়েছে। আমরা প্রাচীনপন্থী লোক। আমাদের মনে হয় এই সব কৃষকতারণ সমিতি, মজুরতারণ সমিতি এবং আর যত এই জাতীয় সমিতি আছে যদি সত্যকার দেশপ্রেম, যদি মানুষের প্রতি সত্যকার প্রেমে তারা উদ্বুদ্ধ হতেন, দেশের শিক্ষা, সংস্কৃতি এবং শিক্ষকদের কথা ভাবতেন তাহলে সব সমস্যার সমাধান হয়ে যেত, মানুষ তৈরী হয়ে যেত দেশে। দেশে কি মানুষ তৈরী হচ্ছে? দেশে যদি মানুষ তৈরী হ'ত তাহলে এ সব গণ্ডগোল, এ সব অশান্তি, এ সব অনাচার হতো না। আমরা পুলিশ এবং সরকারকে গালাগালি দিই; কিন্তু সরকার আমাকে আপনাকে নিয়েই তো কাজ করবে; আমরা কি মানুষ হয়েছি? হয়তো আমরা কিছু মানুষ হয়েছিলাম ওল্ডার জেনারেসনের লোক, কিন্তু মানুষ তৈরী দেশে আর হচ্ছে না, কেন না, শিক্ষকেরা আর মানুষ তৈরী করতে পারছেন না। অভাবের তাড়নাতে, উগ্রপন্থী রাজনীতিকদের অত্যাচারে, মানুষ তৈরী আর হচ্ছে না। সুতরাং আশু ধনবৃদ্ধির আর আশা নেই, এখন আমাদের যা আছে সেই এক পয়সার দুধ যা আছে তা দিয়েই কি করা যায় দেখতে হবে। সেই এক পয়সার দুধ ডাঃ রায় যেভাবে ভাগ করেছেন তাতে আনন্দ প্রকাশ করতে হয়। কেন না, শিক্ষা, স্বাস্থ্য ও চিকিৎসার জন্য

out of 40 crores nearly 30 per cent. is being spent for Medical, Education and Public Health.

অর্থাৎ সেই এক পয়সার দুধ নিয়ে কেশো রোগী, শিশু, পোয়াতী বৌমা, বুড়া বাপ, কাকা সকলেরই অভাব মোচনের কিছু কিছু ব্যবস্থা করছেন। এ জন্য ধন্যবাদ দিচ্ছি ডাঃ রায়কে। বেঁচে থাকুন তিনি।

এবার শিক্ষা সম্বন্ধে আসছি। আমার দাদা, শিক্ষামন্ত্রী মহাশয় এখানে উপস্থিত রয়েছেন, সুতরাং কালকে যেটা বলিনি সেটা আজকে বলব। শিক্ষা সম্বন্ধে প্রথমেই বলব আমাদের মতের সঙ্গে আজ-কালকার জেনারেশনএর মতে সব সময় মিল খায় না। শিক্ষা সম্বন্ধে প্রথমে বলতে গেলে বলতে হয় সেকেণ্ডারী এডুকেশন বা মাধ্যমিক শিক্ষা সংস্কারের কথা। এই শিক্ষা সংস্কারের প্রয়োজনীয়তার কথা বহু দিন পর্য্যন্ত আমি ব'লে আসছি। সেকেণ্ডারী এডুকেশন কমিশন সম্প্রতি যা এপয়েণ্টেড্ হয়েছে আমি তা সর্বান্তঃকরণে সমর্থন করি; যদিও বন্ধু নির্ম্মল বাবু, অধ্যাপক সমিতির অনেকে এবং মাধ্যমিক শিক্ষক সমিতিরও অনেকে এই সেকেণ্ডারী এডুকেশন কমিশনের মধ্যে ষড়যন্ত্রের গন্ধ পেয়েছেন, সেকেণ্ডারী বোর্ডের কাজকর্ম্ম যেমন হওয়া উচিত তা হচ্ছে না; সেকেণ্ডারী বোর্ড রাজনৈতিক নেতাদের

[Sj. Mohitosh Rai Choudhuri.]

গলাবাজীর আসর হয়েছে। সেখানে কাজ হয় না, অকাজ হয়। ডেস্টেড্ ইণ্টারেষ্ট সেখানে; কাজেই তারা শিক্ষা ও শিক্ষকদের প্রকৃত অবস্থা, স্কুলগুলির শিক্ষা ব্যবস্থা কিছুই ভাল ক'রে দেখেন না, ভাল ক'রে দেখতে পারেন না। যে সমস্ত শিক্ষা কমিশন এর আগে হয়েছে তাঁরা মোটামুটি কি ভাবে শিক্ষা হওয়া উচিত তাই বলে এসেছেন; কিন্তু --

actual condition of the schools, proprietary schools and struggling schools

যে কি সে বিষয়ে অনুসন্ধান করেননি। অথচ দেশে নানান রকমের স্কুল যেগুলো আছে তাদের অবস্থা কি তাও জানা দরকার। জেনে একটা ওয়েল অর্ডার্ড এডুকেশন সিষ্টেমএর মধ্যে সকলকে আনতে হবে। ডাঃ রায় যে কথা এখনও বল্‌ছেন তাঁকে বহুদিন ধরে আমি সে কথা ব'লে এসেছি। যে সব স্কুল দেশে আছে তাঁরা সরকারী সাহায্য নিন বা না নিন—

they must be regulated and controlled by the government. Democracy in education

চলে না। ডেমোক্রেসি ইন্ এডুকেশন যারা চায়--

they must be fools.

[9-45—9-50 a.m.]

আগেকার দিনে সরকারী কর্তৃত্বের, সরকারের কণ্ট্রোলের বিরুদ্ধে যে সব আপত্তি ছিল, সে অভিযোগ এখন আর চলে না। এখন দেশে জাতীয় সরকার প্রতিষ্ঠিত হয়েছে, সে জাতীয় সরকার যে দলেরই হউক। মিস্‌ম্যানেজমেণ্ট করলে সে সরকারকে বিতাড়িত করবার ক্ষমতা আমাদের হ'য়েছে। সুতরাং প্রাইমারী ও সেকেণ্ডারী এডুকেশন গভর্ণমেণ্টের দ্বারা রেগুলেটেড্ হওয়ার বিরুদ্ধে আজ আর কোনও আপত্তি চলে না। তাই করবার সঙ্কল্প যদি ডাঃ রায় করে থাকেন তাহলে আমি তাঁকে অভিনন্দন দেব। আমার আয়ু শেষ হয়ে এসেছে; কাজেই যে কথাগুলো ব'লে যাওয়া দরকার তা ব'লে যাচ্ছি, যদিও সেসব কথা অনেকদিন ধরেই ব'লে আস্‌ছি। কাগজের কথা বাসি হ'লেই খাটে। দুবছর ধরে যে কথা ব'লে আস্‌ছি ডাঃ রায়কে, সেই কথা শিক্ষামন্ত্রী মহাশয়কে, যেদিন তিনি মসনদে এসেছেন সেই দিন থেকে তাঁকেও বলে আস্‌ছি। সেই সব কথা যদি তাঁরা ভাল কোরে সব শুনতেন তাহলে আজকে উগ্রপন্থী [illegible] সাধ্য হ'ত না গভর্ণমেণ্টকে আন্‌পপুলার করবার, এবং দেশের মধ্যে তাদের প্রতিষ্ঠা বৃদ্ধি করারও তারা সুযোগ পেত না। মাধ্যমিক শিক্ষা বোর্ডের মিসম্যানেজমেণ্টএর কথা ব'লেছি এর একটা উদাহরণ দিচ্ছি:—

আচার্য্য শিক্ষা শিবির--আচার্য্য প্রফুল্ল চন্দ্র শিক্ষা শিবির ব'লে একটা ইন্‌স্টিটিউশন আছে। এটা কি রকম স্কুল তা শিক্ষা বিভাগ বা সেকেণ্ডারী বোর্ডের কারও অজানা নেই। মাষ্টারদের এরা বেতন দিচ্ছে না, তিনটা ফৌজদারী কেস এদের বিরুদ্ধে, এদের মিসম্যানেজমেণ্টএর কথা চন্দ সাহেব নিজে জানেন। এর প্রতীকারের কথা তাঁকে জানালে তিনি স্পষ্ট জবাব দিয়েছেন। তিনি স্পষ্ট জবাব দিয়েছেন—"আমি অপারগ, কিছুই করতে পারছি না, এ বিষয়ে"। অথচ এই স্কুলেরও এফিলিয়েশনএর এক্সটেনশন হ'য়ে গেল। কি আশ্চর্য্য ব্যাপার। কিভাবে এই অদ্ভুত ব্যাপার ঘটতে পেরেছে তা অবিলম্বে দেখা দরকার। সেকেণ্ডারী টীচারদের যে বেতন বা পারিশ্রমিক মঞ্জুর করা হয়েছে সে সম্বন্ধে অনেক আলোচনা হয়েছে। আমি তার পুনরুক্তি করবো না। কিন্তু তাদের চেয়েও অধিকতর দুঃস্থ যে সব প্রাথমিক শিক্ষক তাদের বেতন ও ভাতা সম্বন্ধে ডাঃ রায় ওয়াকিবহাল আছেন। ভূতপূর্ব প্রধানমন্ত্রী ডাঃ প্রফুল্ল চন্দ্র ঘোষ যে দিন তাঁর বাড়ী থেকে বিতাড়িত করলেন ৪ হাজার প্রাথমিক শিক্ষককে তাদেরই প্রতিনিধিদের সেদিন রিসিভ করে তাদের অভিযোগ শুনেছিলেন কে? তাদের অভিযোগের প্রতীকার করবার চেষ্টার প্রতিশ্রুতি দিয়েছিলেন কেহ?

It was no one else than Dr. Roy who is the butt of all criticism today although he was not in power then.

সেই ডাক্তার রায় প্রাথমিক শিক্ষকদের সম্বন্ধে কি ব্যবস্থা করবেন তা জানতে চাই। আণ্ট্রেন্‌ড্ সেকেণ্ডারী টীচারদের সম্বন্ধে তিনি যা করেছেন, আণ্ট্রেন্‌ড্ প্রাইমারী টীচারদের সম্বন্ধে তা করছেন না কেন? আজকাল ধুয়া উঠেছে, এমনকি শিক্ষক সমিতির তরফ থেকেও ধুয়া উঠেছে যে ট্রেন্‌ড্ ও আন্‌ট্রেন্‌ড্ শিক্ষকের ভিতর তফাৎ করা উচিত নয়; কিন্তু আমি তা বিশ্বাস করি না। আমি বিশ্বাস করি প্রত্যেক শিক্ষকেরই ট্রেন্‌ড হওয়া উচিত। এবং প্রত্যেক আন্‌ট্রেণ্ড শিক্ষকই যাতে ট্রেনিংএর সময় ও সুযোগ পান সে ব্যবস্থা কোরে দিতে হবে।

কিন্তু যত দিন ট্রেনিং দিতে না পারি তত দিন পর্য্যন্ত যে সকল আন্‌ট্রেন্‌ড্ টীচার এই শিক্ষা যন্ত্রকে চালু রেখেছেন তাঁদের বেঁচে থাকবার জন্য ব্যবস্থাও ত করতে হবে। ডাঃ রায় করেছেনও তাই। প্রিন্সিপলটি এক্সেপ্ট তিনি করেছেন। কিন্তু

প্রাথমিক শিক্ষকদের ক্ষেত্রে সেটা করা হয় নি, শুধু সেকেণ্ডারী টীচারদের বেলাতেই তা হয়েছে। এতে বৈষম্যমূলক ব্যবহার করা হচ্ছে। আরও দেখুন ট্রেণ্ড ম্যাট্রিকুলেট্ এবং ট্রেণ্ড আই, এ, শিক্ষক সেকেণ্ডারী স্কুলে রয়েছেন। তাঁদের বেতনের ব্যবস্থা হয়েছে মাসিক ১০৭৲ টাকা, আর গরীব বেচারী প্রাথমিক স্কুলের সেই সেম কোয়ালিফিকেশনএর শিক্ষক যাঁরা আছেন তাঁরা পান মাত্র মাসিক ৫২ টাকা। তারপর সেকেণ্ডারী স্কুলের আণ্ডার গ্রাজুয়েট আন্‌ট্রেণ্ড টীচার যাঁরা তাঁরা পান সাতাশি টাকা আট আনা, আর প্রাথমিক স্কুলে এই সকল শিক্ষকের বেতন মাত্র ৪৭৷৷০—এ বৈষম্য কেন? এ অবিচার কিসের জন্য? এর কারণ কি এই যে সেকেণ্ডারী টীচারদের শক্তিশালী একটা অরগ্যানিজেশন আছে, বা তাদের দুঃখে চক্ষের জলে আমার বামপন্থী বন্ধুদের বুক ভেসে যায় ব'লেই? হতভাগ্য প্রাথমিক শিক্ষক—কেউ এদের কথা ভাবে না। আজ ৩০ বছর ধরে এই ক্ষুদ্র অধম তাদের জন্য লড়াই করছে। আজকে তাদের সেবার যে সামান্য একটু রেকগনিসন হয়েছে, আমার ত কেরীয়ার শেষ হয়ে এল, আজকে এই প্রাথমিক শিক্ষকদের দুর্দ্দশা যে সরকারের কর্ণগোচর হয়েছে, দেশের লোক যে এদের সম্বন্ধে কথঞ্চিৎ অবহিত হয়েছেন, এতেই আমার আনন্দ। এই প্রাথমিক শিক্ষকদের দুরবস্থার কথা গত বৎসর ডাক্তার রায়কে এবং তারও আগে থেকে শিক্ষামন্ত্রী মহাশয়কে বলে এসেছি। গত বছর ডাঃ রায় একসঙ্গে এদের পারিশ্রমিক মাসিক ১১৲ টাকা বাড়িয়ে দিয়েছিলেন। আমি এতটা আশাকরি নি। কিন্তু এই আশাতীত বর্দ্ধিত পারিশ্রমিক থেকে কিভাবে এই হতভাগ্য এক শ্রেণীকে বঞ্চিত করা হচ্ছে তা শুনলে আপনারা অবাক হবেন। কিন্তু কেন এমন হল?

[9-50—9-55 a.m.]

দাতা দান করতে চান আর কতকগুলি লোক আছে যাঁরা সেই দানে বাধা দেয়, সেই দান করতে দেন না। রামায়ণের গল্প আপনারা সকলেই জানেন। অযোধ্যার রাজসূয় যজ্ঞে রামচন্দ্র আদেশ দিলেন যে কেউ রাজবাড়ীতে আসবে তাদের অজস্র দান করবে। বাঁদর হনুমানের উপর ভাঁড়ারের ভার দেওয়া হলো। যাঁরা দান গ্রহণ করতে এলেন, তাঁদের প্রতি সেই হনুমান মুখ খিচিয়ে এমন ব্যবহার করলো, যে তাঁরা সেই দান গ্রহণ করতে পারলেন না। এখানেও ঠিক সেই ব্যপার। ডাঃ রায় ঘোষণা করলেন—

"In regard to the primary school teachers it has been decided that while an increase of dearness allowance of Rs. 6 per month should be given to all categories of primary school teachers, an increase of Rs. 5 per month each in the present rates of pay should also be allowed to the trained and matriculate teachers in Primary and Basic Schools."

অর্থাৎ সকল শ্রেণীর প্রাথমিক শিক্ষকদেরই মাসে অনুন্য ৬ টাকা এবং 'ক' ও 'খ' শ্রেণীর শিক্ষকদের মাসে ১১ টাকা ক'রে দেওয়া হবে। কিন্তু মিউনিসিপ্যাল এরিয়ার প্রাইমারী শিক্ষকরা ঐ বর্দ্ধিত পারিশ্রমিকের টাকা পাচ্ছেন না। আমি বিষয়টি দাদাকে জানিয়েছি উনিও স্বীকার করেছেন এবং বলেছেন "হাঁ সকলেই এই বর্দ্ধিত পারিশ্রমিক পাবে।" কিন্তু তা হলে কি হবে, যিনি সুপার মিনিষ্টার তিনি ডাঃ রায়কে কেয়ার করেন না, তিনি মিষ্টার পান্নালাল বোসকেও কেয়ার করেন না। তাঁর হুকুমে ঠিক হ'ল যে এই টাকা মিউনিসিপ্যাল এরিয়ার টীচাররা কেউ পাবে না। শুধু তাই নয়। মেদিনীপুরের প্রাইমারী টীচাররাও এই পাঁচ টাকা বর্দ্ধিত বেতন থেকে বঞ্চিত হ'লো। এর প্রতিকার কি করা যায় ডাঃ রায় তা দেখুন।

এইবার ইনএডিকোয়েট ট্রেনিং ফেসিলিটিসএর কথা বলবো। আন্‌ট্রেণ্ড সমস্ত শিক্ষকদেরই একটা ট্রেনিং দেওয়া বিশেষ দরকার, কিন্তু প্রাথমিক শিক্ষকদের এই ট্রেনিং দেওয়ার বিশেষ কোনই ব্যবস্থা হচ্ছে না। ডাঃ রায় সেকেণ্ডারী টীচারদের ক্ষেত্রে এ বিষয়ে যে ব্যবস্থা করেছেন তা হয়ত খুবই সন্তোষজনক। অর্থাৎ মাধ্যমিক শিক্ষকগণকে ট্রেনিং কালে ট্রেনিং কলেজএর বেতন দেওয়া হবে এবং তাঁদের স্কুলের নিজ নিজ পদের যে বেতন তাঁরা পান সেটাও দেওয়া হবে। কিন্তু প্রাথমিক শিক্ষকদের বেলায় ট্রেনিংএর কি ব্যবস্থা হ'য়েছে? এতদিন ধরে বলেছি যে এদের যদি ট্রেনিং দিতে চান তাহলে ট্রেনিংএর এডিকোয়েট ফেসিলিটি দিন, -ট্রেনিং স্কুলএর সংখ্যা বাড়ান, পেরিপেটেটিক ট্রেনিংএরও ব্যবস্থা করুন। এরা ট্রেনিংএ যখন যাবে তখন এদের পূর্ব্ব পদের বেতন যাতে পায় তার ব্যবস্থা করুন। এখন মাত্র ট্রেনিং এলাউন্স ২০ টাকা করে এদের দেওয়া হয়। এটা কি এমন একটা ম্যাগনিফিসিয়েণ্ট সাম যে সরকার মনে করেন এই নিয়ে ঘরের খেয়ে বনের মোষ তাড়াতে অর্থাৎ বাড়ী থেকে খরচ এনে স্কুলে আসবে এরা ট্রেনিং নিতে? বিশেষতঃ যখন ট্রেনিং শেষ হ'লে ওরা পাবে

magnificent sum of rupees 47-8 per month.

কি অবিচার কি অত্যাচার, অরাজকতা ভেবে দেখুন। এতে কি রাগ ও দুঃখ হয় না?

[Sj. Mohitosh Rai Choudhuri.]

তারপর আর একটা কথা ডাঃ রায় ব'লেছেন মুদালিয়ার কমিশন মাধ্যমিক শিক্ষকদের যে সকল সুখ সুবিধা দিবার প্রস্তাব ক'রেছেন সেই সম্বন্ধে। ডাক্তার রায় জানিয়েছেন সরকার এই প্রস্তাবগুলি গ্রহণ করেছেন। মাধ্যমিক শিক্ষকেরা বিনা ব্যয়ে চিকিৎসার ও বিনা বেতনে ছেলে মেয়েদের পড়ানর সুবিধা পাবেন। দীর্ঘজীবী হোউন ডাক্তার রায়। এই সিদ্ধান্তের কথা শিক্ষামন্ত্রীও বলেছেন। গত ৩০ বছর ধ'রে এই একই কথা আমিও ব'লে এসেছি, প্রধানতঃ প্রাথমিক শিক্ষকদের সম্বন্ধে। অন্ততঃ মাধ্যমিক স্কুলে শিক্ষকদের যাতে সকল ছেলে মেয়ে বিনা বেতনে পড়তে পারে, বিনা অর্থে শিক্ষকেরা যাতে চিকিৎসার সুবিধা পান সেই ব্যবস্থা করে দিন। মাধ্যমিক শিক্ষকদের বেলা এ ব্যবস্থা করা হচ্ছে, ডাঃ রায় ব'লেছেন। গভীর আনন্দের কথা। আবার বলি ডাঃ রায় শত বর্ষ পর্য্যন্ত বেঁচে থাকুন। যাঁরা এ বিষয়ে তাঁকে সুপরামর্শ দিয়েছেন যেমন আমার বন্ধু পান্নালাল বসু মহাশয়, তিনিও বেঁচে থাকুন। কিন্তু এই সুবিধাগুলি কি শুধু মাধ্যমিক শিক্ষকদের মধ্যে সীমাবদ্ধ রাখলে ঘোরতর অন্যায় ও অবিচার হবে না? প্রাথমিক শিক্ষকদের কি এ থেকে বঞ্চিত করা উচিত হবে? এইবার বেসিক এডুকেশনএর কথা ব'লবো। এই বেসিক এডুকেশন নিয়ে কি কাণ্ডই না হচ্ছে। আজ মহাত্মা গান্ধী বেঁচে নাই। তিনি যদি এ সব দেখতে পেতেন, জানতে পারতেন তাহলে

he would have turned in his grave.

মহাত্মা গান্ধী যে ধরণের বেসিক এডুকেশন বিস্তার করতে চেয়েছিলেন, তা এখন চলতে পারে না,

because that is leading to a particular type of society which will not come into being again, because it is based upon an old ideal of living that cannot be restored.

পশ্চিম বাংলা সরকারের শিক্ষা বিভাগেরও এই মত, হরেন বাবু যখন এডুকেশন মিনিষ্টার ছিলেন তখন তিনিও অনেকটা এই কথাই বলেছিলেন। এবং সার্জেণ্ট কমিটিও এই কথা ব'লে তাঁদের প্রস্তাবিত বেসিক এডুকেশনকে ক্র্যাফ্‌ট সেন্টার্ড না ক'রে এক্‌টিভিটি সেণ্টার্ড ক'রেছেন।

Now activity centered education is certainly very good but Basic Education of Gandhiji is not your activity centered Education.

গভর্ণমেণ্টের সৌভাগ্য যে বর্ত্তমান বনিয়াদি শিক্ষা বিষয়ে দেশের সর্ব্বত্র ঘোরতর অজ্ঞতা বিদ্যমান;

99 per cent. of the people do not know anything about it.

তাই তারা বুঝতে পারে না যে এক্‌টিভিটি সেণ্টার্ডই হোক্ কি ক্র্যাফ্‌ট্ সেণ্টার্ডই হোক বেসিক এডুকেশন-এর নামে দেশে যে এডুকেশন চলছে একেবারে তা ফার্স। এই বেসিক এডুকেশনএর নামে যে এডুকেশন চলছে সম্প্রতি কাকা কেলকার তাকে বলেছেন একেবারে ভুয়ো। কেন এমন হচ্ছে তার কারণ নির্দ্দেশ করতে গিয়ে তিনি যা বলেছেন এই বেসিক এডুকেশন সম্পর্কে—

that Government officers do not believe in any kind of basic education

[9-55—10 a.m.]

আমার বোধ হয় তারও খানিকটা সত্য। আবার বলি সত্যকার বেসিক এডুকেশন নাইদার এক্‌টিভিটি সেণ্টার্ড নর ক্র্যাফ্‌ট্ সেণ্টার্ড কোন জিনিষই হচ্ছে না। তার একটা প্রমাণ এখানে দেখুন। বেসিক এডুকেশন বিস্তার করবার জন্য নানা স্থানে বেসিক ট্রেনিং স্কুল খোলা হচ্ছে। কিছুদিন পূর্ব্বে আমি হুগলী বেসিক ট্রেনিং স্কুল দেখতে গিয়েছিলাম। এই হুগলী বেসিক ট্রেনিং স্কুল বোধ হয় পশ্চিমবঙ্গের ভিতর সবচেয়ে বড়। সেখানে কতকগুলি পুরাতন আসবাবপত্র দিয়ে ঘরগুলি সাজিয়ে রাখা হয়েছে। আলমারীগুলি কতকগুলি পুরাতন শিশি বোতলে ভর্ত্তি। আলো বাতাসহীন পুরাতন জিনিষে ভর্ত্তি ঘরগুলির ভিতর ঢুকলে আত্মারাম খাঁচা-ছাড়া হয়ে যায়। এই হুগলী বেসিক ট্রেনিং স্কুলে, যা আগে নর্ম্মাল স্কুল ছিল, ক্র্যাফ্‌ট্ ও এগ্রিকালচার যা শেখান হয় সেটা যদি দেখেন তাহলে অবাক হয়ে যাবেন। অথচ সেখানেই বেসিক এডুকেশন দিবার জন্য মাষ্টার তৈরী হচ্ছে। চারিদিক থেকে ছাত্র গিয়েছে, বিভিন্ন স্কুলের মাষ্টার গিয়েছেন ট্রেনিং নেবার জন্য। বিল্ডিংএর কমপাউণ্ডে বড় ঘরের সামনে মাত্র এতটুকু জমি। সেখানে কতকগুলি শুকনো টম্যাটোর চারা ও আধমরা গাঁদা ফুলের গাছ ছাড়া আর বিশেষ কিছু লক্ষ্য করবার নাই। এরই মধ্যে বেসিক এডুকেশনএর সঙ্গে এডুকেশন স্কীমএর ওয়ার্কিং সেখানে ছাত্রদের দেখান হ'চ্ছে। অদ্ভুত ব্যাপার। এখানকার অফিসার সুধাংশু সাহা একজন এব্‌ল্‌ম্যান এবং

some of our men in the Education Directorate, Education Department are very good people, and very efficient.

তিনি কান্নাকাটি করছেন কিছু কাজ করবার সুযোগ পাচ্ছেন না ব'লে। আমি তাঁকে বললাম অপনাদের অসুবিধার কথা কর্ত্তাদের বলেন না কেন? উত্তরে তিনি বল্লেন—

"We are asked to make brick without straw."

ব'লে কি লাভ আছে? এই হচ্ছে সেখানকার অবস্থা। এই বেসিক এডুকেশনএর জন্য আপনারা প্রচুর টাকা খরচ করছেন। আপনাদের মন্ত্রী ও বড় বড় অফিসারদের ফটো তুলে খবরের কাগজে প্রচার করছেন। কিন্তু একবার হারুন্-আল্ রশিদের মত গিয়ে নিজের চোখে দেখে আসুন বেসিক স্কুলের বেসিক এডুকেশনএর কি অবস্থা। কিন্তু বুনিয়াদী শিক্ষা ঠিক ভাবে দেওয়া হোক বা না হোক, বুনিয়াদী শিক্ষা পরিকল্পনার সঙ্গে সঙ্গে ঠিক হয়ে গেল, গভর্ণমেণ্টের একচেটিয়া পুস্তক পাবলিশিং বিজিনেস করা। আমার কয়েকখানা বই ছিল, অন্যান্য বইয়ের মত সেগুলিও বন্ধ হয়ে গেল তাঁদের ঐ একচেটিয়া পুস্তক পাবলিশিংএর জন্য। কিশলয়ের কেলেঙ্কারীর কথা আপনারা সবাই জানেন। সমস্ত দেশের লোকের মতের বিরুদ্ধে এবং

against the united protests of all educationists

সরকার এই ব্যবস্থা আরম্ভ করেছেন।

(Sj. NIRMAL CHANDRA BHATTACHARYYA: No, no, only publishers and writers.)

এটা আপনার ভুল ধারণা। কেউই একথা গভর্ণমেণ্টকে বলেন নি যে তাঁরা টেক্সট্ বুক পাবলিশ করুন। আমরা বলতে চাই এই যে কিশলয় ছেলেদের পড়াশুনা আরম্ভ হওয়ার তিন মাস পরে বেরোল, আবার কাজকে দেখলাম বেরিয়েও ছেলেদের পক্ষে দুষ্প্রাপ্য হ'য়ে থাকলো, কিশলয়ের দু খানা পার্ট বেরিয়েছে একটা হচ্ছে অঙ্কের আর এক খানা সাহিত্যের। গভর্ণমেণ্টর বুক-ষ্টলে গিয়ে দেখলাম (একমাত্র ঐখানেই কিশলয় কিনতে পাওয়া যায়, বাজারে আর কোন জায়গায় কিনতে পাওয়া যায় না) গভর্ণমেণ্ট অর্ডার দিয়েছেন কিশলয়ের সাহিত্যের পোরশান পাওয়া যাবে না, যদি অঙ্কের পোরশান না নেওয়া হয়। আমি বলতে চাই এই সব অব্যবস্থার, এই সব কেলেঙ্কারীর কি প্রয়োজন ছিল? তারপর, এই বইয়ের ছাপার জন্য হাজার হাজার টাকা খরচ হয়ে গেল এবং একে রাখার জন্য লক্ষ টাকার আলমারী কেনা হলো, এরই বা কি দরকার ছিল? কিন্তু কেলেঙ্কারীর কি এখানেই শেষ? সাব-ইনস্পেক্টরদের এই বই বিক্রয় করতে দেওয়া হচ্ছে। তাঁরা আর কোন কাজ করেন না, কেবল এই বই বিক্রয় করছেন। আমি জানি গভর্ণমেণ্ট বলেছেন আমরা সস্তা দামে বই দিচ্ছি। তা দিন তাতে কারও আপত্তি নেই। কিন্তু, ষ্টেট বাসএর সঙ্গে যেমন অর্ডিনারী বাস আছে, তেমনি গরীবদের বিনা পয়সায় বা কম মূল্যে বই দিবার জন্য গভর্ণমেণ্ট নিজেরা বই ছাপুন এবং সঙ্গে সঙ্গে যারা এডুকেশানিষ্ট, যারা পাবলিশার্স, তারাও যাতে সেই বই পাবলিশ করতে পারে সেই ব্যবস্থা রাখুন। টেক্সট বুক কমিটি আছে, যদি কমিটি ভাল না হয় তবে নূতন কমিটি করুন। তাঁরাই ঠিক করে দেবেন কি কি বিষয়ের টেক্সট বুক কোন বৎসর প্রকাশ করতে হবে। তারপরে যদি কোন প্রাইভেট পাবলিশার সেই বই পাবলিশ করেন তাতে আপত্তি কেন? যদি এই টেক্সট বুক কমিটি বইয়ের কোয়ালিটি এবং প্রাইস দুইই ঠিক করে দেন, তাহলে পাবলিশার্স বই পাবলিশ ক'রে ও বেচে দু-একটা পয়সা পেতে পারেন অথচ শিক্ষার কোনই অনিষ্ট হয় না। আমার অনুরোধ, পাবলিশার্স ও অথার্সদের বই বেচে যাতে কিছু পয়সা হয় সরকার সে ব্যবস্থা করুন। আমরা জানি—

A. Mukherjee, Orient Publishers, Chakravarty, Chatterjee & Co., Kamala Book Depot

প্রভৃতি পাবলিশার্স বই বেচে দু-চার টাকা যা পান তা দিয়ে তাঁরা এবং তাদের গ্রন্থকারেরা তাদের সংসার চালান। আশ্চর্য্যের কথা এ সমস্ত দিকে একটুও লক্ষ্য না করে একেবারে সমস্ত প্রাইভেট পাবলিকেশন বন্ধ করে দেওয়া হল। ন্যাশন্যালিজেশন আরম্ভ হয়ে গেল বইয়ের ব্যাপারে। এটা কি ঘোরতর অন্যায় নয়?

[10—10-5 a.m.]

দেশের কোন ক্ষেত্রে পুরোপুরি ন্যাশনালিজেশন হয় নি। ন্যাশন্যালিজেশন হল শুধু বুক বিজনেসএ। আবার বলি, সস্তা দামে সরকার বই দিতে চান, দিন। কারো তাতে আপত্তি নেই, কিন্তু একি ব্যাপার। আর এতে কি খরচ হচ্ছে তাও দেখুন। সুতরাং এ ব্যবস্থা করার যে কি প্রয়োজন বুঝতে পারি না। আবার বলি, টেক্সট বুক কমিটি প্রাইস রেগুলেট করুন, কোয়ালিটি রেগুলেট করুন, কোরে গভর্ণমেণ্ট থেকে বই ছাপান, ছেপে কম দামে দিন; কমদামে দেওয়া উচিত, বিনা পয়সায় দেওয়া উচিত—কিন্তু ফেয়ার ফিল্ড রাখুন, রাইভাল পাবলিশার্সরাও আসুক, তাতে আপত্তির কারণ নাই। কিন্তু এ কি করা হচ্ছে? শিক্ষামন্ত্রী মহাশয় কিছু দিন আগে আমাকে প্রাইভেটলি বলেছিলেন আপনার আর্গুমেণ্ট খুব ফোর্সফুল কিন্তু কাজের বেলায় কিছুই করলেন না; ফলে মনোপোলি ব্যবস্থাই থেকে গেল। এখন কথা হচ্ছে এই যে, সাব-ইন্সপেক্টরদের বই বিক্রী করতে দেওয়া হয়। বই কাঁধে নিয়ে, তাঁরা স্কুলে স্কুলে যান, বইয়ের হিসাব তাঁদের রাখতে হয়। আবার অনেক সময় জিজ্ঞাসা করলে জানা যায় যে তাঁদের গাঁটের থেকে পয়সাও দিতে হয়, হিসাব ঠিক রাখতে

[Sj. Mohitosh Rai Choudhuri.]

পারেন না ব'লে। এই যে ৩ মাস পরে যখন সেকেণ্ড-টারিয়েট বই দেখা দেয় তখনও বই পাওয়া যায় না। শিক্ষামন্ত্রী মহাশয় নিজে গিয়ে দেখুন কত বড় কিউ রাইটার্স বিল্ডিংসএ হয়েছে। সরকার বলে দিয়েছেন দু খানা পার্ট না কিন্‌লে একখানা দেওয়া হবে না। আগে মানের বই না কিন্‌লে যখন পাবলিশার্সরা টেক্‌স্ট বুক দিতে চাইত না, আমরা তখন তাদের গালাগালি করতাম। এখন দেখি সরকারই নিজেরা আদেশ দিয়েছেন কিশলয়ের অঙ্কের পার্ট না কিন্‌লে সাহিত্যের পার্ট দেওয়া হবে না। এ সব কেলেঙ্কারীর দরকার কি ছিল? দেশে যে সমস্ত বড় বড় সমস্যা রয়েছে তার সমাধান না কোরে যেখানে কোনও সমস্যা ছিল না সেখানে নুতন সমস্যা সৃষ্টি কোরে, যার কোনও প্রয়োজন নেই তার পিছনে ছুটে দেশের কোনও উপকার হ'চ্ছে না, সরকারের কোন ও লাভ হ'চ্ছে না, সরকারকে এই কথাটি মনে রাখতে বল্‌ছি।

Mr. Chairman: You have already spoken for 40 minutes.

Sj. Mohitosh Rai Choudhuri:
আর বেশীক্ষণ বল্‌ব না,

I want two minutes only. Unemployment relief scheme

সম্বন্ধে একটু বলি—১৯৩২ সালে এই আনএম্প্লয়মেণ্ট রিলিফ স্কীম তৈরী হয়েছিল। এতে ২৮টা পার্টি ছিল। পার্টিশনের সঙ্গে সঙ্গে ১৪টা পার্টি পূর্ব্ববঙ্গে চলে গেল, ১৪টা এখানে থাক্‌ল। এই স্কীমএর উদ্দেশ্যে ছিল মধ্যবিত্ত ঘরের ছেলেদের বিজিনেস ও ইনডাষ্ট্রী শেখান। কিন্তু এই ১৪টা পার্টির ভিতর ৫টা এবলিশড্ হয়ে গেল; ২০ বছর যারা চাকরী করেছে তাদের কাজ গেল। তবু যে ৯টা পার্টি থাকলো তারাও কাজ করতে পারে না। তাদের মেটেরিয়াল দেওয়া হয় না। অথচ একই কাজ করার জন্য রিলিফ এ্যাণ্ড রিহ্যাবিলিটেশান ডিপার্টমেণ্ট থেকে, ডাইরেক্টর অব ইনডাষ্ট্রীজ থেকে, জেল থেকে নুতন নুতন স্কীম করার জন্য চেষ্টা হচ্ছে। এই ভাবে সময় ও অর্থের অপচয় না কোরে এক বার ডিরেক্টর অব ইনডাষ্ট্রিজকে ডেকে এনে কোওডিনেট করা যায় কিনা সরকার তা দেখুন। একই কাজ করার জন্য ৩ দল লোক রাখার দরকার কি? আমার কথা শেষ হ'য়েছে। টার্মও শেষ হ'লো। একটি কথা আমি যাবার সময় ব'লে যাচ্ছি, বন্ধু চারু মাখাল মহাশয় যে কথা বলেছেন তারই প্রতিধ্বনি কোরে। আজকালকার দিনে কেবল বিরুদ্ধ সমালোচনা না কোরে—

let us all put our shoulder to the wheel and continue our efforts for the making of a new Bengal the sign of which I saw along with many of my friends in the D.V.C. valley area.

[10-5—10-10 a.m.]

Sj. Sankar Das Banerji: Sir, I congratulate the West Bengal Government for the very balanced budget which has been placed before this House. Sir, the Chief Minister in his illuminating speech has shown that a very big slice of the total revenue is being spent for welfare schemes.

It was gratifying to note that 20 per cent. of the total revenue is being spent on account of education. Sir, one distinctive feature about this Budget is the Police expenditure for the next year. I find from the Budget last year the amount actually spent was 5 crores 85 lakhs 2 thousand and the present Budget provides for 5 crores 95 lakhs 75 thousand. There is no appreciable change in the amounts which are going to be spent. The position is this. Some amount of criticism and comment has been levelled by our friends opposite, both here and in the Lower House, and elsewhere. The point that I am making is this. We all know the distress and strain under which the police has carried and had to carry on for the last several years and particularly so in the year 1953-54, I mean between March 1953 and February 1954, the Police had to exert themselves far more than they are expected to do. The reason for this is that apart from the crime which the Police people had to deal with their services had been requisitioned over and over again to cope with certain movements, movements which were organised by certain

political parties. The principal movements are, the movement organised by the Hindu Mahasabha in March 1953 but it died down soon after. In July 1953 we found that a movement was organised over the enhancement of tram fare by one pice. I do not know how much interest had our friends of the Opposition in the matter of enhancement of tram fare by one pice. Certainly it could be paid by the public. But what followed was a terrible upheaval which started on July 2, 1953, and this movement went on for very nearly one whole month. During this period the Government was almost paralysed —people were affected, transport services had to be suspended, public transports were damaged and police were called upon to come to the aid and suppress this movement. Sir, we all know, I do not wish to dilate upon it, that the matter ended on the 22nd July when the unfortunate Pressmen had the misfortune of being assaulted by some unknown Policemen.

Dr. Monindra Mohan Chakrabarty: Not by unknown Policemen but they are well known.

Sj. Sankar Das Banerji: I know that the finding of the Judge was not to the liking of Dr. Chakrabarty. If it had been so he would have applauded it to the sky. The Press men who were there purely for the purpose of reporting the meeting had the misfortune of being assaulted. Then again another movement took place only a week ago.

[10-10—10-15 a.m.]

Time and again the police has to be called up to suppress these movements which are not the normal duties of a policeman. This is the position, Sir. Therefore, I say, Sir, taking into consideration these extraordinary events even then the Government has not chosen to make a greater demand on the public revenue for the purpose of augmenting the police force. Sir, it is a pleasure to tell you that during the year 1953-54 there has been a wane in the major crimes of Calcutta. I wish to give you a few figures. In 1951, the number of dacoities was 15, in 1952, 9, in 1953, 7. So far as robbery was concerned, in 1951 the figure was 102, in 1952 it was 45, in 1953 the figure was 56. So far as burglary is concerned I am giving the correct figures irrespective of whether it goes in favour or against——(Dr. MONINDRA MOHAN CHAKRABARTY: Only for Calcutta?) Yes.

Burglary.

1951	...	2,010
1952	...	1,516
1953	...	1,418

(Dr. MONINDRA MOHAN CHAKRABARTY: What about rural areas?) Rural areas? I have not the figures regarding them. Therefore I am unable to produce them, much as I would wish to. (DR. MONINDRA MOHAN CHAKRABARTY: What is your impression?). My impression from the figure is that there has been a wane in the major crimes. Perhaps you do not know. Therefore for the edification of the House I am giving these figures.

There has been a great deal of criticism every year that we should try to reduce the expenses over the Police Head. Now the only way I can think of reduction is by reducing the personnel of the police force. There is no possibility as Mohitosh Babu was pointing out in reducing the pay or the wages that they receive. The average constable is paid no more than an ordinary coolie in the factory. The average pay is Rs. 45 with dearness allowance of Rs. 25. I believe the factory workers get much more than this. It is not possible, Sir, to reduce the personnel, in other words the number of policemen. If you only take into account the quantum of work that these policemen have to do, then you

[Sj. Sankar Das Banerji.]

will never entertain the idea of reducing the number of policemen. I will give you an idea of the amount of work that the police had to do apart from dealing with ordinary crimes and suppressing political movements. In 1953, the police had to cover 2,588 meetings, 1,634 processions. The number of workers arrested was 7,435 and persons proceeded against under the Immoral Traffic Act was 3,532. Persons arrested for gambling were 2,670. The Security Control Department of the Police had to deal with more than 4,000 passports and more than 5,000 visas and had to deal with a large number of foreigners —some of them were prosecuted and proceeded against. Sir, this is multifarious type of duties which the police have to perform and in spite of all this, in spite of all the political movements and so on the Government had in its wisdom not asked for any greater sum than what was demanded last year and it is for this reason, Sir, I thank and congratulate the Government on their administration. One other point and that is from Mr. Nirmal Bhattacharyya in particular.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Could I pass on to Mr. Banerji an information which is very important? So far as expenditure is concerned last year 16·5 per cent. of the total expenditure was provided for the police. This year 17·3.

Sj. Sankar Das Banerji: I said very little difference. I gave the figures from the Budget itself—about 12 lakhs more. I said that at the start.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: The usual increment in the scale is there and therefore there should be corresponding increase.

[10-15—10-20 a.m.]

Sj. Sankar Das Banerji: Increment in the scales, I am assured by the Chief Minister, is responsible for this increase. Now, Sir, even in the debate in this very House, Mr. Nirmal Bhattacharyya said "Remove the suppressive laws and everything will be in order." I then asked Mr. Bhattacharyya for figures, but he did not care to give me the figures and I dare say he did not have the correct figures and he did not venture to give wrong figures and so he did not just answer me. Sir, I will give for the edification of the House certain figures of public interest. The number of detentions under the Preventive Detention Act from 1st February, 1953, to 31st January 1954—during this period 71 arrests were made and the details are as follows: R.C.P.I. 1, 2 persons arrested in connection with the Burnpur trouble, 6 persons were arrested under the Detention Act and the total detention was 236. In connection with the Tramway enhancement resistance movement 20 persons were arrested and the period of detention varied between 3 days and about 4 weeks. In connection with the Sanjukta Durviksha Protirodh Committee, the total number of arrests was 317—the period of detention varied between 4 days and two months—Anti-Indian activities—1 person—espionage—1, goondaism—4, black-marketing—4, foreigners 2—total 71. Out of 71, 64 were released and 7 were in detention on the 31st January 1954. Sir, it was never the idea of Government —nor anything was done—to suppress the political movement—their idea was to arrest persons in connection with black-marketing, people responsible for espionage, goondaism and things of that character. Now, Sir, perhaps you would like to know if any arrests were made under the Preventive Detention Act after the teachers' movement started and I will give you the figures. Since 1st February 1954 altogether 67 persons have been arrested making the total number

of persons arrested—274. (Dr. MONINDRA MOHAN CHAKRABARTY: There were security prisoners.) Sir, I give you the figures deliberately so that you may not go away with the impression that Government wanted deliberately, in order to stop political activities of persons high up in politics, to arrest them under the Preventive Detention Act. That is not the case. Therefore I say, Sir, it was wrong on the part of Mr. Bhattacharyya even to suggest that because of the repressive laws—Preventive Detention Act—there is upheaval in the country. If he cared to keep himself informed he would not have made that reflection on Government.

Sir, the next point is that some comments have been made by Shri A. P. Choudhuri regarding the evasion of sales tax. Now, Sir, it is a fact—anybody who deals with reality will tell you that a large number of businessmen try to evade sales tax as they avoid paying income tax and so on. There is no denying the fact.

[10-20—10-25 a.m.]

The difficulties come in this way. My personal view of the matter is—I cannot claim to have very great knowledge about this particular matter—the number of officers appointed and the amount spent are not too much. There should be much greater expenditure on this account. Other officers and greater number of officers are to be appointed if we want a speedy disposal of sales tax cases and for the purpose of detecting evasion. But I do not know, perhaps the State think that placed as they are it is not possible for them to spend a greater sum of money at the moment, or it may be that the State are contemplating other types of changes to be brought about for the purpose of collection of sales tax; may be that the State are contemplating taxing at the source instead of taxing at the hands of the consumers. The State must consider it and find out ways and means for getting it at the source.

The third thing is unemployment. The Chief Minister in his opening speech has dealt with the question of unemployment and it is not necessary for us to dilate upon that subject any more. The difficulty, Sir, is this. Apart from the difficulties which the Chief Minister has indicated, my countrymen, in other words what I mean is Bengali boys, are not being able to adjust themselves with the changing circumstances. The Chief Minister has stated, as mentioned in his speech, that the white-collared jobs are not too many. That is very true. Now we all know, Sir, and there is no denying or getting away from the fact—that the desire of every Bengali boy who has been to school, whether he is a Matriculate or non-Matriculate, is to become in any case a Lower Division clerk. (Sj. DEBENDRA SEN: Question.) It is impossible for the State to provide them employment if they want jobs of that description. Dr. MONINDRA MOHAN CHAKRABARTY: How do you arrive at that conclusion?) That is my personal experience, and I think in my own humble way I exert myself all the greater to get jobs for the unemployed. I do not wish to say things about myself but it has been my constant endeavour to do so. I recently have found that the boys are coming with requests to get them jobs in the factories. It is a pleasure to find that they are feeling that way. But, Sir, again I will tell you that my endeavours to get them jobs in different factories in Bengal have not been very successful (Dr. MONINDRA MOHAN CHAKRABARTY: They would not employ them.) No, it is because there are not many vacancies to go and it is not possible for the employers to dismiss existing hands purely for the purpose of giving employment to Bengali boys. It must be a process of gradual absorption. But

[Sj. Sankar Das Banerji.]

I would appeal to the Chief Minister that he will kindly impress upon the factory owners to take in Bengali boys, as much of them as possible. Then, Sir, the other day I went to the Hindusthan Motor Manufacturing concern at Uttarpara run by the Birlas, I went round the place. I personally made enquiries. I found 25 per cent. of the personnel—that is what I was told—are Bengali boys and they are doing extremely good work particularly with precision machines and so on. I found that the average pay was Rs. 94. I appeal, Sir, also to the Bengali boys to become factory-minded, to become factory assistants and technicians, instead of trying to get jobs in some office or other where there is no prospect at all.

[10-25—10-30 a.m.]

Sir, I do not think I will take too much of your time. I congratulate the Government of West Bengal once again for the steps that they have taken to alleviate the misery of the people of the State.

বলে যাদের নিয়োগ করা হয়েছে তাদের ৫৫৲ টাকা বেতন দেওয়া হচ্ছে যদিও তাদের কোয়ালিফিকেশন এক। এর মধ্যে এই রকম ডিসপ্যারিটি করার কোন যুক্তি নেই। আশা করি এইগুলি দিয়ে দেবার ব্যবস্থা করবেন। তারপর সমস্ত ক্যাটেগরির হেড টিচার্সদের যে এ্যালাউয়্যান্স দেবার কথা তাও দেওয়া হচ্ছে না। এইগুলি কেবলমাত্র সংশ্লিষ্ট বিভাগের কর্ত্তৃপক্ষের অকর্মণ্যতা ও অমনোযোগিতার জন্য হচ্ছে না। এ ছাড়া আমার মনে হয় প্রাথমিক শিক্ষার জন্য সেক্রেটারী, সেকেণ্ডারীবোর্ড অব এডুকেশনের মত প্রাইমারী বোর্ড অব এডুকেশন হওয়া উচিত। এবং তার সদস্যসংখ্যা এমনভাবে নিযুক্ত করা উচিত যাতে ১/৩ ভাগ ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড থেকে আসবে, ১/৩ ভাগ বিভিন্ন স্থানীয় স্কুল বোর্ড থেকে আসবে আর ১/৩ ভাগ যারা ম্যাট্রিক পাস করেছে ও ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডএ এসেছে তাদের মধ্যে থেকে নেওয়া হক্। আর এই বোর্ডএ যারা অফিস বিয়ারার হবে তাদেরও এই বোর্ড থেকে নিযুক্ত করতে হবে। ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডএর নির্ব্বাচন এমনভাবে করা উচিত যাতে এটা গণতান্ত্রিক মতে হয় এবং শিক্ষকদের প্রতিনিধি শিক্ষকদের দ্বারাই মনোনীত হয়ে আসে সে দিকে দৃষ্টি দেওয়া উচিত। সম্প্রতি ওঁর শিক্ষা বিভাগে দুইটি প্রাথমিক শিক্ষকদের

এ্যাসোসিয়েসন আছে। তার একটাকে রেকগনিসন দেওয়া হয়েছে। যে রাষ্ট্রে দুইটি বা ততধিক এ্যাসোসিয়েসন থাকে তাদের সদস্যের উপর ভিত্তি করে তাদের রেকগনিসন দেওয়া উচিত, ট্রেড ইউনিয়ন এর বেলায় এই হয়ে থাকে। এখনে শিক্ষা বিভাগের সেক্রেটারীর একটা পেটুয়া এ্যাসোসিয়েসন আছে। যাই হক্ দুইটি এ্যাসোসিয়েসনএর প্রতিনিধিদের সংখ্যার উপব ভিত্তি করে তাদের রেকগনিসন দেওয়া উচিত। স্যার, আমার বন্ধু বিজয় সিং নাহাব মহাশয়কে একটু চিন্তা করতে বলছি।

[10-5—10-10 a.m.]

Sj. Bijoy Singh Nahar:

আমি কোন কথা বলিনি আমাব আবাব নাম কবছেন কেন?

Dr. Monindra Mohan Chakrabarty:

না, আপনাব দলেব লোক, আপনার বন্ধুব কাগজ থেকে আমি একটু পড়ে শুনাচ্ছি।

Sj. Bijoy Singh Nahar:

ওটা কি ডকুমেণ্ট নাকি?

Dr. Monindra Mohan Chakrabarty:

ডকুমেণ্ট না হ'লেও এটা বাজেটে যে টাকা বরাদ্দ কবা হযেছে তার ভিত্তিতে বিভিন্ন ডিপার্টমেণ্টএ যে এফিসিয়েন্সিব অভাব কেন হযেছে সেই সম্বন্ধেই লেখা হয়েছে।

The Hon'ble Prafulla Chandra Sen:

ওটা কি কাগজ?

Dr. Monindra Mohan Chakrabarty:

এটা ওঁবই বন্ধুব কাগজ, কি লিখেছে তা আমি একটু পড়ে শুনাচ্ছি।

"আমাদের মুখ্যমন্ত্রী নিজের ক্ষমতায় বিশেষ আস্থাশীল হওয়ায় এবং অপরের কাজ করিবার ক্ষমতায় তাঁহার কোন বিশ্বাস না থাকায় তিনি এত ভার তাঁহার বৃষস্কন্ধে লইয়াছেন। কিন্তু যে দায়িত্ব তিনি কাঁধে লইয়াছেন তাহা ঠিকমত পালিত হইতেছে না বলিয়াই অনেকের ধারণা। তাঁহার নিজের ব্যক্তিত্ব খাটাইয়া এবং বিষম রকমের চেঁচামেচি করিয়া তিনি মধ্যে মধ্যে দুই-চাবিটা কাজ যথাযথ করাইয়া লইতেছেন বটে, কিন্তু সচবাচর তাঁহার অধীনস্থ ডিপার্টমেণ্ট-গুলিতেই (এবং এইগুলিতে যত কাজ হয় বা হওয়া উচিত তাহা বোধ হয় সরকারী কাজের শতকরা পঞ্চাশ ভাগের বেশী) কাজ বহু বিলম্বিত হইয়া থাকে। প্রায় সমস্ত ব্যাপারেই যে টাকা খরচ হওয়া উচিত তাহার চেয়ে অনেক বেশী খরচ হইয়া থাকে। মুখ্যমন্ত্রীর যে কল্পিত এফিসিয়েন্সী বা কর্ম্মকুশলতা তাহাতে তিনি নিজেই মুগ্ধ এবং ইহার গল্প শুনিয়া শুনিয়া দেশবাসী বিভ্রান্ত ও সচকিত। ইহাই তাহার স্বরূপ। ব্যবহাবিক অন্তরঙ্গতাব ফলে বিধান সভার বহু সদস্য আজ এই জিনিস প্রত্যক্ষ কবিতেছেন। শুধু দপ্তবগুলি পুনর্বণ্টন করিলে চলিবে না, দৃষ্টি-ভঙ্গীরও পরিবর্ত্তন হওয়া উচিত। আজ দেশের মামুলী কাজগুলি মামুলী এবং পুরাতন ডিপার্টমেণ্টেব মাধ্যমেই হইতেছে এবং উন্নয়নমূলক কাজ করিতেছে উন্নয়ন বিভাগ বা ডেভেলপমেণ্ট ডিপার্টমেণ্ট। প্রথম কথা সর্ব্বত্র ধাবাবাহিকতা ও সমতা থাকিতেছে না। অতএব এস্ট্যাব্লিশমেণ্ট খবচ প্রায় ডবল পড়িতেছে এবং এখন তৃতীয় ডেভেলপমেণ্ট এণ্ড মেণ্টেন্যান্সের মধ্যে যথোচিত যোগাযোগেব ব্যবস্থা থাকিতেছে না। এই প্রহসনেব এখনই শেষ হওয়া উচিত। সমস্ত বাজেটকে উন্নয়ন পর্য্যায়ে, ডেভেলপমেণ্ট বেসিসএ ফেলা উচিত এবং সেই পবিপ্রেক্ষিতে প্রতি বিভাগের সকল কাজের সহিত উন্নয়নমূলক কাজও যুক্ত করা উচিত।"

Mr. Chairman: Are you going to speak for a longer time? I believe you have already spoken for 25 minutes?

Dr. Monindra Mohan Chakrabarty:

সমস্ত বাজেটকে উন্নয়ন পর্য্যায়ে ফেলা উচিত—এটা খাঁটি কথা। কারণ, আমরা যখন শিক্ষকদের আর শিক্ষা বিভাগের উন্নয়নেব কথা বলি তখন প্রশ্ন করা হয় যে টাকা আসবে কোথা থেকে? শিক্ষা ব্যবস্থা বা অন্য যে কোন সংগঠনমূলক ব্যবস্থার জন্য আজকের দিনে এই পরিপ্রেক্ষিতে উন্নয়নমূলক পরিকল্পনার মাধ্যমে কেবল শিক্ষা ব্যবস্থা নয়, অন্য অনেক জনকল্যাণমূলক কাজের জন্যও সেটা উন্নয়ন বোলে তার জন্য টাকা বরাদ্দ করতে হবে।

বাজেট সমালোচনার অর্থ এ নয় যে আমারা ওদের সঙ্গে একমত। অনেক বিষয় আছে যার সঙ্গে আমরা একমত নই। যদি দৃষ্টিভঙ্গীব পবিবর্ত্তন না হয় তাহলে কোন কিছুই হবে না।

[10-10—10-15 a.m.]

Sj. K. P. Chattopadhyay:

মাননীয় সভাপতি মহাশয়, আজকে এই এপ্রোপ্রিয়েসন বিল দেখতে এত অল্প সময় পেয়েছি যে অল্প যে কয়েকটি বিষয় নজরে এসেছে সে সম্বন্ধেই বলব। অন্য কিছু বলা সম্ভব নয়।

[Sj. K. P. Chattopadhyay.]

(Sj BIJOY SINGH NAHAR :

ভালভাবে যেটা জেনেছেন সেইটাই বলে দিন) কোন একটা ছবির কথা বলতে গেলে ছবি যদি ভাল হয় তবে তার গায়ে দাগ দিয়ে কেউ নষ্ট করতে চায় না ; যেটা খারাপ হয়, সেইটাতেই দাগ দেয়। আমি, তথ্যের ভিত্তিতেই সমালোচনা করি, শুধু গালাগালি দিই না।

(Sj BIJOY SINGH NAHAR :

মনীন্দ্র বাবুর উপর একটু ইঙ্গিত হ'ল।) দেখতে পাচ্ছি বাজেটে উনি বাসায়নিক ব্যপার সম্বন্ধে যা বলেছেন সেটা এঁরা বোধ হয় ধরতে পারেন নি।

Sj. Bijoy Singh Nahar:

অত বুদ্ধি নাই ; অত বুদ্ধি হ'লে কি এত টাকা যায় ?

Sj. K. P. Chattopadhyay:

("ইট্ ইজ্ ফলি টু বি ওয়াইজ্ হোয়ার ইগ্নোরেন্স ইজ্ ব্লিস।" বাজেটে দেখতে পাচ্ছি পুলিশ এবং জেলে ৬ কোটি ৮০ লক্ষ টাকা খরচ, শিক্ষা বিভাগের জন্য ৬ কোটি ৫৯ লক্ষ এবং তার পরে স্বাস্থ্যের জন্য ৪ কোটি ৪২ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে। কাজেই এই ৩টা সম্বন্ধে বোধ হয় বলা সমীচীন হবে। পুলিশের সম্বন্ধে অনেক কথা আগে বলেছি, এখন খুব বেশী বলব না। তাহ'লেও এ ব্যাপারে একটা কথা বলব। এবার শিক্ষক আন্দোলনের গোলমালের সময় প্রায় ৬।৭ শ লোককে ধরা হয়েছিল। যখন গোলমাল মিটে গেল তখন আমাদের এখান থেকে বিরোধী পক্ষের প্রতিনিধি হিসাবে শ্রীদেবেন সেন, শ্রীনির্ম্মল ভট্টাচার্য্য, জনাব আবদুল হালিম, শ্রীমনীন্দ্র চক্রবর্তী এবং আমি প্রধানমন্ত্রী মহাশয়ের কাছে গিয়ে বলেছিলাম, খামকা এই এতগুলো লোককে টেনে আনা কেন ? এদের বিরুদ্ধে ত কোন প্রমাণ নাই। তিনি তখন বলেছিলেন পুলিশের প্রমাণ আছে, পুলিশ খামকা কাকেও ধরে না, পীড়ন করে না। আমরা বল্লাম ১৯৪৮ থেকে ১৯৫২ সাল পর্য্যন্ত ৪ বৎসর এই রকম বহু ক্ষেত্রে এই রকম গ্রেপ্তারের ব্যপার দেখেছি--সেখানে কোন প্রমাণ নাই, যেমন আদালতে নেওয়া হয়, তখন প্রমাণ নাই, কোন কেস নাই, কাজেই সেটা ছেড়ে দেওয়া হচ্ছে। এই ধরণের বাজে কাজ কোরে, পয়সা নষ্ট কোরে এত খরচ করবার প্রয়োজন নেই। এইভাবের কত রকম যে বাজে কাজ হয় তার একটা উদাহরণ দেব। এক বৎসর আগে বাঁকুড়া সহরে এক ব্যক্তি শান্তি আন্দোলন সম্বন্ধে একটা পোষ্টার ছাপতে দিয়েছিল। সে পোষ্টারে কিছু বৈপ্লবিক ছিল না। পৃথিবী যেন শান্তিময় হয় এই ছিল তার কথা। তাকে ডিফেন্স অফ ইণ্ডিয়া এ্যাক্টএ ধরা হ'ল। তাকে হাজতে দু' মাস রাখলে, তাকে জামীন দিলে না। তারপর তাকে যখন জামীন দেয় তখন তাকে হোম ইণ্টার্ণ করলে, বাড়ীতে অন্তরীণ রাখলে। সে ব্যক্তি কিছু বলতে পারে না, সে গরীব লোক উকীল দিতে পারে না, আমি বাঁকুড়া অঞ্চলে সে সময় গিয়েছিলাম। কংগ্রেসের লোকজন প্রত্যেকে বল্লে যে এই রকম ঘটনা ঘটেছে। হোম ডিপার্টমেণ্টএ লেখা হ'ল যে এই রকম ব্যাপার। আর সেই গরীব লোকটির সম্পর্কে দেখা যাচ্ছে যে সে কি করেছে, তা ওঁরা বলছেন না।

(Sjkta. SANTI DAS :

সে গরীব লোক হলে পোষ্টার ছাপান কি কোরে ?)

Mr. Chairman: Will honourable members address the Chair and not each other?

[10-15—10-20 a.m.]

Sj. K. P. Chattopadhyay:

হোম ডিপার্টমেণ্ট থেকে যখন তদন্ত করবার চিঠি গেল সেখানে যা রেকর্ড আছে তা প্রধানমন্ত্রী মহাশয় ভাল রকম জানেন এবং এবিষয়ের চিঠি আমার কাছে আছে তার পরে শুনলাম "অল্ বেস্ট্রিকশন হ্যাব বিন্ উইথড্রন্ এগেনেষ্ট দুলাল চন্দ্র" ; এই ত পুলিশের কারবার।

শিক্ষা বিভাগে এবার দেখছি টাকা বেশী খরচ করা হচ্ছে।' এই টাকা ভালভাবে খরচ হচ্ছে কিনা আমাদের বোঝা দরকার। কত স্কুল বাড়ল, কত ছেলেমেয়ে বেশী পড়ছে, এ জিজ্ঞাসা কোরে জবাব পাওয়া যায় না। ১৯৫২ সালের মে মাসে একটা প্রশ্ন করেছিলাম যে ১৯৫০-৫১ সালে কত বাড়ল। ১৯৫৩ সালের মে মাসে জবাব এল এখনও খবর পৌঁছায় নি। খুব চমৎকারভাবে বিভাগ চালান হয়। ১৯৫১ সালের তথ্য সংগ্রহ হবে ১৯৫২ সালের মে, জুন, জুলাইএর মধ্যে এবং প্রত্যেক জেলাতে ডিষ্ট্রিক্ট আফিসে সেগুলো করা হয়। এক-একটা জেলায় হাজারখানেক স্কুল আছে, এক একটা স্কুলের তথ্য ধারাবাহিকভাবে লিপিবদ্ধ করতে ১ মাসের বেশী সময় লাগে না ; আমি নিজে সেই কাজ করেছি, কর্পোরেশনে যখন ছিলাম। সেইজন্য শিক্ষামন্ত্রী মহাশয়কে বলতে পারি যে যেটা এক মাসে করা যায়, দেখা গেল যে ১১ মাসেও সেটা সমাপ্ত হয় না। এই ধরণে যদি দেশের কাজ চালান যায় তাহ'লে কোন জিনিস চলবে না। ভাঙা গরুর গাড়ীর মত ঐ যন্ত্র চলবে।

তারপরে শিক্ষা সম্বন্ধে আর একটা জিনিস বলব। এটা বিজয় বাবুর প্রস্তাবমত ভাল কথাই বলছি। সরকার আজ নিজে পাঠ্যপুস্তক ছাপার ভার নিয়েছেন যাতে নানা রকম লোক বেশী লাভ কোরে ছেলেদের উপর চাপ না দেয়; আমি সেটা সমর্থন করি; কিন্তু বইগুলো যাতে লোকে পায় সেটার ব্যবস্থা করা দরকার। বই পেতে হ'লে লোককে ১৯৪৩-৪৪ সালে রেশনের দোকানের সামনে থলি নিয়ে যেমন লাইন কোরে দাঁড়াতে হ'ত সেই রকম দাঁড়াতে হচ্ছে —এই প্রকার আমার অভিজ্ঞতা হয়েছে। আমার কোন জানা লোকের কথা বলছি—তিনি ঐ রকম দাঁড়িয়ে যখন সরকারী দপ্তরখানায় বই চাইলেন তখন তাকে বলা হ'ল আপনার ছেলে যে পড়ে তার একটা সার্টিফিকেট দেখান। সে বল্লে সর্বনাশ। একখানা বই কিনতে এসে সার্টিফিকেট লাগবে তা ত জানি না, একখানা বই'এর জন্য ৩ ঘণ্টা দাঁড়িয়ে আছি। তারপর তাকে বল্লে বই দেওয়া হবে না। একটা সাদা কাগজে যদি লেখা থাকে ছেলে পড়ে এবং তলায় একটা সহি—অমুক স্কুলের হেড্‌মাষ্টার, তাতে স্কুলের রবার ষ্ট্যাম্প হয়ত নাও থাকতে পারে, তাতে কাজ হবে কিন্তু তা নেই বলে তাকে বই দিলেন না, ফিরিয়ে দিলেন। নানা জায়গায় এই রকম বই পাচ্ছে না। "কিশলয়" বইটা সৌভাগ্যক্রমে সঙ্কলন করা হয়েছে; তাই তবু অনেকগুলো লেখা তাতে ভাল; কিন্তু কিছু কিছু অদ্ভুত ধরণের লেখাও আছে। যেমন, চীন দেশ সম্বন্ধে; আজকের দিনেও ১৯৫৩ সালে যেটা ছাপা হয়েছে সেটা তা না হয়ে যদি ১৯৪৫ সালে কি ১৯৪০ সালে ছাপা হ'ত তাহলে হয়ত কিছু সত্য তাতে থাকতে পারত। এই চীন দেশ সম্বন্ধে উক্তি আছে—

"শুধু বড়লোকের ছেলে মেয়েরা পাঠশালায় যায়, সেখানে কোন পড়া জিজ্ঞাসা করলে তারা শিক্ষকের দিকে পিছন ফিরে উত্তর দেয়"। এটা অন্য বই থেকে নেওয়া হয়েছে--বিমল ঘোষের লেখা থেকে নেওয়া হয়েছে। আমাদের বন্ধু নির্ম্মল ভট্টাচার্য্য মহাশয় উপস্থিত আছেন; তিনি চীন দেশ দেখে এসেছেন, আমারও কিছু জানা আছে। এটা আজকের দিনে কি দেখে ছাপা হয়েছে জানি না। এই ধরণের অপর দেশের লোককে মিথ্যা গালাগালি দিয়ে বই ছাপিয়ে পড়ান হ'ত এ্যাংলো-ইণ্ডিয়ান স্কুলএ।

[10-20—10-25 a.m.]

আমি যখন কর্পোরেশন শিক্ষা বিভাগের কর্ত্তা ছিলাম তখন তাদের একটার গ্রাণ্ট এজন্য বন্ধ করে দিয়েছিলাম। তারপর এস্কিমোদের সম্বন্ধে লেখা আছে যে "এস্কিমোরা পরস্পর গা চাটিয়া পরিষ্কার করে"। এই সব বই অনুমোদন করে বাড়িয়ে আমাদের কি লাভ হবে বুঝি না। ছেলেদের মনে বিদ্বেষ জন্মাবে।

সভাপতি মহাশয়, একটা বই ৪র্থ শ্রেণীর জন্য শিক্ষা অধিকার হ'তে অনুমোদন করা হয়েছে তাতে এক জায়গায় লেখা আছে যে, "আমরা সকলেই ভারতবাসী হ'লে কি হবে, আমাদের প্রত্যেকের খাওয়াপরা কারো সঙ্গে কিছুই খাপ খায় না। আমাদের ধারণা আমাদের সংস্কৃতি এক; কিন্তু ছেলেদের, এই সব বইয়ে তার উল্টা শিক্ষা দেওয়া হচ্ছে। এইরূপ শিক্ষায় দেশের কি উপকার হবে? শিশুদের এই শিক্ষা দেওয়া হচ্ছে যে এখানে কারো সঙ্গে কারো খাপ খায় না। ফলে ভবিষ্যতে তারা মারা-মারি কাটাকাটি করবে। তারপর কোনও ভাষার সঙ্গে কোন ভাষার মিল হয় না, এ হোল নূতন একটা ভাষাতত্ত্ব, এটা কি রকম ভাষাতত্ত্ব তা সুনীতি বাবুই ভাল করে বুঝবেন। তারপর আমাদের জিওগ্রাফি এ্যাণ্ড নেচার ষ্টাডিতে দেখতে পাচ্ছি যে লেখা আছে, "কাশ্মীরের লোকেরা সাধারণতঃ কূট প্রকৃতির ও ভীরু প্রকৃতির হয়," এই সমস্ত জিনিষ ছেলেদের শিখাবার দরকার কি? (এ ভয়েস: বইটা কার লেখা?) বইটার নাম "পরিবেশ", কার লেখা তা আমার স্মরণ নেই তবে এটা

approved by the Education Directorate for Class IV of basic school.

একেবারে ছাপ মেরে স্কুলএ পড়ান হচ্ছে। লেখকের নাম শিক্ষামন্ত্রী মহাশয়কে লিখে পাঠাবো। এখানে আমার বক্তব্য হচ্ছে যে আজ একখানা বইএর কথা বল্লাম এইরকম বহু বই দেখতে পাবেন যাতে এই ধরণের ভুল আছে। আমি যখন এই সহরের শিক্ষা বিভাগের কর্ত্তা ছিলাম তখন নিজে কয়েক হাজার বই পড়ে দেখে বহু বই বাতিল করে দিয়েছি। এই সরকারী শিক্ষা বিভাগে বহু লোক আছেন, তাঁরা অকুশে এই সব বই পড়ে তারপর এ্যাপ্রুভড় করতে পারেন। পরিশেষে স্বাস্থ্য সম্বন্ধে একটা নিজের অভিজ্ঞতার কথা বলছি। এখানে ৪ কোটি টাকা খরচ করে বিভিন্ন ইউনিয়নে স্বাস্থ্যকেন্দ্র খোলবার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ১৯৫২ সালে একটি চিঠি পেলাম ঘাটাল মহকুমার সাবডিভিশনাল অফিসার—অবশ্য সাবডিভিশনাল অফিসারএর বাংলা কি হবে জানি না উপ, অপ, অবর না কি হবে তা বুঝি না, তবে মহাকুমা হাকিম বলা চলে।

[10-25—10-30 a.m.]

সরকারী পরিভাষা যেটা সেটা বাংলা বলে মনে হয় না; সেটা তৎভব নয় তৎসমও নয়। তিনি চিঠি দিলেন যে বিদ্যাসাগর মহাশয়ের বীরসিংহ গ্রামে একটি স্বাস্থ্য-কেন্দ্র করে দেওয়া হ'তে পারে যদি ৬ বিঘা জমি

[Sj. K. P. Chattopadhyay.]

কিছু টাকা দেওয়া যায়। আমার হাতে বিদ্যাসাগর পরিবারের সম্পত্তি ছিল, আমি তখন ঐ সম্পত্তির ট্রাষ্টি ছিলাম। আমি চিঠি দিলাম যে আমরা রাজী আছি। আর হাজার তিনেক টাকা দেব। মাস ছয়েক পর মেদিনীপুরের সিভিল সার্জনএর কাছ থেকে চিঠি পেলাম যে ২০ হাজার টাকা দিলে হবে। আবার কিছু দিন পর চিঠি এলো যে ১৬ হাজার টাকা দিলেই হবে। তখন আমরা চিঠি দিলাম যে আমরা মেরে কেটে আরও হাজার খানেক টাকা দিতে পারি তার বেশী পারবো না। সরকারী তরফ হ'তে টাকা জমা দেবার জন্য চিঠি এল। তখন আমি জানালাম যে এখানে টু-বেড হস্পিটাল করা হবে তার একটি বেডএ আমার মাতামহের নামের একটি ফলাকা লাগিয়ে দিতে হবে। এইরূপ কথা ছিল মূল প্রস্তাবে; এ বিষয়ে কিছু বলা হয় নাই,—তারপর আমি চিঠি পেলাম যে বীরসিংহ গ্রামে এই হেল্থ সেণ্টার খোলা হ'বে না। এই হেল্থ সেণ্টার অন্য গ্রামে খোলা হবে। তখন আমি ভাবলাম যে এটা কিরে বাবা। টাকাটা কি মেরে দেবার মতলব নাকি। চিঠি দেওয়া হ'ল। টাকা ও জমি দিতে রাজী হলাম তারপর টাকা জমা দিতেও বললে সরকার। তারপর বলে এখানে করা হবে না। এর ভিতর কি মতলব আছে তা বুঝতে পারি না। এইভাবে স্বাস্থ্যের উন্নতি হবে না একথা ঠিক। এর পর আর আমার কিছু বলবার নেই।

Janab Abdul Halim:

মিঃ চেয়ারম্যান, স্যার, মাননীয় মন্ত্রী প্রফুল্ল সেন মহাশয় আমাদের সামনে ১৯৫৪-৫৫ সালের জন্য যে এ্যাপ্রোপ্রিয়েশন বিল অর্থাৎ অর্থপ্রয়োগ বিল উপস্থিত করেছেন, সে সম্পর্কে আমি তীব্র সমালোচনা না করে পারি না।

[10-30—10-35 a.m.]

গভর্ণমেণ্ট ব্যয়বরাদ্দ খাতে কোটি কোটি টাকা খরচ করছেন। দামোদর পরিকল্পনা, ময়ূরাক্ষী পরিকল্পনা ও কম্যুনিটি উন্নয়ন পরিকল্পনার জন্য প্রচুর অর্থ ব্যয় করছেন, অথচ দেশের জনসাধারণের যে মূল সমস্যা, খাওয়া, পরা, চাকরীর সমস্যা, যার সম্বন্ধে আমি গত বাজেট আলোচনার সময় বলেছিলাম, সেই সমস্ত সমস্যা সমাধানের কোন সুরাহাই হচ্ছে না। দেশে বেকারীর সংখ্যা ক্রমশঃ বেড়ে চলেছে। শ্রমিকদের মজুরি হ্রাস ও ছাঁটাই সমানে চলেছে। মধ্যবিত্তদের অবস্থা এবং জীবনের মান দিন দিন খারাপ হচ্ছে এবং তাদের মধ্যে বেকারীর সংখ্যাও ভয়াবহরূপে বেড়ে চলেছে। গভর্ণমেণ্ট দেশের দারুণ দারিদ্র্য ও অর্থসঙ্কটের দ্রুত বা মৌলিক সমাধান কিছুই করতে চান না। কাজেই এই গভর্ণমেণ্টকে প্রকৃত জনসাধারণের গভর্ণমেণ্ট বা জনকল্যাণ রাষ্ট্র বলতে পারি না। প্রকৃতপক্ষে এই গভর্ণমেণ্ট হচ্ছে বড়লোক, ধনিকদের গভর্ণমেণ্ট। ধনিকদের, বড় বড় লোকদের যাতে সুবিধা হয় সেই দিকেই এঁদের বেশী দৃষ্টি, কিন্তু দেশের নীচের তলার মানুষের উন্নতির দিকে সরকার মোটেই মাথা ঘামান না। অথচ তাঁরা কথায় কথায় গণতন্ত্রের দোহাই দিয়ে থাকেন।

এই পরিষদে অর্থমঞ্জুরী বিল সম্পর্কে আমাদের সমালোচনার কোন মূল্য দেওয়া হবে না এবং ভোট না নিয়েই এই বিল গৃহীত হবে। তার কারণ এ সম্পর্কে আমরা আলোচনা করতে পারি কিন্তু এখানে ভোট দেবার আমাদের কোন অধিকার নেই।

গত বাজেট আলোচনার সময় ব্যয়বরাদ্দ সম্পর্কে আমার যা বক্তব্য তা বলেছি, এবং মাননীয় মন্ত্রী মহাশয়ের ঘাটতি বাজেটের অনেক মহিমা কীর্তন শুনেছি। তিনি বলেছেন আজকের এই প্রচুর অর্থব্যয়ে যে সমস্ত পরিকল্পনা হচ্ছে তাতে এখুনি দেশের উন্নতি না হ'লেও, ভবিষ্যৎ বংশধররা এর সুফল নিশ্চয়ই ভোগ করবে। আমি জানি না এই অদূর ভবিষ্যতের দিকে চেয়ে থেকে কি হবে।

বিলের আলোচনা প্রসঙ্গে গভর্ণমেণ্টের শ্রমনীতি সম্পর্কে আমি কিছু বলতে চাই। শ্রমখাতে ৬৭,১৮,০০০ টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে। কিন্তু আসলে পশ্চিমবঙ্গ সরকারের শ্রমনীতিটা কী? গভর্ণমেণ্টের শ্রমনীতি হচ্ছে মালিকতোষণ নীতি। শ্রমিকদের প্রকৃত মঙ্গলের দিকে সরকার বিশেষ লক্ষ্য দেন না। সরকার সর্বদাই অজুহাত দেখান যে দেশে আভ্যন্তরিক শান্তির বিঘ্ন হচ্ছে, উৎপাদন বৃদ্ধি হচ্ছে না, শ্রমিকগণ ধর্ম্মঘট করছে। কিন্তু শ্রমিকদের ধর্ম্মঘটও—শিল্পে অশান্তির মূল কারণ,—পশ্চিমবঙ্গ সরকারের শ্রমনীতি।

গত কয়েক বছরে ২৫।৩০ হাজার চটকল শ্রমিক কারখানা থেকে ছাটাই হয়েছে। হিন্দ্ কনস্ট্রাকশন, ক্লাইভ ফ্যান, রাধেশ্যাম কটন মিল এবং বহু চাবাগানে হাজার হাজার শ্রমিক ছাটাই হয়েছে। বরখাস্ত শ্রমিকদের পুনর্বহাল করা উচিত। কিন্তু তা করা হয়নি। বিলাতী-মালিকরা খামখেয়ালীভাবে শ্রমিক ছাটাই করে। ল্যান্সডাউন, এলবিয়ন জুট মিলে, মার্কিন মালিকের ন্যাসানাল কার্বন কোম্পানিতে চাবাগান প্রভৃতির কারখানার বহু নেতৃস্থানীয় শ্রমিকরা বিনা কারণে ছাটাই হয়েছে, তাদের পুনর্বহাল করতে শ্রমদপ্তর চরম উদাসীনতা দেখিয়েছেন। তাছাড়া শ্রমিকের ন্যায্য বেতন, ছুটী, ট্রাইবুনালের রায়

অনুযায়ী বিডিনু পাওনা হতে মালিকগণ বে-আইনী-ভাবে শ্রমিকদের বঞ্চিত করেন। শ্রমদপ্তর মালিকদের যথেচ্ছাচারেরই বরং সহায়তা করেন। তাই দেখা যায় শ্রম দপ্তরের নীতি মালিকতোষণ নীতি।

কারখানার মালিকদের নিকট থেকে ন্যায্য দাবী আদায়ের জন্য শ্রমিকগণ ধর্ম্মঘট করলেই সরকার নিবর্ত্তনমূলক আইনে শ্রমিকদেরই গ্রেপ্তার করেন, কিন্তু তারা ছাড়া পাওয়ার পর কোম্পানী তাদের কাজ দেয় না। কোন মালিককে গভর্ণমেণ্ট অদ্য পর্য্যন্ত নিবর্ত্তনমূলক আইনে গ্রেপ্তার করেন নি সামান্য সামান্য অজুহাতে শ্রমিকদের উপর মালিকরা চার্জসীট্ দিয়ে থাকে।

বিনা ষ্ট্রাইকে কিছুতেই ট্রাইবুনাল দেয়া হয় না। ট্রাইবুনালের ব্যয় মালিকরা কিছুতেই কার্য্যকরী করে না। বেলুর গ্লাস কোম্পানীর কথা মাননীয় শ্রম-মন্ত্রীমহাশয় নিশ্চয় জানেন। মালিক ট্রাইবুনালের ৪ লক্ষ টাকা এ্যাওয়ার্ড শ্রমিকদের না দিয়ে কারখানা বন্ধ করে দিয়েছে। গভর্ণমেণ্ট কোন হস্তক্ষেপ করেন নি। কারখানার পর কারখানা বন্ধ হচ্চে, হাজার হাজার শ্রমিক কারখানা থেকে ছাটাই হচ্চে, আর কারখানা বন্ধ করার পর শ্রমিকদের ন্যায্য পাওনা থেকেও মালিকগণ তাদের বঞ্চিত করছে। আমি মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে পারি কি কেন তাঁর গভর্ণমেণ্ট এই ব্যাপারে হস্তক্ষেপ করেন না। শ্রমিকদের স্বার্থের বিরুদ্ধে যেসব কোম্পানী কাজ করে সরকার তাদের প্রতি নরম নীতি কেন গ্রহণ করেন?

[10-35—10-40 a.m.]

ইংরাজ মালিকের টিটাগড় কাগজ কলের ৭ হাজার শ্রমিক ৫ মাস ব্যাপী ধর্ম্মঘট করছে। পুলিশ ইউনিয়নের আফিস তালাবন্ধ করে দিয়েছে, বহু শ্রমিক নেতাদের গ্রেপ্তার করেছে, সরকার এই ব্যাপারে মালিকদেরই সাহায্য করছেন। সরকার যদি ইংরাজ মালিকের বেয়াদপীর বিরুদ্ধে শক্ত হাতে উপযুক্ত ব্যবস্থা করতেন তবে অনেক আগেই ধর্ম্ম-ঘটের মিমাংসা হ'ত। কিন্তু সরকার তা না করে শ্রমিকদের উপর দমন নীতি সুরু করেছেন।

চটকল শ্রমিকদের বোনাসের আন্দোলনকে দমন করার জন্য সরকার অনেক নেতাকে আটক করেছিলেন। সেই সময় মাননীয় প্রধানমন্ত্রী ডাঃ রায় প্রতিশ্রুতি দিয়েছিলেন যে বোনাস ধার্য্য করার জন্য একটা ট্রাইবুনাল বসান হবে। কিন্তু সে প্রতিশ্রুতি এখন নিছক ধাপ্পাবাজী বলে প্রতিপন্ন হচ্ছে। এক-চেটিয়া দেশী ও বিদেশী পুঁজিপতিরা শ্রমিকদের নির্ম্মমভাবে শোষণ করে। চটকলের ইংরেজ মালিক-গণ এদেশ থেকে কোটি কোটি টাকা মুনাফা লুটে নিয়ে যাচ্ছে। সরকার যদি তাদের বিরুদ্ধে শক্ত হয়ে দাঁড়িয়ে এই লুণ্ঠন বন্ধ করেন তাহলে প্রচুর আয় হতে পারে। সরকার মালিকতোষণ নীতি পরিহার ক'রে বলিষ্ঠ নীতি গ্রহণ করলে সকল মানুষের সমর্থন পাবেন।

বড় বড় কারখানার মালিকগণ শ্রমিকদের দমন করবার জন্য অবসরপ্রাপ্ত কুখ্যাত পুলিশ ও মিলিটারি অফিসারদের নিযুক্ত করে। চেম্বার অফ্ কমার্স ও শ্রমিকদের ওপর কড়া নজর রাখবার জন্য সেবার স্পাই নিযুক্ত করে থাকে।

এখন পুলিশ সম্বন্ধে কিছু বলব। এপ্রোপ্রিয়েশন বিলে পুলিশের জন্য ৫ কোটি ৯৬ লক্ষ ৭৫ হাজার টাকা মঞ্জুরী চাওয়া হয়েছে। পুলিশের অনুষ্ঠিত যাবতীয় দুষ্কর্মের জন্য দায়ী পশ্চিমবঙ্গ সরকার। যে পুলিশ বৃটিশ আমলে দেশপ্রেমিকদের বিরুদ্ধে গোয়েন্দাগিরি করত, জনগণকে নিপীড়িত করত তারাই আজ কংগ্রেসী সরকারের অতি প্রিয় হয়ে উঠেছে। পুলিশের হাতে বিনা বিচারের আটক প্রভৃতি বেআইনী ক্ষমতা দিয়ে উচ্চ পদে বহাল রাখা হয়েছে। জনসাধারণ আশা করেছিল, কংগ্রেস সরকার অত্যাচারী পুলিশ অফিসারদের অপসারণ করবে, কিন্তু তার পরিবর্ত্তে তাদের প্রমোশন দেয়া হচ্ছে। জনগণের উপর পুলিশ যত বেশী অত্যাচার করতে পারে ততই তাদের পদোন্নতি হয়।

অন্যান্য খাতে পুলিশের জন্য যে টাকা ব্যয়ের ব্যবস্থা আছে তা একত্র করলে দেখা যাবে যে প্রকৃত-পক্ষে পুলিশের জন্য ব্যয় হচ্চে ৮ কোটি ৮৮ লক্ষ টাকা; অর্থাৎ মোট খরচের শতকরা ১৪ ভাগ। এই খরচের বহর হতে প্রমাণিত হয় যে এটা জনকল্যাণ-মূলক রাষ্ট্র নয়। প্রকৃতপক্ষে এটা হচ্চে পুলিশী রাষ্ট্র, কলকাতা সহরে যেসব খুন, ডাকাতি, বাহাজানী অনুষ্ঠিত হয়েছে তার একটী ক্ষেত্রেও পুলিশ অপরাধীদের ধরতে পারে নি।

জাল ঔষধ বিক্রয়, জুয়ার আড্ডা পরিচালনা, ম্যাসেজ বাথ প্রভৃতি চালিয়ে যাওয়া প্রভৃতি গুরুতর অপরাধমূলক কাজ অবাধে চলছে। এইসব সমাজ-দ্রোহী কাজ ধনী ব্যক্তিরাই চালায়, এবং পুলিশের পদস্থ ব্যক্তিদের সঙ্গে তাদের যোগাযোগ থাকে। তাই খুন, ডাকাতি প্রভৃতি মারাত্মক অপরাধ সমাজ-দ্রোহীরা নির্বিঘ্নে চালিয়ে যায়। এদিকে, রাজনৈতিক কর্ম্মীদলের বিরুদ্ধে গোয়েন্দাগিরি, শ্রমিক-আন্দোলন, ট্রেড্ ইউনিয়ন ও গণতান্ত্রিক আন্দোলন দমনের কাজে সাধারণ পুলিশ, স্পেশাল ব্রাঞ্চ ও সি, আই, ডি, এত ব্যস্ত থাকে যে সমাজদ্রোহীদের বিরুদ্ধে কিছু করবার আর তাদের সময় থাকে না।

[Janab Abdul Halim.]

খিদিরপুরে জাহাজীদের মেসে পুলিশ হামলা করে অনেককে জখম করে। খিদিরপুর পুলিশের প্রহারের ফলে একজন ৬০ বছরের বাস্তহারা বৃদ্ধ মারা যায়। তাছাড়া, ট্রাম ভাড়া বৃদ্ধি বিরোধী আন্দোলন, বোনাস ও খাদ্য আন্দোলন এবং সাম্প্রতিক শিক্ষক আন্দোলনে পুলিশ দমননীতি চালায়। হাজার হাজার লোককে গ্রেপ্তার ক'রে আটক করে; এবং তাদের প্রায় সকলকেই মিথ্যা মামলায় জড়ানো হয়। কিন্তু আদালত তাদের সকলকেই ছেড়ে দেন।

[10-40—10-45 a.m.]

আমি এখানে পুলিশী দমননীতির একটা হিসাব দিচ্ছি। পশ্চিম বাংলায় গত কয়েক বছরে পুলিশ যে অপকর্ম্ম করেছে তার তুলনা কোন সভ্য দেশে মিলে না। এমন একটা দিন অতিবাহিত হয়নি যে দিন আইনসঙ্গত গণতান্ত্রিক আন্দোলনের উপর পুলিশী হামলা ও নির্য্যাতন চলেনি। পুলিশের অত্যাচারে সামাজিক জীবন বিপন্ন হয়েছে? রক্তপাত হয়েছে, নিরীহ লোক প্রাণ হারিয়েছে। ১৯৪৭ সাল থেকে ১৯৫৪ সাল পর্য্যন্ত ১৪৫ জন নরনারী পুলিশের গুলীতে প্রাণ হারিয়েছে। ১৯৪৯-৫০ সালে পুলিশের গুলীতে নিহতের সংখ্যা সবচেয়ে বেশী। গত বছর থেকে পুলিশের গুলীতে মৃত্যুর সংখ্যা বেড়ে গেছে। ট্রাম ভাড়া, খাদ্য, বোনাস ও শিক্ষক আন্দোলনের সময় পুলিশী সন্ত্রাস ও দমননীতি চরমে ওঠে।

গত বছর জুলাই মাসে ট্রাম ভাড়া বৃদ্ধির বিরুদ্ধে আন্দোলনের সময় পুলিশী দমননীতি বিশেষভাবে প্রকট হয়ে ওঠে, বৃটিশ ট্রাম কোম্পানীর স্বার্থে জনসাধারণের আন্দোলন দমন করার জন্য পুলিশ ৪,০০০ লোককে গ্রেপ্তার করে। খানাতল্লাসী, গ্রেপ্তার, গুলীবর্ষণ ও টিয়ার গ্যাস চলে। বিরোধী দলের অফিস, বিশেষ করে কমিউনিষ্ট পার্টির উপর জোর হামলা হয়। ব্যাপক গ্রেপ্তারই শুধু হয় নি, অবাধ লাঠিচার্জ, টিয়ার গ্যাস ও গুলী চলে। তাতে ৪ জন নিহত হয় তার মধ্যে একজন বৃদ্ধ মহিলা। শারীরিক নির্য্যাতন ও গ্রেপ্তার ছাড়াও জনসাধারণের উপর ব্যাপক আক্রমণ হয়।

পুলিশ অন্তঃপুরে প্রবেশ ক'রে মহিলাদের উপরও লাঠি চালায়, তল্লাসি করে, জিনিষপত্র তছনছ করে, গৃহের পবিত্রতা নষ্ট করে।

সি-আই-ডি পুলিশ, গোয়েন্দারা সাদা পোষাকে সভা-সমিতি, মিটিং, শোভাযাত্রার মধ্যে প্রবেশ করে এজেণ্ট প্রভোকেটর হিসাবে জনতাকে হিংসায় প্ররোচিত করে। গত খাদ্য আন্দোলনে ২ জন নিহত, ১০০ জন আহত ও ৭০০ জন গ্রেপ্তার হয়েছে। সেপ্টেম্বরে শ্রমিকদের বোনাস আন্দোলন দমনকল্পে পুলিশ লাঠি চার্জ করে, ১০০ জনকে গ্রেপ্তার করে, ২ জন পুলিশের গুলীতে নিহত হয়, ৩০০ আহত হয়, ৭ জন নিখোঁজ হয়।

শিক্ষক আন্দোলনে ১৪৪ ধারা জারী করা হয়, ৮০০ গ্রেপ্তার এবং ৭০।৭২ জনকে বিনা বিচারে আটক করা হয়। ট্রেড ইউনিয়নের উপর হামলা করা হয় ও শ্রমিক নেতাদের গ্রেপ্তার করা হয়। সহরে মিলিটারী বাজ কায়েম হয় এবং আইনসঙ্গত ট্রেড ইউনিয়নের কাজকেও অচল করে দেওয়া হয়। নিরাপত্তামূলক আইনে যাদের আটক করে গ্রেপ্তার করা হয়েছিল, তাদের বিরুদ্ধে কাল্পনিক অভিযোগ আনা হয়। আট জন পুলিশের গুলীতে নিহত হয়। পুলিশী নরহত্যা ও অপকীর্ত্তির পূরা হিসাব এখানে দেওয়ার সময় নেই। আমাদের কাছে যে হিসাব আছে তা প্রকাশ করলে মস্ত বড় একটা রামায়ণ হয়ে যাবে। গত বছরে এই সরকারের পুলিশ ২২ জনকে হত্যা করেছিল এবং এই বছর ইতিমধ্যে পুলিশের গুলীতে নিহত সংখ্যা ৯ জন। এতে পুলিশের অযোগ্যতা ও দুর্নীতিপরায়ণতাই আজ ফুটে উঠেছে। পুলিশের সমস্ত অপরাধের জন্য বিধান সরকারই দায়ী। সরকারের নীতি হচ্ছে দেশদ্রোহী নীতি। কাজেই পুলিশ খাতে অর্থ ব্যায় কিছুতেই সমর্থন করতে পারি না।

বাস্তহারা সম্পর্কে সামান্য কয়েকটি কথা বলে আমার বক্তব্য শেষ করব। গভর্ণমেণ্টের হিসাব মতেই ৩০ লক্ষ বাস্তহারা পশ্চিম বাংলায় এসেছে। তন্মধ্যে ১৪,৬২,১৭৫ লোকের ২৯২,৪৩৫টি পরিবারের পুনর্বাসন করা হয়েছে বলে গভর্ণমেণ্ট হিসাব দিয়েছেন। অর্থাৎ এখনও লাখ লাখ বাস্তহারার পুনর্বাসনের কোন ব্যবস্থা হয় নি। এখনও লাখ লাখ লোক দারিদ্র্যের সঙ্গে সংগ্রাম করছে।

১। সরকার গত বছরের গ্রাণ্টের তুলনায় ৪২ লক্ষ টাকা রিলিফের গ্রাণ্ট কমিয়েছেন।

২। ১৮,৮ লাখ কৃষিলোন কমান হয়েছে অথচ কুপার ক্যাম্পএ বেশীর ভাগ বাস্তহারা কৃষক। তারা দরখাস্ত করা সত্ত্বেও কৃষিলোন পায়নি।

৩। শিক্ষার গ্রাণ্ট ৪৬ লাখ কমান হয়েছে। বেশীর ভাগ পুনর্বাসন কেন্দ্রগুলি সম্পূর্ণরূপে অকৃতকার্য্য হয়েছে।

তাহেরপুর কলোনিতে

fathers selling their daughters. This is the real picture of the most rehabilitation centres. They require immediate relief.

এঁরা এখানে মেয়েদের বেকার করতে বাধ্য করেছেন। এখানে ইম্‌মরাল ট্রাফিক চলেছে এবং নানা রকম নোংরামীর কাজ চলে, যা বলা যায় না।

উড়িষ্যাতে যে সমস্ত বেফিউজিদের পাঠান হয়েছিল, সেখানে অনুর্ব্বর জায়গায় চাষ করতে না পেরে এখানে ফিরে এসেছে।

আমাদের এই এসেম্ব্লি হাউসএর সামনে তারা থেকে কোন রকমে দিন কাটাচ্ছিল। হঠাৎ দেখা গেল ৮ই মার্চ্চ রাত্রে পুলিশ তাদের সকলকে গ্রেপ্তার করে নাটকীয়ভাবে তাদের জেলে নিয়ে আসে এবং মধ্য রাত্রে জেলের ভিতর তাদের বিচার হওয়ার পর দাসপুর কলোনীতে তাদের পাঠিয়ে দেওয়া হয়।

২৪-পরগণার বহু মুসলিম যারা ১৯৫০ সালে বাস্তুহারা হয়ে যায় তাদের পুনর্বাসনের কোন ব্যবস্থাই হয়নি। গভর্ণমেণ্টের হিসাব মতে ৫০ পার সেণ্টও সেই সমস্ত মুসলিম বেফিউজি রিহ্যাবিলিটেটেড হয় নি। এদের সকলকে রিহ্যাবিলিটেট করতে এখনও কত সময় লাগবে তা আমরা জানি না।

মাননীয় বাস্তুহারা মন্ত্রীমহোদয়া মিসেস রায়

may rest assured of her portfolio for another six years.

কিন্তু তা সত্ত্বেও তিনি এঁদের সকলকে পুনর্বাসন করতে পারবেন কি না জানি না।

এই বলে অর্থপ্রয়োগ বিল সম্পর্কে আমার মন্তব্য শেষ করছি।

[10-45—10-50 a.m.]

Sj. Sankar Das Banerji: Mr. Chairman, Sir, I do not belong to the Education Department and therefore I am not in a position to answer any individual charge that might have been made by friends in the Opposition. But there has been a general criticism as if the Government is not alive to the fact that education needs to be improved here and we ought to do a great deal. I shall give a few facts and figures which may give this House some idea of the activities of the Government in the sphere of education. Sir, I find one charge has been made that no facts and figures are available and, therefore, people interested in education do not know the real position. I shall try to give one or two figures which will give the members of this House some idea of what is being done. The total number of teachers who are now being employed is 45,000 as against 43,000 which was the figure last year. The total number of students in the primary schools, Sir, today is 16 lakhs as against 14 lakhs which was the figure last year. So it is clear that at least there has been an increase in the number of pupils by 2 lakhs. Sir, one teacher is employed for 40 students. So it is clear arithmetic you can reckon out what the educational position is. Sir, some complaint has been made that a particular book which goes by the name of *Kishalaya* was not published in time. I think there is some truth in the charge made. But there was a reason for it. The extraordinary reason which prevented the publication in good time was the strike in Tittaghur Paper Mill which made it rather difficult to procure paper. That is the answer which the Government wishes to give. Well I do not think the time is ripe or the facts and figures are there when we can investigate into the truth or otherwise of the explanation that has been given.

Sj. Mohitosh Rai Choudhuri: This thing is happening year after year.

Sj. Sankar Das Banerji: May be. But this year special difficulty was the strike in Tittaghur Paper Mill. It may be that if the strike had not been there, it would have been published in time. Sir, so far as the Polytechnic School of Maharaja Monindra Chandra Nundy is concerned a lot of charges has been made. Perhaps they are true. But Government cannot assure you whether it is true or not. It is not the fault of the Government if the Government is cheated. My Honourable friend in the Opposition said that there were numerous instances in which Government has been cheated and it was the fault of those who run the administration. It is the Government's duty, I agree, to check, find out and bring the delinquents to justice. But, Sir, you will agree

[Sj. Sankar Das Banerji.]

[10-50—10-55 a.m.]

with me that it is not such a simple thing. If we, members of the public, do not co-operate with Government, if we assist the law-breakers what has Government to do? Just imagine the number of institutions that we have in Bengal! I know from personal knowledge that attempts have been made to cheat the Government; ordinary students have been set up as refugees, moneys have been taken, withdrawn and misappropriated. These are all facts. I myself have in my humble way started a small school in my own village. For 12 years, Sir, I have been struggling to put the school on its own legs. The school would have been closed down long ago but for the help that I give. Well, Sir, it is no good saying all these. We all know what the difficulties are. We cannot get proper teachers to teach students. We do not get the proper materials for teaching and the results, if I may say so with profoundest sorrow, are most regrettable. I started the school and then I approached Government for a grant. Government was kind enough to issue a grant. The result of the school was so very deplorable that the grant was withdrawn. Well, Sir, can I accuse the Government for withdrawing the grant? Although the grant has been stopped still I am struggling with the school, because I think it is our duty to uplift those people who are at the bottom, but I cannot in this particular case accuse the Government of doing something wrong. Out of the 200 or 300 students 20 or 30 students were sent out for the School Final Examination and only three came out successful. With whomsoever the fault lies it certainly does not lie with Government. Sir, I am in charge of the school. I look after the school. Well, Sir, I think the ancestors of these students had been neglected for the last 2,000 years and you cannot give them brains in a day for they cannot absorb what they are being taught and it is not the fault of the Government. Either the fault lies with the teachers who are incapable of teaching or the faults lie with the students themselves. But I will not accuse the Government. Of course I do agree that so far as the Secondary Board is concerned, we do not get proper help from them. We want that more and more help should come from them. But then again my friends are, if I may say, critical about the Secondary Education Board or the Government. But, Sir, the fault lies with us to a very great extent. We cannot get sufficient number of teachers to teach our boys. There is one gratifying thing which this House ought to take notice of. Today we have 5 lakhs of girl students in our primary schools. We have 8,000 lady students in the colleges. A very large number of girl students are now in the Post-Graduate Colleges. Well, unless we want to be critical, we must accept that great advancement has been made in this direction.

Sir, I want to say one other thing in support of the Government. Of course many of our friends here think that I am incapable of being critical about the Government but certain good things have been done and they must be brought to the notice of the House. Shri Kshitish Chatterjee said many things. (Dr. MONINDRA MOHON CHAKRABARTY: Chattopadhyay.) I beg your pardon, I should not have made that mistake.

[10-55—11 a.m.]

He said that the Medical Department is not acting as they should and that there has been some difficulty about a village health centre in Birsingha. I do not know the facts, but I will tell you certain things of which I have the figures. Altogether 168 health centres are functioning in West Bengal at the moment. Eight health centres will be completed before the 31st of March, 1954. Another 100 health centres for which provision has been made in the budget will be

finished by the 31st of March, 1955. Well, Sir, I take some amount of interest in these health centres. I can tell you this that in my own humble way I contributed Rs. 3,000 and 7 bighas of land for a health centre in my own union, the Panihati union, and it was accepted. The health centre is being built and, when completed, there will be ten beds in that little centre—five for women and five for men. The Government is spending Rs. 60,000 for construction of that health centre. When the health centre is completed, we will have a doctor, fully qualified, a nurse, a compounder, and a qualified nurse who can tackle maternity cases. Now, under those circumstances, taking these figures into consideration, I cannot say, Sir, that the Medical Department has not been doing their duty properly. It may be that there is some difficulty in some health centre, and for that reason it would be very wrong to accuse the Government as a whole for not doing anything for giving medical aid to the people.

Sir, I would like to say something about the Labour Department. As usual, very forceful speeches have been delivered in this House accusing the Government of doing nothing in the Labour Department. In other words, the trend of the speeches is that capitalists have been exploiting the labour and Government in each and every instance has been assisting the capitalists in their exploitation. In other words, when the labourers put up their just grievances before the Government the Government does nothing to assist and relieve the labourers. Again, Sir, I will give you one or two figures which may be of some interest to you. During 1953-54 there were altogether 4,000 cases dealt with by conciliation. I dare say the members of this House know that when there is an industrial dispute, the first attempt is to bring about a conciliation between the employers and the employees. Well, I can tell you, Sir, that 4,000 cases were dealt with by conciliation officers and disputes were brought to an end. Next, 298 cases were referred to the Industrial Court and dealt with by it. I can tell you, Sir, from personal experience that the Judges in the Industrial Court do not go by the letter of law.

[11—11-5 a.m.]

They try to do justice some times by disregarding the ordinary law. Two hundred and ninety-eight such cases were dealt with by the industrial court. One other charge put forward against the Government is that by reason of failure to implement all awards nothing is done. Now, may I tell you, Sir, that 34 prosecutions were started for failure to implement the awards. The 34 cases consisted of both European and Indian concerns. They were proceeded with and prosecuted for failure to implement the award. Fifteen tea gardens were actually closed down during the last year. All these tea gardens have again been reopened by reason of endeavours made by the Labour Department. I will show from the materials that are before me that the charges that have been levelled against the Labour Department that nothing is done to redress the grievances of labour are wholly unjustified. I had been to the labour court in my professional capacity and each time I came back with a grievance. I as a member of the Bar I can never accuse the learned Judges of the labour court but as a public man I say this that the courts invariably leaned in favour of the labourers and this cannot be denied. Every latitude is given to the labourers. Sir, I give an instance of how the interests of labour are protected in the court. Once I was sent up before the industrial court with a fat fee to oppose the demands made by the labour. As soon as the labourers realised that their case would not be able to stand the onslaught of a counsel like my humble self they objected to my appearance and immediately I lost the right of defending the

[Sj. Sankar Das Banerji.]

employers. The labour laws are extremely helpful to the workers there is not the slightest doubt and I challenge any of my friends here to controvert what I am saying here is not correct in each and every instance. Sometimes it happens the labour themselves engage lawyers. The interpretation of the Labour Act requires some sort of practical knowledge. If it is said that the Government is shutting their eyes it is wrong. Sir, the labour law is so drafted that it is all meant for the benefit of the labour.

Sir, the next thing that I would like to tell you is something about agriculture in which I take a great deal of interest. I mention about agriculture because it means so much for the nation. Sir, during the last season we have had 52 lakh maunds of clean rice as aaginst 39 lakh maunds of clean rice in the previous year. Perhaps you all know that one crore acres of land is cultivated for growing rice.

[11-5—11-10 a.m.]

The Japanese method was introduced in 66,000 acres and it resulted in 12 lakh maunds more of rice because of this new method which was introduced, and I dare say being encouraged by the result of last year this very method would be taken forward in many other districts and a larger acreage of land would be brought under cultivation under the Japanese method. Then, Sir, one word more. In the Sonarpur-Arapanch area the department has departmentally cultivated 1,300 acres of land resulting in 30,000 maunds of rice which has been grown by the department itself. One other thing. Government has for the purpose of supplying seeds departmentally brought 300 acres of land under cultivation in Kalyani. Before this seeds had to be brought into Bengal from Kashmir and various other places. If this department functions properly we have no doubt we will be able to be independent of the other parts of India so far as our seeds are concerned.

One other thing which I will mention. I am grateful to the House today because I have not been interrupted so far. But the subject which I am going to refer is bound to bring about interruptions—the attrocities of the police, the excesses of the police. When I hear of them, Sir, I cannot help telling you something about them. Mr. K. P. Chattopadhyay seems to know everything about the police, everything about the law of evidence, state of evidence and *julum* of the police in the matter of arresting these people and putting them in lock-ups and so on. I will tell you this. My humble experience as a member of the Bar and as a Standing Counsel of Bengal has been this. Undoubtedly the Executive Government has the power to put people under arrest straightaway if and when they like. There is no denial of that fact.

Janab Abdul Halim: But why should they be denied freedom?

Sj. Sankar Das Banerji: Sometimes we have people who are so placed and whose behaviour is such that they should be denied their freedom. Freedom is meant not to be misused.

Dr. Monindra Mohan Chakrabarty: It is done arbitrarily.

Sj. Sankar Das Banerji: We will come to it in a minute. Whether we do it arbitrarily or not I am not answerable for that. But freedom is meant for people who deserve it. Freedom is not a thing which must be enjoyed at any cost and at every cost. (AN HONOURABLE MEMBER: You are paid by Government.) Well, Sir, the Standing Counsel is a paid man of the Government. But the paid man can also give out the truth if and when occasion demands it. I find in the Opposition members of this House who have been in the Ministry; during their term of

office the same laws or similar laws were there; same laws were applied if and when the occasion arose; there was no criticism then. Let us be fair, Sir. It is like this. The Government has the absolute power to arrest people if the Government thinks fit. But are the people helpless? The Government is bound to make over to the persons arrested within four or five days a list of their charges and so on saying these are the grounds. You need not even answer the grounds if you so like. Under the Indian Constitution you have the power straightaway to cross the road and apply for a writ of *habeas corpus* and I will say this to the credit of the Judges of the Calcutta High Court—I do not wish to refer to other courts.

[11-10—11-15 a.m.]

Things are judged in a fashion which can evoke nothing but admiration for them. As a Government Counsel I have been repeatedly pulled up and told "Mr. Banerji, the charges are inadequate and the proofs are insufficient. We direct the accused to be released at once". (Cries of "Very few".) Just a minute. At least some people in this House are interested to know the truth and it is for them that I say these things. Sir, the people who run the administration collect the information with the aid of informers—people who sell information and so on. Now, no information is untrue. There is a possibility of evidence collected being untrue, but supposing that I get information that X is doing something. Independent sets of informers are sent out—one does not know the other. News is collected from different sources, vetted and investigated and then people are arrested. But it is not possible for the Executive Government to disclose the names of the informers for obvious reasons. I can say that you can ask the Honourable Member who was in the Ministry as to what I have stated is correct or not. It is not always possible for the courts of law, the High Court to take any notice of what the Executive Government does. People who are arrested like these are immediately set free. I am in charge of the Prosecution Department in the High Court. Every day cases are being tried by special jury, by common jury and sometimes the verdict amazes us. They are not answerable to anybody. "Not guilty" and off they go. That does not mean that these people are innocent. Anybody connected with the administration will tell you that people are set free not because evidence is not there but because sometimes it is difficult for us to conform with the letters of law. The Indian Constitution ensures freedom of speech, freedom of movement, freedom of action and the fullest advantage is taken of that fact. Even during my last speech during budget time I mentioned this and I want to repeat it. I pointed out to you that the number of people put under arrest under the Security Act, under the Preventive Detention Act, are negligible. Sir, it is all very well to say that this Government is doing this or this Government is doing that. Sometimes we say from this side of the House and sometimes from that side of the House. Sir, before this Government came into power—I find Shri Annada Prosad Choudhuri is here who was in the last Ministry, if my memory serves me right, and Dr. Prafulla Chandra Ghosh was the Chief Minister at that time and not Dr. B. C. Roy and his other Ministers—I was arguing a case before Mr. Justice Edgley at half past three and discussion was going on in this House on legislative matters.

[11-15—11-20 a.m.]

All of a sudden I heard "put" "put" "put". The bullets were striking the High Court walls and one of our humble barristers had a bullet through his thigh. Well, Sir, if administration was justified then, administration is justified now. If you have to run the administration, you have to do it, you cannot help it sometimes. If you are in charge of administration, with your

[Sj. Sankar Das Banerji.]

education, with your knowledge about worldly affairs, you know steps ought to be taken to meet exigencies. It is no pleasure to shoot down people, it is no pleasure to put people under arrest, to tax the public exchequer in feeding them, clothing them; what use is it to anybody in the world? It is a democracy. Today I am in office, tomorrow I may be turned out. Today I am the Standing Counsel of Bengal, tomorrow you may give the office to somebody else. Today I am sitting here, tomorrow I may be sitting there. But is there any real charge, can you give me a case and say "I say X was arrested, X was wrongly arrested, these are the materials which I want to place before the House and convince you that the police deliberately did it"? Sir, I say if you run the administration, there may be instances where wrongs have been done, but the whole question is whether the Government is supporting the wrongs or not.

Sir, I think I have taken long enough and I am very thankful to my friends opposite at least for giving me a chance of saying what I wanted to say to you. Thank you, Sir.

[11-20—11-25 a.m.]

Sj. Hridoy Bhusan Chakravarty:

মাননীয় সভাপতি মহাশয়, আজ পবিষদ কক্ষে উপস্থাপিত এপ্রোপ্রিয়েশন বিল আমি সর্বান্তঃকরণে সমর্থন করি। বর্ত্তমান বৎসরের সরকারের আয়-ব্যয়ের হিসাবপত্রে বিপুল অর্থ জনহিতার্থে ব্যয়িত হবে আমি তার মধ্যে শুধু সেচ বিভাগ ও পূর্ত বিভাগের কার্য্যের কিছু পরিচয় দিব। সভাপতি মহাশয়, আমার যে জেলায় বাস সেই ২৪-পরগণা জেলার মধ্যে সরকারের সেচ বিভাগ যে বহু পরিকল্পনা গ্রহণ করেছেন, তার মধ্যে "বাকজোলা-ঘুনি-যাত্রাগাছি" জলপথ অন্যতম। গত বৎসর ২৪-পরগণা জেলার সোনারপুর-আড়াপ্যাঁচ জলনিকাশী ব্যবস্থা করে যে অভূতপূর্ব কর্মক্ষমতার পরিচয় দিয়েছেন আমাদের সরকারের সেচ বিভাগ ঠিক তেমনি আর একটি পরিকল্পনা গ্রহণ করেছেন আমাদের এই বাগজোলা-ঘুনি-যাত্রাগাছি জলপথ। খড়দহ, দমদম, রাজার-হাট, ভাঙ্গড় ও হাড়োয়া থানার বিরাট চাষের জমি যা এতাবৎ বন্ধ জলে ডুবে আছে তা উদ্ধার হবে প্রায় ২৬ মাইল খাল কাটা হবে এবং এক পাশে রাস্তা হবে। খালে পণ্যবাহী নৌকা চলাচল করবে হাজামজা হাড়োয়া খালে অধুনালুপ্ত বিদ্যাধরীর অংশ ও মাতলা নদীর পুনরুদ্ধার হবে। এই অঞ্চল সমৃদ্ধিশালী হবে। তার জন্য কাজ আরম্ভ হয়েছে। এই জেলার আরও দুইটী বৃহৎ খাল কাটার পরিকল্পনা গৃহীত হয়েছে। ক্যানিং থানার পশ্চিমাংশ ও বারুইপুর থানার হাড়দহ ইউনিয়নের সমগ্রাংশের জলনিকাশের জন্য উত্তরভাগ জলনিকাশী পথের দ্বিতীয় পর্যায়ের কাজের জন্য ৮ লক্ষ টাকা এই বাজেটে ব্যবস্থাপিত হয়েছে। আরও এক লক্ষ টাকা ব্যয়ে ডায়মণ্ডহারবার মহকুমার হাঁড়া-হটুগঞ্জ খাল খনন হবে। এ ছাড়া কৃষি উন্নয়ন জন্য যেসব ছোট ছোট খাল খনন হবে তার মধ্যে ভাঙ্গড় থানার জাগুলে-গাছি খাল সম্বন্ধে একটু অভিমত সরকারের সেচবিভাগের নিকট নিবেদন কর্তে চাই। আমি সম্প্রতি এই অঞ্চলের এক জনসভায় গিয়াছিলাম। সেখানে ঐ খাল খনন ও তার উপকারিতা সম্বন্ধে আলোচনা হয়। স্থানীয় অধিবাসিগণ তাঁদের আন্তরিক ধন্যবাদ ও শুভেচ্ছা সরকারের প্রতি জানিয়েছেন ও এই সঙ্গে তাঁরা এই খালটীকে আর তিন মাইল বর্দ্ধিত করবার আবেদন জানিয়েছেন। এতে বোদরা ও দুর্গাপুর ইউনিয়নের সমগ্র চাষের জমি সম্যকভাবে উদ্ধার সাধিত হবে। সরকারের পূর্ত্ত বিভাগ গ্রামাঞ্চলের রাস্তা নির্মাণকার্য্যে যে অর্থব্যয় ব্যবস্থা করেছেন আমি সে সম্বন্ধে ২৪-পরগণা জেলার গ্রামাঞ্চলের কয়েকটা ছোট ছোট রাস্তার কথা এই বাজেট থেকে উদ্ধৃত করে দিচ্ছি: যথা, বারুইপুর থানায় ধপধপি রোড—২ মাইল পাকা রাস্তা, জয়নগর মিলন সংঘ রোড—১ মাইল কাঁচা, সোনারপুর লাঙ্গলবেড়িয়া—১ মাইল, খিয়াদা—সাইতলা রোড—২ মাইল পাকা, বসিরহাট থানায় পিকা রোড—৬ মাইল পাকা, মথুরাপুর থানায়, কৃষ্ণচন্দ্রপুর নালুয়া রাস্তা—২ মাইল পাকা, ভাঙ্গড় থানার ভাঙ্গড় রোড—১$\frac{১}{২}$ মাইল পাকা, দমদম ও বাজারহাট লাইহাটী রোড—৭ মাইল পাকা, যা স্যার বরেণ মিত্র রোড নামে খ্যাত হাড়োয়া থানায় হাড়োয়া রোড—৬ মাইল পাকা। এই প্রসঙ্গে আমি ভাঙ্গড় থানার কথা বলবো, যে থানার মধ্যে একটীও পাকা রাস্তা নাই। গত বৎসর সরকারের প্রচেষ্টায় একটী দেড় মাইল রাস্তা নির্মাণের কাজ গৃহীত হয়েছে। এই থানায় ১২৩,০০০ লোক বাস করে। এর পরিধি ১২৫ বর্গ মাইল একটীও পাকা রাস্তা নাই, না জেলা বোর্ডের, না সরকারী। জেলা বোর্ডের মাত্র ৪টী কাঁচা রাস্তা আছে তারও অবস্থা শোচনীয়। আর আছে কলিকাতা

কর্পোরেশনের একটী প্রাইভেট রাস্তা। ১৯৩৭ সালে ভাঙ্গড় থানার চাষের জমি দখল করে কলকাতার পয়ঃপ্রণালী খনন করা হয়। এই পয়ঃপ্রণালীর দক্ষিণ পার্শ্ব দিয়ে কলিকাতা হিউজেস্ রোড থেকে ভাঙ্গড়ের পূর্ব সীমান্ত পর্য্যন্ত ২০ $\frac{১}{২}$ মাইল লম্বা একটী ইষ্টক নির্মিত পাকা রাস্তা। পয়ঃপ্রণালী খননে বহু আপত্তি উত্থিত হয়েছিল। তখন তাহা প্রশমনের জন্য বলা হয়েছিল স্থানীয় জনসাধারণ চলাচলের জন্য একটা ভাল পাকা রাস্তার সুযোগ পাবে।

The people will get the benefit of a tarmacadam road.

কিন্তু পাওয়া গেল আমা ইটের না পাকা-না কাঁচা একটী রাস্তা। ১৯৪৮ সাল পর্য্যন্ত এই রাস্তা দিয়ে কোন যানবাহন চলতে দেওয়া হয়নি। ১৯৪৮ সালের মাঝামাঝি কর্পোরেশন এই রাস্তা চলাচলের জন্য একটা টোল ট্যাক্স বসালেন একবার যাতায়াত জন্য গরুর গাড়ি--৷৷০; ঘোড়ার গাড়ি--১৲; ২ যাত্রীবাহী অর্থাৎ ৪ চাকার লরি--১০৲। এই অঞ্চলের জনসাধারণের যানবাহন চলাচলের জন্য রাস্তার এতই আবশ্যক যে এতেও তাদের আপত্তি নাই। কিন্তু রাস্তাটীতে চলাচল করা দুষ্কর ও দুঃসাধ্য। অত্যন্ত শোচনীয় এর অবস্থা। কোন মোটর গাড়ি, লরি বা ট্রাক জাতীয় গাড়ি ছাড়া অন্য কোন গাড়ি এই রাস্তায় চলতে পারে না। গত চার বৎসর যাবৎ কর্পোরেশন এই রাস্তা মেরামত ও পয়ঃপ্রণালী সংস্কারের জন্য যথেষ্ট পরিমাণ সরকারী সাহায্য বা ঋণ গ্রহণ করেছেন। সেটার পরিমাণ নাকি ২৮ লক্ষ টাকা। অধ্যক্ষ মহাশয় আপনি শুনে বিস্মিত হবেন যে, গত তিন বৎসর যাবৎ কলিকাতা পৌরপ্রতিষ্ঠান এই রাস্তাটা মেরামত করেছেন কিন্তু তার অর্দ্ধেকাংশ অর্থাৎ ১০ মাইল মেরামত আজও সম্পন্ন হয় নাই। যেটুকু মেরামত হয়েছে তার মাঝে মাঝে এমন ফাঁক রাখা হয়েছে যে তার মধ্যেও অবাধ যাতায়াত ব্যহত হয়ে যায়। অথচ টোল ট্যাক্সএ আয় হয় বৎসরে ৪০,০০০ টাকার অধিক। এই রাস্তার পার্শ্বে অনেকগুলি ফিসারী আছে সেগুলিতে ময়লা জল সরবরাহ করে কর্পোরেসন লাভ পান ৩০,০০০ টাকা আর ময়লা খালে নৌকা চলাচলের লাইসেন্স বাবদ আদায় করেন প্রায় ৩০০৲। এই ৭০,০০০ টাকা বাৎসরিক আয় থাকা সত্ত্বেও রাস্তাটী মেরামত সম্ভব হয়ে উঠছে না। এই রাস্তার পার্শ্বে ১,৪০০ বিঘা জমিতে সরকার উদ্বাস্তু বসতির ব্যবস্থা করেছেন। তাঁদের দুর্দশার অন্ত নেই। একে পয়ঃপ্রণালীর দুর্গন্ধ তার উপর এই একমাত্র চলাচলের পথ। এই পয়ঃপ্রণালীর যে আমূল সংস্কারের আবশ্যক আছে তা সরকার বিশেষভাবে অবগত আছেন। আমরা শুনেছিলাম সরকার এই পয়ঃপ্রণালী ও সংশ্লিষ্ট রাস্তাটির সম্পূর্ণ ভার সত্বর গ্রহণ করবেন। এই আশ্বাসবাণী সত্য হোক। আমি এই অঞ্চলের অধিবাসিগণের পক্ষ থেকে মুখ্য-মন্ত্রীর নিকট এই আবেদন জ্ঞাপন করি। ভাঙ্গড় থানার রাস্তার কথা আমি আর একটু বলব। এই থানার মধ্যস্থলে একটী বিরাট প্রশস্ত জেলা বোর্ডের কাঁচা রাস্তা আছে। বিদ্যাধরী নদীর কিনারা থেকে ভাঙ্গড় খাল পর্য্যন্ত ৯ মাইল এবং ভাঙ্গড় খালের উত্তর পার্শ্ব থেকে সরকারের নূতন রাস্তার প্রান্ত লাউহাটি পর্য্যন্ত ১০ মাইল—মোট ১৯ মাইল রাস্তা। বহু দিন যাবৎ স্থানীয় অধিবাসিগণের আবেদন-নিবেদন উপেক্ষিত হয়েছে। পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এর স্থান এখনও হয় নাই। অথচ এই অঞ্চল কলিকাতার উপকণ্ঠেই অবস্থিত। বহু মাছ, চাউল ও তরিতর-কারী এই অঞ্চলে উৎপন্ন হয় তা সরবরাহের সহজ পথ নাই। থানায় টেলিগ্রাফের ব্যবস্থা নাই। ডাক পৌঁছিতে তিন দিন লাগে। এই থানার প্রতি আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করি। সভাপতি মহাশয়, দেশের সর্বার্থসাধক দৃষ্টিভঙ্গী নিয়ে অর্থমন্ত্রী মহাশয় আজ এই সভাকক্ষে যে ব্যয় অনুমোদন বিল উপস্থাপিত করেছেন আমি তার পূর্ণ সমর্থন করি।

[11-25—11-30 a.m.]

Sj. Nirmal Chandra Bhattacharyya: Mr. Chairman, Sir, the time that we have had up till now is really too short in order to prepare a speech on the Appropriation Bill. But we shall try our best to do what we can. Sir, as I was going through the figures of the Appropriation Bill I was wondering whether the present Government at all deserves to be entrusted with people's money. Sir, the acts of omission and commission of the Government are so many that they have lost the confidence of the people by now and I do think that if a general vote of the people were to be taken now, the present Government would have been thrown out of power.

Sj. Bijoy Singh Nahar: Diamond Harbour has proved it.

Sj. Nirmal Chandra Bhattacharyya: What about South Calcutta?

Sj. Bijoy Singh Nahar: What about Nadia?

Sj. Nirmal Chandra Bhattacharyya: In order to prove my point, Sir, I will examine in a very brief manner the acts of omission and commission of some of the Ministers of the present Government. When I look at the different departments I notice that it is very difficult to pick and choose. There appears to be a sort of competition. Every department seems to vie with every other department in the matter of producing the maximum inefficiency. That appears to be the result of the examination of the different departments of the Government. Let me take up the Ministry of Education in the first instance. I have the greatest respect for Shri Pannalal Bose personally but permit me to say, Sir, as a Minister of Education, I do not think much of him. At times I wonder if there is a Minister of Education in West Bengal at all. He has been converted to the position of a figure head, a rubber stamp that is being used by a designing hand in the Secretariat. Sir, the teachers' strike which was of the nature of an avalanche has come and gone. The Minister of Education was nowhere in the picture. The manner in which the teachers' strike came to be handled by the Ministry is little sort of disgraceful. Sir, the teachers' convention came. The annual conference of the teachers came. They decided to go on strike or launch what they called "cease work" on the 10th of February.

[11-30—11-35 a.m.]

Government did not take any action till the 16th of January. On the 16th of January the Chief Minister came out with a statement of policy regarding the salary grade and dearness allowance of the teachers. Then on the 4th of February, he modified the statement. On the 14th of February there was another modification and the final modification came on the 16th February. Does it not prove that the Government handled the situation extremely inefficiently? They did not know the mind of the people. They were not aware of the gravity of the situation and it is for this reason that they made a statement and then modified it a few days later. This shows the inefficiency of the Ministry in handling the situation. Sir, there is one department of the Government which hardly deserves any mention, but since it has been referred to by my distinguished friend Shri Sankar Das Banerji I have to refer to it. It is the Labour Department. A few days ago, the Labour Minister had the hardihood to appear before the Legislative Council and say that he had no statistics regarding unemployment. Sir, unemployment is being emphasised by His Excellency the Governor of Bengal as one of the most serious problem that faces us today. The Chief Minister has been also referring to it as a serious problem but his lieutenant here has the hardihood of saying that he has no figure regarding this unemployment. Then how the Government is to solve this problem with a grandiose scheme when the Minister has no figure about it? He has in his own cold and aloof manner said that he contacted the Statistics Department of the Government of West Bengal, but, Sir, does it satisfy any reasonable man? Does it create an impression that the department is being run efficiently? Can I refer the manner in which the situation in Burnpur is being handled by this Labour Department of the Government of West Bengal? There was a tripartite conference sometime ago, I believe about two months ago and at that tripartite conference the Chief Minister was good enough to assure the representatives of the workers that all the discharged men would be taken back. Sir, what the Labour Department has done to implement this policy that was enunciated by the Chief Minister. (The Hon'ble KALI PADA MOOKERJEE: There was no conference.) Sir, the Chief Minister is not present here and I have no doubt that if he had been here, he would have contradicted the statement of

his lieutenant. Even now 203 employees including the workers have not been taken back and no charge has been framed against them. On the representation of the workers possibly some of these cases will in the near future be referred to tribunal. I do not know what policy Government will pursue in this matter. My charge is that the Labour Minister has not in fact done his best in order to see the reappointment of these employees and workers.

Sir, I will try to revert now to the Medical Department which was under fire on the floor of this House sometime ago.

[11-35—11-40 a.m.]

The Minister-in-charge is not present in the House. I do not not know if the Deputy Minister——

The Hon'ble Prafulla Chandra Sen: He is present.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Dr. Roy is in charge.

The Hon'ble Prafulla Chandra Sen: No. Dr. Mukherji is in charge of the Department.

Sj. Nirmal Chandra Bhattacharyya: I stand corrected, and I now realise why the department is going from bad to worse. Sir, the Minister-in-charge of Public Health was asked a few days ago as to whether his attention had been drawn to a resolution that was passed by the Bengal Branch of the Indian Medical Association regarding the serious state of affairs in Calcutta, namely, prevalence of cholera in an epidemic form. He was also asked what he had done in the matter. He did not in his reply say what he had done. He merely enunciated the very vague and general proposition that when local bodies asked for Government help the help was given. Sir, he is not even aware of the number of cholera beds in the different hospitals in Calcutta, and on question it appears that he had not visited the Campbell Hospital in which most of the cholera cases were received. He was not aware of the terrible state in which patients were kept day after day in the cholera ward of the Nilratan Sircar Medical College Hospital. With this kind of knowledge of his own department, I do not know what good he is going to do to public health in Bengal.

The Hon'ble Dr. Amulyadhan Mukherji: But the replies to questions belie the statements which you have made.

Sj. Nirmal Chandra Bhattacharyya: You will have the opportunity to reply to me later on. A very distinguished member on the other side told me after the question hour that it was regrettable that the Minister did not address himself to the question. Sir, look at the services that the people are getting today from the Government hospitals and compare them with the corresponding services that they get from the private hospitals. The services in the Government hospitals are going from bad to worse. This morning a very distinguished neighbour of mine, who would like to remain anonymous, told me that one of his relatives was in the P. G. Hospital and that the service that this relative of his, a lady, was receiving was atrocious. Food, medicine and attention from nurses were extremely deplorable. Take, for instance, the new set-up in the Medical College. So far as I know the whole-time medical men employed in the Medical College are not permitted to examine private patients on payment, but almost every one of them is doing it. The Minister-in-charge possibly knows about it. I would like to know what steps he has taken about it. As regards health services in the rural areas, my friend Mr. Annada Prosad Choudhuri has drawn the attention of the Government many a time on the floor of the House, and so far as I know no improvement has yet taken place regarding the health services in the rural areas.

[Sj. Nirmal Chandra Bhattacharyya.]

Sir, the question of rehabilitation is another very serious problem which baffles solution due to inefficient handling by the Minister-in-charge. Sir, the Minister-in-charge of Rehabilitation nearly two and a half years ago told me that the Ministry which was at that time in power did not have any scheme by means of which they could spend what they were getting from the Government of India.

[11-40—11-45 a.m.]

Now that very person is in charge of the Rehabilitation Department but the conditions have not changed. Government of India have paid money to the Government of West Bengal but schemes are wanting—schemes by means of which the money that they receive from the Government of India might be spent for the good of the poor refugees from East Bengal. Sir, my friend Mr. Sankar Das Banerji has referred to the repressive laws. A clever lawyer as he is he has sought to put in a defence in favour of the repressive laws. Sir, what would you think of a Government that has to rely on repressive laws on all occasions. Take for example the tram-fare movement and the teachers' movement. The Government on these occasions failed to protect public and private property. Is it not an evidence of their utter inefficiency? The public—the tax-payers—expects that the Government would be able to protect their property but the Government has repeatedly failed to protect public property and private property. This is an inexcusable inefficiency which has been repeated times without number. Mr. Sankar Das Banerji relies on extraordinary laws like the Preventive Detention Act or the West Bengal Security Act but in spite of these Acts, in spite of the huge sums of money that the Government were spending on the police, in spite of sending after innocent citizens all kinds of informers and spies you cannot protect private or public property. That is to say, you are absolutely incapable of handling any situation whatsoever. Therefore, our conclusion is that in spite of the fact that you have armed yourself with extraordinary laws you are not in a position to maintain law and order. Why so? Because you are relying on repression and repression alone. Sir, if you respect the rights of the people, if you observe the rules of freedom that are observed in all the free countries of the world then you do not have to rely on extraordinary laws like the Preventive Detention Act or the West Bengal Security Act. You do not know how to address yourself to the grievances of the people. You approach them with a big stick and it is for this reason that you have not been able to maintain law and order by employment of the ordinary laws of the country. Sir, Mr. Sankar Das Banerji has quoted certain figures. I am also quoting certain figures taken from Government sources. Between 1947-1954 March the number of persons killed by the Government—I mean by the forces of the Government—was as many as 145 and in three months of 1954, nine persons were done to death by the benign Government of Dr. B. C. Roy.

[11-45—11-50 a.m.]

Sj. Bijoy Singh Nahar: Only nine.

Sj. Nirmal Chandra Bhattacharyya: May be only nine. But Mr. Nahar would perhaps kill many more like Nadir Shah.

Sj. Bijoy Singh Nahar: Yes, if you choose to burn buses naturally you will get the consequence.

Sj. Nirmal Chandra Bhattacharyya: You do it. You provoke people. It is no use making vague charges that we are burning buses, we are burning tram cars.

Sj. Bijoy Singh Nahar: You take part in the proceedings of the House here and you instigate from behind.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, I charge this Government also with violating the Constitution which we the free people of India have given ourselves. Under Article 151 this Council, the West Bengal Legislative Council, has the right to discuss the Comptroller and Auditor-General's Report and if it thinks fit to appoint a committee to discuss it. Sir, in 1952, I drew the attention of the Government to this unquestionable right that the Constitution gives us. The Government with very great reluctance agreed to consider it. In 1953 I again drew attention through you, Sir, of the Government to the undoubted right of this Council. Government still did not take any action. In 1954 we had the same reply from the Government that the matter was being considered. Sir, I regard this as a violation of the Constitution. But this is perhaps a small matter compared to the serious encroachment upon the liberties of the people. Sir, when the history of the present Government comes to be written by the future historians the attack of the present Government on the innocent reporters under the Monument about a year ago will be included as one of the blackest crimes of the present Government. Sir, pressmen all over the world are regarded as guardians of popular liberty. The guardians of popular liberty, the pressmen, were engaged in collecting information. Dissemination of correct information is necessary for the purpose of maintaining democracy. This Government made deliberate attack upon the pressmen and thus sought to subvert democratic freedom of the people. Sir, this is not all. During the teachers' strike the Chief Minister had the hardihood to send for the editor of a Bengali daily with a very wide circulation having its office in Central Calcutta. To the utter shame of journalists and of us all this editor of the paper came and practically gave an undertaking that he would support the policy of Dr. Roy. Dr. Roy has in this way sought to interfere with the freedom of the press and by doing so he encroached upon the democratic rights of the press as well as of the people in general.

Sj. Bijoy Singh Nahar: Where has he given that undertaking?

Sj. Nirmal Chandra Bhattacharyya: You ask the person concerned.

Sj. Bijoy Singh Nahar: You are only concocting stories.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, this is the situation. In face of the situation one does not feel like granting a pice to this Government. I do not say, Sir, that nothing has been done by the present Government. I do admit that some departments have made a good job of it. I do say so. But at the same time the acts of omission and commission of this Government are of a very serious nature and therefore they do not deserve the support of the representatives of the people. Sir, my most serious charge, or the charge that I regard as very serious against the present Government, is that they have tried to subvert the freedom of the people.

[11-50—11-55 a.m.]

You cannot rule by the bayonet. The present Government proceeds on the theory of the French General who used to say "You can do anything with a bayonet except sit on it". That is the theory upon which the present Government supported by men like Sj. Bijoy Singh Nahar are proceeding. Sir, in the latter part of 18th century when in the name of protecting the freedom of the people, freedom of the rights and properties, the younger Pitt was subverting the rights of the people, Mr Charles James Fox declared that "Law and order cannot be maintained by force. Freedom is law, freedom is order". Let the present Government remember that the true democracy can be built up on the principles of freedom and not on force.

[11-55—12 noon.]

Sj. Tarakdas Bandopadhyay:

মাননীয় চেয়ারম্যান, স্যার, যে এ্যাপ্রোপ্রিয়েশন বিল মাননীয় প্রফুল্ল চন্দ্র সেন মহাশয় আমাদের সামনে উপস্থিত করেছেন, সেটা সমর্থন করতে গিয়ে, আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা এখানে যেভাবে এটার সম্বন্ধে আলোচনা করেছেন সেই দিকে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। প্রথমতঃ আমি পুনর্বাসন সম্বন্ধে কয়েকটা কথা আমার অভিজ্ঞতা থেকে জানাচ্ছি। নোয়াখালিতে বর্বর আচরণের পর যে হাজার হাজার লোক বিপন্ন হয়ে এই পশ্চিম বাংলায় এসে আশ্রয় নিয়েছিল, তখন থেকেই এই সমস্যার সঙ্গে আমি জড়িত হয়ে আছি। সেইজন্য আমার অভিজ্ঞতা থেকে এ সম্বন্ধে আমি কয়েকটা বিষয় বলতে চাই। আমার বিরোধী বন্ধুরা এ বিষয়ে তীব্র সমালোচনা করেছেন কিন্তু এই সমস্যা সম্বন্ধে তাঁদের কতটুকু জানা আছে, অথবা জেনেও অন্য কথা বলেন, সে বিষয় আমার যথেষ্ট সন্দেহ আছে। এই সমস্যাটা পশ্চিম বাংলার একটা বিরাট সমস্যা, এখানে লক্ষ লক্ষ লোক গৃহহীন হয়ে, অসহায় হয়ে আশ্রয় নিয়ে রয়েছে, এবং সেই জন্য এই সমস্যা সমাধান হওয়া এত সোজা নয়। এবং এত বিলম্বে এই পুনর্বাসন ব্যাপারে যদি লোক ক্রমশঃই আসতে থাকে, তাহলে এই সমস্ত লোকের স্থান এই প্রদেশে সঙ্কুলান করা সম্ভব নয়। যদি আমার বন্ধুরা নিজের নিজের এলাকায় পুনর্বাসনের কাজে সাহায্য ও সহায়তা করতেন তাহলে এতটা জটিল সমস্যা দেখা দিত না।

এখন নদীয়া একটা ছোট এলাকা, সেখানে ৭ লক্ষ বাস্তুহারাকে পুনর্বাসনের ব্যবস্থা করা হয়েছে। পূর্বের $\frac{১}{৩}$ অংশ যে নদীয়া, সেখানে ৮ লক্ষ লোকের বাসের মধ্যে ৭ লক্ষ বাস্তুহারাকে আমরা আশ্রয় দিতে পেরেছি, এবং এইভাবে যদি আমাদের বন্ধুরা পুনর্বাসন কাজে আগুয়ান হতেন তাহ'লে এই সমস্যা অনেক দিন পূর্বেই সমাধান হয়ে যেত। কিন্তু সেই ভাবে না গিয়ে জায়গা সঙ্কুলান না করে, নূতন নূতন জায়গায় তাদের পাঠান হচ্ছে এবং এর এক মাত্র কারণ যে এখানে স্থান নেই বলে! কিন্তু আমি জানি তাদের উত্তেজিত করে যাতে পুনরায় তাদের বাংলায় ফিরিয়ে আনা যায় তার জন্য অনেক বন্ধুরা চেষ্টা করেন। যাই হোক, এই সমস্যা সম্বন্ধে যে কয়েকটা বিষয় আলোচিত হয়েছে, তা প্রথমেই তাহেরপুর কলোনী সম্বন্ধে আমার যা জানা আছে তা আমি বলছি। সেই তাহেরপুর কলোনী সম্বন্ধে আমার বিরোধী বন্ধুরা যা বলেছেন তাতে মনে হয় তাদের এ সম্বন্ধে বিশেষ কোন অভিজ্ঞতা নেই। কারণ, একটা জায়গায় যদি ২৫-৩০টা মধ্যবিত্ত সম্প্রদায়ের পরিবারকে বসিয়ে দেওয়া যায় তাহ'লে সেখানে একটা জটিল অবস্থার সৃষ্টি হবেই, এবং এটা প্রত্যেক লোকেরই জানা দরকার। সেখানে একটা বড় ইণ্ডাষ্ট্রী নেই, অথচ এখানকার কলোনীতে, ক্যাম্পে হাজার হাজার লোক পড়ে আছে, এবং ক্যাম্পের জীবনও খুব সুখপ্রদ নয়। সুতরাং ঐ সমস্ত ক্যাম্প থেকে যদি অবিলম্বে তাদের অন্য জায়গায় স্থানান্তরিত করা যায় তাহলে তাদের পক্ষে মঙ্গল, জাতির পক্ষে মঙ্গল এবং সমাজের পক্ষে মঙ্গল। এই তাহেরপুরের অবস্থার জন্য আজকে আমাদের যিনি বর্ত্তমান মন্ত্রী, তাকে ধন্যবাদ না দিয়ে পারা যায় না। আমি প্রথম থেকেই এই সমস্যার সঙ্গে জড়িত আছি বলেই, আমার অভিজ্ঞতা থেকে বলছি এই তাহেরপুরে তিনি তাঁর সহকর্ম্মীদের নিয়ে পুনর্গঠনের কার্য্য যেভাবে পরিচালনা করেছেন, তা খুবই প্রশংসনীয়। এই তাহেরপুরে মধ্যবিত্ত সম্প্রদায়ের বেকার-সমস্যা দূর করবার জন্য অনেকগুলি বিদ্যালয় স্থাপন করা হয়েছে। সেখানে অনেক শিক্ষিত যুবক শিক্ষা বাবদ প্রতিপালিত হচ্ছে; এবং সেখানে শিল্পকেন্দ্র প্রতিষ্ঠিত হয়েছে, তাতে বহু মহিলা শ্রমিক মাসিক একটা ভাতা নিয়ে, শিল্প-কেন্দ্রে শিক্ষা লাভ করছে। এ ছাড়া সেখানে যুবকদের সামরিক শিক্ষার জন্য, কয়েক জনকে রিক্রুট করে পাঠান হয়েছে এবং এ ছাড়াও ন্যাশানাল ভলাণ্টিয়ার ফোর্সএও বহু যুবক কাজ সংগ্রহ করতে পেরেছে। এ ছাড়া টিটাগড় টেক্‌নিক্যাল স্কুলএ ৮০ জন যুবককে শিক্ষা নেবার জন্য পাঠান হয়েছে, এবং তাদের শিক্ষা শেষ হলে এই তাহেরপুরেই যে শিল্পকেন্দ্র প্রতিষ্ঠিত হয়েছে সেখানে তাদের নিযুক্ত করা হবে। এছাড়া সেণ্ট্রাল গভর্ণমেণ্ট বড ইণ্ডাষ্ট্রী খোলবার জন্য একটা স্কীম দিয়েছেন এবং যদি সম্ভব হয় তাহ'লে সেটা তাহেরপুর শিল্পকেন্দ্রে গড়ে উঠবে। মধ্যবিত্তদের জন্য সহর পরিকল্পনার একটা স্কীম সেণ্ট্রাল গভর্ণমেণ্টএর নিকট পাঠান হয়েছে। যেমন হাবড়ায় হয়েছে তেমনি আরও কতকগুলি পরিকল্পনা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠান হয়েছে। কাজেই গয়েসপর এবং তাহেরপুর, যেখানে মধ্যবিত্ত সম্প্রদায় সবচেয়ে বেশী, সেখানে যদি সহর-নির্ম্মাণ পরিকল্পনা গ্রহণ করা মঞ্জুর হয় তাহ'লে তারা সর্ব্ব প্রকারে উপকৃত হবে। এছাড়া তাহেরপুর কলোনীর অধিবাসী-দের মধ্যে একটা বিশেষ অসুবিধা ছিল, সেটা হচ্ছে সেখানে রেলওয়ে ষ্টেশন। এই রেলওয়ে ষ্টেশন কেন্দ্রীয় সরকার মঞ্জুর করেছেন এবং আগামী এপ্রিল মাস থেকে সেই রেলওয়ে ষ্টেশন প্রতিষ্ঠিত হবে। এ-ছাড়া কলোনীর রিফিউজিদের সাহায্য করবার জন্য সেখানে

একটা বড় খাল কাটবার পরিকল্পনা নেওয়া হয়েছে এবং সেই কলোনীর রিফিউজিদের নিয়ে কাজ করা হচ্ছে। এ-ছাড়া ফুলিয়া ডেভেলাপমেণ্ট এরিয়া তাহেরপুরে পড়ায় সেখানে যে সমস্ত রাস্তা নির্ম্মাণ হবে, সেই রাস্তা নির্ম্মাণ কাজে সরকার স্থির করেন যে এই অঞ্চলের সমস্ত রিফিউজিদের দিয়ে কাজ করান হবে, এবং সেই কাজ চলছে।

এ-ছাড়া কেন্দ্রীয় সরকার ইণ্টার্নাল ডেভেলাপমেণ্টএর জন্য ২ লক্ষ ৭০ হাজার টাকা মঞ্জুর করেছেন। এই রকমভাবে তাহেরপুর কলোনীর জন্য বহু বাড়তি পরিকল্পনা মঞ্জুর করা হয়েছে এবং সুষ্ঠুভাবে এই পুনর্বাসনের কাজ চলছে। তবুও এতে আমরা খুব খুসী হতে পারিনি তার কারণ সেখানে এখনও লক্ষ লক্ষ লোক বিপন্ন, অসহায় অবস্থায় পড়ে রয়েছে। কিন্তু এই সমস্যা সমাধান করা এত সহজ নয়।

এ-ছাড়া কুপার ক্যাম্পের কথা আমার কোন বন্ধু উল্লেখ করেছেন। এই কুপার ক্যাম্প সম্বন্ধে তাঁর কি অভিজ্ঞতা আছে তা আমি জানি না; তবে আমি যা জানি তা থেকে বলছি। সেখানে প্রায় তিনশো চাষী পরিবারকে আমার জেলায়, পল্লীগ্রামে নিয়ে গিয়ে বসানর ব্যবস্থা হয়েছে।

[12—12-5 p.m.]

কিন্তু বড়ই দুঃখের বিষয় আমাদের কোন কোন বন্ধু তাদের ভাঁওতা দিয়ে উত্তেজিত করেন, এ্যাবস্কণ্ডারদের আশ্রয় দিয়ে উত্তেজিত করা হয় সরকারের বিরুদ্ধে। হয়ত তাতে তাদের নিজেদের কাজ খানিকটা সফল হতে পারে এবং সরকারকে বিধ্বস্ত করা যেতে পারে, কিন্তু দেশের প্রকৃত সমস্যা সমাধানের দিকে তাদের আদৌ দৃষ্টি নাই, এইটাই আমি মনে করি। কুপার ক্যাম্পের লোকেরা সেখানকার এস, ডি, ও, ও ম্যাজিষ্ট্রেটকে ঘেরাও করে মারতে যায়, সেখানে রিলিফ অফিসারকে মারতে যায় এবং তাদের ইন্ধন যুগিয়েছেন এই সমস্ত রাজনৈতিক বন্ধুদের অনেকেই। এইগুলি আমি আমার বিশেষ অভিজ্ঞতা থেকেই বলছি এবং সেই জন্য এই কথা বলবার সাহস রাখি। আমি বিশ্বাস করি পশ্চিম বাংলায় পুনর্বাসন কাজে আমাদের জেলা যত দূর অগ্রণী হয়েছে, তা আর অন্য কোন জেলায় হয়নি।

এ ছাড়া বিভিন্ন কলোনীর যেসব সমস্যা সে সম্বন্ধে সামান্য ইঙ্গিতই আপনাদের দিলাম। চাষী পরিবারের বহু প্রশ্ন আজ এখানে উঠেছে। তারা মোসলেম হাউসে রয়েছে। সত্যই তারা আছে। যখন মোসলেমরা এই ভারতবর্ষকে নিজের রাষ্ট্র মনে করে নিতে পারে নি এবং ভয়ে হউক আর অন্য কারণে হউক পাকিস্তানে চলে গিয়েছিল—এমন কি যাবার সময়ও অনেক গ্রাম (আমাদের জেলার কথাই বলছি) আগুন দিয়ে পুড়িয়ে পর্য্যন্ত দিয়ে গিয়েছিল, সেখানে যাবার পর তাদের সেখান থেকে বিতাড়িত করে দেওয়া হয়। তখন যারা এখানে চলে এল তারা আশ্রয় না পাওয়ায় এই সমস্ত পরিত্যক্ত মুসলমান ঘরে তাদের আশ্রয় দেওয়া হয়। আমার মনে হয় মানবতার দিক থেকে কোন অন্যায় কাজ করা হয় নি। আমার জেলার কথাই আপনাদের জানাই। সেখানে ১ লক্ষ মুসলমান চলে গিয়েছিল, তার ৮৫ হাজার ফিরে এসেছে এবং প্রায় ১৫ হাজার প্রত্যাগত মুসলমানকে বাড়ী এবং কিছু কিছু জমি আপোষে ফিরিয়ে দিতে পেরেছি। এইভাবে এই পুনর্বসতির কাজ আমাদের জেলায় সরকারী এবং বে-সরকারী প্রচেষ্টায় করা সম্ভব হয়েছে। এখনও যাদের সম্বন্ধে তা সম্ভব হয় নি তাদের বাড়ী থেকে তাড়িয়ে দেওয়া সম্ভব হচ্ছে না কারণ তা দেওয়া যায় না, তাদের একটা ব্যবস্থা না করে। প্রায় ৮৫ হাজার এই রকম প্রত্যাগত মুসলমানের ব্যবস্থা করতে পেরেছি। এখন ৭ লক্ষ রিফিউজী—চিন্তা করে দেখুন—আমাদের ছোট জেলায়—সেখানে আজও বড় বড় ক্যাম্প ছাড়া বেশীর ভাগ যারা ক্যাম্প-এর বাহিরে রয়েছে তাদের আশ্রয়ের ব্যবস্থার চেষ্টা করা হচ্ছে, আর বেশীর ভাগ ক্ষেত্রে সেটা সম্ভব হয়েছে। মোসলেম মাইগ্রাণ্ট সম্বন্ধে কেন্দ্রীয় সরকারের কতকগুলি নীতিতে ত্রুটি থাকায় সেটা সম্ভব হচ্ছে না। অনেকগুলি কেসএ যখন কেন্দ্রীয় মন্ত্রী বা মাননীয় মন্ত্রী পরিদর্শন করেন তাদের অসুবিধার কথা তাঁরা জানিয়েছে; কিন্তু প্রত্যেক পরিকল্পনাটা আজকাল কেন্দ্রীয় সরকার কর্ত্তৃক মঞ্জুর না হলে কাজ করা সম্ভব হচ্ছে না। তার ফলে কাজে বিলম্ব হচ্ছে। তার জন্য দায়ী ষ্টেট গভর্ণমেণ্ট নয়। এখানকার অথরিটিরাও নয়, যদি কেউ দায়ী হয়ে থাকে ত সে কেন্দ্রীয় সরকার এবং তাঁদের নীতি। আজকে যে এত দেরী হচ্ছে পুনর্বসতির কাজে, সেজন্য কিছু পরিমাণে কেন্দ্রীয় গভর্ণমেণ্ট দায়ী। কারণ এরা ত আপ্রাণ চেষ্টা করছেন কিন্তু সে চেষ্টা সফল হচ্ছে না, কারণ প্রত্যেকটা দাবী বা পরিকল্পনা এমন কি কত ঘর লোক বসবে সেসব পরিকল্পনা কেন্দ্রীয় সরকার থেকে মঞ্জুর না হওয়া পর্য্যন্ত এ কাজ করা সম্ভব হচ্ছে না; তার জন্য অনেক বিলম্ব হওয়া স্বাভাবিক।

পুলিশ খাতে, পুলিশের সম্বন্ধে আমাদের কোন কোন বন্ধু উক্তি করেছেন। আমি সে সম্বন্ধেও কিছু বলতে চাই। ঐ বন্ধুরা বোধ হয় সীমান্ত অঞ্চলে বাস করেন না। কিংবা জেনেও হয়ত তাঁরা পুলিশকে সন্দেহের চক্ষে দেখেন এবং পুলিশের সম্বন্ধে বিরুদ্ধ মত পোষণ করেন বলে ঐ ভাবের সমালোচনা করেন। আমি যে

[Sj. Tarakdas Bandopadhyay.]

অঞ্চলের অধিবাসী, সেখানে অরাজকতা লেগেই আছে। পাকিস্থান থেকে দিনের পর দিন হানা দেওয়া এবং লুট, ডাকাতি, খুন--এ সব চলেছে। সে সমস্ত অধিবাসীরা যখনই কোন সরকারী বা বেসরকারী লোক যান, তাঁদের কাছে আরও বেশী সংখ্যক পুলিশও মিলিটারী দেওয়ার দাবী জানান। তাঁরা যেভাবে জীবন বিপন্ন কোরে কাজ করেন তাতে তাঁদের প্রশংসা করতেই হয়। সেই পুলিশের সঙ্গে ন্যাশন্যাল ভলেণ্টিয়ার কোরএর ছেলেরা এত সুন্দরভাবে শৃঙ্খলার সহিত কাজ করে যে সে ধারণাই করা যায় না। যখন পাকিস্থান থেকে আমাদের অঞ্চলে দেড় মাস ধরে গুলী চলেছিল তার প্রত্যুত্তরে গুলী চালিয়েছিল আমাদের ন্যাশন্যাল ভলেণ্টিয়ার কোরএর ছেলেরা। সেই কথা মনে ক'রে সত্যই আমরা খুব গর্ব অনুভব করি। এই সব সামরিক শিক্ষা পল্লী অঞ্চলের ছেলেদের--যারা কৃষিজীবি তাদের ছেলেদের এই শিক্ষা দিয়ে ডিষ্ট্রিক্ট ব্যাটালিয়ন তৈরী করা হয়েছে। সরকার যদি তাদের হাতে রাইফেল দেন তাহলে তারা মিলিটারী ও পুলিশের পাশে দাঁড়িয়ে দেশের ও সমাজের সেবা করতে পারেন। এই সব কাজ খুবই প্রশংসনীয়।

আমি গর্ব কোরে বলতে পারি যে ডাঃ রায় আজ প্রধানমন্ত্রী বলেই এই সব কাজ সম্ভব হয়েছে। আমরা ভুক্তভোগী সেইজন্য আমরা বুঝতে পেরেছি যে তাঁর সহৃদয়তা এবং সহানুভূতির ফলে এই সব কাজ করা সম্ভব হচ্ছে।

এই সব কারণে আমি আজকে এই যে বিল এসেছে এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য এখানেই শেষ করছি।

[12-5—12-10 p.m.]

Mr. Chairman: Before we took up the Appropriation Bill some of you thought that we should not start the discussion today and others appeared to be undecided on the matter. I would like therefore to clarify the position in this connexion. On the last sitting day I had with the consent of the House fixed up this Bill for consideration of Honourable Members, provided the Bill was passed by the Lower House before the 24th March. The Appropriation Bill is actually not a legislation on a certain subject, except that it emerges in the form of a Bill, showing the total grants and heads of grants which appear on the Budget Book presented to the members, and which were thoroughly discussed.

In the Constitution such Bills have been defined as Money Bills where no amendments can be given, and the members can only send their recommendations on the principles of appropriation; and I hope members have not been inconvenienced in any way. Moreover, there would be hardly any business for the day had not this Bill been taken up for consideration.

The Hon'ble Prafulla Chandra Sen: Honourable Members are aware that according to the programme previously circulated, there is no sitting of the House tomorrow.

But I am piloting a Bill (The West Bengal Sales Tax Bill, 1954) in the other House which is likely to be passed there today. The Bill is a Money Bill and seeks to replace an Ordinance which is going to expire within a few days. The Bill, if passed by this House, would have to be sent to the President for his assent and unless it is taken up at a very early date it would not be possible to have the Bill in the Statute Book before the Ordinance expires. If the House agrees, I would like to bring this Bill for consideration of this House tomorrow. The principles of the Bill have been accepted as beneficial and as it is a Money Bill, there will be no scope for any amendments by this House. Of course, this House can make recommendations on the principles of the Bill, but I do not think the principles are in any way controversial. I would, therefore, request the House to agree to take up this Bill tomorrow. Copies of the Bill, as introduced in the other House have already been distributed to members today so that they can go through them and be ready tomorrow.

Mr. Chairman: I believe the Honourable Members have no objection to this arrangement. The House now stands adjourned till 9-30 a.m. tomorrow, the 25th March, 1954.

Adjournment.

The Council was then adjourned at 12-10 p.m. till 9-30 a.m. on Thursday, the 25th March, 1954, at the Legislative Buildings, Calcutta.

Members Absent.

Bose, Sj. Subodh Kumar,
Roy, Sj. Surendra Kumar, and
Sarkar, Sj. Pranabeswar.

COUNCIL DEBATES

Thursday, the 25th March, 1954,

THE COUNCIL met in the Legislative Chamber of the Legislative Buildings, Calcutta, on Thursday, the 25th March, 1954, at 9-30 a.m. being the 11th day of the Fourth Session, under the Constitution of India.

Mr. Chairman (The Hon'ble Dr. SUNITI KUMAR CHATTERJI) was in the Chair.

[9-30—9-35 a.m.]

Mr. Chairman: There are no Questions today.

Message.

Secretary to the Council (Sj. A. R. Mukherjea): The following Message has been received from the West Bengal Lagislative Assembly, namely:—

"*Message.*

The West Bengal Sales Tax Bill, 1954, as passed by the West Bengal Legislative Assembly at its meeting held on the 24th March, 1954, has been duly signed and certified as a Money Bill by me and is transmitted herewith to the West Bengal Legislative Council under Article 198, clause (2) of the Constitution of India.

CALCUTTA:

The 24th March, 1954.

SAILA KUMAR MUKHERJEE,
Speaker,
West Bengal Legislative Assembly."

Sir, I also lay a copy of the Bill on the table.

Presentation of the Report of the Joint Select Committee on the Bengal Municipal (Amendment) Bill, 1953.

The Hon'ble Iswar Das Jalan: Sir, I beg to present the Report of the Joint Select Committee on the Bengal Municipal (Amendment) Bill, 1953.

GOVERNMENT BILLS.

The West Bengal Appropriation Bill, 1954.

Mr. Chairman: We shall now resume discussion on the West Bengal Appropriation Bill, 1954.

Sj. Charu Chandra Sanyal: Before I open my speech on the West Bengal Appropriation Bill, 1954, I wish to convey my heartiest congratulations to our Chairman, Dr. Suniti Kumar Chatterji, on his election to the membership of the Norweigian Academy of Science. This is not only a personal appreciation of his great erudition, but this House also feels honoured in having him on the Chair. (Cheers.) I hope the whole House agrees with me.

Now, Sir, under section 198(2) of the Constitution of India a Money Bill passed by the Legislative Assembly is transmitted to the Legislative Council for its recommendations. It is with this view that I regard my observations and recommendations on the different items, as also in general. In the schedule of expenses, the capital expenditure and the revenue have been mixed up. There has been some attempt to show revenue and capital expenditure separately. But in some cases they have been mixed up. The two items should be shown separately as advised by Shri Deshmukh of the Indian Parliament. If they are separated, it becomes very easy to follow the estimate of capital expenditure and the actual revenue expenses. The procedure of annual repayment of loans should be shown in the form of a prospectus. It gives some idea as to the method and the time of repayment.

[9-35—9-40 a.m.]

Then comes taxes on income. It contains expenditure for agricultural income-tax. I would like to point out that the method and procedure of submitting returns for agricultural income-tax is very cumbersome. It should be simplified. Also the method of adjustment and payment of refunds of agricultural income-tax

tires out one's patience. It should be as simple as refunds under Indian Income-tax Act.

Then, Sir, the next item is forest. Regarding forest I want to note that there has been a case of spending money which in my opinion appears to be improper. The Buxa Forest Office headquarters, in the district of Jalpaiguri at the junction of Bhutan and Jalpaiguri, is being shifted to Rajabhatkhawa at a great cost. Rajabhatkhawa is an extremely malarious place which is in the district of Jalpaiguri. The whole Buxa Division forest could be managed very efficiently for the last 50 years from headquarters at Buxa. There is no earthly reason to shift it to Rajabhatkhawa which is notoriously malarious. The Britishers were shrewd politicians. They knew the value of keeping an establishment at the frontier gate of Bhutan. The Buxa Road leads right into Bhutan. The question of convenience of going and coming may be raised but the road from the foot of the hill—Santrabari to Buxa—can be made motorable at a very little cost and the place would be motorable throughout and over all seasons. I hope the Government would look to it more carefully.

Then as regards general administration. Of course in the general administration I simply refer to one objection, that is of the utility of keeping this Upper House to save only one and half lakh of rupees from the Budget. I hope if economy is the only factor the other House stands on a worse footing and I hope the House containing representatives of 100 per cent. educated voters has its usefulness.

Then, Sir, comes the administration of justice. In the case of commissions for investigation the Judiciary seems to be greatly influenced by the Executive. Thanks to the Calcutta High Court Judges who are always above such influences but in case of one-man commission to hold an enquiry into the police assault on press reporters on the 22nd July, 1953, the judgment appears to be much influenced from outside.

[9-40—9-45 a.m.]

There are places in the report where the Judge himself did not appear to have been convinced by evidences but the sum total of his judgment was a mysterious eye-wash. Had there been more than one Judge the apportionment of blame might have been more equitable. I hope the Government will appreciate the feelings of many like myself and be more careful in future.

Then, Sir, education. The Secondary School Board is not functioning well as is seen from the results of the School Final Examination the other day. It is practically a muddle by the Secondary School Board. Then, Sir, I refer to two notifications published by the Secondary Education Board; "*Gazette of Calcutta*, dated Thursday, March 18. The Board of Secondary Education, West Bengal. Notification. Additional English. It is hereby notified that the candidates who will read the following pieces from Dragon Book of Phrases, instead of the whole book, for the School Final Examination, 1955, will not be put to any disadvantage." Whether this sentence "will not be put to any disadvantage" carries any direct sense? The language should have been simpler and more definite.

The Hon'ble Pannalal Bose: What is the date of that Notification?

Sj. Charu Chandra Sanyal: 18th March, *Calcutta Gazette*. If you like you can have it now.

Dr. Bijanbihari Bhattacharya: That means alternative questions will be set.

Sj. Charu Chandra Sanyal: It should be more direct and the language from the Education Board should not be like this. Then another notification—Circular

[Sj. Charu Chandra Sanyal.]

No. 55, December, 1953. The language of the Education Department should be very precise. "To the Heads of all recognised High Schools, West Bengal. Subject—Election of medical practitioners on the Managing Committee. The undersigned is directed to inform the heads of all recognized high schools that the rules as interpreted by the Syndicate of Calcutta University contemplate election of a medical representative from a separate list of medical practitioners". What is the meaning of "medical practitioners? Are they allopaths, homeopaths, kavirajes or those practising unani? Are they registered medical practitioners or unregistered medical practitioners as well? Medical practitioners never mean only registered medical practitioners. How can the Head Master prepare an electoral roll.....

Dr. Bijanbihari Bhattacharya: List of medical practitioners is already there.

Sj. Charu Chandra Sanyal: The list of medical practitioners has no meaning. It should be written either the registered medical practitioners or the practitioners of allopathic medicines or homeopathy or kaviraji or all. It must be precise and definite.

[9-45—9-50 a.m.]

It comes from the Secretary, School Board. What I mean to say is that the language should be clear and precise so that the people reading it can understand it at once without inferring anything. The other day I had some discussion with the Education Minister regarding audio-visual education and about the exhibition of films to the students to infuse in them the spirit of adventure. He agreed to look into the matter. I do not know how far he has advanced.

Now, Sir, about the Darjeeling School Board. I come to understand that education cess is being realised from Darjeeling, but no School Board has yet been established there. I hope the Government will look into it very quickly.

Sir, I want now to reply to some points raised during the discussion yesterday. Sir, the progress of education has been judged by some members of this House from the number of students reading, from the number of schools and from the number of teachers employed and the quantity of money that has been spent for the purpose of education. It is to be admitted that the population of West Bengal has swelled almost by nearly half a crore of people most of which belong to the middle class. Hence it is natural that the number of students and the number of schools and colleges will increase. Sir, I must thank the Government for providing education for these displaced people, but these are not the items by which the efficiency of the Education Department can be judged. A large percentage of students could pass the Matriculation Examination. How is it that the percentage is falling off in the School Final Examination? Are we to believe that the brains of our boys have ceased to function all on a sudden. (Sj. Bijoy Singh Nahar: They have taken to politics and processions). Sir, it is the duty of Government to find out the wrong and correct it. It is a crime to say that others are to blame while the education officers draw salaries from public funds without looking after the boys.

Sir, I now come to medical. There is not much to say on this. I hope the Minister-in-charge of Medical Department will kindly listen to me. Sir, I shall place the case of Hind Kustha Nibarani Samiti. It is a Government institution. The continuous propaganda by this department has brought confidence into the people that leprosy is curable and a leper is not an outcast. This is a very great constructive work. I have seen, even yesterday, ladies and men from all sections of the community, from doctors, lawyers,

students, teachers, businessmen, servicemen, all coming to the Leprosy Department without fear for treatment. In the Outdoor Dispensary of the Tropical School Hospital, 44,000 cases have been treated in 1953.

[9-50—9-55 a.m.]

These, Sir, I think, is a great achievement, and I hope the Government would find some more money, say, about Rs. 10,000 to keep this institution alive for the benefit of the people in general.

Then, Sir, before I finish I would draw your attention to the Co-operative Department—Land Mortgage Banks. I have seen in many instances that Land Mortgage Banks cannot advance money to the cultivators owing to some technical defects in the title of the land. It is a usual custom in villages to pay the rent in the name of the original owner who is either dead or not existing instead of getting the name of the possessor mutated in the register of the zemindar or of the Government. The lands held under Government *khas mahal* are not generally transferable. Hence it has been found extremely difficult to advance money in these cases. So a good amount of money is lying idle in the banks. I hope the Government will look into it and be a little bit more liberal in this matter.

Lastly, during discussion of the Budget I raised the question of lowering the prices of food and essential industrial products of everyday use. The Minister concerned thought it was not possible until a totalitarian State was established, and my idea was stated to be fantastic. I most humbly submit that raising the price of all commodities sky-high was possible in the past without breaking the democratic structure. I fail to understand why the reverse is not possible within the same framework of democracy. I can only say that will to do is wanting. Sir, with these words, I finish my speech.

[9-55—10 a.m.]

Sj. Annada Prosad Choudhuri:

মাননীয় সভাপতি মহাশয়, আজ যে এ্যাপ্রোপ্রিয়েশন বিল আমাদের সামনে উপস্থিত করা হয়েছে সে সম্বন্ধে অনেক কথা বলার আছে কিন্তু সময় অত্যন্ত সংক্ষিপ্ত। সেজন্য প্রধান প্রধান কয়েকটি বিষয়ের প্রতি আমি হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, একথা সকলেই স্বীকার করেন যে দেশে বেকার সমস্যা আজ ক্রমশঃ বেড়েই চলেছে। এবং তার ফলে আমাদের জনসাধারণের জীবনধারণের মান অবনতির দিকে চলেছে। এজন্য শুধু রাজ্য সরকারই নয়, কেন্দ্রীয় সরকারও তার প্ল্যানিং কমিশনএর মারফৎ বলেছেন—যদি ক্রমশঃ আমাদের দেশে ছোট এবং মাঝারী ধরণের শিল্পের উন্নতি সাধন করা যায়, তাহলে দেশের অনেক বেশী লোক রোজগারের পথ পাবে। কিন্তু এর আগের বাজেট আলোচনার সময় বলেছি এবং আজও বলি যে মুখে যদি এরা বেকার সমস্যাটা স্বীকার করে তাহলেও কাজে এর প্রমাণ পাওয়া যায় না। অর্থাৎ কথায় এবং কাজে অসঙ্গতি দেখা যায়। আমি এর আগে বলেছিলাম যে কৃষির পরে যদি কোন শিল্প সব থেকে বেশী লোকের অন্নের সংস্থানের পথ করে দেয় সেটা হচ্ছে তাঁত শিল্প। কিন্তু রাজ্য সরকার ঘটা করে তাঁত শিল্পকে সাহায্য দেবার জন্য এক সপ্তাহ পালন করছেন। এর আগেই বলেছি যে রাজ্য সরকারের বাজেটে এই তাঁত শিল্পকে সাহায্য দেবার জন্য বা এই তাঁত শিল্পের মার্কেটিংএর ব্যবস্থা করবার জন্য কোন টাকার ব্যবস্থা করা হয়নি। প্রধান মন্ত্রী মহাশয় বলেছিলেন যে সরকারের কটেজ ইণ্ডাষ্ট্রীর উন্নতির জন্য অনেক টাকা দরকার, সেই টাকা না থাকার জন্য এই এ্যাপ্রোপ্রিয়েশন বিল আনা হয়েছে। কিন্তু ১০ পৃষ্ঠায় আছে যে গভর্ণমেণ্টএর কাছ থেকে সেস ফাণ্ড বাবদ যে টাকা পাওয়ার কথা তার মধ্যে হ্যাণ্ডলুম ইণ্ডাষ্ট্রির জন্য ৯ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। তারপর মার্কেটিংএর জন্য এখন পর্য্যন্ত কোন ব্যবস্থা করা হয়নি। সেই ব্যবস্থা করার কথায় প্রধান মন্ত্রী মহাশয় বলেছিলেন যে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা না পেলে কোন ব্যবস্থা করতে পারছি না। অর্থাৎ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যদি কোন টাকা না পাওয়া যায়, বাংলা দেশের রাজ্য সরকারের যেন কর্ত্তব্য কিছু নেই; তারপরে আর একটা কথা বলেছিলাম কিন্তু তাতে মাননীয় প্রধান মন্ত্রী মহাশয় বা শিল্প মন্ত্রী মহাশয় কোন উত্তর দেন নাই। আমার বন্ধু প্রফুল্ল বাবু অবশ্য বলেছিলেন এটা ঠিক নয়। তা হচ্ছে এই যে—তাঁত শিল্পকে বাঁচাবার জন্য কেন্দ্রীয় সরকারের ক্যাবিনেট এই

[Sj. Annada Prosad Choudhuri.]

সিদ্ধান্ত করেছিলেন যে তাঁতের ধুতি শাড়ী বোনার উপকার যাতে হয় তার জন্য মিলের ধুতি ও শাড়ী বোনার পরিমাণ কমিয়ে দেওয়া হয়েছে। এতে আমাদের দেশের সরকার--প্রফুল্লবাবু বলেছিলেন--এতে লোকের কষ্ট হবে, ধুতি ও শাড়ীর দাম বেড়ে যাবে--এখানকার মিলের ক্ষতি হবে। সবই স্বীকার করলাম কিন্তু এটাও ঠিক এ দ্বারা তাঁত শিল্পের কোন উপকার হবে না। যে কথা কেন্দ্রীয় সরকার বলেছিলেন এবং যে সিদ্ধান্ত করেছিলেন সেই সিদ্ধান্ত সম্বন্ধে একটু নমুনা দিচ্ছি--টেক্সটাইল কমিশনারএর কাছে এখানকার মিল মালিক ৬ জন গিয়েছিলেন, তাদেরকে ১৬ই নভেম্বর বলেছিলেন--

"Bengal Government has tried to sabotage the decision of the Central Government. Not only there is indiscipline in the streets of Calcutta but there is indiscipline in the Government of Bengal headed by the Chief Minister."

এই বলার পর এখানকার মিল মালিকরা ২৯শে নভেম্বর তারিখ—

[10—10-5 a.m.]

The Hon'ble Prafulla Chandra Sen:

এই যে ইণ্ডিসিপ্লিন বলছেন এটা কোথা থেকে বলছেন?

Sj. Annada Prosad Choudhuri:

সরকারের এই রেকর্ডএই বলা হয়েছে। টি, টি, কৃষ্ণমাচারির কাছে ২০শে তারিখে লোকেরা ফিরে এসে যে মেমোরেণ্ডাম পাঠিয়েছিল তাতে লেখা আছে—পড়ে দিই এখানে—

"Six of our representatives including our President, Shri M. L. Shah, had the honour of interviewing Mr. Swaminathan, Textile Commissioner, in his office at Bombay. During conversation it was realised that West Bengal mills were branded as breakers of law and order, having no respect for the same. Dr. B. C. Roy has not been spared in this respect."

The Hon'ble Prafulla Chandra Sen: Wherefrom did you get it?

Sj. Annada Prosad Choudhuri: It is from the Bengal Mill Owners' Association whose representatives saw Mr. T. P. Krishnamachari. এর চেয়ে ষ্ট্রং টার্মস্এ আর কি বলবেন? তাঁরা বলেছেন--

"The Hon'ble Dr. Bidhan Chandra Roy has also not been spared."

যাদের বাঁচিয়ে দিয়েছেন তাঁরাই বলছেন আপনারা এই কাজ করেছেন এবং তার ফলে হ্যাণ্ডলুম-ওয়ালারা কিভাবে বাঁচছে সহজে বুঝতে পারবেন। হাওড়া ইঞ্জিনিয়ারিং এ্যাসোসিয়েশনএর মধ্যে যেখানে হাওড়া মিউনিসিপ্যালিটিতে ১,৩০০টি কারখানা লিষ্ট ভুক্ত করা হয়েছে, সেখানকার লোকদের অবস্থা ভাল করবার জন্যে কি ব্যবস্থা হচ্ছে? তারা এখন ক্যানিং ষ্ট্রীটএর ব্যবসাদারদের হাতে পড়ে দিনের পর দিন উৎখাতের দিকে এগিয়ে যাচ্ছে। তাঁদের বাঁচাবার জন্যে ফোর্ড ফাউণ্ডেশনএর লোকেরা একটি প্রস্তাব করলেন যে তারা ৩০ হাজার ডলার দেবে তাদের জিনিষের কোয়ালিটি ষ্ট্যাণ্ডার্ডাইজ করবার জন্যে, তাদের টেকনিক্যাল স্কীল বাড়িয়ে দেবার জন্যে। কিন্তু সেই ইণ্ডাষ্ট্রিজ সঙ্ঘবদ্ধ নয়, তারা ১০ হাজার দিতে পারে না, তার জন্যেই তাদের আবেদন নিবেদন। সরকারের তরফ থেকে কিছু করা হয়েছে বলে জানি না। হ্যাণ্ডলুমএর প্রতি যার প্রতি নাকি সরকারের দরদ আছে এবং মাঝারী টেকনিক্যাল ইণ্ডাষ্ট্রি যা হাওড়াতে আছে যা একটা এ্যাসোসিয়েশনএর আণ্ডারএ ১,৩০০টি আছে তাদের প্রতি সরকারের যে ব্যবহার তা থেকে বুঝা যায় এই সমস্ত ছোট এবং মাঝারী শিল্পের উন্নতির জন্যে সরকার কত আগ্রহশীল। স্যার, ডি, ভি, সি,তে আমরা বহু টাকা খরচ করছি। গত এক বৎসর ধরে ডি, ভি, সি,র যে পরিচালনা সমিতি তাদের টার্ম শেষ হবার পর এখন যারা কাজ করছে তাদের বলে দেওয়া হয়েছে যে এক মাসের জন্যে আমরা তাদের টার্ম অব অফিস বাড়িয়ে দিচ্ছি। এর এক মাস পরে প্রায় ১০ মাসে ১০ বার এটা বাড়িয়ে দেওয়া হয়েছে। স্যার, ডি, ভি, সি,তে আমরা বহু টাকা দিই, তার রিপোর্ট আমাদের কাছে দেওয়া হয়, তার জন্যে টাকা স্যাংকসন করে দিই, কিন্তু তার মিস্ম্যানেজমেণ্ট সম্বন্ধে কার কি অধিকার জানিনে। কিন্তু সেই ডি, ভি, সি,র যে ম্যানেজমেণ্ট তার মধ্যে আমাদের কয়েকজন লোককে দিয়েছি কিন্তু ডি, ভি, সি,র যে ম্যানেজমেণ্ট তার পরীক্ষার বন্দোবস্ত না হলে আমাদের টাকা লোকসান হয়, অথচ সেখানে আমরা নিষ্ক্রিয় হয়ে আছি। আমরা যদি মিল মালিকদের আশ্বাস দিতে পারি যে কোনো চিন্তা নেই, তারা নির্বিবাদে ক্যাবিনেট ডিসিসন ফ্লাউট করতে পারে, তাহলে ডি, ভি, সি,এর ক্ষেত্রে যারা টার্ম অব অফিস বাড়িয়ে দিচ্ছেন তারা কোনো

কাজে হাত দিতে সাহস পান না এটা কি রকম কথা?

[10-5—10-10 a. m.]

ডি, ভি, সি, মারফৎ জল যে সব জায়গায় যাবে, প্রায় ৩ লক্ষ একর জমিতে যে প্রচুর ফসল হবে, সেখানে তারা কি করে সার পাবে, বীজ পাবে, জিনিষের কি করে সদ্ব্যবহার হবে তার কোনো অর্গানিজেসন করা হয়েছে বলে জানিনে। তারপর বিগ স্কেল ইণ্ডাষ্ট্রিজএর জন্যে আমরা বাজেটে প্রোভাইড করেছি। একবার আণ্ডার গ্রাউণ্ড বেলওয়েএর ব্যাপারে আমরা যেমন শিক্ষা এবং সুখ পেয়েছি, তেমনি গ্যাসএর ব্যাপারে হবে। বেঙ্গল কোল ফিল্ডসএর কোনো জায়গায় তার পরিকল্পনা তৈরী কারবার জন্যে, তার সার্ভে করবার জন্যে বাজেটে ১২৷৷০ লক্ষ টাকা প্রোভাইড করা হয়েছে। কিন্তু শুনছি যারা এখানে এসেছেন তাদের সঙ্গে ১৭ লক্ষ টাকা কণ্ট্রাক্ট করা হয়েছে। সেণ্ট্রাল গভর্ণমেণ্ট যে ষ্টীল প্ল্যাণ্ট করবেন বউবেল্লাতে, তার জন্য জার্মাণ স্পেসালিষ্ট বা যে গ্যাস প্ল্যাণ্ট ডিজাইন করছেন সেটা কেন্দ্রীয় সরকার গ্রহণ করবেন, সেই পরিকল্পনা বা খসড়া যদি আমরা গ্রহণ করি তাহলে আমাদের ১২৷৷০ লক্ষ টাকা খরচ করবার প্রয়োজন হবে না; এবং প্রয়োজন হলে তারা কি করেন তা দেখে নিয়ে আমাদের সেই পরিকল্পনা যদি মনঃপুত না হয় তার চেয়ে আমাদের এক্সপার্টরা যদি ভাল পরিকল্পনা করে দিতে পারেন তখন সেটা বিবেচনা করা যাবে। তার আগে ১৭ লক্ষ টাকার কণ্ট্রাক্ট করে যদি এই পরিকল্পনা এবং সার্ভে করতে হয় তাহলে দেশের এই আর্থিক অনটনের দিনে একে কি বলা উচিত? স্যার, আর একটি বিষয় এই ইম্পোর্টেড সুগার। আমাদের দেশে এ পর্য্যন্ত—সেপ্টেম্বর টু ফেব্রুয়ারীর শেষ পর্য্যন্ত মোট পাঁচ হাজার টন সুগার এসেছে। প্রতি টনে ২৭ মন করে যদি রাফলি ধরি তাহলে মোট ১৫ লক্ষ ৬৬ হাজার মণ সুগার এসেছে, এবং এই সুগার ডিষ্ট্রিবিউট করবার জন্য আমাদের সুগার ডিষ্ট্রিবিউটর্স বলে একটি কোম্পানীকে মণ প্রতি চার আনা দেই। তাদের আমরা ক্লিয়ারিং এজেণ্ট না কিহ্যাণ্ডলিং এজেণ্ট হিসাবে কাজের ভার দিয়েছি। চার আনা মণ প্রতি দেওয়া হলে তাহলে ৪ লক্ষ টাকা তাদের আমদানী হবে এবং এই সুগার সিণ্ডিকেটকে আমরা বলেছি যে তারা এই ফুড ডিপার্টমেণ্টএর কতকগুলি লোককে কাজ দিন। আমি বলেছিলাম ১৪৩ জন, বন্ধুবর প্রফুল্ল সেন বলেছিলেন ১৬০ জন, এখানে দেওয়া হয়েছে যে সংখ্যা তা ১২৭ জন। এদের মাইনে কে দেবে জিজ্ঞাসা করাতে গতবার প্রফুল্লবাবু বলেছিলেন—

"They are officers of the Food Department on deputation to Sugar Distributors Limited."

অন ডেপুটেশনএর মানে পরিষ্কার বুঝতে পারি না। যদি ধরে নেই অন ডেপুটেশন যারা তাদের মাইনে সব সুগার ডিষ্ট্রিবিউটর্স লিমিটেড দেবে, তাহলে আমাদের যে অবস্থার সৃষ্টি হয় তা সমর্থনযোগ্য নয়। আর যদি তা না হয় তাহলে সুগার ডিষ্ট্রিবিউটর্সএর কাজ করবে এবং ফুড ডিপার্টমেণ্ট থেকে অন ডেপুটেশন তারা আছে এবং ফুড ডিপার্টমেণ্টএর কর্ম্মচারী হিসাবে তাদের মাইনে আমরা দিতে থাকব তাহলে আরও মারাত্মক অবস্থা। আর এই ১২৭ জনের মাইনে এই সুগার ডিষ্ট্রিবিউটর্স লিমিটেড যদি দেয় তাহলে ৬ মাসে ৫০ হাজার টাকা তারা দেবে, আর এদিকে আমরা তাদের পথ করে দিয়েছি ৪ লক্ষ টাকা পাবার। সেই ৪ লক্ষ টাকা জনসাধারণের ঘাড়ে চাপিয়ে দিচ্ছি। অথচ এই ৪ লক্ষ টাকা আমাদের আয় হ'লে এই এ্যাপ্রোপ্রিয়েশন বিলএ আমরা ৪৷৷০ লক্ষ টাকা কমাতে পারতাম।

[10-10—10-15 a.m.]

এই ১২৭ জনকে দিয়ে বলছেন।—

কিন্তু ১২৭ জনের উপরে সুকুমার দত্ত নামে একজনকে ২০০ টাকা মাইনে দিয়ে বসিয়ে দেওয়া হয়েছে। তিনি ফুড ডিপার্টমেণ্টএ ছিলেন না, এখনও নাই,—চাকুরির অনুসন্ধানে ছিলেন। এখন ষ্টেট ট্রান্সপোর্টএ চাকুরি নিয়েছেন। সুগার ডিষ্ট্রিবিউটর্স লিমিটেডএ যে ৩৷৷ লক্ষ টাকা খরচ হয়েছে এর কোন উত্তর আমরা পাইনি প্রফুল্লবাবুর কাছ থেকে। উনি বলেছিলেন—

"On deputation to Sugar Distributors Limited."

কিন্তু অন ডেপুটেশন বলে তারা স্যালারি কেউ পায়নি সুগার ডিষ্ট্রিবিউটর্স লিমিটেড পক্ষে ফুড ডিপার্টমেণ্টকেই দিয়েছেন। মাসে যারা ৮ হাজার টাকা বেতন দেয় এবং ৬ মাসে দেয় প্রায় ৫০ হাজার, তাদের হাতে ৪ লক্ষ আয় করার ব্যাপার তুলে দিচ্ছেন কেন? অন্যান্য বন্দরে হোলসেলার্সরা ঠিক ক্লিয়ার করে নেয় নিজেদের খরচায়, কাজেই বাংলা দেশে এটা চলবে কেন? যারা ৪ লক্ষ টাকা পায় তারা ৫০ হাজার খরচ দিয়েও ৩৷৷ লক্ষ টাকা লাভ করবে। যদি প্রাইভেট এণ্টারপ্রাইজএর বেলায় এরূপ সাহায্য করেন তাহলে ষ্টেট ট্রান্সপোর্টএর এরূপ নীতি গ্রহণ করেন না কেন? এ সম্বন্ধে যদি জানতে পারা যায় তাহলে ব্যাপারটা পরিষ্কার হয়।

তারপর রেফিউজি সম্বন্ধে—এর আগে এখানে প্রশ্ন উঠে ছিল যে বাংলা দেশ থেকে বর্ডার পার হয়ে এখান থেকে বহু মুসলমান পূর্ব পাকিস্থান চলে যাওয়ায় তাদের সঙ্গে এক্সচেঞ্জ করে তাদের খালি বাড়ীতে বহু হিন্দু পূর্ব বাংলা থেকে এসে বসতি

[Sj. Annada Prosad Choudhuri.]

করতে লাগল। তখন এই সব বিনিময়ের জন্য তারা এক একটা দলিল করেছিল। তখন সেই দলিল রেজিষ্ট্রি করার সুবিধা ছিল না বলে রেজিষ্ট্রি করা হয় নি। আজ সেই সব লোক নিজেরা ফিরে আসার দরুণ বা তাদের আত্মীয়স্বজন ফিরে আসার দরুণ সেই আগেকার দলিল না মেনে তাদের সেই ঘর বাড়ী পুনঃ দাবী করছে। আজ এই ৬ শত মাইল বাউণ্ডারী হওয়ার ফলে নূতন নূতন অসুবিধার সৃষ্টি হচ্ছে। এ সম্বন্ধে অতীতে শ্রীচারু ভাণ্ডারী মহাশয় সরকারের দৃষ্টি আকর্ষণ করে ছিলেন। প্রধান মন্ত্রী ডাঃ রায়ও তখন আশ্বাস দিয়েছিলেন যাতে এ বিষয়ে অসুবিধা না হয় তার জন্য সরকার অবহিত থাকবে। কিন্তু অবস্থা যা আগে ছিল তা সেইভাবেই আছে—ক্রমশঃ বরং জটিল হয়ে আসছে। এজন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই, যাতে বেফিউজি পুনর্বাসান ব্যবস্থা ব্যাহত না হয় বা এ বিষয়টা জটিলতর না হয়।

[10-15—10-20 a.m.]

(Blue light was lit.)

আমি আর ২ মিনিট বলব। গতকল্য বন্ধু শঙ্করদাস বাবু বলেছিলেন—"কিশলয়" বা সরকারী বই ছাপাবার কথা। দোষ আমি তাকে দেই না। তিনি ব্যারিষ্টার মানুষ—যে পক্ষ ব্রিফ দেন সেই পক্ষেই কথা বলবেন। তিনি নমিনেটেড মেম্বর—তিনি বলেছিলেন—আই এ্যাম সরি—তিনি বলেছিলেন—কিশলয় বই ছাপান হয় নি কারণ টিটাগড় মিলে ষ্ট্রাইক হয়েছিল। কিন্তু আমি তাকে জিজ্ঞাসা করি যে তখন কলকাতার কোন পুস্তক প্রকাশকের কাজ কি বন্ধ হয়ে গিয়েছিল? এই ষ্ট্রাইকের পর কোন পাবলিসার কি কোন বই ছাপান নি? আমি প্রফুল্ল বাবুকে জিজ্ঞাসা করি—তিনি আমাদের চাল এনে খাওয়ান—এখন তিনি যদি বলেন যে চাল আনছিল, সেই সময় ট্রেইন ডিরেল্ড্ হয়ে পড়ল, সুতরাং চাল দিতে পারেন নি। এটা যদি বলেন তা কি ঠিক হয়—না দূরদর্শিতার অভাব হবে? এ রকম দুর্ঘটনা ঘটতে পারে এটা মনে রেখে রিজার্ভ রাখা দরকার—যাতে ষ্টকের অভাব হলে সেখান থেকে মীট করা যেতে পারে। আমি জিজ্ঞাসা করি কোন্ যুক্তিতে তিনি কাল শিক্ষা বিভাগের পক্ষে ওকালতি করে গেলেন। সরকার পক্ষ কি কোন ম্যানুফ্যকচারার বা মিলওয়ালা বা কোন ব্যবসা প্রতিষ্ঠানের সঙ্গে কোন কণ্ট্রাক্ট করেছিলেন? তা যদি না করে থাকেন তবে আমি বলব—

Very seriously guilty for dereliction of their duty and resposibility.

